# ঘটনাপঞ্জি

## ২০২০



প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

ঘটনাপঞ্জি ২০২০ • প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

# ঘটনাপঞ্জি ২০২০

## বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ

৩ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০

**ঘটনাপঞ্জি ২০২০**

**বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ**


প্রকাশক : জাফর ওয়াজেদ
মহাপরিচালক
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

প্রথম প্রকাশ : এপ্রিল ২০২২

প্রচ্ছদ : সোহেল আশরাফ খান

বানান সমন্বয় : মো. লুৎফর রহমান
মো. তফাজ্জল হোসেন

কম্পিউটার বিন্যাস : ছৈয়দ মোহাম্মদ আবু সোহেল

মুদ্রণ : মিতু প্রিন্টিং প্রেস এন্ড প্যাকেজিং
১০/১ নয়া পল্টন, ঢাকা-১০০০

মূল্য : ৩৫০.০০ টাকা



গ্রন্থস্বত্ব : পিআইবি কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত



***Chronology 2020: Significant News Published in the Newspapers of Bangladesh***
Published by Press Institute Bangladesh (PIB), 3 Circuit House Road, Dhaka-1000.
Price : 350.00 Taka ■ $ 04 Only
ISBN : 978-984-732-066-3
Phone: 9333403, 9330081-84, Fax: 880-02-48317458
E-mail: research@pib.gov.bd, Website: পিআইবি.বাংলা, http://www.pib.gov.bd
বইটি অনলাইনে পেতে হলে: www.rokomari.com

# ঘটনাপঞ্জি ২০২০

## বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ

**প্রধান সম্পাদক**

জাফর ওয়াজেদ
মহাপরিচালক
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

**সম্পাদক**

ড. কামরুল হক, গবেষণা বিশেষজ্ঞ (চলতি দায়িত্ব), পিআইবি
রাজন ভট্টাচার্য, সিনিয়র সাংবাদিক

**গ্রন্থনা**

সুজাতা হক, গবেষক, পিআইবি

**তত্ত্বাবধান**

আবুল কালাম মোহাম্মদ শামসুদ্দিন
পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ), পিআইবি

# মু | খ | ব | ন্ধ

সংবাদপত্র চলমান ঘটনাবলির ইতিহাস। প্রতিদিনের সংবাদপত্রের এক একটি পৃষ্ঠা জাতীয় ও আন্তর্জাতিক ঘটনাবলির প্রামাণ্য দলিল। দিন শেষে সব সংবাদই পুরানো হয়ে যায়। পাঠক চায় নতুন খবর, তাজা খবর, খবরের আপ-ডেট, ফলো-আপ। তাই পরদিন নতুন সংবাদপত্র হাতে এলে আগের দিনের সংবাদপত্রের আবেদন ফুরিয়ে যায়। তবে পুরানো সেই সংবাদপত্র রাশি রাশি খবর বুকে ধরে রাখে। ধরে রাখে প্রবহমান ঘটনার ইতিহাস।

পুরানো সংবাদপত্র থেকে নির্দিষ্ট কোনো ঘটনা বা তথ্য খুঁজে বের করা খুব সহজ নয়। সাল, মাস ও তারিখ জানা না থাকলে কাজটি বেশ কঠিনই। কাজটি সহজ করে দেয়ার জন্য প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ নিয়ে বছরভিত্তিক ঘটনাপঞ্জি গ্রন্থনা করে বই আকারে প্রকাশ করে আসছে। প্রধানত মুদ্রিত সংবাদপত্র থেকেই এই ঘটনাপঞ্জি লিপিবদ্ধ করা হয়েছে। তবে কোনো উপলক্ষ্যে মুদ্রিত সংবাদপত্র প্রকাশিত না হলে ঘটনার ধারাবাহিকতা ধরে রাখার জন্য সংবাদপত্রের অনলাইন ভার্সন বা অনলাইল ওয়েভ পোর্টাল থেকেও ঘটনাপঞ্জি লিপিবদ্ধ করা হয়েছে।

আগের ঘটনাপঞ্জির ধারাবাহিকতায় প্রকাশিত হলো 'ঘটনাপঞ্জি ২০২০ : বাংলাদেশের সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ'। ঘটনাপঞ্জি ২০২০ গ্রন্থনা করেছেন সাবেক গবেষক সুজাতা হক। সম্পাদনা করেছেন গবেষণা বিশেষজ্ঞ (চলতি দায়িত্ব) ড. কামরুল হক ও সিনিয়র সাংবাদিক রাজন ভট্টাচার্য। তত্ত্বাবধান করেছেন গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগের পরিচালক আবুল কালাম মোহাম্মদ শামসুদ্দিন। তাদের সবাইকে আমি ধন্যবাদ জানাচ্ছি।

আগ্রহী পাঠক, গবেষক, সংবাদকর্মী ও সংশ্লিষ্ট অন্যদের জন্য এই গ্রন্থ কাজে লাগলে আমাদের শ্রম সার্থক হবে বলে মনে করি।

**জাফর ওয়াজেদ**
মহাপরিচালক

# সূচি


| | |
|---|---|
| জানুয়ারি | ৯ |
| ফেব্রুয়ারি | ২৩ |
| মার্চ | ৩৭ |
| এপ্রিল | ৫৩ |
| মে | ৬৫ |
| জুন | ৭৬ |
| জুলাই | ৯০ |
| আগস্ট | ১০৫ |
| সেপ্টেম্বর | ১১৯ |
| অক্টোবর | ১৩৩ |
| নভেম্বর | ১৫০ |
| ডিসেম্বর | ১৬৬ |
| ২০২০ সালের উল্লেখযোগ্য ঘটনা | ১৮৪ |
| ২০২০ সালে যাদের হারিয়েছি | ১৯৬ |

# জানুয়ারি

## ১ জানুয়ারি

- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে মাসব্যাপী ২৫তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০২০-এর উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- সচিবালয়ে সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক শেষে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল জানান, এপ্রিল মাস থেকে সিঙ্গেল ডিজিট সুদহার কার্যকর করা হবে।
- ঢাকায় বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক সহকারী জজ ও সমপর্যারের বিচারকদের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স উদ্‌বোধন করেন।
- প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনীতি পরিষদের নির্বাহী কমিটি ৪ হাজার ৪শ' ৬০ কোটি ৫৪ লাখ টাকার সাতটি প্রকল্প অনুমোদন দিয়েছে।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে রাজধানীর বিজয়নগরের শ্রম ভবনে 'বঙ্গবন্ধু কর্নার'-এর উদ্‌বোধন করা হয়। উদ্‌বোধন করেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মুন্নুজান সুফিয়ান।

## ২ জানুয়ারি

- বিশ্বের সেরা অর্থমন্ত্রী হিসেবে বাংলাদেশের অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালকে স্বীকৃতি দিল যুক্তরাজ্যভিত্তিক বিজনেস পত্রিকা দ্য ব্যাংকার। এ উপলক্ষ্যে মুস্তফা কামালকে 'গ্লোবাল ফিন্যান্স মিনিস্টার অব দ্য ইয়ার' পুরস্কার প্রদান করা হয়।
- বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজীর সঙ্গে পাটকল শ্রমিকদের বৈঠকের পর বকেয়া বেতনভাতা পরিশোধ ও মজুরি বোর্ড বাস্তবায়নসহ ১১ দফা দাবিতে আন্দোলনরত রাষ্ট্রায়ত্ত পাটকল শ্রমিকদের আমরণ অনশনসহ অন্যান্য আন্দোলন কর্মসূচি স্থগিত ঘোষণা করা হয়েছে।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষের প্রথম দিনে বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয়ার হাইকমিশনার জুলিয়া নিবলেট গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানান।



## ৩ জানুয়ারি

- বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে দলের নবনির্বাচিত কার্যনির্বাহী সংসদ ও উপদেষ্টা পরিষদের প্রথম যৌথ সভায় দলীয় নেতাকর্মীদের উদ্দেশে আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, দেশকে উন্নত করতে দলের শক্তিই সব থেকে বেশি কাজে লাগে । যেটা আমি নিজে উপলব্ধি করি এবং যে কারণে আমি সংগঠনকে সবচেয়ে বেশি গুরুত্ব দেই।
- দেশব্যাপী সংস্কৃতিকর্মীদের অংশগ্রহণে শিল্পকলা একাডেমিতে বাংলাদেশের সাংস্কৃতিক উৎসব শুরু।

## ৪ জানুয়ারি

- ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকী ও পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের যে কোনো ক্রান্তিলগ্নে ছাত্রলীগ অগ্রণী ভূমিকা পালন করেছে। ছাত্রলীগের একজন কর্মী হিসেবে তাদের আচরণ, কথাবার্তা ও রাজনীতি সেভাবেই করা উচিত, যাতে এ সংগঠন মর্যাদাপূর্ণ হয় এবং দেশ ও জাতির কাছে আস্থা অর্জন করে চলতে পারে।
- রাজশাহী দেশের সবচেয়ে পরিবেশবান্ধব শহর হিসেবে চ্যানেল আইয়ের 'এনভায়রনমেন্ট ফ্রেন্ডলি সিটি অব দ্য ইয়ার-২০২০' পদক পেয়েছে।
- অস্ট্রেলিয়ায় দাবানল নিয়ন্ত্রণে ৩ হাজার সেনা মোতায়েনের ঘোষণা দেশটির সরকারের।

## ৫ জানুয়ারি

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর ক্ষণগণনা কর্মসূচির উদ্‌বোধন অনুষ্ঠানে সর্বসাধারণের উপস্থিতির সুযোগ দিতে অনলাইনে নিবন্ধন শুরু হয়েছে।
- ঘুষ লেনদেনের মামলায় পুলিশের বিতর্কিত ডিআইজি মিজানুর রহমান ও দুর্নীতি দমন কমিশনের (দুদক) পরিচালক খন্দকার এনামুল বাছিরকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। এনামুল বাছিরের জামিন আবেদন নাকচ করেছে আদালত।

- ▶ মুক্তিযুদ্ধ জাদুঘরের অন্যতম ট্রাস্টি ডা. সারওয়ার আলীর বাড়িতে ঢুকে তাকে ছুরিকাঘাতে হত্যার চেষ্টা করেছে একদল দুর্বৃত্ত।
- ▶ ক্যাম্পাস থেকে রাজধানীর শেওড়ায় বান্ধবীর বাসায় যাওয়ার পথে কুর্মিটোলায় ধর্ষণের শিকার হয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রী।

**৬ জানুয়ারি**

- ▶ পুলিশ সপ্তাহ-২০২০ উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের উদ্দেশে ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, পুলিশকে জনতার হতে হবে।
- ▶ ঢাকার কুর্মিটোলায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রী ধর্ষণের বিচার দাবিতে উত্তাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। ছাত্রীর বাবা বাদী হয়ে ক্যান্টনমেন্ট থানায় মামলা করেন।

**৭ জানুয়ারি**

- ▶ সরকারের বছরপূর্তিতে জাতির উদ্দেশে দেয়া ভাষণে অতীতের ভুলভ্রান্তি এবং অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে সামনের দিকে এগিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, মুজিববর্ষে স্বপ্নের সোনার বাংলা গড়ার শপথ নিন।
- ▶ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রী ধর্ষণের ঘটনায় মজনু নামে একজনকে গ্রেফতার করেছে আইনশৃঙ্খলা বাহিনী। ধর্ষণের শিকার ছাত্রীর খোয়া যাওয়া মুঠোফোন ও অন্যান্য সামগ্রী মজনুর কাছ থেকে উদ্ধার করা হয়।
- ▶ নিজ শহর কেরমানে ইরানি কমান্ডার মেজর জেনারেল কাসেম সোলাইমানির দাফন সম্পন্ন।

**৮ জানুয়ারি**

- ▶ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তনে ভাষণ দেন মহামান্য রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।
- ▶ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে তৃতীয় 'ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯' উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে সম্মাননা প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অনুষ্ঠানে তিনি যাচাই ছাড়া ইন্টারনেটে কিছু শেয়ার না করার আহ্বান জানান।



- ▶ ঢাকার দুই সিটি করপোরেশন নির্বাচনে বিএনপি মনোনীত দুই প্রার্থী তাবিথ আউয়াল ও ইশরাক হোসেনকে জাতীয় ঐক্যফ্রন্টের পক্ষ থেকে সমর্থনদান করা হয়।
- ▶ আলোচিত বিডিআর বিদ্রোহের হত্যা মামলায় হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় প্রকাশ করা হয়।
- ▶ বরগুনার বহুল আলোচিত রিফাত শরীফ হত্যা মামলার অপ্রাপ্তবয়স্ক ১৪ আসামির বিরুদ্ধে অভিযোগ গঠন।
- ▶ ইরানি কমান্ডার কাসেম সোলাইমানি হত্যার প্রতিশোধ হিসেবে মার্কিন ঘাঁটিতে ইরানি হামলা। ৮০ মার্কিন সেনা নিহত হয়েছে। সামরিক সরঞ্জামের ব্যাপক ক্ষয়ক্ষতির দাবি ইরানের।
- ▶ ইরানের রাজধানী তেহরানে ১৭৬ আরোহী নিয়ে ইউক্রেনের বিমান বিধ্বস্ত।

**৯ জানুয়ারি**

- ▶ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'জাতীয় বস্ত্র দিবস-২০১৯' এবং 'বহুমুখী বস্ত্রমেলা'র উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অনুষ্ঠানে তিনি বলেন, পণ্যের বহুমুখীকরণ ও নতুন বাজার খুঁজুন।
- ▶ সারা বিশ্বের মুসলমানদের দ্বিতীয় বৃহত্তম জমায়েত বিশ্ব ইজতেমার প্রথম পর্ব শুরু হয়েছে।

**১০ জানুয়ারি**

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় প্যারেড গ্রাউন্ডে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর ক্ষণগণনা উদ্‌বোধন করেন ।
- ▶ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পাঞ্জলি অর্পণ করেন।
- ▶ ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন নির্বাচনে প্রতিদ্বন্দ্বী মেয়র, কাউন্সিলর প্রার্থী ও সংরক্ষিত কাউন্সিলর প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ করা হয়।

## ১১ জানুয়ারি

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১০ টাকায় টিকিট কেটে রাজধানীর জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালে চোখের চিকিৎসাসেবা গ্রহণ করেন।
- 'ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব-২০১৯' শুরু হয়েছে।
- দুইদিনের কলকাতা সফর শুরু করেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। কলকাতার রাজভবনে তিনি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে বৈঠক করেন।

## ১২ জানুয়ারি

- সংযুক্ত আরব আমিরাতে (ইউএই) 'আবুধাবি সাসটেইনেবল উইক', 'জায়েদ সাসটেইনেবল অ্যাওয়ার্ড সেরিমনি' ও অন্যান্য দ্বিপক্ষীয় কর্মসূচিতে অংশ নিতে তিন দিনের সরকারি সফরে আবুধাবিতে যান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- টঙ্গীতে ৫৫তম বিশ্ব ইজতেমার প্রথম পর্বের আখেরি মোনাজাত অনুষ্ঠিত হয়। মোনাজাতে শরিক হন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- পুলিশের বিতর্কিত ডিআইজি মিজানুর রহমান ও দুদকের পরিচালক খন্দকার এনামুল বাছিরের বিরুদ্ধে দুদকের চার্জশিট দুর্নীতি দমন কমিশন সভায় অনুমোদন প্রদান।
- ইরানের ছোঁড়া ক্ষেপণাস্ত্রের আঘাতে ইউক্রেনের যাত্রীবাহী বিমান ভূপাতিত করার কথা স্বীকার করায় ইরানের শীর্ষ নেতা আয়াতুল্লাহ আলী খোমিনির বিরুদ্ধে বিক্ষোভ প্রদর্শন এবং পদত্যাগ দাবি।

## ১৩ জানুয়ারি

- আবুধাবি ন্যাশনাল এক্সিবিশন সেন্টারের (এডিএনইসি) আইসিসি হলে আবুধাবি সাসটেইনেবিলিটি উইক (এডিএসডব্লিউ) ২০২০ আনুষ্ঠানিকভাবে শুরু হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্‌বোধনী অনুষ্ঠানে যোগ দেন। তিনি আবুধাবির যুবরাজ শেখ মোহাম্মদ বিন জায়েদ বিন সুলতান আল-নাহিয়ানের উপস্থিতিতে জায়েদ সাসটেইনেবল অ্যাওয়ার্ড বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।



- জাতীয় সংসদের চট্টগ্রাম-৮ আসনে উপনির্বাচন অনুষ্ঠিত। আওয়ামী লীগের প্রার্থী মোসলেম উদ্দিন আহমদ জয়ী।
- ক্যাসিনোকাণ্ডে অভিযুক্ত দুই সহোদর গেন্ডারিয়া থানা আওয়ামী লীগ নেতা এনামুল হক এনু ও রুপন ভূঁইয়াকে গ্রেফতার করে আইনশৃঙ্খলা বাহিনী।
- ইংল্যান্ডের নরফক কাউন্টির স্যান্ড্রিংহ্যাম প্রাসাদে হ্যারির সঙ্গে রানি এলিজাবেথ ও তাঁর উত্তরাধিকারীদের বৈঠক অনুষ্ঠিত। ব্রিটিশ রাজপরিবারের সদস্য প্রিন্স হ্যারি ও তাঁর স্ত্রী মেগান মার্কেলের স্বনির্ভর জীবনযাপনের পাশাপাশি কানাডায় বসবাসের সিদ্ধান্তের ব্যাপারে রানির সমর্থন।

## ১৪ জানুয়ারি

- মধ্যপ্রাচ্যের ৯টি দেশে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূতদের সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা প্রদান। মুসলিম দেশগুলোর সঙ্গে সম্পর্ক জোরদার, দেশীয় পণ্যের নতুন বাজার সৃষ্টি এবং তাদের বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে কাজ করতে হবে।
- তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি এবং ভারতের তথ্য ও সম্প্রচারমন্ত্রী প্রকাশ জাভাদকার নয়াদিল্লিতে বাংলাদেশ বেতার ও ভারতের আকাশবাণীর মধ্যে অনুষ্ঠান বিনিময় কার্যক্রম উদ্‌বোধন করেন।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরিক্ষায় জালিয়াতির অভিযোগে ৬৩ শিক্ষার্থীকে আজীবন বহিষ্কার এবং ৯ জনকে সাময়িক বহিষ্কার করা হয়।
- হাইকোর্টের আপিল বিভাগ মুক্তিযুদ্ধকালীন মানবতাবিরোধী অপরাধের দায়ে জাতীয় পার্টির সাবেক নেতা ও সাবেক প্রতিমন্ত্রী সৈয়দ মোহাম্মদ কায়সারকে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের দেওয়া মৃত্যুদণ্ডের রায় বহাল ঘোষণা করেন।
- সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে ১৮ হাজার ১৪৭ জনের নিয়োগের চূড়ান্ত ফলাফল ঘোষণা কেন অবৈধ ও বেআইনি হবে না, তা জানতে চেয়ে হাইকোর্টের রুল জারি।
- ড্রোন হামলায় মেজর জেনারেল কাশেম সোলাইমানিকে হত্যার চরম প্রতিশোধ নিতে ইরাকে মার্কিন সেনাদের লক্ষ্য করে দুটি সামরিক ঘাঁটিতে ক্ষেপণাস্ত্র হামলা করে ইরান।

**১৫ জানুয়ারি**

- ▶ আদালত ইবতেদায়ি ও প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষায় শিশুশিক্ষার্থীদের বহিষ্কারের বিধান বাতিল ঘোষণা করেছেন।
- ▶ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি বিকৃতির ঘটনায় যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, রেজিস্ট্রার, জনসংযোগ কর্মকর্তাসহ অভিযুক্তদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে হাইকোর্টের নির্দেশ।
- ▶ দীর্ঘ ১৮ মাস চলা বাণিজ্যযুদ্ধ অবসানের লক্ষ্যে চুক্তি স্বাক্ষর করে এ যুদ্ধ শিথিল করেছে যুক্তরাষ্ট্র ও চীন। ওয়াশিংটনে হোয়াইট হাউসে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও চীনের উপপ্রধানমন্ত্রী লিউ হের মধ্যে এই চুক্তি সম্পাদিত হয়।
- ▶ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ছাড়া রাশিয়ার পুরো সরকারের পদত্যাগের সিদ্ধান্ত ঘোষণা করা হয়। দেশটির সংবিধান পরিবর্তনের বিষয়ে পার্লামেন্টে দেওয়া পুতিনের ঘোষণার কয়েক ঘণ্টা পরই রাশিয়া সরকার এ সিদ্ধান্ত নেয়।

**১৬ জানুয়ারি**

- ▶ ঢাকার দুই সিটি করপোরেশন নির্বাচনের তারিখ পরিবর্তনের আবেদন খারিজ করে হাইকোর্টের দেওয়া আদেশের বিরুদ্ধে সুপ্রিমকোর্টের আপিল বিভাগে আবেদন।
- ▶ তেজগাঁওয়ে রেজিস্ট্রেশন কমপ্লেক্সে চুরি। কেন্দ্রীয় সিসি ক্যামেরার ডিভিডি ও হার্ডডিস্ক খুলে নিয়ে গেছে চোর। জেলা রেজিস্ট্রারের কার্যালয়, বাড্ডা ও উত্তরার সাবরেজিস্ট্রি অফিসের মূল্যবান শত শত দলিল ও বালাম বই চুরি হয়েছে।
- ▶ তিন দশক আগে ঢাকার ভিকারুননিসা নূন স্কুলের সামনে সগিরা মোর্শেদ সালাম হত্যাকাণ্ডে চারজনকে অভিযুক্ত করে আদালতে চার্জশিট দাখিল।

**১৭ জানুয়ারি**

- ▶ বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে ছাত্রলীগের 'লিডারশিপ ওরিয়েন্টেশন' প্রোগ্রামে মোবাইল ফোনে যুক্ত হন আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।



- ▶ মিরপুরে বঙ্গবন্ধু বিপিএলের ফাইনালে রাজশাহী রয়্যালস ২১ রানে খুলনা টাইগার্সকে হারিয়ে প্রথমবারের মতো শিরোপা লাভ করে।
- ▶ গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডসে নাম ওঠা বিশ্বের সবচেয়ে খাটো মানুষ খাগেন্দ্র থাপা নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে মারা গেছেন।

**১৮ জানুয়ারি**

- ▶ মিরপুর সেনানিবাসে আয়োজিত এনডিসি পুনর্মিলনী-২০২০ অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সশস্ত্রবাহিনীকে কঠোর অনুশীলন, শৃঙ্খলা, পেশাগত দক্ষতা, কর্তব্যনিষ্ঠা ও দেশপ্রেমের সমন্বয়ে সশস্ত্রবাহিনীর ভাবমূর্তিকে সমুন্নত রাখার আহ্বান জানান।
- ▶ বিভিন্ন সংগঠনের দাবির মুখে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের নির্বাচন ৩০ জানুয়ারির পরিবর্তে ১ ফেব্রুয়ারি পুনর্নির্ধারণ করে নির্বাচন কমিশন।
- ▶ মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক ও বগুড়া-১ (সারিয়াকান্দি-সোনাতলা) আসনের সংসদ সদস্য আবদুল মান্নান ইন্তেকাল করেন।
- ▶ রাজপরিবার ছেড়ে দিলেন ব্রিটেনের প্রিন্স হ্যারি ও তার স্ত্রী মেগান মার্কেল। বাকিংহাম প্যালেস এবং রানি দ্বিতীয় এলিজাবেথ পৃথক বিবৃতিতে এ তথ্য প্রকাশ করেন।

**১৯ জানুয়ারি**

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠক ও নির্দেশনার পর সাত বছরের মধ্যে একদিনে সর্বোচ্চ মূল্যসূচক বৃদ্ধির রেকর্ড হয়েছে পুঁজিবাজারে। শেয়ারের দাম বৃদ্ধির পাশাপাশি মূলধন বেড়েছে ১৫ হাজার কোটি টাকা।
- ▶ এসএসসির নতুন সময়সূচি অনুযায়ী ৩ ফেব্রুয়ারি পরীক্ষা শুরুর সময়সূচি বিভিন্ন শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। এর আগে পরীক্ষাটি ১ ফেব্রুয়ারি শুরু হওয়ার কথা ছিল।
- ▶ সরস্বতী পূজা ও এসএসসি পরীক্ষার কথা চিন্তা করে ঢাকার দুই সিটি করপোরেশনের নির্বাচন ৩০ জানুয়ারি থেকে পিছিয়ে ১ ফেব্রুয়ারিতে নেওয়ায় বইমেলাও ১ ফেব্রুয়ারির পরিবর্তে ২ ফেব্রুয়ারি থেকে শুরু করার সিদ্ধান্ত হয়েছে।

## ২০ জানুয়ারি

- ▶ চট্টগ্রামে ১৯৮৮ সালে আওয়ামী লীগ সভানেত্রী ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনসভায় পুলিশের গুলিতে ২৪ জনকে হত্যার ঘটনায় করা মামলায় পাঁচ পুলিশ সদস্যকে মৃত্যুদণ্ড এবং প্রত্যেককে ৫০ হাজার টাকা জরিমানার আদেশ দেন চট্টগ্রাম বিশেষ জজ আদালত।
- ▶ ২০০১ সালে ঢাকার পল্টনে বাংলাদেশের কমিউনিস্ট পার্টির (সিপিবি) সমাবেশে বোমা হামলা করে পাঁচজনকে হত্যার ঘটনায় ১০ জঙ্গির মৃত্যুদণ্ড, প্রত্যেককে ২০ হাজার টাকা জরিমানা, দুজনকে বেকসুর খালাসের আদেশ প্রদান করেন ঢাকার তৃতীয় অতিরিক্ত মহানগর দায়রা জজ আদালত।
- ▶ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নন-ক্যাডার আগের ১ম ও ২য় শ্রেণির পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোনো কোটা থাকবে না। নিয়োগ হবে সম্পূর্ণ মেধার ভিত্তিতে। কোটা বন্টন পদ্ধতি সংক্রান্ত পরিপত্র সংশোধনের প্রস্তাব মন্ত্রিসভায় অনুমোদন।
- ▶ জ্বালানি প্রতিমন্ত্রী নসরুল হামিদ জানিয়েছেন, দেশে মজুত গ্যাস ১১ বছর ব্যবহার করা যাবে। জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে তিনি এ তথ্য জানান।
- ▶ সারা দেশের খসড়া ভোটার তালিকা প্রকাশ করে নির্বাচন কমিশন। তালিকা অনুযায়ী দেশে বর্তমান ভোটার ১০ কোটি ৯৬ লাখ ৬ হাজার ১৮৭ জন।

## ২১ জানুয়ারি

- ▶ শিক্ষাপ্রতিষ্ঠানে দক্ষ শিক্ষক নিয়োগ দিতে প্রয়োজনে তাদের বিদেশে প্রশিক্ষণের জন্য পাঠানোর নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় কারিগরি খাতে দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে ৩২৯ উপজেলায় কারিগরি স্কুল ও কলেজ (টিএসসি) নির্মাণের অনুমোদনকালে তিনি এ নির্দেশনা দেন।
- ▶ প্রাণঘাতী করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে দেশের তিনটি আন্তর্জাতিক বিমানবন্দরে বিশেষ সতর্ক ব্যবস্থা গ্রহণের ঘোষণা।



- ▶ যশোর-৬ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাবেক প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন।
- ▶ যুক্তরাষ্ট্র কংগ্রেসের উচ্চকক্ষ সিনেটে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে অভিশংসনের বিচার শুরু হয়েছে।

## ২২ জানুয়ারি

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ই-পাসপোর্ট কার্যক্রমের উদ্‌বোধন করেন।
- ▶ ব্রিটিশ সাময়িকী দি ইকোনমিস্ট ম্যাগাজিনের সহযোগী প্রতিষ্ঠান দি ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট (ইআইইউ) এর সূচক প্রকাশ। সূচক ২০১৯ অনুযায়ী বিশ্বের ১৬৫টি দেশ ও দুটি ভূখণ্ডের মধ্যে বাংলাদেশের অবস্থান ৮৮ থেকে ৮০তম অবস্থানে উন্নীত।
- ▶ রাজধানীর হাতিরঝিল খালের ওপর নির্মিত বিজিএমইএ ভবন ভাঙা শুরু হয়েছে। ভবন ভাঙার কাজ আনুষ্ঠানিক উদ্‌বোধন করেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ ম রেজাউল করিম।
- ▶ জাতির পিতার জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বিশ্বের দীর্ঘতম সমুদ্রসৈকত কক্সবাজারের বালিয়াড়িতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের এক হাজার ছবি প্রদর্শনী শুরু হয়েছে। কক্সবাজারের প্রায় সব স্কুলের শিক্ষার্থীর টিফিনের টাকায় এই আয়োজন করা হয়।
- ▶ মেঘনায় ধরা পড়েছে ছয় মণ ওজনের বিরল প্রজাতির 'স্টিং রে' মাছ।
- ▶ লাহোরের উদ্দেশে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের যাত্রা। সফরে স্বাগতিকদের বিরুদ্ধে তিন ম্যাচের টি২০ সিরিজ খেলবে টাইগাররা।

## ২৩ জানুয়ারি

- ▶ নোয়াখালীর হাতিয়া উপজেলার উপকূলীয় স্বর্ণদ্বীপে বাংলাদেশ সেনাবাহিনীর শীতকালীন অনুশীলন-প্রশিক্ষণ উপলক্ষ্যে আয়োজিত প্রীতিভোজ অনুষ্ঠানে যোগদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ▶ রাখাইনে রোহিঙ্গাদের সুরক্ষা দিতে হবে, গণহত্যার আলামত নষ্ট করা যাবে না, দোষী সেনাদের বিচারের আওতায় আনতে হবে, চার মাসের

মধ্যে আদেশ বাস্তবায়নের অগ্রগতি জানাতে হবে। 'জেনোসাইড' থেকে রোহিঙ্গাদের সুরক্ষায় মিয়ানমারকে এমন চারটি অন্তর্বর্তী ব্যবস্থা নেওয়ার আদেশ দিয়েছে হেগের ইন্টারন্যাশনাল কোর্ট অব জাস্টিস (আইসিজে)। এই আদেশ মেনে চলতে আইনগতভাবে মিয়ানমার বাধ্য এবং এই রায়ের বিরুদ্ধে আপিলেরও কোনো সুযোগ নেই বলে রায়ে উল্লেখ করা হয়।

- ▶ ঢাকায় সংবাদ সম্মেলনে মিয়ানমারে মানবাধিকার পরিস্থিতি বিষয়ক জাতিসংঘের স্পেশাল র‍্যাপোর্টিয়ার ইয়াংহি লি বলেন, রোহিঙ্গাদের ওপর নিপীড়নের জবাবদিহি প্রশ্নে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য চীন ও রাশিয়ার ভূমিকা লজ্জাজনক ও দুঃখজনক।
- ▶ ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের (টিআই) বিশ্বব্যাপী ১৮০টি দেশের ওপর দুর্নীতির ধারণা সূচক প্রকাশ। সূচক অনুযায়ী বিশ্বব্যাপী দুর্নীতি বাড়ছে। তালিকায় বাংলাদেশের উন্নতি হলেও দুর্নীতি আগের মতোই।
- ▶ বাংলা একাডেমিতে 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০১৯' ঘোষণা করা হয়েছে। পুরস্কার পেলেন ১০ লেখক।
- ▶ অস্ট্রেলিয়ায় ছড়িয়ে পড়া দাবানল নিয়ন্ত্রণে আনতে সহায়তা করতে যাওয়া একটি মার্কিন ওয়াটার বোম্বিং বিমান বিধ্বস্ত।

### ২৪ জানুয়ারি

- ▶ আওয়ামী লীগের সভাপতি হিসেবে পুনর্নির্বাচিত হয়ে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এরপর টুঙ্গিপাড়ায় আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদ ও উপদেষ্টা পরিষদের এক যৌথ সভা অনুষ্ঠিত হয়।
- ▶ মিরপুরের চলন্তিকা বস্তিতে অগ্নিকাণ্ডে পুড়ে গেছে শতাধিক ঘর, দগ্ধ হয়েছেন ২ জন।
- ▶ লাহোরের গাদ্দাফি স্টেডিয়ামে তিন ম্যাচের টি২০ সিরিজে প্রথম খেলায় পাকিস্তানের সঙ্গে ৫ উইকেটে হেরেছে বাংলাদেশ।

### ২৫ জানুয়ারি

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে বঙ্গবন্ধু গোল্ডকাপ আন্তর্জাতিক ফুটবল টুর্নামেন্ট-২০২০ এর পুরস্কার বিতরণ করেন। ফাইনালে বুরুন্ডিকে ৩-১ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয় ফিলিস্তিন।



- ▶ বাংলাদেশের প্রয়াত কূটনীতিক সৈয়দ মোয়াজ্জেম আলীকে 'পদ্মভূষণ' এবং প্রত্নতত্ত্ববিদ এনামুল হককে 'পদ্মশ্রী' খেতাবে ভূষিত করেছে ভারত সরকার।
- ▶ কক্সবাজারে উচ্চমাত্রার ইউরেনিয়ামের সন্ধান লাভ। নজরুল বিশ্ববিদ্যালয়ের গবেষণায় এর অস্তিত্ব সম্পর্কে একদল গবেষক এ তথ্য নিশ্চিত করেন।
- ▶ চীনের উহান প্রদেশে ৫০০ বাংলাদেশি করোনাভাইরাসজনিত কারণে অবরুদ্ধ হয়ে পড়েছেন। বেইজিংয়ে বাংলাদেশ দূতাবাসে হটলাইন চালু করা হয়েছে।
- ▶ ভারতের নাগরিকত্ব আইনের বিরুদ্ধে রাজস্থানের পার্লামেন্টে বিল পাস।
- ▶ ভারতনিয়ন্ত্রিত কাশ্মীরে কয়েকটি স্থানে বন্ধ করার প্রায় ছয় মাস পর আবার ইন্টারনেট সেবা চালু।
- ▶ আন্তর্জাতিক বিচার আদালতের (আইসিজে) আদেশ লঙ্ঘন করে মিয়ানমারের সেনাবাহিনী দুই রোহিঙ্গা নারীকে গুলি করে হত্যা করেছে।
- ▶ লাহোরে বাংলাদেশকে ৯ উইকেটে হারিয়ে পাকিস্তানের টি২০ সিরিজ জয়।

### ২৬ জানুয়ারি

- ▶ জাতীয় প্রেসক্লাবে সংবাদ সম্মেলনে রিসার্চ ইন্টারন্যাশনালের (আরআই) জরিপের তথ্য প্রকাশ করেছে। তথ্য অনুযায়ী প্রধানমন্ত্রী শেখ হাসিনার ওপর দেশের ৮৬ শতাংশ মানুষের আস্থা রয়েছে। আর আওয়ামী লীগ সরকারের ওপর সন্তুষ্ট ৮৫ ভাগ মানুষ।
- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজ হাতে রান্না করে খাবার পাঠান ক্রিকেট তারকা সাকিব আল হাসানের বাসায়।
- ▶ ভোটার তালিকা হালনাগাদ করার সময়সীমা ৩০ দিন থেকে বাড়িয়ে ৬০ দিন নির্ধারণ করে 'ভোটার তালিকা (সংশোধন) আইন-২০২০' বিল জাতীয় সংসদে পাস হয়েছে।
- ▶ ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়রপ্রার্থী আতিকুল ইসলামের ৩৮ দফার নির্বাচনি ইশতেহার ঘোষণা।

### ২৭ জানুয়ারি

- ▶ বাংলাদেশি নাগরিক চীন থেকে কেউ দেশে ফিরতে চাইলে সরকার নিয়ে আসবে। করোনাভাইরাস ইস্যুতে মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী শেখ

হাসিনা পররাষ্ট্র মন্ত্রণালয়কে এই নির্দেশের পাশাপাশি এ বিষয়ে সর্বোচ্চ সতর্ক থাকার পরামর্শ দেন।

- সিটি করপোরেশন নির্বাচন উপলক্ষ্যে আইনশৃঙ্খলা সংক্রান্ত পরিপত্র প্রকাশ করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- অবসরপ্রাপ্ত ৪২ জন সচিব এক বৈঠকে মিলিত হন। বৈঠকে তারা দীর্ঘ কর্মজীবনের অভিজ্ঞতা ও প্রশিক্ষণকে কাজে লাগাতে চান এবং নিজেদের সরকারের 'থিংক ট্যাংক' হিসেবে কাজ করতে চান।

**২৮ জানুয়ারি**

- ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন নির্বাচনে বিএনপির মেয়রপ্রার্থী ইশরাক হোসেন ইশতেহার ঘোষণা করেন।
- জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের কাছে নৌকার পক্ষে দোয়া প্রার্থনা করেন ঢাকা উত্তর সিটি করপোরেশন নির্বাচনে আওয়ামী লীগের মেয়র প্রার্থী আতিকুল ইসলাম।
- ভর্তি পরীক্ষায় ডিজিটাল জালিয়াতি ও অবৈধ পন্থায় ভর্তি হওয়া ৬৩ জনকে এবং অবৈধ অস্ত্র ও মাদক সম্পৃক্ততার অভিযোগে আরও চারজন শিক্ষার্থীকে স্থায়ীভাবে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কারের সিদ্ধান্ত ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট। পাশাপাশি সিন্ডিকেট ডিজিটাল জালিয়াতি ও অবৈধ পন্থায় ভর্তির অভিযোগে ৯ জন এবং ছিনতাইয়ের অভিযোগে ১৩ শিক্ষার্থীকে সাময়িকভাবে বহিষ্কারের সিদ্ধান্তও ঘোষণা করে।
- ৩৪ ও ৩৫তম বিসিএস ক্যাডারে সুপারিশপ্রাপ্ত ২৭ জনকে নিয়োগ দেয়ার নির্দেশ দিয়েছে হাইকোর্ট।
- দেশে প্রথমবারের মতো শিশু ক্যানসার রোগীর অস্থিমজ্জা প্রতিস্থাপন করা হয়েছে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ)।

**২৯ জানুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের উন্নয়নের গতি অব্যাহত এবং আরও টেকসই করার জন্য উন্নয়ন সহযোগীদের প্রতি শর্ত কমানোর আহ্বান।



বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'বাংলাদেশ উন্নয়ন ফোরাম (বিডিএফ) সম্মেলন ২০২০'-এর উদ্‌বোধনী অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান।

- ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে আওয়ামী লীগের মেয়র প্রার্থী ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস নির্বাচনি ইশতেহার ঘোষণা করেন।
- বিশ্বব্যাংকের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয় যে, বিশ্বব্যাংকের দক্ষিণ এশিয়ার ভাইস প্রেসিডেন্ট হার্টউইগ শেফার উল্লেখ করেছেন যে, দারিদ্র্য বিমোচনে বাংলাদেশ বিশ্বের কাছে মডেল।
- রোহিঙ্গা শিবিরে আশ্রিত রোহিঙ্গা শিশুদের শিক্ষার সুযোগ দেওয়ার সরকারি সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে জাতিসংঘ ও বাংলাদেশে মানবিক সহায়তা কার্যক্রম পরিচালনাকারী বিভিন্ন উন্নয়ন সংস্থা। ঢাকায় জাতিসংঘ কার্যালয় থেকে এ তথ্য প্রকাশ।
- রোহিঙ্গাদের সুরক্ষায় চারটি অন্তর্বর্তী আদেশ দেওয়ার পর ইন্টারন্যাশনাল কোর্ট অব জাস্টিস (আইসিজে) এ এবার গণহত্যার অভিযোগে মিয়ানমারের বিরুদ্ধে করা মূল মামলার কার্যক্রম শুরু হয়েছে।

**৩০ জানুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় যুব পুরস্কার-২০১৯ প্রদান করেন। অনুষ্ঠানে ২২ জন আত্মকর্মী এবং ৫টি যুব সংগঠনের মাঝে পুরস্কার প্রদান করা হয়।
- একুশে গ্রন্থমেলা ২০২০ নিয়ে সংবাদ সম্মেলনের আয়োজন করে বাংলা একাডেমি। সংবাদ সম্মেলনে মহাপরিচালক হাবীবুল্লাহ সিরাজী বলেন, এবারের অমর একুশে গ্রন্থমেলা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে উৎসর্গ করা হয়েছে।
- বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'বাংলাদেশ উন্নয়ন ফোরাম-২০২০' এর সমাপনী অনুষ্ঠান সম্পন্ন।
- ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন নির্বাচনের দিন ১০ ধরনের যানবাহন চলাচলের ওপর নিষেধাজ্ঞা আরোপ। মোটরযান অধ্যাদেশ অনুযায়ী সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয় কর্তৃক এ নিষেধাজ্ঞা জারি।

▶ বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) জরুরি বৈঠকের পর সংস্থাটির তরফ থেকে করোনাভাইরাসের প্রাদুর্ভাবকে বৈশ্বিক জরুরি অবস্থা হিসেবে ঘোষণা দেয়া হয়।

▶ করোনাভাইরাসের প্রভাবে চীনসহ হংকং ও তাইওয়ানে প্রযুক্তি খাতের শীর্ষস্থানীয় বহুজাতিক কোম্পানি গুগলের কার্যক্রম সাময়িকভাবে বন্ধ ঘোষণা করা হয়।

**৩১ জানুয়ারি**

▶ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এমপি অসুস্থ হয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হাসপাতালের সিসিইউতে ভর্তি হয়েছেন।

▶ ৪৯ বছর পর শহিদ মুক্তিযোদ্ধা তোফাজ্জল হোসেন অস্থির কবর সদর উপজেলার ভাওয়াল মির্জাপুর এলাকা থেকে গাজীপুর মহানগরীর ভোগড়া এলাকায় পারিবারিক কবরস্থানে রাষ্ট্রীয় মর্যাদায় স্থানান্তর।

▶ গণভোটে সমর্থনের তিন বছরের বেশি সময় পর রাত ১১টায় ইউরোপীয় ইউনিয়ন থেকে যুক্তরাজ্যের বিদায় কার্যকর করা হয়। এর মধ্য দিয়ে প্রতিবেশীদের সঙ্গে ব্রিটেনের ৪৭ বছরের সম্পর্কের অবসান।

## ফেব্রুয়ারি

**১ ফেব্রুয়ারি**

▶ ঢাকা উত্তর এবং দক্ষিণ সিটি করপোরেশন নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। দক্ষিণ সিটি করপোরেশনে নৌকা প্রতীক নিয়ে বিজয়ী শেখ ফজলে নূর তাপস পেয়েছেন ৪ লাখ ২৪ হাজার ৫৯৫ ভোট এবং তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপির ইশরাক হোসেন ধানের শীষ প্রতীকে পেয়েছেন ২ লাখ ৩৬ হাজার ৫১২ ভোট। উত্তর সিটি করপোরেশনে নৌকা প্রতীক নিয়ে আতিকুল ইসলাম পেয়েছেন ৪ লাখ ১৫ হাজার ৮০২ ভোট এবং তার নিকটতম ধানের শীষ প্রতীকের তাবিথ আউয়াল পেয়েছেন ২ লাখ ৪২ হাজার ৮৪১ ভোট।



▶ ঢাকার দুই সিটি করপোরেশন নির্বাচনে কারচুপির অভিযোগ এনে ফলাফল প্রত্যাখ্যান করে ২ ফেব্রুয়ারি রাজধানীতে সকাল-সন্ধ্যা হরতালের ডাক দিয়েছে বিএনপি। বিএনপির এই হরতাল কর্মসূচিতে সমর্থন দিয়েছে ড. কামাল হোসেনের নেতৃত্বাধীন জাতীয় ঐক্যফ্রন্ট।

▶ করোনাভাইরাসের উৎপত্তিস্থল চীনের উহান থেকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বিশেষ ফ্লাইটে ৩১৬ জন বাংলাদেশিকে ফেরত আনা হয়েছে।

**২ ফেব্রুয়ারি**

▶ বাংলা একাডেমি প্রাঙ্গণ ও সোহরাওয়ার্দী উদ্যানে অনুষ্ঠিত অমর একুশের গ্রন্থমেলা-২০২০ উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

▶ করোনাভাইরাসের কারণে চীনা নাগরিকদের অন অ্যারাইভাল ভিসা এক মাসের জন্য স্থগিত করেছে বাংলাদেশ। পররাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক প্রেস ব্রিফিংয়ে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন এ তথ্য জানান।

▶ অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল জানিয়েছেন, বাংলাদেশ উন্নয়ন ফোরামের (বিডিএফ) দুইদিনের সম্মেলনে উন্নয়ন সহযোগীদের কাছ থেকে মোট ৪২৫ কোটি ডলারের প্রতিশ্রুতি মিলেছে।

▶ ঢাকার দুই সিটি করপোরেশনের নির্বাচনের ফলাফল প্রত্যাখ্যান করে রাজধানীতে বিএনপির সকাল-সন্ধ্যা হরতাল পালন।

▶ ইসরাইল ও যুক্তরাষ্ট্রের সঙ্গে সব সম্পর্ক ছিন্নের ঘোষণা ফিলিস্তিন প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসের।

**৩ ফেব্রুয়ারি**

▶ প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদের বৈঠকে করোনাভাইরাস পরিস্থিতি নিয়ে আলোচনা। প্রধানমন্ত্রী শেখ হাসিনা নির্দেশ দেন যে, বাংলাদেশের বিভিন্ন প্রকল্পে কাজ করা উহানের শ্রমিক যারা ফেরত গেছে, তাদের করোনার কারণে আসতে দেওয়া হবে না। সেইসঙ্গে ওয়ার্ক পারমিট আর নবায়ন করা হবে না।

▶ চীনের উহান থেকে বাংলাদেশিদের আনতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের দুজন পাইলটকে সিঙ্গাপুরে যেতে ভিসা দেয়নি দেশটি।

▶ দেশের সবকটি শিক্ষা বোর্ডে একযোগে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু।

▶ টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার রীভা গাঙ্গুলি দাস।

▶ ফরিদপুর, লক্ষ্মীপুর, নাটোর, পাবনাসহ আট জেলায় শিক্ষক নিয়োগের ওপর স্থগিতাদেশ হাইকোর্টের।

**৪ ফেব্রুয়ারি**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতালির প্রধানমন্ত্রী জিউসেপ কোঁতের আমন্ত্রণে চার দিনের সরকারি সফরে ইতালির রাজধানী রোমের উদ্দেশে ঢাকা ত্যাগ করেছেন।

▶ পুরান ঢাকা থেকে রাসায়নিক পদার্থের কারখানা এবং রাসায়নিক পদার্থ মজুতের গুদাম সরিয়ে দেওয়ার কার্যক্রম শুরু।

▶ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) আইন মেনে সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পিএইচ. ডি. ও সমমানের ডিগ্রি দেওয়া হচ্ছে কিনা তা তদন্ত করে তিনমাসের মধ্যে প্রতিবেদন দিতে ইউজিসি চেয়ারম্যানকে নির্দেশ হাইকোর্টের। একই সঙ্গে হাইকোর্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকের পিএইচ. ডি. জালিয়াতির অভিযোগ বিষয়ে তদন্ত প্রতিবেদন ৬০ দিনের মধ্যে আদালতে দাখিল করতে বিশ্ববিদ্যালয়ের ভিসিকে নির্দেশ দেন।

**৫ ফেব্রুয়ারি**

▶ ইতালির প্রধানমন্ত্রী জিউসেপ কোঁতের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দ্বিপক্ষীয় বৈঠকে ঢাকা ও রোম বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও জোরদার করতে উভয় দেশ একমত। রোহিঙ্গাদের সহায়তায় বর্তমান সহযোগিতার অতিরিক্ত আরও ১০ লাখ ইউরো দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে ইতালি।

▶ দেশের ৬১টি স্বায়ত্তশাসিত, আধাস্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, পাবলিক নন-ফিন্যান্সিয়াল করপোরেশনসহ বিভিন্ন সরকারি সংস্থার তহবিলের অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান বিল ২০২০ জাতীয় সংসদে পাস হয়েছে।



▶ বাংলাদেশে বৈধ-অবৈধভাবে কর্মরত বিদেশি কর্মীরা দেশের বাইরে বছরে প্রায় ২৬ হাজার ৪০০ কোটি টাকা পাচার করছেন। তারা বছরে প্রায় ১২ হাজার কোটি টাকার রাজস্ব ফাঁকি দিচ্ছেন। মাইডাস সেন্টারে টিআইবি কার্যালয়ে 'বাংলাদেশে বিদেশিদের কর্মসংস্থান : সুশাসনের চ্যালেঞ্জ ও উত্তরণের উপায়' শীর্ষক গবেষণা প্রতিবেদনে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) এই তথ্য প্রকাশ করেছে।

▶ 'একুশে পদক ২০২০'- এর জন্য মনোনীতদের তালিকা প্রকাশ করা হয়। বিভিন্ন ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ একুশে পদক পাচ্ছেন দেশের ২০ বিশিষ্ট ব্যক্তি ও একটি প্রতিষ্ঠান।

▶ সিনেটের বিচারে অভিশংসন অভিযোগ থেকে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে অব্যাহতি দেয়া হয়েছে। রিপাবলিকান নিয়ন্ত্রিত সিনেটে অনুষ্ঠিত ঐতিহাসিক এক ভোটাভুটিতে দেশটির ৪৫তম প্রেসিডেন্টকে না সরানোর পক্ষে রায় দেন সিনেটররা।

**৬ ফেব্রুয়ারি**

▶ সারা দেশে এসএসসি পরীক্ষায় অনিয়মের অভিযোগে হল সুপারসহ ১৭ শিক্ষককে অব্যাহতি এবং নকল করার দায়ে ৩২ পরীক্ষার্থীকে বহিষ্কার। ভুয়া প্রশ্নপত্র ফাঁসচক্রের ছয়জনকে আটক।

▶ প্রাণঘাতী নভেল করোনাভাইরাস নিয়ে চীনের যে চিকিৎসক প্রথম সতর্ক করেছিলেন, সেই লি ওয়েনলিয়াংয়ের প্রাণও গেল এই ভাইরাসে। উহান সেন্ট্রাল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়।

▶ আইসিসি অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের সেমিফাইনালে নিউজিল্যান্ডকে ৬ উইকেটে হারিয়ে প্রথমবারের মতো ফাইনালে বাংলাদেশ।

**৭ ফেব্রুয়ারি**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৭ মার্চ মুজিববর্ষের উদ্‌বোধনী অনুষ্ঠানে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে আমন্ত্রণ জানিয়েছেন।

▶ প্রাণঘাতী করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার শঙ্কা উপেক্ষা করে দক্ষিণ কোরিয়ার ঐতিহ্যবাহী গণবিয়েতে যোগ কয়েক হাজার যুগলের। সিউলের উত্তর-পশ্চিমের গ্যাপিঅংয়ের চেয়ং শিম পিস ওয়ার্ল্ড সেন্টারের এ আয়োজনে প্রায় ৩০ হাজার মানুষ উপস্থিত হয়।

**৮ ফেব্রুয়ারি**

▶ ইতালিতে চারদিনের সরকারি সফর শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে ফিরেছেন।

▶ করোনাভাইরাস পরিস্থিতি বিবেচনায় দেশে আসা সব বিমান যাত্রীকে স্ক্রিনিং এর আওতায় আনা হয়েছে।

**৯ ফেব্রুয়ারি**

▶ রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনূর্ধ্ব-১৯ যুব বিশ্বকাপ ক্রিকেটের ফাইনালে বাংলাদেশ চাম্পিয়ন হওয়ায় অভিনন্দন জানিয়েছেন।

▶ রবার্ট কোক ইনস্টিটিউটের ওয়েবসাইটে প্রকাশিত গবেষণার ফল প্রকাশ। করোনাভাইরাস সংক্রমণের দিক বিবেচনায় সর্বোচ্চ ঝুঁকির ৩০ দেশের তালিকায় নেই বাংলাদেশ।

▶ থাইল্যান্ডের কোরাট শহরে এক বৌদ্ধমন্দির এবং এক শপিং সেন্টারে এলোপাতাড়ি গুলি চালিয়ে ২০ জনকে হত্যাকারী সেনা সদস্য জাক্রাপান্থ থম্মা নিরাপত্তা বাহিনীর গুলিতে নিহত।

▶ বিশ্ব আরচারির বর্ষসেরা ব্রেক থ্রু অ্যাথলেট নির্বাচিত বাংলাদেশের তিরন্দাজ রোমান সানা।

**১০ ফেব্রুয়ারি**

▶ ঢাকাসহ সারা দেশে সব ধরনের জুয়া খেলা নিষিদ্ধ করে রায় দিয়েছে হাইকোর্ট।

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে 'মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধন) আইন ২০২০' এর খসড়ার নীতিগত অনুমোদন দেয়া হয়।

**১১ ফেব্রুয়ারি**

▶ দেশের আটটি বিভাগে নির্বাচিত ২২টি মেডিক্যাল কলেজ হাসপাতালে ৫০ শয্যাবিশিষ্ট কিডনি ডায়ালাইসিস সেন্টার স্থাপনের পাশাপাশি ৪৪টি



জেলা সদর হাসপাতালে ১০ শয্যাবিশিষ্ট ডায়ালাইসিস সেন্টার স্থাপন করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় এ সংক্রান্ত প্রকল্প অনুমোদন।

▶ খালেদা জিয়ার বোন সেলিমা ইসলাম মানবিক বিবেচনায় খালেদা জিয়াকে নিঃশর্ত মুক্তি দেওয়ার জন্য সরকারের কাছে দাবি জানিয়েছেন।

▶ সেন্টমার্টিনের কাছে বঙ্গোপসাগরে রোহিঙ্গাবোঝাই একটি ট্রলার ডুবে ১৫ জন নিহত হয়েছে। এদের মধ্যে ১১ জন নারী ও চার শিশু। এছাড়া জীবিত অবস্থায় ৭২ জনকে উদ্ধার করা হয়েছে।

▶ ভারতের রাজধানী দিল্লিতে রাজ্য বিধানসভার নির্বাচনে আম আদমি পার্টি (আপ) বিপুল ভোটের ব্যবধানে বিজেপিকে হারিয়েছে। মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের নেতৃত্বে 'আপ' দিল্লি বিধানসভার ৭০টি আসনের মধ্যে ৬২টিতেই জয়ী।

**১২ ফব্রুয়ারি**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সিং-এর মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিব হাইটেক পার্ক, রাজশাহীতে নির্মিত শেখ কামাল আইটি ইনকিউবেটর অ্যান্ড ট্রেনিং সেন্টার, শতভাগ বিদ্যুতায়িত সাতটি জেলা, একটি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র এবং ২৩টি উপজেলার শতভাগ বিদ্যুতায়নের উদ্‌বোধন করেন ।

▶ দেশের মাটিতে ফিরেছে বিশ্বকাপ চ্যাম্পিয়ন বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ দল। ক্রিকেটারদের বীরোচিত সংবর্ধনা দিয়ে বরণ করে বাংলাদেশ ক্রিকেট বোর্ড।

▶ ঢাকার ১ নম্বর যুগ্ম জেলা জজ আদালতে সাবেক নৌপরিবহণমন্ত্রী শাজাহান খানের নামে ১০০ কোটি টাকার মানহানি মামলা করেন নিরাপদ সড়ক চাই আন্দোলনের (নিসচা) চেয়ারম্যান ও চিত্রনায়ক ইলিয়াস কাঞ্চন।

▶ আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশের (আইসিডিডিআরবি) সংক্রামক রোগ বিভাগের মিউকোজাল ইমিউনোলজি অ্যান্ড ভ্যাকসিনোলজি ইউনিটের প্রধান চিকিৎসাবিজ্ঞানী ড. ফেরদৌসী কাদরি

‘লরিয়েল-ইউনেস্কো উইমেন ইন সায়েন্স অ্যাওয়ার্ড’ (এশিয়া-প্যাসিফিক অঞ্চল) পুরস্কারে ভূষিত। ‘ইন্টারন্যাশনাল ডে অব উইমেন অ্যান্ড গার্লস ইন সায়েন্স’ দিবস উপলক্ষ্যে এ অ্যাওয়ার্ড ঘোষণা।

▶ প্রাণঘাতী করোনাভাইরাসে চীনে একদিনেই মৃত্যু ২৪৪ জনের। চীনে একদিনে করোনাভাইরাসে মৃত্যুর ক্ষেত্রে এটাই রেকর্ড।

**১৩ ফেব্রুয়ারি**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা গাজীপুরের সফিপুরে বাংলাদেশ আনসার ও গ্রামপ্রতিরক্ষা বাহিনীর ৪০তম জাতীয় সমাবেশে উদ্‌বোধন করেন।

▶ তিন মন্ত্রী-প্রতিমন্ত্রীর দপ্তর পুনর্বণ্টন। গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ ম রেজাউল করিমকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সমাজকল্যাণ প্রতিমন্ত্রী শরীফ আহমেদকে গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রীর এবং মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী মো. আশরাফ আলী খান খসরুকে সমাজকল্যাণ প্রতিমন্ত্রীর দায়িত্ব দিয়ে প্রজ্ঞাপন জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ।

▶ কংগ্রেসের অনুমোদন ছাড়া প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যাতে ইরানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করতে না পারেন, সে বিষয়ে মার্কিন সিনেটে বিল পাস।

**১৪ ফেব্রুয়ারি**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের কাছে পাঠানো এক চিঠিতে চীনের উহানসহ অন্যান্য স্থানে ‘করোনাভাইরাস’ সংক্রমণে প্রাণহানিতে গভীর শোক প্রকাশ করেন। তিনি আক্রান্তদের দুর্দশা লাঘবে যে কোনো ধরনের মানবিক সহায়তার আশ্বাস দেন।

▶ একাত্তরে মানবতাবিরোধী অপরাধের দায়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি মাওলানা আবদুস সুবহান (৯৩) চিকিৎসাধীন অবস্থায় ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে মারা গেছেন।

▶ নৌকায় চড়ে মালয়েশিয়া বা ইন্দোনেশিয়ার উদ্দেশে যাত্রার সময় মিয়ানমার উপকূল থেকে প্রায় অর্ধশত রোহিঙ্গাকে আটক করেছে দেশটির নৌবাহিনী।

▶ দিল্লির মুখ্যমন্ত্রী হিসেবে অরবিন্দ কেজরিওয়ালের শপথ অনুষ্ঠানে উপস্থিত থাকতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে আনুষ্ঠানিকভাবে আমন্ত্রণ জানানো হয়।



**১৫ ফেব্রুয়ারি**

▶ জাতীয় সংসদের পাঁচ আসনের উপনির্বাচনে আওয়ামী লীগের প্রার্থী ঘোষণা। মনোনীত প্রার্থীদের নাম: ঢাকা-১০ সফিউল ইসলাম মহিউদ্দিন, গাইবান্ধা-৩ উম্মে কুলসুম স্মৃতি, বাগেরহাট-৪ অ্যাডভোকেট আমিরুল আলম মিলন, বগুড়া-১ সাহাদারা মান্নান এবং যশোর-৬ শাহীন চাকলাদার।

▶ চট্টগ্রাম সিটি করপোরেশন (চসিক) নির্বাচনের মেয়র পদে দলীয় মনোনয়ন লাভ করেছেন চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক রেজাউল করিম চৌধুরী।

**১৬ ফেব্রুয়ারি**

▶ বঙ্গবন্ধুর ঘনিষ্ঠ সহচর, আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য, সাবেক প্রতিমন্ত্রী অ্যাডভোকেট রহমত আলী হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন।

▶ চট্টগ্রাম সিটি করপোরেশন (চসিক) এবং যশোর-৬ ও বগুড়া-১ সংসদীয় আসনে ২৯ মার্চ ভোটগ্রহণের দিন ধার্য করে তপশিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন।

▶ একুশে ফেব্রুয়ারিসহ বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপনে ইংরেজির পাশাপাশি বাংলা সন ও তারিখ ব্যবহারে নিষ্ক্রিয়তাকে কেন বেআইনি ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট। আগামী দশ দিনের মধ্যে মন্ত্রিপরিষদ সচিবকে এ রুলের জবাব দেওয়ার নির্দেশ।

▶ তৃতীয়বারের মতো দিল্লির মুখ্যমন্ত্রী পদে শপথগ্রহণ করেছেন আম আদমি পার্টির প্রধান অরবিন্দ কেজরিওয়াল।

**১৭ ফেব্রুয়ারি**

▶ ঢাকা শিশু হাসপাতাল ও বাংলাদেশ শিশু স্বাস্থ্য ইনস্টিটিউটকে একীভূত করে ‘বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট আইন, ২০২০’-এর খসড়া নীতিগত অনুমোদন করে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এই অনুমোদন দেয়া হয়।

▶ করোনাভাইরাসের বিস্তার কমাতে হুবেই প্রদেশকে অবরুদ্ধ রাখার ঘোষণা দিয়েছে চীন। সংক্রমণ ঠেকাতে কাগুজে নোট পুড়িয়ে ফেলার সিদ্ধান্ত নিয়েছে চীনের কেন্দ্রীয় ব্যাংক।

▶ জাতীয় প্রেসক্লাবে আয়োজিত 'ডিপ্লোম্যাটিক করেসপনডেন্টস অ্যাসোসিয়েশন, বাংলাদেশ' (ডিকাব) আয়োজিত 'ডিকাব টক' অনুষ্ঠানে চীনের রাষ্ট্রদূত লি জিমিং বলেন, চীন রোহিঙ্গা সংকট নিয়ে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে ভেটো দেবে না। বরং সংকট নিরসনে সহায়তা দিয়ে যাবে।

▶ বিভিন্ন দেশে অবস্থানরত প্রবাসী বাংলাদেশিরা তাদের অভিযোগ দুর্নীতি দমন কমিশনে (দুদক) বলতে পারবেন। এ সেবা নিতে নতুন হটলাইন চালু করেছে দুদক।

▶ জাতিসংঘে প্রতিবছর কাজের সুযোগ পাবেন ১০ জন বিসিএস ক্যাডার কর্মকর্তা। ঢাকায় এনইসি সম্মেলনকক্ষে এ বিষয়ক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

▶ পুরুষের পাশাপাশি নারীও ভারতীয় সেনাবাহিনীকে নেতৃত্ব দিতে পারবেন। ভারতীয় সুপ্রিমকোর্টের ঐতিহাসিক রায়।

## ১৮ ফেব্রুয়ারি

▶ উন্নত চিকিৎসার জন্য যুক্তরাজ্যের মতো দেশে যাওয়ার অভিপ্রায় ব্যক্ত করে জিয়া চ্যারিটেবল ট্রাস্ট দুর্নীতি মামলায় খালেদা জিয়ার জামিন চেয়ে আবারও হাইকোর্টে আবেদন।

▶ সংবাদ ব্রিফিংয়ে সাংহাইয়ের শিক্ষা কমিটির প্রধান ঘোষণা করেন, করোনাভাইরাসের প্রাদুর্ভাব ছড়িয়ে পড়া অব্যাহত রয়েছে। তাই চীনের বৃহত্তম নগরী সাংহাইয়ের শিক্ষার্থীদের লেখাপড়া চালু রাখতে অনলাইনে পাঠদান করা হবে।

## ১৯ ফেব্রুয়ারি

▶ কক্সবাজার এলাকায় নির্মাণাধীন তিনটি স্পেশাল ট্যুরিজম পার্কের (বিশেষ পর্যটন উদ্যান) মাস্টার প্ল্যান পর্যবেক্ষণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, সমুদ্রের তীর ঘেঁষে উচ্চ স্থাপনা নির্মাণের অনুমতি দেওয়া হবে না।



▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সৌজন্য সাক্ষাত করেন সফররত নেপালের পররাষ্ট্রমন্ত্রী প্রদীপ কুমার গেওয়ালী।

## ২০ ফেব্রুয়ারি

▶ অমর একুশে ফেব্রুয়ারি এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে ওসমানী স্মৃতি মিলনায়তনে 'একুশে পদক ২০২০' প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

▶ বিটিআরসিকে তিন মাসে ২ হাজার কোটি টাকা দেওয়ার কথা থাকলেও গ্রামীণফোন (জিপি) টাকা না দিয়ে আপিল বিভাগের আদেশ পুনর্বিবেচনা চেয়ে রিভিউ আবেদন করে। আবেদনের শুনানিকালে আপিল বিভাগ ২৪ ফেব্রুয়ারির মধ্যে গ্রামীণফোনকে ১ হাজার কোটি টাকা দেওয়ার নির্দেশ দেয়।

▶ ২০২০ সালের স্বাধীনতা পুরস্কারের জন্য মনোনীতদের তালিকা প্রকাশ। ৯ জন ব্যক্তি এবং এক প্রতিষ্ঠান এই পদক লাভ করবেন।

## ২১ ফেব্রুয়ারি

▶ জাতিসংঘের উদ্যোগে বাংলাদেশসহ সারা বিশ্বে যথাযোগ্য মর্যাদায় শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত। এ উপলক্ষ্যে একুশের প্রথম প্রহরে বিশ্বের বিভিন্ন শহিদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন।

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে অমর একুশে ফেব্রুয়ারি এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে চার দিনব্যাপী অনুষ্ঠানমালার উদ্‌বোধন করেন।

## ২২ ফেব্রুয়ারি

▶ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আওয়ামী লীগের আলোচনা সভা।

▶ ঢাকার কেরানীগঞ্জের পানগাঁওয়ে বসুন্ধরা গ্রুপের মালিকানাধীন দেশের প্রথম বেসরকারি বিটুমিন প্লান্টের যাত্রা শুরু।

▶ জাতীয় প্রেসক্লাবে সেন্টার ফর সোশ্যাল অ্যাডভোকেসি অ্যান্ড রিসার্চ ফাউন্ডেশন (সিসার্ফ) 'উগ্রবাদ রোধে গণমাধ্যমের ভূমিকা' শীর্ষক সেমিনারের আয়োজন করে।

- নিখোঁজের দেড় বছর পর রাজধানীর পল্লবীর ডিওএইচএস এলাকায় নিজ বাসায় ফিরেছেন র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)-৭ এর সাবেক অধিনায়ক লে. কর্নেল হাসিনুর রহমান। জঙ্গিবাদের সঙ্গে সম্পৃক্ত থাকার অভিযোগে তাকে চাকরি থেকে বরখাস্ত করা হয়েছিল।
- আহ্ছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ঢাকা আহ্ছানিয়া মিশনের মাদকবিরোধী কার্যক্রমের ৩০ বছর পূর্তি উদ্‌যাপন অনুষ্ঠানের আয়োজন। অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল জানান, মাদক গ্রহণ করে কেউ সরকারি চাকরি পাবে না। তাই নিয়োগের আগে ডোপ টেস্টের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

**২৩ ফেব্রুয়ারি**

- বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) ভিসিকে সুপ্রিমকোর্টের রেজিস্ট্রার জেনারেলের মাধ্যমে খালেদা জিয়ার শারীরিক অবস্থার বিষয়ে প্রতিবেদন ২৬ ফেব্রুয়ারি বিকেল ৫টার মধ্যে হাইকোর্টে দাখিল করতে হাইকোর্টের আদেশ।
- আদালতের নির্দেশনা অনুযায়ী বিটিআরসিকে সাড়ে ১২ হাজার কোটি টাকার মধ্যে এক হাজার কোটি টাকা পরিশোধ করেছে গ্রামীণফোন।
- করোনাভাইরাসে মৃতের সংখ্যা ক্রমশ বেড়ে যাওয়ায় জরুরি প্রয়োজন ছাড়া বিদেশ ভ্রমণ না করার জন্য সবার প্রতি আহ্বান জানিয়েছে জাতীয় রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর)।

**২৪ ফেব্রুয়ারি**

- রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ চট্টগ্রামের সাতকানিয়ায় বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার অ্যান্ড কলেজের (বিজিটিসিঅ্যান্ডসি) বীর-উত্তম মজিবুর রহমান প্যারেড গ্রাউন্ডে বিজিবির ৯৪তম রিক্রুট ব্যাচের প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজ পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করেন।
- জাপানের সর্ববৃহৎ বিদ্যুৎ উৎপাদন প্রতিষ্ঠান জেইআরএ (জেরা) করপোরেশনের প্রেসিডেন্ট সাতোশি ওনোডা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাত করেন।



- পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনের (পিবিআই) এর সংবাদ সম্মেলনে জানানো হয়, আলোচিত চিত্রনায়ক সালমান শাহ হত্যা মামলার চূড়ান্ত তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। ২৪ বছর আগে এই হত্যাকাণ্ড ঘটেছিল।
- জোট রাজনীতির জটিলতার মুখে পদত্যাগ করলেন মালয়েশিয়ার প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদ।
- প্রথমবারের মতো ভারত সফরে এসে দেশটির প্রতি ভালোবাসা এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে ঘনিষ্ঠ বন্ধুত্বের কথা প্রকাশ করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

**২৫ ফেব্রুয়ারি**

- শেরেবাংলা নগরস্থ এনইসি সম্মেলনকক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের সভায় ২০৪১ সালের মধ্যে উন্নত দেশ গড়তে 'বাংলাদেশ প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১' অনুমোদন দেয়া হয়।
- বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের ফেরত নিতে মিয়ানমার সরকারের ওপর আরও চাপ সৃষ্টি করতে জার্মানিসহ আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা আহ্বান জানিয়েছেন। জার্মানির সফররত অর্থনৈতিক সহযোগিতা এবং উন্নয়ন বিষয়ক কেন্দ্রীয় মন্ত্রী ড. গার্ড মুলার গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে এলে তিনি এ আহ্বান জানান।
- ৭ মার্চকে 'জাতীয় ঐতিহাসিক দিবস' ঘোষণা করে এক মাসের মধ্যে গেজেট প্রকাশের পাশাপাশি মুজিববর্ষের মধ্যেই দেশের সব জেলা-উপজেলায় বঙ্গবন্ধুর ম্যুরাল স্থাপনের নির্দেশ হাইকোর্টের।
- বাংলাদেশ ব্যাংক ঋণ ও বিনিয়োগের সর্বোচ্চ সুদের হার সিঙ্গেল ডিজিট নির্ধারণ করে প্রজ্ঞাপন জারি করেছে।
- যুক্তরাষ্ট্র ও সুইজারল্যান্ডভিত্তিক আন্তর্জাতিক প্রতিষ্ঠান আইকিউ এয়ার প্রতিবেদন প্রকাশ করে। বায়ুদূষণের দিক থেকে গতবারের মতো এবারও বাংলাদেশের অবস্থান সবচেয়ে উপরে।

- দিল্লির হায়দরাবাদ হাউজে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দ্বিপক্ষীয় বৈঠক শেষে যৌথ সংবাদ সম্মেলন। দুই দেশের মধ্যে ৩০০ কোটি ডলারের প্রতিরক্ষা চুক্তি স্বাক্ষর।
- মিরপুরে সিরিজের একমাত্র টেস্টে জিম্বাবুয়েকে ১০৬ রানে পরাজিত করে ১৪তম জয় বাংলাদেশ ক্রিকেট দলের। ম্যাচসেরা মুশফিকুর রহিম।
- মিসরের সাবেক প্রেসিডেন্ট হোসনি মোবারক কায়রোর একটি হাসপাতালে মৃত্যুবরণ করেছেন ।

**২৬ ফেব্রুয়ারি**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার কার্যালয়ে বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থীদের মধ্যে 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৮' বিতরণ করেন। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) আয়োজিত এই অনুষ্ঠানে ৩৬টি বিশ্ববিদ্যালয়ের ১৭২ মেধাবী শিক্ষার্থী এ পদক অর্জন করেন।
- সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠিত। বৈঠক শেষে সাংবাদিকদের অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল জানান, দেশের সব ডাকঘর অটোমেশন করার পর ১৭ মার্চ থেকে ডাকঘর সঞ্চয় স্কিমের সুদহার আগের অবস্থায় ফিরিয়ে নেওয়া হবে।
- কেন্দ্রীয় বা সমন্বিত নয়, গুচ্ছভিত্তিক পরীক্ষার মাধ্যমে বিশ্ববিদ্যালয়গুলোয় শিক্ষার্থী ভর্তি করা হবে। আগারগাঁওয়ে ইউজিসির কার্যালয়ে ভিসিদের সঙ্গে বৈঠক শেষে এ সিদ্ধান্তের তথ্য প্রকাশ করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ।
- উপসচিব পদমর্যাদার অন্য ক্যাডার কর্মকর্তারাও সুদমুক্ত ঋণে গাড়ি পাবেন। এ সংখ্যা প্রায় ৪৯ হাজার। জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় সিদ্ধান্ত।
- সাবেক প্রধানমন্ত্রী নওয়াজ শরিফকে 'পলাতক' ঘোষণা করা হয়। জামিনের মেয়াদ বাড়ানোর জন্য নওয়াজ শরিফ আদালতে জরুরি মেডিক্যাল রিপোর্ট জমা না দেওয়ায় এ পদক্ষেপ নেওয়া হয়।



**২৭ ফেব্রুয়ারি**

- প্রধানমন্ত্রীর কার্যালয়ে ঢাকার উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়র ও কাউন্সিলরদের শপথ গ্রহণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।
- হাইকোর্ট জিয়া চ্যারিটেবল ট্রাস্ট মামলায় দণ্ডিত বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার জামিন আবেদন পুনরায় খারিজ করে দেন।
- করোনাভাইরাসের সংক্রমণ বাড়ার কারণে ওমরাহ যাত্রী ও মসজিদে নববী ভ্রমণকারীদের জন্য সৌদিআরবে প্রবেশ সাময়িকভাবে স্থগিত ঘোষণা করা হয়েছে। ফলে সৌদি সরকারের পরবর্তী নির্দেশনা ছাড়া বিশ্বের অন্য দেশের মতো বাংলাদেশের ক্ষেত্রেও এ সিদ্ধান্ত বলবৎ হয়।

**২৮ ফেব্রুয়ারি**

- ভারতে ব্যক্তিগত সফরে গিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতিবিজড়িত কলকাতার বেকার হোস্টেল পরিদর্শন করলেন তাঁর কনিষ্ঠ কন্যা শেখ রেহানা এবং নাতনি সায়মা ওয়াজেদ পুতুল।
- ঢাকা বিশ্ববিদ্যালয় খেলার মাঠে মুক্তিযুদ্ধ জাদুঘরের বার্ষিক আয়োজন 'মুক্তির উৎসব' অনুষ্ঠিত হয়।

**২৯ ফেব্রুয়ারি**

- মাসব্যাপী অমর একুশে গ্রন্থমেলা-২০২০ শেষ হয়েছে। এবার বই প্রকাশ ও বিক্রিতে রেকর্ড হয়েছে। বিক্রি হয়েছে ৮২ কোটি টাকার বই।
- নীলফামারী শহরের হাড়োয়া গ্রামের গোল্ডেন টাইমিং ম্যানুফ্যাকচারিং লিমিটেডের কারখানায় গণহিস্টিরিয়ায় আক্রান্ত ২৯ নারী শ্রমিক। তাদের নীলফামারী সদর আধুনিক হাসপাতালে ভর্তি করা হয়েছে। চীনা নাগরিকের মালিকানাধীন এই প্রতিষ্ঠানটি পরচুলা তৈরির কারখানা।
- ঢাকা আইনজীবী সমিতির নির্বাচনে সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ১০ পদে জয়ী বিএনপি সমর্থিত প্যানেলের। আওয়ামী লীগ সমর্থকদের জয় ১৩ পদে।
- বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মুক্তির দাবিতে সারা দেশে প্রতিবাদ সমাবেশ ও বিক্ষোভ মিছিল।

▶ বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) করোনাভাইরাসের কারণে সর্বোচ্চ সতর্কতা ঘোষণা করেছে। ডব্লিউএইচও বলেছে, কোনো দেশই ঝুঁকিমুক্ত নয়।

▶ মালয়েশিয়ার রাজা সুলতান আবদুল্লাহ আহমাদ শাহ পরবর্তী প্রধানমন্ত্রী হিসেবে ৭২ বছর বয়সি সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী মুহিউদ্দিন ইয়াসিনকে নিয়োগ করেন।

▶ আফগানিস্তানে যুদ্ধের সমাপ্তি টানতে যুক্তরাষ্ট্র ও তালেবানের মধ্যে ঐতিহাসিক শান্তিচুক্তি স্বাক্ষর। চুক্তি অনুযায়ী, আফগানিস্তান থেকে আগামী ১৪ মাসের মধ্যে সৈন্য প্রত্যাহার করবে যুক্তরাষ্ট্র ও ন্যাটো বাহিনী।

## মার্চ

### ১ মার্চ

▶ গুজব সৃষ্টি বা গণপিটুনির পুনরাবৃত্তি রোধ করতে ৫ দফা নির্দেশনা দিয়েছে হাইকোর্ট। গুজব সৃষ্টি বা গণপিটুনি দিতে উদ্‌বুদ্ধ করার মতো যে কোনো ধরনের অডিয়ো, ভিডিয়ো, এসএমএস প্রদানকারী দুষ্কৃতকারীদের চিহ্নিত করে আইনের আওতায় আনতে হবে।

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে তুলে দেওয়া হলো 'জয় বাংলা কনসার্ট ২০২০-এর টি-শার্ট, মগ ও পোস্টার। সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ইনফরমেশনের (সিআরআই) প্রতিষ্ঠান ইয়াং বাংলার পক্ষ থেকে প্রধানমন্ত্রীর হাতে এগুলো তুলে দেওয়া হয়।

▶ মুজিববর্ষ উপলক্ষ্যে বছরব্যাপী যক্ষ্মা প্রতিরোধ কার্যক্রম শুরু হয়েছে। রাজধানীর হাতিরঝিল মুক্তমঞ্চে এ কার্যক্রম উদ্‌বোধন করেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক।

▶ তিন ম্যাচ সিরিজের প্রথম ওয়ানডেতে জিম্বাবুয়েকে ১৬৯ রানের বিশাল ব্যবধানে হারিয়ে বাংলাদেশের জয়ের রেকর্ড। রানের হিসেবে ওয়ানডেতে এটাই বাংলাদেশের সবচেয়ে বড়ো জয়।



### ২ মার্চ

▶ বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইএসএস) ও ভারতীয় হাইকমিশন যৌথভাবে সেমিনারের আয়োজন করে। সেমিনারে ঢাকায় সফররত ভারতের পররাষ্ট্র সচিব হর্ষ বর্ধন শ্রিংলা বলেন, নাগরিকত্ব সংশোধনী আইন (সিএএ) ও নাগরিকপঞ্জি (এনআরসি) বাংলাদেশে কোনো প্রভাব ফেলবে না। এগুলো একান্তই ভারতের অভ্যন্তরীণ বিষয়।

▶ ২ মার্চ ৯৩ বছর বয়সে শেষ নিশ্বাস ত্যাগ করেন লেখক, গীতিকার ও অভিনেতা লুই জেমস লিটন।

▶ হার্ভার্ডে অ্যাপস প্রতিযোগিতায় বিশ্বচ্যাম্পিয়ন বাংলাদেশের তিন প্রতিযোগীর তৈরি সফটওয়্যার প্রজেক্ট 'কিউর'।

### ৩ মার্চ

▶ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে ১৭ মার্চ ২০২০ থেকে ১৭ মার্চ ২০২১ পর্যন্ত মুজিববর্ষ ঘোষণা করেন ওয়াশিংটন ডিসির মেয়র মুরিয়েল বোসার। এই উপলক্ষ্যে বাংলাদেশের জনগণকে অভিনন্দন জানিয়ে তাঁর ঘোষণাপত্র জারি।

▶ একুশে পদকপ্রাপ্ত ঢাকা কমলাপুর ধর্মরাজিক বৌদ্ধ মহাবিহারের অধ্যক্ষ ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ২৮তম সংঘনায়ক শুদ্ধানন্দ মহাথেরোর মৃত্যু।

▶ সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে তিন ম্যাচ সিরিজের দ্বিতীয় ওয়ানডেতে জিম্বাবুয়েকে ৪ রানে হারিয়ে ২-০ ব্যবধানে সিরিজ জয় নিশ্চিত করেছে বাংলাদেশ।

### ৪ মার্চ

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে নয় দিনব্যাপী অষ্টম জাতীয় এসএমই পণ্যমেলা-২০২০ উদ্‌বোধন করেন।

▶ করোনাভাইরাস মোকাবিলায় জাতীয়, জেলা ও উপজেলা পর্যায়ে তিন স্তরে কমিটি গঠন করা হয়েছে। এই তথ্য জানান রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের (আইইডিসিআর) পরিচালক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা।

▶ দুর্নীতির মামলায় পিরোজপুর জেলা আওয়ামী লীগের সভাপতি এ কে এম এ আউয়াল ও তার স্ত্রী লায়লা পারভীনকে কারাগারে পাঠানো বিচারককে তাৎক্ষণিকভাবে বদলি। বিচারককে বদলির ঘটনায় উচ্চ আদালতে রুল জারি।

▶ রোহিঙ্গাদের জন্য আরও ৫ কোটি ৯০ লাখ ডলার অর্থ সহায়তার ঘোষণা যুক্তরাষ্ট্রের এবং অতিরিক্ত আরও ৩১ মিলিয়ন ইউরো সহায়তার ঘোষণা ইউরোপীয় ইউনিয়নের (ইইউ)।

▶ জাতিসংঘের সাবেক মহাসচিব হ্যাভিয়ার পেরেজ দ্য কুয়েলার নিজ দেশ পেরুতে শেষ নিশ্বাস ত্যাগ করেছেন।

▶ বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া করোনাভাইরাসের প্রভাবে স্বাস্থ্যগত ও অর্থনীতির ক্ষতিরোধে জরুরিভাবে ১২ বিলিয়ন ডলার সহায়তা দেওয়ার ঘোষণা দিয়েছে বিশ্বব্যাংক। এক প্রেস বার্তায় সংস্থাটি উল্লেখ করেছে, বিশ্বের ৬০টিরও বেশি দেশে কোভিড-১৯ ভাইরাস ছড়িয়ে পড়েছে।

**৫ মার্চ**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে বঙ্গবন্ধু ফেলোশিপ, বিজ্ঞান ও প্রযুক্তি (এনএসটি) ফেলোশিপ এবং বিজ্ঞানী ও গবেষকদের জন্য গবেষণা অনুদান প্রদান করেন।

▶ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ' উদ্‌যাপন অনুষ্ঠানে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি যোগ দেওয়ার তথ্য প্রকাশ দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের।

▶ সিরাজগঞ্জের উল্লাপাড়া থেকে রানি ভিক্টোরিয়ার ছবিসংবলিত ১৮০০ খ্রিষ্টাব্দের বিভিন্ন সময়ের ৩২টি প্রাচীন রৌপ্যমুদ্রা উদ্ধার করেছে পুলিশ।

▶ বাংলাদেশ ক্রিকেটের জাতীয় দলের অধিনায়ক মাশরাফি বিন মুর্তজার অধিনায়কত্ব ছেড়ে দেওয়ার ঘোষণা।

**৬ মার্চ**

▶ প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের নেতৃত্বে সুপ্রিমকোর্টের আপিল ও হাইকোর্ট বিভাগের বিচারপতিগণ বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কর্মসূচির অংশ হিসেবে বঙ্গবন্ধুর সমাধিতে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করেন।



▶ বেসরকারি উন্নয়ন সংস্থা ব্র্যাক পঞ্চমবারের মতো জেনেভাভিত্তিক স্বাধীন গণমাধ্যম সংস্থা 'এনজিও অ্যাডভাইজার' কর্তৃক বিশ্বসেরা এনজিওর স্বীকৃতি লাভ করেছে।

▶ ইংরেজি দৈনিক ডেইলি স্টার ও এনবিএফআই আইপিডিসির উদ্যোগে জাতীয় জীবনে অবদানের স্বীকৃতি হিসেবে নয়জন নারীকে 'আনসাং উইমেন নেশন বিল্ডার্স ২০২০' সম্মাননা প্রদান করা হয়।

▶ ভারতের দিল্লিসহ বিভিন্ন স্থানে সাম্প্রদায়িক সহিংসতা এবং দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আসন্ন সফরের প্রতিবাদে বাংলাদেশের বিভিন্ন স্থানে বিক্ষোভ মিছিল, সমাবেশ ও মানববন্ধন হয়েছে।

▶ সিলেটে সিরিজের তৃতীয় ও শেষ ম্যাচে বৃষ্টি আইনে বাংলাদেশের কাছে ১২৩ রানে হার জিম্বাবুয়ের। অধিনায়ক হিসেবে মাশরাফি মুর্তজার এটা ছিল শেষ ম্যাচ।

**৭ মার্চ**

▶ ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষ্যে ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

▶ ইয়াং বাংলার সেক্রেটারিয়েট সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ইনফরমেশনের (সিআরআই) আয়োজনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণ উপলক্ষ্যে আর্মি স্টেডিয়ামে 'জয় বাংলা' কনসার্ট অনুষ্ঠিত। কনসার্টে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

▶ কুয়েত সরকার করোনাভাইরাসের কারণে বাংলাদেশসহ সাত দেশের সঙ্গে এক সপ্তাহের জন্য সব ধরনের বিমান চলাচল স্থগিত করেছে ।

**৮ মার্চ**

▶ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৫ নারীকে জয়িতা পুরস্কারে ভূষিত করেন।

▶ দেশে প্রথমবারের মতো তিনজনের দেহে করোনাভাইরাস শনাক্ত হয়েছে বলে তথ্য প্রকাশ সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের (আইইডিসিআর)। আক্রান্তদের মধ্যে দুইজন পুরুষ,

একজন নারী। পুরুষ দুজন ইতালি থেকে সম্প্রতি আলাদাভাবে দেশে প্রবেশ করেন। আক্রান্ত নারী ইতালি প্রবাসী এক পরিবারের সদস্য।

- ভাষাশহিদ ও ভাষাসৈনিকদের পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন করে ছয় মাসের মধ্যে তা আদালতে দাখিল করতে সংস্কৃতি সচিবকে নির্দেশ হাইকোর্টের। সংস্কৃতি সচিবকে আহ্বায়ক করে এক মাসের মধ্যে একটি কমিটি গঠন করতে হবে।
- তামিম ইকবাল বাংলাদেশ ওয়ানডে ক্রিকেট দলের নতুন অধিনায়ক।

**৯ মার্চ**

- করোনাভাইরাসের কারণে জনস্বাস্থ্যের কথা বিবেচনা করে জনসমাগম পরিহার করতে জাতীয় প্যারেড স্কয়ারে মুজিববর্ষের উদ্‌বোধন অনুষ্ঠান স্থগিত। এর পরিবর্তে ইলেকট্রনিক ও সোশ্যাল মিডিয়ার মাধ্যমে মুজিববর্ষের উদ্‌বোধনের সিদ্ধান্ত। সংবাদ সম্মেলনে জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ড. কামাল নাসের চৌধুরী।
- করোনাভাইরাস প্রতিরোধে দেশব্যাপী প্রস্তুতির অংশ হিসেবে রাজধানীতে ৪০০ বেডের হাসপাতাল প্রস্তুত করা হয়েছে। প্রতিটি জেলায় প্রস্তুত ১০০ বেড। আর প্রত্যেক উপজেলা পর্যায়ের হাসপাতালে পৃথক কর্নার। স্বাস্থ্যসেবা বিভাগে করোনাভাইরাস প্রতিরোধ সংক্রান্ত জাতীয় কমিটির সভায় এ তথ্য প্রকাশ।
- দেশে করোনাভাইরাসে আক্রান্ত রোগী শনাক্ত হওয়ার পর শেয়ারবাজারে বড়ো ধরনের পতন। এতে ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসইর) প্রধান মূল্যসূচক এ যাবৎকালের সর্বনিম্ন অবস্থানে।
- চট্টগ্রাম সিটি করপোরেশন নির্বাচনে মেয়র ও কাউন্সিলর প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ। প্রতীক পেয়েই নেতাকর্মীদের নিয়ে প্রচারণায় প্রার্থীরা।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর উদ্‌বোধন উপলক্ষ্যে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ঢাকা সফর স্থগিতের ঘোষণা দিয়েছে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়।

**১০ মার্চ**

- মাতারবাড়ী বন্দর উন্নয়নসহ ৯ প্রকল্প অনুমোদন করেছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি একনেক।



- 'জয় বাংলা'কে বাংলাদেশের জাতীয় স্লোগান হিসেবে রায় হাইকোর্টের। আদালত বলেছেন, 'জয় বাংলা' বাংলাদেশের জাতীয় স্লোগান হবে। রায়ে সব জাতীয় দিবস, রাষ্ট্রীয় অনুষ্ঠান ও উপযুক্ত ক্ষেত্রে সাংবিধানিক পদাধিকারী ও সব সরকারি কর্মকর্তা বক্তব্য শেষে যাতে 'জয় বাংলা' স্লোগান উচ্চারণ করেন সেজন্য সংশ্লিষ্টদের যথাযথ পদক্ষেপ নিতে নির্দেশনা দেয়া হয়। একই সঙ্গে সব শিক্ষাপ্রতিষ্ঠানে অ্যাসেম্বলি শেষে ছাত্র-শিক্ষকরা যাতে 'জয় বাংলা' স্লোগান উচ্চারণ করেন, তাও ওই রায়ে উল্লেখ রয়েছে।
- সংবিধানে ৭ মার্চের ভাষণ নির্ভুলভাবে অন্তর্ভুক্ত হয়েছে কিনা, খতিয়ে দেখতে উচ্চ পর্যায়ের কমিটি গঠনের নির্দেশ হাইকোর্টের।
- করোনাভাইরাসের জাতীয় প্যারেড গ্রাউন্ডে মুজিববর্ষের উদ্‌বোধনী অনুষ্ঠান স্থগিত করা হয়েছে। এর পরিবর্তে ইলেকট্রনিক ও সোশ্যাল মিডিয়ার মাধ্যমে মুজিববর্ষের উদ্‌বোধনী অনুষ্ঠান দেশে বিদেশে একযোগে প্রচারের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।
- করোনাভাইরাস নিয়ে ৩০ দেশের রাষ্ট্রদূতের সঙ্গে জরুরি বৈঠক বাংলাদেশের স্বাস্থ্যমন্ত্রীর।
- আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) 'গ্লোবাল এমপ্লয়েস ট্রেন্ডস ফর ইয়ুথ ২০২০' শীর্ষক প্রতিবেদন প্রকাশ। প্রতিবেদন অনুযায়ী বিশ্বে প্রায় সাত কোটি তরুণ বেকার যাদের বয়স ১৫ থেকে ২৪ বছর।
- মিয়ানমারকে গণতন্ত্র ও মানবাধিকারের পথে চলতে জাতিসংঘের আহ্বান।

**১১ মার্চ**

- বিশ্বের ১২১টি দেশে ১ লাখ ১৮ হাজারের বেশি মানুষ আক্রান্ত এবং ৪২৯১ জনের মৃত্যু হওয়ায় করোনাকে বৈশ্বিক মহামারি হিসেবে ঘোষণা করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও)।
- যুক্তরাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক সংস্থা দ্য ওয়ার্ল্ড জাস্টিস প্রজেক্টের (ডব্লিউজেপি) 'আইনের শাসন সূচক-২০২০' শীর্ষক প্রতিবেদন প্রকাশ। বৈশ্বিক আইনের শাসন সূচকে ১২৮টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১১৫তম।

- ▶ মাগুরার জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালত মাদক মামলায় নয় আসামিকে অভিনব দণ্ড দিয়েছেন। আসামিদের কারাদণ্ড দিলেও তাদের জেলে যেতে হবে না। দণ্ডকালীন চারটি মুক্তিযুদ্ধের বই পড়তে, দুইটি মুক্তিযুদ্ধভিত্তিক সিনেমা দেখতে এবং পাঁচটি গাছ লাগাতে হবে।
- ▶ ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে দণ্ডিত ১২১ শিশুর বিচার ও দণ্ড কার্যকর করা আইনগত কর্তৃত্ববহির্ভূত ঘোষণা করে রায় দেয় হাইকোর্ট। এই রায়ে হাইকোর্ট ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে দণ্ডিত শিশুদের সাজা বাতিল করে।
- ▶ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ১৭ মার্চ ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর অনুষ্ঠানে যোগ দেবেন। তিনি একটি ভিডিয়ো বার্তা পাঠাবেন। ভারতে সফররত বাংলাদেশের মিডিয়া প্রতিনিধিদের সঙ্গে সংবাদ সম্মেলনে ভারতের পররাষ্ট্র সচিব হর্ষবর্ধন শ্রিংলা এই তথ্য প্রকাশ করেন।
- ▶ ক্রিকেট ইতিহাসে প্রথমবার এক সিরিজের তিন ফরম্যাটেই প্রতিপক্ষের বিরুদ্ধে সিরিজ জয় বাংলাদেশের। টেস্ট স্ট্যাটাস-পরবর্তী সময়ে আন্তর্জাতিক ক্রিকেটে ২০ বছরের পথচলায় প্রথমবার এমন সাফল্য নিয়ে এসেছে বাংলাদেশ দল।

## ১২ মার্চ

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে দক্ষিণাঞ্চলের নির্মিত এক্সপ্রেসওয়ের উদ্‌বোধন করেন।
- ▶ করোনাভাইরাসের কারণে ২৬ মার্চ স্বাধীনতা দিবসের কুচকাওয়াজ ও সমাবেশ স্থগিত।
- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে মুজিববর্ষ-২০২০ উদ্‌যাপন উপলক্ষ্যে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কর্মসূচির আওতায় দেশব্যাপী পরিচ্ছন্নতা কার্যক্রম উদ্‌বোধন করেন।
- ▶ তীব্র সমালোচনার মুখে স্বাধীনতা পুরস্কারের জন্য মনোনীত কবি এস এম রইজ উদ্দিন আহম্মদের নাম পুরস্কারপ্রাপ্তদের তালিকা থেকে বাদ দেয়া হয়। বিষয়টি নিশ্চিত করেছেন জাতীয় পুরস্কার ও পদক সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভাপতি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক।



- ▶ মানহানির এক মামলায় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে সকালে স্থায়ী জামিন দিলেও দুপুরের পর ওই আদেশ প্রত্যাহার করেন হাইকোর্ট। রাষ্ট্রপক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে জামিন প্রশ্নে জারিকৃত রুলের ওপর পুনরায় শুনানির জন্য দিন ধার্য করেছে হাইকোর্ট।

## ১৩ মার্চ

- ▶ ইউরোপকে করোনা মহামারির কেন্দ্রস্থল হিসেবে ঘোষণা বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও)।
- ▶ কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর স্ত্রী সোফি গ্রেগয়ার ট্রুডো করোনাভাইরাসে আক্রান্ত। দেশটির প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে।
- ▶ পরিবেশ ও সাংবিধানিক আইন বিশেষজ্ঞ সাবেক বিচারক কাতেরিনা সাকেলারোপুলু গ্রিসের ইতিহাসে প্রথম নারী প্রেসিডেন্ট হিসেবে শপথগ্রহণ করেছেন।
- ▶ করোনার কারণে নেপাল পৃথিবীর সর্বোচ্চ পর্বতশৃঙ্গ মাউন্ট এভারেস্টে আরোহণ বন্ধ রাখার ঘোষণা দিয়েছে। দেশটির সরকার ১৪ মার্চ থেকে ৩০ এপ্রিল আরোহণ মৌসুম শেষ হওয়া পর্যন্ত সবার জন্য এভারেস্টে উঠার অনুমোদন বাতিল করেছে।

## ১৪ মার্চ

- ▶ ৩১ মার্চ পর্যন্ত ইউরোপ এবং যেসব এলাকায় করোনাভাইরাসের প্রকোপ অস্বাভাবিক বেশি, সেসব এলাকা থেকে বিমানে বাংলাদেশে আসা বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। যুক্তরাজ্য ছাড়া অন্য সব ইউরোপীয় দেশের ক্ষেত্রে এটি প্রযোজ্য। অন অ্যারাইভাল ভিসা বন্ধ থাকবে। ভারতের সঙ্গে যাতায়াতের ক্ষেত্রে সীমান্ত বন্ধ দুই সপ্তাহের জন্য। সরকারের উচ্চপর্যায়ের বৈঠক শেষে পররাষ্ট্রমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রী এই তথ্য প্রকাশ করেন।
- ▶ বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম সহনীয় রাখতে বাণিজ্য সচিবের নেতৃত্বে কমিটি গঠন।

▶ মাইক্রোসফটের পরিচালনা পর্ষদ থেকে পদত্যাগ করেছেন সংস্থার প্রতিষ্ঠাতা বিল গেটস। তবে মাইক্রোসফটের প্রযুক্তি উপদেষ্টা হিসেবে তিনি কাজ করবেন। মাইক্রোসফটের প্রধান নির্বাহী এই তথ্য প্রকাশ করেন।

▶ করোনা বিশ্বে মহামারি রূপ নেওয়ায় পরিস্থিতি সামাল দিতে যুক্তরাষ্ট্রে জরুরি অবস্থা ঘোষণা।

**১৫ মার্চ**

▶ সার্কভুক্ত দেশগুলোর প্রধানমন্ত্রীদের ভিডিয়ো কনফারেন্স অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রস্তাব : করোনাভাইরাস এবং এই ধরনের স্বাস্থ্য সমস্যা মোকাবিলায় সার্কভুক্ত দেশগুলোর জন্য একটি ইনস্টিটিউট স্থাপন করা হোক।

▶ মুজিববর্ষ উপলক্ষ্যে দেশের ১ কোটি ৪০ লাখ শিশুর কাছে চিঠি লিখেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

**১৬ মার্চ**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের ক্রীড়াঙ্গনের সাফল্যে বঙ্গবন্ধু পরিবারের অবদান নিয়ে মুজিববর্ষের স্মারকগ্রন্থ 'ক্রীড়ানুরাগী বঙ্গবন্ধু পরিবার'-এর মোড়ক উন্মোচন করেন ।

▶ করোনা সংক্রমণ প্রতিরোধে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান ৩১ মার্চ পর্যন্ত বন্ধ ঘোষণা।

▶ করোনাভাইরাসের প্রকোপের কারণে ঢাকায় ৩ থেকে ৫ এপ্রিল পর্যন্ত অনুষ্ঠেয় আন্তর্জাতিক পর্যটন মেলা বাতিল করেছে ট্যুর অপারেটরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (টোয়াব)।

▶ করোনাভাইরাস ছড়িয়ে পড়ার আশঙ্কায় ১৮ মার্চ থেকে ৩১ মার্চ পর্যন্ত সব পরীক্ষা স্থগিত করেছে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি)।

▶ মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত : বিদেশ থেকে এলেই বাধ্যতামূলকভাবে ১৪ দিনের কোয়ারেন্টাইনে থাকতে হবে।

▶ ওষুধের আন্তর্জাতিক মান পরীক্ষার যোগ্যতা অর্জন করল বাংলাদেশ।



▶ করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে দেশের সব ঘরোয়া খেলা ৩১ মার্চ পর্যন্ত এবং আন্তর্জাতিক খেলা ৩০ এপ্রিল পর্যন্ত স্থগিত করা হয়েছে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে ক্রীড়া ফেডারেশনগুলোর শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে সভা শেষে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল একথা জানান।

**১৭ মার্চ**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে মুজিববর্ষ উদ্‌যাপনের বছরব্যাপী অনুষ্ঠানমালার উদ্‌বোধন করেন। উদ্‌বোধনী অনুষ্ঠানে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, ভুটানের রাজা জিগমে খেসার নমগেয়েল ওয়াংচুক, নেপালের রাষ্ট্রপতি বিদ্যা দেবী ভান্ডারি, জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস এবং ওআইসির মহাসচিব ড. ইউসুফ আল ওথাইমিনসহ বেশ কয়েকজন বিদেশি রাষ্ট্র ও সরকারপ্রধান ভিডিয়ো বার্তা পাঠিয়ে শুভেচ্ছা বার্তা পাঠিয়েছেন।

▶ বিশ্বজুড়ে পালিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন পালিত হয়েছে। নানা আয়োজনের মধ্য দিয়ে তাঁকে স্মরণ করে বিভিন্ন দূতাবাস, ইউনেস্কোসহ বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠান।

▶ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে কলকাতায় উদ্‌বোধন করা হয়েছে বঙ্গবন্ধুর ম্যুরাল।

▶ করোনাভাইরাসজনিত উদ্ভূত পরিস্থিতিতে সংক্রমণের ঝুঁকি এড়াতে হাম-রুবেলা ক্যাম্পেইন স্থগিত।

▶ যুক্তরাষ্ট্রে সিয়াটলে বসবাসকারী দুই সন্তানের জননী জেনিফার হ্যালারের শরীরে প্রথম করোনাভাইরাসের ভ্যাকসিন প্রয়োগ করা হয়েছে। তবে ভ্যাকসিনটির কার্যকারিতা বুঝে উঠতে কয়েক মাস সময় লাগবে।

▶ করোনাভাইরাসের প্রাদুর্ভাবের কারণে ইউরো ২০২০ ফুটবলের আসর এক বছর পিছিয়ে দেওয়ার সিদ্ধান্ত।

**১৮ মার্চ**

▶ বাংলাদেশে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে প্রথম মৃত্যু হয়েছে ৭০ বছর বয়সি এক ব্যক্তির। আক্রান্ত ১৪ জন।

▶ দেশের গার্মেন্টস শিল্প মালিকদের সংগঠন বিজিএমইএ-এর হিসাব অনুযায়ী, বিশ্বজুড়ে করোনাভাইরাসের কারণে এখন পর্যন্ত ৬৯টি রপ্তানিকারক প্রতিষ্ঠানের ৯ কোটি ৩০ লাখ ডলার মূল্যের ক্রয়াদেশ বাতিল হয়েছে। স্থানীয় মুদ্রায় এর পরিমাণ প্রায় ৭৯০ কোটি টাকা।

▶ করোনাভাইরাস সংক্রান্ত বিষয়ে তাৎক্ষণিক ব্যবস্থা নিতে মন্ত্রিপরিষদ বিভাগ বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনারকে প্রধান এবং জেলা প্রশাসককে অন্তর্ভুক্ত করে ১২ সদস্যের কমিটির অনুমোদন দিয়ে আদেশ জারি করেছে।

▶ করোনাভাইরাস মোকাবেলার লক্ষ্যে কক্সবাজার ও পতেঙ্গা সৈকতে পর্যটকদের ভ্রমণে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই নিষেধাজ্ঞা অব্যাহত থাকবে।

▶ করোনাভাইরাস ছড়িয়ে পড়ার আশঙ্কায় নির্বাচন কমিশন সচিবালয় সারা দেশে স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণ কার্যক্রম, জাতীয় পরিচয়পত্র সংশোধন সংক্রান্ত অন্যসব সেবা এবং প্রবাসীদের ভোটার তালিকায় অন্তর্ভুক্তির কার্যক্রম ৩১ মার্চ পর্যন্ত বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে।

▶ করোনাভাইরাস সংক্রমণ ঠেকাতে চীন বাংলাদেশকে সহায়তার আশ্বাস দিয়েছে। এই তথ্য প্রকাশ করেছেন ঢাকাস্থ চীনা রাষ্ট্রদূত।

▶ চীনের স্বাস্থ্য বিভাগ জানিয়েছে, ইনফ্লুয়েঞ্জায় আক্রান্ত রোগীদের জন্য জাপানে তৈরি ওষুধ ফেডিপিরাডিন করোনাভাইরাসে আক্রান্ত রোগীর চিকিৎসায় কার্যকারিতার প্রমাণ পাওয়া গেছে। জাপানের গণমাধ্যমের বরাত দিয়ে ব্রিটিশ দৈনিক গার্ডিয়ানের প্রতিবেদনে এ তথ্য প্রকাশ করা হয়।

**১৯ মার্চ**

▶ একনেক সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নির্দেশনা দেন যে, দেশের উন্নয়নকাজ করোনাভাইরাসের দোহাই দিয়ে বন্ধ করা যাবে না। করোনাভাইরাস প্রতিরোধের পাশাপাশি উন্নয়নকাজও চলমান থাকবে।

▶ করোনাভাইরাস যাতে সারা দেশে ছড়িয়ে না পড়ে সে জন্য সাপ্তাহিক বন্ধের দিন সরকারি চাকরিজীবীদের গ্রামে যাওয়া নিষিদ্ধ করেছে সরকার। সচিব এবং বিভাগীয় কমিশনারদের সঙ্গে ভিডিয়ো কনফারেন্সে প্রধানমন্ত্রী শেখ হাসিনার এ নির্দেশনা দেন।



▶ করোনা পরিস্থিতির কারণে ২২ মার্চ থেকে পুঁজিবাজারের লেনদেনের সময় এক ঘণ্টা হ্রাস করা হয়েছে। পুঁজিবাজারে লেনদেন শুরু হবে সকাল ১০টা ৩০ মিনিটে। শেষ হবে দুপুর ১টা ৩০ মিনিটে।

▶ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনা : করোনা মোকাবিলায় বিদেশফেরত ব্যক্তিরা দেশে ফিরে বাধ্যতামূলক ১৪ দিনের কোয়ারেন্টাইন না মানলে সর্বোচ্চ ছয় মাসের জেল বা এক লাখ টাকা জরিমানা করা হবে।

▶ করোনার ক্ষতি পোষাতে ব্যবসায়ীদের জন্য বিশেষ সুবিধা ঘোষণা করেছে বাংলাদেশ ব্যাংক। জুন পর্যন্ত ঋণ পরিশোধে ছাড় পাবেন ব্যবসায়ীরা। একই সঙ্গে রপ্তানির অর্থ প্রত্যাবাসন এবং আমদানি পণ্য দেশে আনার সময়সীমা চার মাস থেকে বাড়িয়ে ছয় মাস করা হয়েছে। স্বল্পমেয়াদি সাপ্লায়ার্স ও বায়ার্স ক্রেডিট এবং রপ্তানি উন্নয়ন তহবিলের ঋণ পরিশোধের সময়সীমাও বৃদ্ধি করা হয়েছে।

▶ করোনাভাইরাসের বিস্তার রোধে ওয়াজ-মাহফিল, পূজা-পার্বণ, তীর্থযাত্রাসহ সব ধরনের ধর্মীয়, রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সমাবেশ বন্ধ রাখার নির্দেশনা।

▶ গণস্বাস্থ্য কেন্দ্র সহজ ও সুলভ মূল্যে করোনাভাইরাস শনাক্তে পরীক্ষার পদ্ধতি উদ্ভাবন করেছে । গণস্বাস্থ্য কেন্দ্রকে এ কিট তৈরির কাঁচামাল আমদানির অনুমোদন দিয়েছে ঔষধ প্রশাসন।

**২০ মার্চ**

▶ করোনাভাইরাসের বিস্তার রোধে ২০ থেকে ৩১ মার্চ ঢাকার মিরপুরে অবস্থিত জাতীয় চিড়িয়াখানা বন্ধ ঘোষণা।

▶ করোনা সংক্রমণ রোধে বিমানবন্দরসহ দেশে প্রবেশের সব পথেই বাইরে থেকে আসা যাত্রীদের হাতে অমোচনীয় কালিযুক্ত সিল দিয়ে চিহ্নিতকরণের সিদ্ধান্ত।

▶ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প করোনাভাইরাসের কারণে ক্যাম্প ডেভিডে অনুষ্ঠেয় শিল্পোন্নত দেশগুলোর জোট জি-৭ সম্মেলন বাতিল ঘোষণা করেছেন। (১৯ মার্চের ঘটনা)

▶ করোনার কারণে ১২ মে থেকে অনুষ্ঠেয় কান চলচ্চিত্র উৎসব স্থগিত।

- ▶ যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক রাজ্যের গভর্নর এন্ড্রু কুমোর নিউইয়র্ক অঙ্গরাজ্যে 'লকডাউন' ঘোষণা করেছেন। ঘোষণায় বলা হয়, মানুষের জীবনের জন্য পরিহার্য এমন ব্যবসা প্রতিষ্ঠান ছাড়া সব বন্ধ থাকবে।

## ২১ মার্চ

- ▶ দেশে করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা বাড়তে থাকায় স্বাধীনতা দিবসের অনুষ্ঠান বাতিল ঘোষণা করা হয়েছে। বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয়।
- ▶ নির্বাচন কমিশন করোনার কারণে দেশে সব ধরনের নির্বাচন স্থগিত ঘোষণা করেছে। এই ঘোষণার ফলে ২৯ মার্চ অনুষ্ঠেয় চট্টগ্রাম সিটি করপোরেশন (চসিক) নির্বাচন এবং জাতীয় সংসদের বগুড়া-১ ও যশোর-৬ আসনের উপনির্বাচন স্থগিত থাকবে।
- ▶ করোনাভাইরাসে সংক্রমণের ঝুঁকি কমাতে সরকার চারটি রুট বাদে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে চলাচলকারী সব আন্তর্জাতিক ফ্লাইট ৩১ মার্চ পর্যন্ত বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে।

## ২২ মার্চ

- ▶ করোনাভাইরাস ঠেকাতে সরকার দেশের সব স্থলবন্দর দিয়ে বিদেশি নাগরিকদের প্রবেশে নিষেধাজ্ঞা জারি করেছে।
- ▶ দেশের অধস্তন আদালতে জামিন, অস্থায়ী নিষেধাজ্ঞা ও জরুরি বিষয় ছাড়া অন্যান্য বিষয় যৌক্তিক সময়ের জন্য মুলতবি করার নির্দেশ দিয়ে প্রজ্ঞাপন জারি করেছে সুপ্রিমকোর্ট প্রশাসন।
- ▶ করোনার কারণে ২৫ থেকে ৩১ মার্চ দেশের সুপার মার্কেটসহ সব মার্কেট বন্ধ ঘোষণা। তবে দৈনন্দিন জীবনযাপনের প্রয়োজনীয় জিনিসপত্রের দোকান, মুদি দোকান, কাঁচাবাজার, ওষুধের দোকান ও সুপারশপ খোলা থাকবে। বাংলাদেশ দোকান মালিক সমিতি এই সিদ্ধান্ত নিয়েছে।
- ▶ করোনা প্রতিরোধে করোনাভাইরাস শনাক্তকরণ কিট, অ্যালকোহল, সার্জিক্যাল মাস্ক, সুরক্ষাসামগ্রীসহ ১২ ধরনের পণ্য আমদানিতে ৩০ জুন পর্যন্ত সম্পূর্ণ শুল্ককর অব্যাহতি সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।



- ▶ করোনা পরিস্থিতিতে দেশের বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের সর্বস্তরের সরকারি কর্মকর্তা-কর্মচারিকে সার্বক্ষণিক তাদের কর্মস্থলে উপস্থিত থাকার নির্দেশ দিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ।
- ▶ করোনার কারণে আসন্ন এইচএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়েছে। ১ এপ্রিল থেকে এই পরীক্ষা শুরু হওয়ার কথা ছিল।
- ▶ করোনা মোকাবিলায় ভারতজুড়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ডাকে 'জনতার কারফিউ' জারি করা হয়েছে।

## ২৩ মার্চ

- ▶ করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে জরুরি সেবা ছাড়া আগামী ২৬ মার্চ থেকে ৪ এপ্রিল পর্যন্ত সরকারি ও সাপ্তাহিক ছুটি বাদে পাঁচ দিন সাধারণ ছুটি ঘোষণা করেছে সরকার।
- ▶ করোনা পরিস্থিতি মোকাবিলায় মাঠপর্যায়ে প্রশাসনকে সহায়তা করতে ২৪ মার্চ থেকে সারা দেশের বিভাগীয় ও জেলা শহরগুলোয় সশস্ত্রবাহিনী নিয়োজিত হবে। এই তথ্য প্রকাশ করেন মন্ত্রিপরিষদ সচিব।
- ▶ রিজার্ভ চুরি নিয়ে যুক্তরাষ্ট্রের আদালতে (ইউএস ডিস্ট্রিক্ট কোর্ট ফর দ্য সাউদার্ন ডিস্ট্রিক্ট অব নিউইয়র্ক) বাংলাদেশ ব্যাংকের মামলা খারিজ।
- ▶ বাণিজ্য মন্ত্রণালয় করোনা পরিস্থিতিতে ব্যবসা-বাণিজ্যে সহযোগিতার জন্য 'নিয়ন্ত্রণ কক্ষ' চালু করেছে।

## ২৪ মার্চ

- ▶ সরকারের নির্বাহী আদেশের মাধ্যমে বয়স ও মানবিক বিবেচনায় শর্তসাপেক্ষে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে ছয় মাসের জন্য মুক্তি দেওয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। আইনমন্ত্রী আনিসুল হক এই তথ্য জানান। শর্ত অনুযায়ী তিনি ঢাকায় নিজ বাসায় থেকে চিকিৎসা গ্রহণ করবেন। দেশের বাইরে যেতে পারবেন না।
- ▶ করোনা পরিস্থিতির কারণে প্রাক-প্রাথমিক থেকে সব স্তরের শিক্ষাপ্রতিষ্ঠান ৯ এপ্রিল পর্যন্ত বন্ধ ঘোষণা করা হয়েছে। সচিবালয়ে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনির সভাপতিত্বে অনুষ্ঠিত শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের যৌথ সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়।

- করোনাভাইরাসের সংক্রমণরোধে ২৪ মার্চ থেকে সারা দেশে সব ধরনের গণপরিবহণ বন্ধ ঘোষণা করা হয়েছে। গণপরিবহণের মধ্যে রয়েছে রেল, সড়ক ও নৌচলাচল এবং অভ্যন্তরীণ রুটের ফ্লাইট।
- করোনার কারণে টোকিও অলিম্পিক ২০২০ সালের ২৪ জুলাইয়ের পরিবর্তে শুরু হবে ২০২১ সালের গ্রীষ্মে। আধুনিক অলিম্পিকের ১২৪ বছরের ইতিহাসে প্রথমবারের মতো নির্ধারিত সূচি অনুযায়ী না হয়ে পিছিয়ে গেল অলিম্পিক গেমস।

**২৫ মার্চ**

- সরকারের নির্বাহী আদেশে ছয় মাসের জন্য কারামুক্ত হয়ে নিজ বাসভবন গুলশানের ফিরোজায় ফিরেছেন খালেদা জিয়া।
- করোনার বিস্তার রোধে একটি সমন্বিত আঞ্চলিক উদ্যোগ গ্রহণের লক্ষ্যে সার্ক নেতাদের ভিডিয়ো সম্মেলন।

**২৬ মার্চ**

- করোনা পরিস্থিতির কারণে সীমিত পরিসরে মহান স্বাধীনতা দিবস উদ্‌যাপিত।
- অস্ট্রেলীয় নাগরিক ব্রেন্টন ট্যারেন্ট নিউজিল্যান্ডের ক্রাইস্টচার্চ শহরের দুই মসজিদে নির্বিচার গুলি চালিয়ে ৫১ জনকে খুনের দায় স্বীকার করেছে। ক্রাইস্টচার্চ হাইকোর্টে এক সংক্ষিপ্ত শুনানিতে ওই অভিযোগের দায় স্বীকার করে।
- জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস বলেছেন, বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া করোনাভাইরাসের কারণে সমগ্র মানবজাতিই হুমকির মুখে পড়েছে। ভাইরাসটি মোকাবিলায় বিশ্বের সব দেশের নেতাদের এক জোট হয়ে কাজ করার আহ্বান জানান তিনি।
- করোনাভাইরাস প্রাদুর্ভাবের প্রভাবে সৃষ্ট অর্থনৈতিক মন্দা ২০১৮ সালের মন্দার চেয়েও ভয়াবহ হতে পারে বলে সতর্কতা বিশ্ব বাণিজ্য সংস্থা ডব্লিউটিওর।



**২৭ মার্চ**

- বিকেএমইএ তাদের সদস্যভুক্ত সব কারখানায় সাধারণ ছুটি ঘোষণা করেছে। সরকারি সিদ্ধান্ত অনুসরণ করে ৪ এপ্রিল পর্যন্ত ছুটি বহাল থাকবে।
- ঢাকায় নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার করোনাভাইরাস প্রাদুর্ভাবের মধ্যেই ব্রিটিশ নাগরিকদের বাংলাদেশ ছাড়ার নির্দেশ দিয়েছেন।
- ব্রিটেনের প্রধানমন্ত্রী বরিস জনসন এবং স্বাস্থ্যমন্ত্রী ম্যাট হ্যানকক করোনাভাইরাসে আক্রান্ত।
- করোনা পরিস্থিতির কারণে ২০ এপ্রিল অনুষ্ঠেয় বাংলাদেশ ফুটবল ফেডারেশনের নির্বাচন স্থগিত।

**২৮ মার্চ**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা করোনা পরিস্থিতিতে বাংলাদেশ যুক্তরাজ্যের সঙ্গে একযোগে কাজ করতে প্রস্তুত আছে বলে ঘোষণা করেছেন। ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনের করোনা আক্রান্ত হওয়ায় তার দ্রুত আরোগ্য কামনা করে লেখা এক চিঠিতে প্রধানমন্ত্রী এই ঘোষণা দেন।
- মাঠপ্রশাসনকে দেশের নাগরিকদের সঙ্গে সম্মানজনক আচরণ করার নির্দেশনা প্রদান। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এই নির্দেশনাপত্র জেলা প্রশাসকদের কাছে প্রেরণ করা হয়েছে।
- করোনা মহামারি মোকাবিলায় জরুরি সহায়তা হিসেবে স্বাস্থ্য সুরক্ষা সরঞ্জাম কিনতে বাংলাদেশকে ৩ লাখ ডলার দেয়ার সিদ্ধান্ত নিয়েছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। এডিবি'র ঢাকা অফিস থেকে এই তথ্য প্রকাশ করা হয়েছে।

**২৯ মার্চ**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা করোনা মোকাবিলায় সরকারের পরামর্শ ও আহ্বানসংবলিত চারটি বার্তা জনগণের কাছে পৌঁছে দেয়ার আহ্বান জানান। প্রধান তথ্য কর্মকর্তা বার্তাগুলো প্রচারের জন্য গণমাধ্যমকে অনুরোধ জানান।

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের অনুদান ও চিকিৎসা সামগ্রী প্রদান অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

▶ সৌদি আরবের রাজধানী রিয়াদসহ একাধিক শহরে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র হামলা। দুই বেসামরিক ব্যক্তি আহত। করোনাভাইরাসের সংক্রমণ থামাতে পুরো দেশে তিন সপ্তাহের কারফিউর মধ্যে ওই ক্ষেপণাস্ত্র হামলা হয়েছে।

### ৩০ মার্চ

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা করোনার কারণে শহর ও গ্রামে যেসব কর্মজীবী মানুষ কর্মহীন হয়ে খাদ্য সমস্যায় আছেন, তাদের তালিকা তৈরি করে খাদ্য সহায়তা দেওয়ার নির্দেশ দিয়েছেন। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়েছে।

▶ করোনা ভীতিতে ঢাকা ছেড়ে গেছেন ৩৫৬ জন মার্কিন নাগরিক। তাদের মধ্যে ছিলেন কূটনীতিক, তাদের পরিবার ও সাধারণ নাগরিক। ঢাকাস্থ মার্কিন রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার তাদের বিদায় জানান।

### ৩১ মার্চ

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা করোনা পরিস্থিতি নিয়ে গণভবন থেকে দেশের আটটি বিভাগীয় কমিশনারের কার্যালয় এবং ৬৪ জেলা প্রশাসকের কার্যালয়ে মাঠ পর্যায়ের কর্মকর্তা ও স্থানীয় জনপ্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় করেন।

▶ দেশের সার্বিক আইনশৃঙ্খলা স্বাভাবিক রাখাসহ করোনা প্রতিরোধে সচেতনতা বাড়ানোর লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তরকে প্রয়োজনীয় দিকনির্দেশনা দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

## এপ্রিল

### ১ এপ্রিল

▶ করোনাভাইরাস মোকাবিলায় সরকারি-বেসরকারি অফিসে সাধারণ ছুটির মেয়াদ ৯ এপ্রিল পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।



▶ স্বাস্থ্যবিধি মেনে দেশের তৈরি পোশাক কারখানা চালু রাখা যাবে। বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত করোনাভাইরাস নিয়ে এক জরুরি বৈঠক শেষে এ সিদ্ধান্তের কথা জানান বাণিজ্যমন্ত্রী।

### ২ এপ্রিল

▶ দেশে করোনা পরিস্থিতিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৩১ দফা নির্দেশনা দিয়েছেন। চিকিৎসাসেবা গ্রহণ এবং সচেতনতা কার্যক্রম বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করার পাশাপাশি দেশের দরিদ্র জনগোষ্ঠীর প্রতি বিশেষ নজর দেওয়া এবং কেউ যেন সহায়তার বাইরে না থাকে সে ব্যাপারে তাগিদ দেন প্রধানমন্ত্রী।

▶ ঢাকা স্টক এক্সচেঞ্জ করোনা পরিস্থিতির কারণে ১১ এপ্রিল পর্যন্ত শেয়ারবাজারের সব কার্যক্রম বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে।

▶ পাকিস্তানের একটি আদালত ব্রিটিশ জঙ্গি আহমেদ ওমর সাঈদ শেখের মৃত্যুদণ্ড প্রত্যাহার করে সাত বছরের কারাদণ্ড প্রদান করেছে।

### ৩ এপ্রিল

▶ করোনা মহামারির প্রভাব মোকাবিলায় সদস্য বিশ্বব্যাংক দেশগুলোর জন্য আগামী ১৫ মাসে ১৬০ বিলিয়ন ডলার ঋণ বিতরণের কর্মসূচি ঘোষণা করেছে ।

▶ করোনা সংক্রমণ রুখতে লকডাউনের সময় ঘরে থেকে নিঃশব্দ লড়াই চালিয়ে যাওয়ার জন্য দেশবাসীকে ধন্যবাদ জানান ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তিনি ৫ এপ্রিল রাত ৯টায় ঘরের সব আলো বন্ধ করে ঘরের দরজা বা বারান্দায় দাঁড়িয়ে ৯ মিনিটের জন্য মোমবাতি, প্রদীপ, টর্চ বা মোবাইল ফোনের ফ্ল্যাশ লাইট জ্বালানোর অনুরোধ করেন।

### ৪ এপ্রিল

▶ বিজিএমইএ সভাপতি ড. রুবানা হক এক অডিয়ো বার্তায় করোনা পরিস্থিতিতে ১১ এপ্রিল পর্যন্ত কারখানা বন্ধ রাখার জন্য মালিকদের অনুরোধ জানান।

- করোনা পরিস্থিতিতে আদালতে ছুটি থাকায় জামিন ও অস্থায়ী নিষেধাজ্ঞা এবং স্থিতাবস্থার মেয়াদ বৃদ্ধি। প্রধান বিচারপতির নির্দেশক্রমে আদেশ জারি করেছে সুপ্রিমকোর্ট প্রশাসন।
- বিশ্বব্যাংক করোনা মোকাবিলায় বাংলাদেশের জন্য সহজ শর্তে ১০ কোটি ডলার বা সাড়ে ৮০০ কোটি টাকা ঋণ অনুমোদন করেছে। সংস্থাটির ঢাকা কার্যালয়ের বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।
- বেইজিং সময় সকাল ১০টায় চীনজুড়ে নীরবতা পালন করে চীনে মৃতদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। প্রেসিডেন্ট শি জিন পিংসহ শীর্ষ নেতারা জাতীয় পতাকার সামনে নীরবে দাঁড়িয়ে মৃতদের প্রতি রাষ্ট্রীয় শ্রদ্ধা জ্ঞাপন করেন।
- করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে সাধারণ মানুষ ও স্বাস্থ্যকর্মীদের মাস্ক পরার পরামর্শ দিলেও নিজে পরবেন না বলে ঘোষণা দেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

**৫ এপ্রিল**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা করোনাভাইরাসের প্রাদুর্ভাবের কারণে দেশের অর্থনীতির ওপর সম্ভাব্য প্রভাব এবং তা থেকে উত্তরণে নতুন চারটিসহ পাঁচটি প্যাকেজে ৭২ হাজার ৭৫০ কোটি টাকার আর্থিক প্রণোদনা ঘোষণা করেছেন।
- করোনা প্রতিরোধের লক্ষ্যে ঢাকা থেকে যাতে কোনো লোক বাইরে যেতে না পারে এবং ঢাকার বাইরে থেকে কোনো মানুষ যাতে ঢাকায় আসতে না পারে, সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পুলিশের সব ইউনিটকে বাংলাদেশ পুলিশের ইন্সপেক্টর জেনারেলের (আইজিপি) নির্দেশনা।
- করোনা সংক্রমণ রোধে চলমান সাধারণ ছুটি ১৪ এপ্রিল পর্যন্ত বাড়ানো হয়েছে। এতে ছুটির মেয়াদ দাঁড়ালো টানা ২১ দিন। এই ব্যাপারে প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়।

**৬ এপ্রিল**

- দীর্ঘদিন জেলখাটা ছোট অপরাধীদের মুক্তির বিষয়ে একটি নীতিমালা করার জন্য স্বরাষ্ট্রমন্ত্রীকে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গণভবনে মন্ত্রিসভার বৈঠকে অনানুষ্ঠানিক আলোচনায় প্রধানমন্ত্রী এই নির্দেশনা দেন



- করোনা বিস্তার রোধে সর্বসাধারণকে ইবাদত বা উপাসনা নিজ নিজ বাড়িতে পালনের নির্দেশনা দিয়েছে ধর্ম মন্ত্রণালয়।
- করোনাভাইরাসের সংক্রমণ বাড়তে থাকায় রাজধানীসহ সারা দেশের সব দোকান, সুপারশপ ও কাঁচাবাজার সন্ধ্যা ৭টার মধ্যে বন্ধের নির্দেশনা। সন্ধ্যার পর শুধু ওষুধের দোকান খোলা রাখা যাবে। এছাড়া রাজধানীর বিভিন্ন পাড়া-মহল্লার দোকানগুলো সকাল ৬টা থেকে দুপুর ২টা পর্যন্ত খোলা রাখা যাবে।
- মুক্তিযোদ্ধা, নারী আন্দোলনের নেত্রী, বাংলাদেশ মহিলা পরিষদ কেন্দ্রীয় কমিটির যুগ্ম-সাধারণ সম্পাদক রাখী দাশ পুরকায়স্থ ভারতের গৌহাটি অ্যাপোলো হাসপাতালে পরলোক গমন করেন।

**৭ এপ্রিল**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যার দায়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত পলাতক আসামি ক্যাপ্টেন (বরখাস্ত) আবদুল মাজেদকে পুলিশ মিরপুর থেকে গ্রেফতার করে কারাগারে প্রেরণ।
- ভারত হাইড্রোক্সিক্লোরোকুইনসহ ২৪টি ওষুধ তৈরির উপাদান ও ওষুধ রপ্তানির ওপর নিষেধাজ্ঞা প্রত্যাহার করেছে। এই তথ্য প্রকাশ করে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়।

**৮ এপ্রিল**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যা মামলার আসামি ক্যাপ্টেন (অব.) আবদুল মাজেদের মৃত্যুদণ্ড কার্যকরের প্রক্রিয়ার অংশ হিসেবে তার বিরুদ্ধে জারি মৃত্যু পরোয়ানা করেছে বিচারিক আদালত। জারিকৃত ওই পরোয়ানার পরিপ্রেক্ষিতে কারা কর্তৃপক্ষের মাধ্যমে তার প্রাণভিক্ষার আবেদন।
- পুলিশের আইজি হলেন র‌্যাবের মহাপরিচালক বেনজীর আহমেদ। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের পুলিশ-১ শাখা থেকে প্রজ্ঞাপন জারি।

একই প্রজ্ঞাপনে সিআইডির অতিরিক্ত মহাপরিদর্শক চৌধুরী আবদুল্লাহ আল-মামুনকে র‍্যাবের মহাপরিচালক (ডিজি) হিসেবে নিয়োগ প্রদান।

- ▶ ফতুল্লার কাশীপুর এলাকায় নিম্ন আয়ের কর্মহীন মানুষ খাদ্যসামগ্রী না পেয়ে লকডাউন ভেঙে ত্রাণের দাবিতে বিক্ষোভ করে।
- ▶ করোনার উৎপত্তিস্থল চীনের উহান শহর থেকে লকডাউন প্রত্যাহার। দুই মাস লকডাউনে থাকার পর প্রথমবারের মতো লোকজনকে শহর ছাড়ার অনুমতি দিয়েছে কর্তৃপক্ষ।

### ৯ এপ্রিল

- ▶ করোনা সংক্রমণ রোধে বাংলাদেশে চিকিৎসা সরঞ্জাম সরবরাহ করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা চীনের প্রেসিডেন্ট শি জিন পিংকে ধন্যবাদ জানিয়েছেন। চীনের প্রেসিডেন্টের উদ্দেশে প্রদত্ত এক চিঠিটিতে তিনি এই ধন্যবাদ জানান।
- ▶ ভাষাসৈনিক অধ্যাপক সুফিয়া আহমেদ ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন।
- ▶ ব্রিটিশ-বাংলাদেশি এমপি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নাতনি টিউলিপ সিদ্দিক ব্রিটেনের লেবার পার্টির শিশুবিষয়ক ছায়ামন্ত্রী হিসেবে নতুন দায়িত্ব নিলেন।

### ১০ এপ্রিল

- ▶ করোনা পরিস্থিতির কারণে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে সাধারণ ছুটির মেয়াদ সাপ্তাহিক ছুটিসহ ২৫ এপ্রিল পর্যন্ত বাড়িয়ে প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। প্রজ্ঞাপন অনুযায়ী, সারা দেশে সন্ধ্যা ৬টা থেকে পরদিন সকাল ৬টা পর্যন্ত বাইরে বের হওয়া যাবে না। বের হলেই আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।
- ▶ করোনাভাইরাসের কারণে সম্ভাব্য অর্থনৈতিক ক্ষতি কাটিয়ে ওঠার জন্য আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) কাছে জরুরি সহায়তা হিসেবে ৭০ কোটি ডলার চেয়েছে বাংলাদেশ।



### ১১ এপ্রিল

- ▶ কেরানীগঞ্জের ঢাকা কেন্দ্রীয় কারাগারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মস্বীকৃত খুনি ক্যাপ্টেন (বরখাস্ত) আবদুল মাজেদের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে।
- ▶ করোনা পরিস্থিতির কারণে ৩০ এপ্রিল পর্যন্ত অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক সব ফ্লাইট বাতিল করেছে বাংলাদেশ বিমান।
- ▶ করোনা পরিস্থিতি মোকাবিলায় আরো চার জেলায় লকডাউন ঘোষণা করা হয়েছে। জেলাগুলো হচ্ছে: সিলেট, গাজীপুর, ঠাকুরগাঁও ও ব্রাহ্মণবাড়িয়া।

### ১২ এপ্রিল

- ▶ করোনার প্রভাব কাটিয়ে ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী বাজেটে সাড়ে ৯ হাজার কোটি টাকা ভর্তুকি ঘোষণার পাশাপাশি কৃষি খাতের জন্য ৫ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছেন।
- ▶ বেসরকারি ব্যাংকগুলোর ঋণপ্রবাহ বাড়াতে ঋণ আমানত অনুপাত সীমা (এডিআর) ২ শতাংশ বাড়িয়েছে বাংলাদেশ ব্যাংক। প্রচলিত ধারার ব্যাংক ১০০ টাকা আমানতের বিপরীতে ৮৭ টাকা এবং ইসলামি ব্যাংকগুলো ৯২ টাকা পর্যন্ত ঋণ দিতে পারবে।

### ১৩ এপ্রিল

- ▶ করোনাভাইরাসের মহামারির কারণে বৃহত্তর জনস্বাস্থ্যের কথা বিবেচনা করে পহেলা বৈশাখের ঘরের বাইরের সব অনুষ্ঠানের ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।
- ▶ করোনা পরিস্থিতি মোকাবেলায় বাংলাদেশ ব্যাংক কৃষি ও প্রাণিসম্পদ খাতে মাত্র ৪ শতাংশ সুদে ঋণ বিতরণের জন্য ৫ হাজার কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল গঠন করেছে।

### ১৪ এপ্রিল

- ▶ চীন করোনাভাইরাসের দুটি টিকা পরীক্ষামূলকভাবে মানবদেহে প্রয়োগের অনুমতি দিয়েছে।

▶ অব্যবস্থাপনার অভিযোগ এনে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বিশ্ব স্বাস্থ্য সংস্থাকে (ডব্লিউএইচও) তহবিল দেওয়া বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছেন।

▶ করোনার কারণে ভারতে ৩ মে পর্যন্ত লকডাউনের মেয়াদ বাড়ানোয় আইপিএল দ্বিতীয় দফা পিছিয়েছে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত স্থগিত থাকবে ভারতের ফ্র্যাঞ্চাইজিভিত্তিক এই টি২০ টুর্নামেন্ট। ভারতীয় ক্রিকেট বোর্ডের (বিসিসিআই) শীর্ষ কর্মকর্তাদের বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয়েছে।

**১৫ এপ্রিল**

▶ পুলিশের নবনিযুক্ত মহাপরিদর্শক (আইজিপি) ড. বেনজীর আহমেদ দায়িত্ব গ্রহণ করেছেন। একইসঙ্গে দায়িত্ব নিয়েছেন র‍্যাবের নতুন মহাপরিচালক অতিরিক্ত আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল মামুন।

▶ করোনার কারণে সৃষ্ট সংকট মোকাবিলায় সরকার বরাদ্দ খাদ্যবান্ধব কর্মসূচির চাল বিতরণে অনিয়মের অভিযোগে স্থানীয় সরকার বিভাগ ৪ ইউপি চেয়ারম্যান ও ৫ সদস্যকে সাময়িক বরখাস্ত করেছে ।

▶ বাংলাদেশ মালদ্বীপে ১০০ টন খাদ্য ও ওষুধ সামগ্রী পাঠিয়েছে। এসব খাদ্য ও ওষুধ নিয়ে নৌবাহিনীর একটি জাহাজ মালদ্বীপের উদ্দেশে রওয়ানা হয়েছে।

**১৬ এপ্রিল**

▶ পুলিশের নবনিযুক্ত মহাপরিদর্শক (আইজিপি) ড. বেনজীর আহমেদ রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন।

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সে জানান, ৫০ লাখ চরম দরিদ্র মানুষ সরকারের রেশন কার্ড সুবিধার আওতায় প্রতি কেজি ১০ টাকায় চাল পাচ্ছেন। করোনা পরিস্থিতিতে সরকার আরও ৫০ লাখ লোককে এই সুবিধার আওতায় আনার সিদ্ধান্ত নিয়েছে।

▶ করোনা পরিস্থিতির অবনতি হওয়ায় স্বাস্থ্য অধিদপ্তর সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮ এর ১১(১) ধারার ক্ষমতাবলে সমগ্র বাংলাদেশকে সংক্রমণের ঝুঁকিপূর্ণ এলাকা ঘোষণা করেছে।



**১৭ এপ্রিল**

▶ সেনাবাহিনী বেসামরিক প্রশাসনের অনুরোধক্রমে বান্দরবান পার্বত্য জেলার বিভিন্ন দুর্গম এলাকায় ৩৬০টি ক্ষুদ্র নৃগোষ্ঠী পরিবারের জন্য সরকারি ত্রাণ পৌঁছে দিয়েছে। (১৬ এপ্রিলের ঘটনা)

▶ সাতবার জাতীয় চলচ্চিত্র পুরস্কার পাওয়া শিল্প নির্দেশক মহিউদ্দিন ফারুকের ইন্তেকাল।

▶ 'পিস অব দ্য হার্ট' নামের স্বেচ্ছাসেবী গায়কদলের আহ্বানে লকডাউনের কারণে ঘরবন্দি নিউইয়র্কবাসী শহরজুড়ে 'নিউইয়র্ক নিউইয়র্ক' শিরোনামের গান গেয়ে করোনাভাইরাসে আক্রান্ত রোগীদের সেবাদানরত স্বাস্থ্যকর্মীদের সম্মান জানান। তারা ১০ মিনিট ধরে নিজ নিজ জানালায় বা বারান্দায় দাঁড়িয়ে এই গান গেয়ে চলেন। (১৬ এপ্রিলের ঘটনা)

**১৮ এপ্রিল**

▶ সাংবিধানিক বাধ্যবাধকতার কারণে মহামারি করোনার অবনতিশীল পরিস্থিতিতে জাতীয় সংসদের সবচেয়ে স্বল্পকালীন অধিবেশন অনুষ্ঠিত।

▶ আইজিপি ড. বেনজীর আহমেদ করোনা মহামারিতে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং মানবিক পুলিশিংয়ের জন্য মাঠপর্যায়ের কর্মকর্তাদের ৩০ দফা নির্দেশনা দিয়েছেন।

▶ মহাকাশে টানা ২০৫ দিন কাটিয়ে আন্তর্জাতিক স্পেস স্টেশন থেকে এই করোনা আক্রান্ত পৃথিবীতে ফিরেছেন তিন নভোচারী আমেরিকার জেসিকা মেয়ার, অ্যান্ড্রু মরগ্যান এবং রাশিয়ার ওলেগ স্ক্রিপোচকা।

**১৯ এপ্রিল**

▶ লকডাউন না মেনে ঢাকা থেকে একটি ট্রেন সিলেট রেলওয়ে স্টেশনে আসার পর জেলা প্রশাসনের নেতৃত্বে রেলস্টেশনে অভিযান পরিচালনা। চার সদস্যের তদন্ত কমিটি গঠন। জেলা প্রশাসনের পক্ষ থেকে ২৪ জনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

▶ করোনা পরিস্থিতিতে ৩৩৩ নম্বরে ফোন করে ত্রাণ নিতে পারবেন সাধারণ মানুষ। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. মো. এনামুর রহমান জানান, প্রধানমন্ত্রীর নির্দেশে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সঙ্গে যৌথভাবে এই পদ্ধতিটি চালু করবে।

**২০ এপ্রিল**

▶ গণভবন থেকে ঢাকা এবং ময়মনসিংহ বিভাগের আট জেলার জনপ্রতিনিধি ও পদস্থ কর্মকর্তাদের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভিডিয়ো কনফারেন্স। প্রধানমন্ত্রী জানান, সরকার করোনা পরিস্থিতি মোকাবেলায় খাদ্য নিরাপত্তা ও কৃষকদের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত করতে চলতি মৌসুমে ২১ লাখ টন খাদ্যশস্য সংগ্রহের সিদ্ধান্ত নিয়েছে। এছাড়া ১ হাজার ১২৭ কোটি টাকার 'কোভিড-১৯ ইমার্জেন্সি রেসপন্স অ্যান্ড প্যানডেমিক প্রিপার্ডনেস' শীর্ষক প্রকল্প অনুমোদন দেয়া হয়েছে।

▶ করোনার কারণে বাংলাদেশ ব্যাংক ক্ষতিগ্রস্ত আমদানিকারকদের দেশের ভেতরে বৈদেশিক মুদ্রায় খোলা এলসির দেনা পরিশোধের নীতিমালা শিথিল করেছে। এই শিথিলতা ৩০ জুন পর্যন্ত বহাল থাকবে।

▶ করোনার কারণে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক এবং প্রান্তিক ও ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য তিন হাজার কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল গঠন করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের ফিন্যান্সিয়াল ইনক্লুশন বিভাগ থেকে এ সংক্রান্ত নীতিমালা সার্কুলার আকারে জারি।

**২১ এপ্রিল**

▶ ভারতের চেন্নাই ও তুরস্কে আটকেপড়া মোট ১৮৯ বাংলাদেশি দেশে ফেরত এসেছে। এর মধ্যে তুরস্ক থেকে ২০ জন ফিরেছেন তার্কিশ এয়ারের একটি বিমানে ও চেন্নাই থেকে ১৬৯ জন ফিরেছেন ইউএস বাংলার একটি ফ্লাইটে।

▶ বাংলাদেশে অবস্থানরত ২৬৯ জন ব্রিটিশ নাগরিক একটি বিশেষ ফ্লাইটে ঢাকা ত্যাগ করেছেন।

▶ করোনা প্রাদুর্ভাবে ব্রিটেনে চলমান লকডাউনের কারণে রানি দ্বিতীয় এলিজাবেথের ৯৪তম জন্মদিন অনানুষ্ঠানিকভাবে পালিত।

**২২ এপ্রিল**

▶ করোনার কারণে সৃষ্ট সংকট মোকাবিলায় সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে কর্মপন্থা নির্ধারণ ও স্বাস্থ্যকর্মীদের সক্ষমতা বাড়ানোর জন্য ইসলামি সহযোগিতা সংস্থা (ওআইসি)-এর নির্বাহী কমিটির পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বিশেষ বৈঠক ভিডিয়ো কনফারেন্সিংয়ের মাধ্যমে অনুষ্ঠিত। বৈঠকে বাংলাদেশ করোনা পরিস্থিতি মোকাবিলায় জরুরি তহবিল গঠনের প্রস্তাব করেছে।



▶ সাবেক মন্ত্রিপরিষদ সচিব ও পিএসসির সাবেক চেয়ারম্যান সা'দত হুসাইন (৭৩) ঢাকার একটি হাসপাতালে ইন্তেকাল করেন।

**২৩ এপ্রিল**

▶ করোনাভাইরাসের সংক্রমণ মোকাবিলায় সরকারি-বেসরকারি অফিসে সাধারণ ছুটির মেয়াদ ৫ মে পর্যন্ত বাড়ানোর সিদ্ধান্ত নেয়া হয়েছে। তবে জরুরি সেবার পাশাপাশি ১৮টি মন্ত্রণালয় ও বিভাগের কার্যক্রম ঢাকা ও সারা দেশে সীমিত পরিসরে চলবে।

▶ করোনা মোকাবিলায় চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী, পুলিশ, স্থানীয় প্রশাসনসহ যেসব সরকারি কর্মকর্তা-কর্মচারী জীবনের ঝুঁকি নিয়ে মাঠপর্যায়ে কাজ করছেন তাদের কেউ আক্রান্ত হলে গ্রেড ভেদে ৫ থেকে ১০ লাখ টাকা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। যদি সরকারি কোনো কর্মকর্তা করোনায় আক্রান্ত হয়ে মারা যান, তাহলে এর পাঁচগুণ আর্থিক সহায়তা দেওয়া হবে। এ সংক্রান্ত একটি পরিপত্র জারি করেছে অর্থ মন্ত্রণালয়।

**২৪ এপ্রিল**

▶ জরুরি সেবা সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগ এবং অধীনস্থ সংস্থাগুলো সাধারণ ছুটির সময়ে সীমিত পরিসরে খোলা থাকবে। জনপ্রশাসন সচিব এই তথ্য জানিয়েছেন।

▶ করোনা পরিস্থিতির কারণে সাধারণ ছুটি ৫ মে পর্যন্ত বর্ধিত করায় দেশব্যাপী চলমান গণপরিবহণ বন্ধের সিদ্ধান্তও আগামী ৫ মে পর্যন্ত বাড়িয়েছে সরকার।

▶ করোনাভাইরাস প্রতিরোধে যুক্তরাষ্ট্রে মানবদেহে করোনা প্রতিরোধী টিকা প্রয়োগ করা হয়েছে। দেশটির অভ্যন্তরীণ নিরাপত্তা বিভাগের বিজ্ঞান ও কারিগরি বিষয়ক উপদেষ্টা উইলিয়াম ব্রায়ান হোয়াইট হাউসে সংবাদ সম্মেলনে এ কথা ঘোষণা করেছেন। (২৩ এপ্রিলের ঘটনা)

**২৫ এপ্রিল**

▶ ধানমন্ডির গণস্বাস্থ্য নগর হাসপাতালে এক অনুষ্ঠানে গণস্বাস্থ্য কেন্দ্রের তৈরিকৃত করোনাভাইরাসের সংক্রমণ পরীক্ষার কিট অনুমোদনের জন্য যুক্তরাষ্ট্রভিত্তিক সংস্থা সিডিসি ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধির কাছে হস্তান্তর করা হয়। হস্তান্তর করেন গণস্বাস্থ্য কেন্দ্র ট্রাস্টের সভাপতি অধ্যাপক আলতাফুন্নেসা।

▶ পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন করোনা মোকাবিলায় কাজ করে যাওয়া স্বাস্থ্যকর্মীদের জন্য উৎসর্গীকৃত সংগীতে অংশ নিয়েছেন। এ সংগীতে অংশ নেওয়া জাতিসংঘের বর্তমান ও সাবেক ২৬ জন স্থায়ী রাষ্ট্রদূতের মধ্যে আবদুল মোমেনও রয়েছেন।

▶ টাঙ্গাইল-২ (ভূঞাপুর-গোপালপুর) আসনের সাবেক এমপি, বাংলাদেশ সরকারের প্রথম অর্থসচিব, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাবেক উপদেষ্টা ও মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক খন্দকার আসাদুজ্জামানের (৮৫) ইন্তেকাল করেছেন।

**২৬ এপ্রিল**

▶ বিশ্বের জনপ্রিয় ফোর্বস ম্যাগাজিনে করোনার বিরুদ্ধে লড়াইয়ে সফল নারী নেতৃত্বের তালিকায় স্থান করে নিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সেখানে বলা হয়, বাংলাদেশে করোনাভাইরাস সংক্রমণের শুরুতে শেখ হাসিনার নেতৃত্বে যে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, তা এখনো যুক্তরাজ্যও কার্যকর করতে পারেনি।

▶ মালিকপক্ষ সরকারী নির্দেশনা উপেক্ষা করে দেশের প্রায় সব শিল্পাঞ্চলেই কারখানা খুলে দিয়েছে।

▶ করোনা পরিস্থিতির কারণে সব আদালত বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে সুপ্রিমকোর্টের ফুলকোর্ট সভা। ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের সভাপতিত্বে ফুলকোর্ট সভা এই সিদ্ধান্ত নেয়। ৫ মে পর্যন্ত সব আদালতই বন্ধ থাকবে।

▶ করোনা সংক্রমণে আক্রান্তের সংখ্যা ক্রমশ বৃদ্ধি ও মৃত্যুকে উপেক্ষা করছে মার্কিন নাগরিকরা। লকডাউন উপেক্ষা করে ক্যালিফোর্নিয়ার সমুদ্রসৈকতে হাজার হাজার নাগরিকের ভিড়।



**২৭ এপ্রিল**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা করোনা পরিস্থিতি মোকাবিলা নিয়ে রাজশাহী বিভাগের আট জেলার সঙ্গে ভিডিয়ো কনফারেন্স করেন।

▶ লকডাউনের মধ্যে রোজার সময় ঢাকা মহানগরীতে দোকান খোলা রাখার সময় দুই ঘণ্টা বৃদ্ধি। পাশাপাশি হোটেল-রেস্তোরাঁয় ইফতারসামগ্রী বিক্রিরও অনুমতি দিয়েছে ঢাকা মহানগর পুলিশ ডিএমপির।

▶ চলমান করোনা পরিস্থিতিতে সরকারি ছুটির মধ্যেই এসএমএস, অনলাইন ও অন্যান্য মাধ্যমে এনআইডি সেবা পাওয়া যাবে। এই তথ্য প্রকাশ করেছেন জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের (এনআইডি) মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ সাইদুল ইসলাম।

**২৮ এপ্রিল**

▶ করোনার প্রভাবে এপ্রিল মাসে পোশাক খাতের লে-অফ বা বন্ধ থাকা কারখানার শ্রমিকরা মোট বেতনের ৬০ ভাগ পাবে। আর যেসব কারখানায় যে ক'দিন কাজ হয়েছে, সেসব কারখানার শ্রমিকরা ওই কর্মদিবনের পুরো অর্থ পাবেন। শ্রমভবনে শ্রম প্রতিমন্ত্রী মুন্নুজান সুফিয়ানের সভাপতিত্বে ত্রিপক্ষীয় সভায় মালিকরা এই প্রস্তাব দেন।

▶ করোনা পরিস্থিতি মোকাবিলায় কর্মহীন ও দুস্থদের জন্য তাৎক্ষণিক সহায়তা হিসেবে বিতরণের জন্য আরো ছয় কোটি ৩২ লাখ টাকা ও ৯ হাজার আটশ' টন চাল বরাদ্দ দিয়েছে সরকার।

▶ বিশিষ্ট প্রকৌশলী জাতীয় অধ্যাপক জামিলুর রেজা চৌধুরীর ইন্তেকাল।

**২৯ এপ্রিল**

▶ করোনা পরিস্থিতি মোকাবিলায় বাংলাদেশ-ভারত একসঙ্গে কাজ করার প্রতিশ্রুতি ব্যক্ত করা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ফোন করে এ অঙ্গীকার ব্যক্ত করেন।

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সুইডেনের প্রধানমন্ত্রী স্টিফেন লোফডেনের ফোনালাপ হয়। সুইডেনের প্রধানমন্ত্রী জানান, তার দেশ করোনা পরিস্থিতিতেও বাংলাদেশ থেকে তৈরি পোশাক আমদানি অব্যাহত রাখবে। তৈরি পোশাক সংক্রান্ত কোনো ক্রয়াদেশ বাতিল করবে না।

### ৩০ এপ্রিল

- বাংলাদেশ ব্যাংক করোনায় ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র, কুটির ও মাঝারি শিল্পের (সিএমএসএমই) উদ্যোক্তাদের দ্রুত ঋণ দিতে বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে নির্দেশ দিয়েছে। এ বিষয়ে কেন্দ্রীয় ব্যাংক থেকে সার্কুলার জারি করা হয়েছে।
- করোনা মোকাবিলায় বাংলাদেশকে প্রায় ৮৫০ কোটি টাকার ঋণ সহায়তা দেয়ার অনুমোদন দিয়েছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)।
- বলিউডের জনপ্রিয় প্রবীণ অভিনেতা, প্রযোজক ও পরিচালক ঋষি কাপুর (৬৭) মুম্বাইয়ের স্যার এইচএন রিলায়েন্স ফাউন্ডেশন হাসপাতালে পরলোকগমন করেছেন।

## মে

### ১ মে

- করোনা পরিস্থিতি: ব্রিটিশ এয়ারওয়েজের বিশেষ ফ্লাইটে বাংলাদেশ থেকে ফিরে গেলেন যুক্তরাজ্যের আরও ২২৪ নাগরিক। তাদের মধ্যে বাংলাদেশি বংশোদ্ভূত একজন ব্রিটিশও রয়েছেন। এ নিয়ে এ পর্যন্ত ১ হাজার ২১৪ জন যুক্তরাজ্যের নাগরিক ঢাকা ত্যাগ।
- রাশিয়া সরকার ক্রিকেটকে রাষ্ট্রীয় ক্রীড়া হিসেবে স্বীকৃতি দিয়েছে। দেশটি ২০১২ সালে আইসিসির সদস্যপদ লাভ করে।

### ২ মে

- আমার বাংলাদেশ পার্টি (এবি পার্টি) নামে জামায়াতে ইসলামী বাংলাদেশের সংস্কারপন্থী নতুন দল গঠন করা হয়েছে। রাজধানীর বিজয়নগরে সায়হাম স্কাই ভিউ টাওয়ারে সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে সংবাদ সম্মেলনে দলের ২২২ সদস্যের আহ্বায়ক কমিটি ঘোষণা করা হয়।
- করোনা পরিস্থিতি : স্পেন শর্তসাপেক্ষে বয়সভেদে নাগরিকদের ঘরের বাইরে বের হওয়ার অনুমতি দিয়েছে। পাশাপাশি কিছু কিছু ব্যবসা প্রতিষ্ঠান, রেস্তোরাঁ শর্তসাপেক্ষে খোলা রাখার অনুমতি দেয়া হয়েছে।



### ৩ মে

- আন্তর্জাতিক বিনিয়োগ বিরোধ নিষ্পত্তি আদালত ইন্টারন্যাশন্যাল সেন্টার ফর সেটেলমেন্ট অব ইনভেস্টমেন্ট ডিসপুটসের (ইকসিড) ট্রাইব্যুনালের রায়ে সুনামগঞ্জের ছাতক গ্যাসক্ষেত্রে বিস্ফোরণের জন্য বহুজাতিক কোম্পানি নাইকোকে দায়ী করা হয়েছে। অনলাইন সংবাদ সম্মেলনে ট্রাইব্যুনালের রায় সম্পর্কিত তথ্য প্রকাশ করে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়।
- ইউরোপীয় ইউনিয়নের নেতারা বিশ্বব্যাপী করোনা মোকাবিলায় আন্তর্জাতিক জোট গঠনে একমত হয়েছেন। এই জোটের মাধ্যমে তারা করোনা রোগের চিকিৎসা ও ভ্যাকসিন তৈরিতে আগ্রহী।
- করোনা পরিস্থিতির কারণে এপ্রিল ও মে মাসের সুদ স্থগিত করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপনে এই সংক্রান্ত নির্দেশনা জারি করা হয়েছে।

### ৪ মে

- করোনা পরিস্থিতি নিয়ে রংপুর বিভাগের আট জেলার কর্মকর্তাদের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভিডিয়ো কনফারেন্স অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী জানান, করোনার কারণে কর্মহীন জনগণকে ইদুলফিতরের আগেই নগদ আর্থিক সহায়তা দেয়া হবে।
- করোনা সংক্রমণ রোধে সাধারণ ছুটির মেয়াদ ১৬ মে পর্যন্ত বৃদ্ধি করে জনপ্রশাসন মন্ত্রণালয় প্রজ্ঞাপন জারি করেছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, ইদুলফিতরকে সামনে রেখে দোকানপাট-শপিংমল খোলা যাবে। তবে ইদের ছুটিতে সরকারি চাকরিজীবীরা কর্মস্থল ত্যাগ করতে পারবেন না। বন্ধ থাকবে গণপরিবহণ। আন্তজেলা যাত্রী পরিবহণও বন্ধ থাকবে।
- করোনার কারণে সরকারের সাধারণ ছুটির সময় যেসব কারখানা বন্ধ ছিল বা ওই সময় যেসব শ্রমিক কারখানায় কাজ করেননি, সে সব কারখানার শ্রমিকদের মজুরি আরও ৫ শতাংশ বাড়িয়ে ৬৫ শতাংশ করা হয়েছে। শ্রমভবনে শ্রম প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ানের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয়।
- করোনা পরিস্থিতির কারণে ইতিহাসে এই প্রথম যুক্তরাষ্ট্রের সুপ্রিমকোর্ট তাদের শুনানি সরাসরি সম্প্রচার করার সিদ্ধান্ত নিয়েছে। করোনার মধ্যে

বিচারকরা বাড়ি থেকেই শুনানিতে অংশ নেবেন এবং রেডিয়ো ও টেলিভিশনে তা সরাসরি সম্প্রচারিত হবে ।

**৫ মে**

▶ করোনা পরিস্থিতির কারণে সরকার স্কুল, কলেজ ও মাদ্রাসাসহ সব শিক্ষাপ্রতিষ্ঠান ৩০ মে পর্যন্ত বন্ধ ঘোষণা করেছে।

▶ কাশ্মীরের তিন ফটোসাংবাদিক সাংবাদিকতায় নোবেল পুরস্কার খ্যাত পুলিৎজার পুরস্কার পেয়েছেন। পুরস্কারপ্রাপ্তরা হলেনঃ দার ইয়াসিন, মুখতার খান ও চেন্নাই আনন্দ। ২০১৯ সালের আগস্টে অস্থির জম্মু ও কাশ্মীরি জীবনের আকর্ষণীয় ছবি তুলে এ পুরস্কার জিতে নেন তারা।

**৬ মে**

▶ কারোনা পরিস্থিতির কারণে স্বাস্থ্যবিধি মেনে চলাসহ ১২টি শর্তে ৭ মে জোহর থেকে দেশের সব মসজিদে সুস্থ মুসল্লিদের জন্য পাঁচ ওয়াক্ত এবং তারাবির নামাজ জামাতে আদায় করার অনুমতি দিয়েছে সরকার। ধর্ম মন্ত্রণালয়ের উপসচিব সাখাওয়াত হোসেন স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এই তথ্য প্রকাশ করা হয়েছে।

▶ করোনাভাইরাস সংক্রমণ রোধে ১৬ মে পর্যন্ত সুপ্রিমকোর্টসহ দেশের সব আদালতে সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের আদেশ অনুযায়ী সুপ্রিমকোর্টের রেজিস্ট্রার জেনারেল এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করেছেন।

**৭ মে**

▶ করোনার কারণে ভিডিয়ো কনফারেন্সিংসহ অন্যান্য ডিজিটাল মাধ্যম ব্যবহার করে বিচারকাজ করা যাবে। এমন সুযোগ রেখে মন্ত্রিসভা 'আদালত কর্তৃক তথ্যপ্রযুক্তি ব্যবহার অধ্যাদেশ, ২০২০'-এর খসড়া নীতিগত অনুমোদন করেছে।

▶ সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারের ক্ষেত্রে সরকারি কর্মকর্তা-কর্মচারিরা কী করতে পারবেন, কী পারবেন না-সে সম্পর্কে সরকার কঠোর নির্দেশনা জারি করেছে। জনপ্রশাসন মন্ত্রণালয় এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করেছে।



▶ এশীয় উন্নয়ন ব্যাংক করোনা পরিস্থিতি মোকাবিলায় বাংলাদেশের জন্য আরও ৫০ কোটি ডলার (৪ হাজার ২৫০ কোটি টাকা) ঋণ অনুমোদন করেছে।

**৮ মে**

▶ করোনা পরিস্থিতির কারণে মার্কেট কর্তৃপক্ষ ও দোকান মালিকরা ইদের আগে বড়ো মার্কেট না খোলার সিদ্ধান্ত নিয়েছে। ঢাকার বসুন্ধরা, যমুনা, নিউমার্কেট, গাউছিয়া, চন্দ্রিমা, মৌচাক আনারকলি, বায়তুল মোকাররম, রাজলক্ষ্মী মার্কেট বন্ধ থাকবে। বন্ধ থাকবে গুলিস্তান ফুলবাড়িয়ার সব পাইকারি মার্কেট। চট্টগ্রাম, খুলনা, বরিশাল, ফরিদপুর ও সিলেটেও বড়ো মার্কেট বন্ধ থাকবে। সারা দেশে স্বর্ণের দোকান বন্ধ।

**৯ মে**

▶ ঢাকা-ব্যাংকক-ঢাকা রুটে প্রথম কার্গো ফ্লাইট পরিচালনা শুরু করেছে ইউএস-বাংলা এয়ারলাইন্স।

▶ করোনাভাইরাস সংক্রমণ পরিস্থিতিতে সব দেশের নাগরিকদের জন্য বাংলাদেশে অন-অ্যারাইভাল ভিসা স্থগিতের মেয়াদ বাড়ানো হয়েছে। ১৬ মে পর্যন্ত অন-অ্যারাইভাল ভিসা স্থগিত রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

▶ ঢাকার কুর্মিটোলা জেনারেল হাসপাতালে করোনা আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন খাদ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব গৌতম আইচ সরকার।

▶ করোনাভাইরাস সংক্রমণ বৃদ্ধির প্রেক্ষাপটে দেশে ফিরে গেলেন আরও ২২০ জন অস্ট্রেলিয়ান নাগরিক ও তাদের পরিবারের সদস্যরা। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে শ্রীলঙ্কান এয়ারলাইন্সের একটি বিশেষ বিমানে তারা ঢাকা ছাড়েন।

**১০ মে**

▶ ঢাকায় কর্মরত সাত পশ্চিমা দেশের রাষ্ট্রদূত ও মিশনপ্রধানদের নিজ নিজ অ্যাকাউন্ট থেকে বাংলাদেশ প্রসঙ্গে শিষ্টাচারবহির্ভূত টুইট করায় পররাষ্ট্রমন্ত্রী এ কে আবদুল মোমেন অসন্তোষ প্রকাশ করেন। তিনি রাষ্ট্রদূতদের কূটনৈতিক শিষ্টাচার মেনে দায়িত্ব পালনের পরামর্শ দেন।

▶ সরকারি সিদ্ধান্ত মেনে দেড় মাস পর রাজধানীতে বিক্ষিপ্তভাবে দোকানপাট খোলা শুরু।

**১১ মে**

▶ আইনজীবীদের অনলাইনে আবেদনের মধ্য দিয়ে ভার্চুয়াল আদালত চালু। দেশের উচ্চ আদালতেও শুরু হলো অনলাইনে বিচার কার্যক্রম।

▶ পণ্যের মান নিয়ন্ত্রণকারী সংস্থা বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) ড্যানিশ, সুরেশ, প্রমি, পূবালী সল্টসহ ৪৩ ব্র্যান্ডের পণ্য নিষিদ্ধ ঘোষণা করেছে।

▶ উপমহাদেশের প্রথম টেনিস তারকা হিসেবে সানিয়া মির্জা ফেডকাপের 'হার্ট অ্যাওয়ার্ড' জিতেছেন। তিনি পুরস্কারের প্রাপ্ত অর্থ করোনা ত্রাণ তহবিলে দান করার ঘোষণা দেন।

**১২ মে**

▶ স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয় দেশের সব হাসপাতালে করোনা চিকিৎসার পাশাপাশি নন-কোভিড রোগীদেরও চিকিৎসা দেওয়ার নির্দেশনা দিয়েছে। নির্দেশনায় বলা হয়েছে, অমান্যকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রচলিত বিধান অনুসারে লাইসেন্স বাতিলসহ প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

▶ বাংলাদেশ চাইল্ড হেলথ রিসার্চ ফাউন্ডেশনের চেয়ারম্যান ড. সমীর সাহার নেতৃত্বে একদল গবেষক বাংলাদেশে প্রথম করোনাভাইরাসের জিনোম সিকোয়েন্স উন্মোচন করেছেন। ঢাকা শিশু হাসপাতালের পরিচালক এ সাফল্যের তথ্য প্রকাশ করেছেন।

▶ হাইকোর্ট চট্টগ্রামের হালদা নদীতে ডলফিন রক্ষায় পদক্ষেপ নেয়ার নির্দেশ দিয়েছে।

▶ নিউইয়র্কের টাইমস স্কয়ারে 'ট্রাম্প ডেথ ক্লক' নামের একটি ব্যতিক্রমী বিলবোর্ড বসানো হয়েছে। ওই বিলবোর্ডে লেখা হয়েছে করোনাভাইরাসের সংক্রমণে মৃত মানুষের সংখ্যা।



**১৩ মে**

▶ করোনাভাইরাস মোকাবিলায় এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) বাংলাদেশকে ৮৬০ কোটি টাকা ঋণ দেবে। ঢাকায় বাংলাদেশ সরকার ও এডিবির মধ্যে চুক্তি স্বাক্ষর হয়েছে।

▶ সংযুক্ত আরব আমিরাতে অবস্থানকারী বাংলাদেশী নাগরিকরা ভিসা ট্রান্সফার করতে পারবেন। যারা ভিজিট ভিসায় আমিরাতে অবস্থান করছেন তারা চাকরির ভিসাও নিতে পারবেন। সংযুক্ত আরব আমিরাতের বাংলাদেশ দূতাবাস থেকে এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

**১৪ মে**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে করোনাভাইরাসে ক্ষতিগ্রস্ত ৫০ লাখ পরিবারকে মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে সরাসরি নগদ অর্থ সহায়তা প্রদান কর্মসূচি উদ্‌বোধন করেন।

▶ করোনাভাইরাস সংক্রমণ রোধে সাধারণ ছুটি আরো ১৪ দিন বাড়ানো হয়েছে। ৩০ মে পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে সপ্তম দফায় ছুটি বাড়িয়ে আদেশ জারি করা হয়।

▶ বিশিষ্ট শিক্ষাবিদ ও জাতীয় অধ্যাপক আনিসুজ্জামান (৮৩) সম্মিলিত সামরিক হাসপাতালে ইন্তেকাল করেছেন।

**১৫ মে**

▶ যুক্তরাষ্ট্রের মিশিগান অঙ্গরাজ্যে লকডাউনের বিরুদ্ধে সশস্ত্র বিক্ষোভ হয়েছে। বৃষ্টি এবং বজ্রপাতের মধ্যে রাজ্যের রাজধানী ল্যান্সিংয়ে ক্যাপিটল ভবনের সামনে অনেকেই রেইনকোট শরীরে জড়িয়ে বিক্ষোভে অংশ নেন। সঙ্গে আনেন নিজেদের লাইসেন্স করা অস্ত্র। (১৪ মের ঘটনা)

▶ উইঘুরসহ অন্য মুসলিমদের ওপর দমনপীড়ন ও নির্যাতনের অভিযোগে চীনের বিরুদ্ধে নিষেধাজ্ঞার সিদ্ধান্ত বাস্তবায়ন করার জন্য মার্কিন সিনেটে বিল পাস। (১৪ মের ঘটনা)

**১৬ মে**

▶ সুরকার, সংগীতপরিচালক ও কণ্ঠশিল্পী আজাদ রহমান হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন।

▶ করোনাভাইরাসের সংক্রমণের সংখ্যায় চীনকে ছাড়িয়েছে ভারত। ভারতের কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, এ পর্যন্ত ৮৫ হাজার ৯৪০ জনের শরীরে করোনার উপস্থিতি শনাক্ত হয়েছে। অন্যদিকে চীনের মূল ভূখণ্ডে করোনাভাইরাসের সংক্রমণের সংখ্যা ৮২ হাজার ৯৪১ জন।

▶ যুক্তরাষ্ট্রের বায়োটেক ফার্ম সোরেন্টো ঘোষণা করেছে যে, সুস্থ মানুষের শরীরে করোনা শতভাগ প্রতিহত করে এমন অ্যান্টিবডি আবিষ্কার করেছে। ক্যালিফোর্নিয়াভিত্তিক প্রতিষ্ঠানটির দাবি, চারদিনেই শতভাগ কাজ করবে তাদের আবিষ্কৃত এসটিআই-১৪৯৯ নামের অ্যান্টিবডি।

**১৭ মে**

▶ করোনাভাইরাস মহামারির কারণে যুক্তরাষ্ট্রে আটকেপড়া ২৪২ জন বাংলাদেশিকে কাতার এয়ারলাইন্সের একটি বিশেষ ফ্লাইটে দেশে ফিরিয়ে আনা হয়েছে।

▶ ঢাকায় বসুন্ধরায় ইন্টারন্যাশনাল কনভেনশন সিটিতে ২ হাজার ১৩ শয্যার 'বসুন্ধরা কোভিড-১৯ আইসোলেশন হাসপাতাল' নির্মিত হয়েছে। এটি দেশে করোনা মোকাবিলার সর্ববৃহৎ অস্থায়ী হাসপাতাল।

**১৮ মে**

▶ দুর্নীতির বিরুদ্ধে অবস্থানের ঘোষণা দিয়ে নতুন মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস প্রথম দিনেই ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) দুই শীর্ষ কর্মকর্তাকে চাকরিচ্যুত করেছেন।

▶ করোনা সংক্রমণ ঝুঁকি বেড়ে যাওয়ার আশঙ্কায় দক্ষিণবঙ্গমুখী অব্যাহত জনস্রোত ঠেকাতে শিমুলিয়া-কাঁঠালবাড়ি নৌরুটে ফেরি চলাচল বন্ধ ঘোষণা করেছে বিআইডব্লিউটিসি কর্তৃপক্ষ। পণ্যবাহী ট্রাকও পারাপার না করার সিদ্ধান্ত।

**১৯ মে**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবন থেকে জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর ভার্চুয়াল সভা অনুষ্ঠিত। সভায় ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) অনুমোদন করা হয়।



▶ তথ্য মন্ত্রী ড. হাছান মাহমুদের সভাপতিত্বে সচিবালয়ে সাংবাদিক কল্যাণ ট্রাস্টের ১৬তম সভায় সিদ্ধান্ত : করোনা সংকটে পড়া সাংবাদিকদের বিশেষ সহায়তা প্রদান করা হবে।

**২০ মে**

▶ সুপার সাইক্লোন আম্পান প্রবল গতিতে ভারতের পশ্চিমবঙ্গের উপকূলে আঘাত হেনেছে। আম্পানের অগ্রভাগ আঘাত হেনেছে সুন্দরবনসংলগ্ন এলাকায়। খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, পিরোজপুর, বরগুনাসহ উপকূলীয় জেলা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহ ১০ নম্বর মহাবিপৎসংকেতের আওতায়।

▶ চীন করোনা মোকাবিলায় বাংলাদেশকে সহায়তা প্রদানের জন্য বিশেষজ্ঞ দল পাঠানোর প্রস্তাব দিয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফোন করে এ প্রস্তাব দেন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং।

**২১ মে**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘূর্ণিঝড় আম্পানে ক্ষতিগ্রস্তদের ঘর নির্মাণ, অর্থ ও ত্রাণ সহায়তা দিতে সংশ্লিষ্ট সবাইকে নির্দেশ দিয়েছেন।

▶ করোনা চিকিৎসার জন্য বেক্সিমকো ফার্মার তৈরি ওষুধ রেমডেসিভি ব্যবহারের অনুমোদন দিয়েছে ওষুধ প্রশাসন অধিদপ্তর। স্বাস্থ্য অধিদপ্তরের কাছে বেক্সিমকো ফার্মা এক হাজার ডোজের প্রথম চালান হস্তান্তর করেছে।

**২২ মে**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে ফোন করে সুপার সাইক্লোন আম্পানে ক্ষয়ক্ষতির বিষয়ে খোঁজ খবর নিয়েছেন।

▶ পাকিস্তান ইন্টারন্যাশানাল এয়ারলাইন্সের (পিআইএ) একটি যাত্রীবাহী বিমান এ-৩২০ লাহোর থেকে করাচি যাওয়ার পথে বিমানবন্দরের দুই মাইল উত্তর-পূর্বে করাচির মডেল কলোনি নামে একটি আবাসিক এলাকায় বিধ্বস্ত হয়েছে। বিমানটির ৯১ যাত্রী ও আট ক্রুর মধ্যে অন্তত ৬০ জন নিহত হয়েছেন।

**২৩ মে**

- ▶ সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ও এপেক্স গ্রুপের চেয়ারম্যান সৈয়দ মঞ্জুর এলাহী এবং তার স্ত্রী অধ্যক্ষ নিলুফার মঞ্জুর করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন।
- ▶ তালেবানরা পবিত্র ইদুলফিতর উপলক্ষ্যে আফগান সরকারের সঙ্গে তিনদিনের যুদ্ধবিরতি ঘোষণা করেছে।
- ▶ গাজীপুরে ইদের বোনাসের দাবিতে শ্রমিকদের অবরোধ ও অগ্নিসংযোগ।
- ▶ করোনা সংক্রমণ এড়াতে ইদের জামাত শুধু মসজিদে অনুষ্ঠিত হবে। কোলাকুলি ও হাত মেলানো যাবে না। এ সংক্রান্ত নির্দেশনা জারি।

**২৪ মে**

- ▶ রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বঙ্গভবন থেকে এক ভিডিয়ো বার্তায় বলেন, নিজে ভালো থাকেন। অন্যকে ভালো রাখেন। এটাই হোক এবারের ইদে সকলের প্রতি অঙ্গীকার।
- ▶ ইদুলফিতর উপলক্ষ্যে জাতির উদ্দেশে ভাষণ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ▶ করোনাভাইরাস সংক্রমণ মোকাবিলায় অস্ট্রিয়ায় দেয়া বিধিনিষেধ লংঘন করার পর দুঃখ প্রকাশ করেন দেশটির প্রেসিডেন্ট আলেক্সান্ডার ভ্যান ডের বেলেন।
- ▶ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য ও সাবেক এমপি হাজী মকবুল হোসেন ইন্তেকাল করেন।

**২৫ মে**

- ▶ বাংলাদেশ থেকে যুক্তরাষ্ট্রে পিপিই রফতানি উপলক্ষ্যে ঢাকার শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে অনুষ্ঠানের আয়োজন করা হয়। বেক্সিমকো যুক্তরাষ্ট্রের ব্রান্ড হেইনসের কাছে ৬৫ লাখ পিস পিপিই গাউনের একটি চালান পাঠানো হয়।
- ▶ করোনায় আক্রান্ত হয়ে ঢাকার সানবিমস স্কুলের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ নিলুফার মঞ্জুর ইন্তেকাল করেছেন। জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ফজলে রাব্বী মিয়ার স্ত্রী আনোয়ারা বেগম ইন্তেকাল করেছেন।



**২৬ মে**

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা শ্রীলংকার প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপাকসেকে টেলিফোন করে তার রাজনৈতিক জীবনের ৫০ বছর পূর্তিতে অভিনন্দন জানিয়েছেন।
- ▶ চীনের সামরিক বাহিনীকে সবচেয়ে খারাপ পরিস্থিতি মোকাবেলার জন্য প্রস্তুত হওয়ার নির্দেশ দিয়েছেন প্রেসিডেন্ট শি জিনপিং। বেইজিংয়ে পিপলস লিবারেশন আর্মি (পিএলএ) ও পিপলস আর্মড পুলিশ ফোর্সেসের সব স্তরের প্রতিনিধিদের সঙ্গে এক বৈঠকে তিনি এ নির্দেশ দেন।

**২৭ মে**

- ▶ টুইটার প্রথমবারের মতো যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের একটি পোস্টে 'ফ্যাক্ট-চেক' লেবেল লাগিয়ে দিয়েছে। পোস্ট করা এই টুইটে প্রেসিডেন্ট ট্রাম্প লেখেন, 'কোনো উপায় নেই (শূন্য!)। মেইল-ইন ব্যালটগুলো ব্যাপক জালিয়াতির চেয়ে কম কিছু হবে না।'

**২৮ মে**

- ▶ করোনাভাইরাস সংক্রমণ রোধে চলমান সাধারণ ছুটি ৩০ মে শেষ হবে। ৩১ মে থেকে ১৫ জুন পর্যন্ত সীমিতভাবে খুলছে সরকারি-বেসরকারি অফিস। একই সঙ্গে সীমিত পরিসরে স্বাস্থ্যবিধি মেনে গণপরিবহণও (বাস, লঞ্চ ও ট্রেন) চালু হবে ওইদিন থেকে। নিজস্ব ব্যবস্থাপনায় বিমান চলাচলের বিষয়ে বিমান কর্তৃপক্ষ বিবেচনা করবে। তবে শিক্ষাপ্রতিষ্ঠান আপাতত বন্ধই থাকছে। এই সময়ে অফিস, গণপরিবহণসহ অর্থনৈতিক কর্মকাণ্ড কীভাবে পরিচালিত হবে সে ব্যাপারে ১৫টি নির্দেশনা দিয়ে আদেশ জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ।
- ▶ ওয়ার্ল্ডোমিটারের দেওয়া পরিসংখ্যানে বিশ্বে করোনায় আক্রান্তের সংখ্যায় বাংলাদেশের অবস্থান এখন ২২তম। দক্ষিণ এশিয়ায় সংক্রমণ শনাক্তের দিক থেকে ভারত ও পাকিস্তানের পরই বাংলাদেশের অবস্থান।
- ▶ লিবিয়ায় মানব পাচারকারী মিলিশিয়া চক্রের এক সদস্যের হত্যার ঘটনার জের ধরে তার পরিবারের এক সদস্য ২৬ বাংলাদেশিসহ ৩০ জনকে গুলি করে হত্যা করেছে। গুলিতে আহত হন আরও ১১ বাংলাদেশি।

**২৯ মে**

- বাংলাদেশ বিমানের একটি চার্টার্ড ফ্লাইট বাংলাদেশ সেনাবাহিনী ও বিমানবাহিনীর ১৭৯ জন শান্তিরক্ষীকে নিয়ে মধ্য আফ্রিকার দেশ সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিকের রাজধানী বাঙ্গুইয়ের উদ্দেশে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করে। বাংলাদেশি শান্তিরক্ষীরা সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিকে নিযুক্ত জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমের মিনুসকা মিশনে যোগ দেবেন।
- আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে টেলিফোন করে শুভেচ্ছা জানান জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও জাতিসংঘ শান্তিরক্ষী দিবস পালিত হয়। দিবসটির এবারের প্রতিপাদ্য: শান্তিরক্ষায় নারী আমাদের কার্যক্রমগুলোয় তাদের কেন্দ্রীয় ভূমিকা তুলে ধরে।
- একদিনে সর্বোচ্চ করোনা রোগী শনাক্ত হলো বিশ্বে। ২৪ ঘণ্টায় বিশ্বে ১ লাখ ১৬ হাজার ৩০৪ জনের শরীরে করোনাভাইরাসের উপস্থিতি মিলেছে। এ নিয়ে মোট আক্রান্তের সংখ্যা ছাড়িয়েছে ৫৯ লাখ।

**৩০ মে**

- দেশে করোনাভাইরাস প্রতিরোধে গঠিত জাতীয় কারিগরি উপদেষ্টা কমিটির বৈঠক অনুষ্ঠিত। বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা করোনাভাইরাসের বিস্তার রোধে আরও বেশি স্থানীয় জনপ্রতিনিধিকে সম্পৃক্ত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান।
- ১৮ জন বিচারপতি হাইকোর্ট বিভাগে স্থায়ী বিচারপতি হিসেবে শপথ গ্রহণ করেন। প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন তাদের শপথ পাঠ করান।
- যুক্তরাষ্ট্র বিশ্ব স্বাস্থ্য সংস্থার সঙ্গে সব রকমের সম্পর্ক ছিন্ন করেছে। হোয়াইট হাউসে এক সংবাদ সম্মেলনে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সম্পর্ক ছিন্নের ঘোষণা দেন। (২৯ মের ঘটনা)



**৩১ মে**

- এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। এবারের ফলাফলে পাসের হার ৮২.৮৭ এবং জিপিএ ৫ পেয়েছে ১ লাখ ৩৫ হাজার ৮৯৮ জন শিক্ষার্থী।
- করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকির কারণে ৬৬ দিন সাধারণ ছুটির পর সরকারি অফিস-আদালত খুলেছে।
- করোনা পরিস্থিতির কারণে বাস ও মিনিবাসে আসন সংখ্যার অর্ধেক যাত্রী বহন করার শর্তে বাস-মিনিবাসের ভাড়া ৬০ শতাংশ বৃদ্ধি করা হয়েছে। সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয় নতুন ভাড়া বৃদ্ধি সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে।
- শিল্পোন্নত সাত জাতিগোষ্ঠী বা জি-৭ এর শীর্ষ সম্মেলন সেপ্টেম্বর পর্যন্ত স্থগিত করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
- পুলিশ হেফাজতে কৃষ্ণাঙ্গ আমেরিকান জর্জ ফ্লয়েডের মৃত্যুর জেরে বিক্ষোভকারী ও পুলিশের মধ্যে সংঘর্ষ নিয়ন্ত্রণে আনতে যুক্তরাষ্ট্রের অন্তত ২৫টি শহরে কারফিউ জারি।

## জুন

**১ জুন**

- বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের ওয়ানডে অধিনায়ক তামিম ইকবাল জাতিসংঘের খাদ্য সংস্থা ডব্লিউএফপির শুভেচ্ছা দূত মনোনীত হয়েছেন।
- লিবিয়ায় ২৬ জন বাংলাদেশি নিহতের ঘটনায় মানব পাচারকারী চক্রের অন্যতম হোতা কামাল উদ্দিন ওরফে হাজি কামালকে (৫৫) গুলশান থানার শাহজাদপুর এলাকা থেকে গ্রেফতার করে র‍্যাব।
- করোনা পরিস্থিতির কারণে দীর্ঘ আড়াই মাস বন্ধ থাকার পর বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ফ্লাইট চালু হয়েছে।
- পোশাক কারখানা তদারকির জন্য নতুন প্ল্যাটফরম সাসটেইনেবল কাউন্সিল (আরএসসি) যাত্রা শুরু করেছে। এই তথ্য জানিয়েছে বিজিএমইএ।

## ২ জুন

- দেশে প্রথমবারের মতো প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) ভার্চুয়াল সভা অনুষ্ঠিত। সভায় প্রধানমন্ত্রী দেশের সব জেলায় ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ) স্থাপন এবং জেলা শহরে পর্যাপ্ত অক্সিজেন রাখার নির্দেশ দেন।
- রাজধানীর ইউনাইটেড হাসপাতালের করোনা ইউনিটে অগ্নিকাণ্ডে পাঁচ রোগীর মৃত্যুর ঘটনায় প্রতিবেদন চেয়েছেন হাইকোর্ট।
- একই ফার্ম দ্বারা টানা তিন বছরের বেশি রপ্তানি ভর্তুকির নিরীক্ষা কাজ করতে পারবে না কোনো ব্যাংক। বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগ থেকে এ সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষার্থীকে স্বাস্থ্যবিমার আওতায় আনার সিদ্ধান্ত। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিনস কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।
- বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশনের (বিওএ) সাবেক মহাসচিব কুতুবউদ্দিন আহমেদ স্পেনের সর্বোচ্চ বেসামরিক খেতাব 'নাইট' উপাধিতে ভূষিত হয়েছেন। স্পেনের রাজা তাকে এ উপাধিতে ভূষিত করেন।
- যুক্তরাষ্ট্রে শেতাঙ্গ পুলিশ কর্মকর্তার নির্যাতনে কৃষ্ণাঙ্গ জর্জ ফ্লয়েডের মৃত্যুর ঘটনায় বিভিন্ন শহরে কারফিউ উপেক্ষা করে চলতে থাকা বিক্ষোভে উত্তাল যুক্তরাষ্ট্র। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প শান্তি ফেরাতে প্রয়োজনে সেনা মোতায়েন করার ঘোষণা দিয়েছেন।

## ৩ জুন

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিয়ো কনফারেন্সে সুইজারল্যান্ডের জেনেভায় 'ভার্চুয়াল মহাসাগর সংলাপে' বক্তৃতা করেন। তিনি সমুদ্র ও অন্যান্য জলজ সম্পদ টেকসই ব্যবহারে তিনদফা প্রস্তাব দেন।
- লিবিয়ার মিজদাহ শহরে ২৬ বাংলাদেশিসহ ৩০ জনকে নির্বিচারে গুলি করে হত্যার 'হোতা' মিলিশিয়া নেতা খালেদ আল-মিশাই ড্রোন হামলায় নিহত। (২ জুনের ঘটনা)



## ৪ জুন

- বিশ্বব্যাংক রোহিঙ্গাদের জন্য সাড়ে ৩ কোটি ডলার বা প্রায় ২৯৭ কোটি টাকা অনুদান দিয়েছে।
- এশিয়ার সেরা ৪৮৯টি বিশ্ববিদ্যালয়ের তালিকায় স্থান ঢাকা বিশ্ববিদ্যায়। এই তালিকায় দেশের আর কোনো বিশ্ববিদ্যালয় স্থান পায়নি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্থান ৪০১তম। যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা সাময়িকী টাইমস হায়ার এডুকেশন নিজস্ব ওয়েবসাইটে 'এশিয়া ইউনিভার্সিটি র‍্যাংকিং ২০২০' তালিকা প্রকাশ করেছে। (০৩ জুনের ঘটনা)
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৩ হাজার মেডিক্যাল টেকনোলজিস্ট নিয়োগের প্রস্তাবে অনুমোদন দিয়েছেন। দ্রুত এ নিয়োগ সম্পন্ন হবে।
- জ্বালানি তেলের ট্যাঙ্ক ফেটে রাশিয়ার সুমেরু বৃত্তের একটি নদীতে ২০ হাজার টন ডিজেল ছড়িয়ে পড়েছে। এতে দূষণের কবলে পড়েছে আনুমানিক ৩৫০ বর্গকিলোমিটার এলাকা। পরিস্থিতি সামাল দিতে ওই অঞ্চলে জরুরি অবস্থা জারি করেছেন দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

## ৫ জুন

- করোনা সংক্রমণ উদ্বেগজনক হারে বেড়ে যাওয়ায় কক্সবাজারকে 'রেড জোন' হিসেবে চিহ্নিত করে আগামী দুই সপ্তাহের জন্য আবার লকডাউন ঘোষণা করেছে জেলা প্রশাসন।
- প্রায় আড়াই মাস পর স্বাস্থ্যবিধি মেনে চলচ্চিত্রের শুটিং, এডিটিং ও ডাবিংয়ের কাজ শুরু।
- জনপ্রশাসনে ১২৩ জন উপসচিবকে যুগ্মসচিব পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ বিষয়ে প্রজ্ঞাপন জারি।
- অনলাইনে নামজারি প্রকল্প বাস্তবায়ন সাফল্যের জন্য ভূমি মন্ত্রণালয় 'ইউনাইটেড নেশনস পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড ২০২০' অর্জন করেছে।
- সারা বিশ্বে করোনাভাইরাসে আক্রান্ত ও মৃতদের মধ্যে নারীদের তুলনায় পুরুষের সংখ্যা বেশি। যুক্তরাজ্যের ব্রাউন ইউনিভার্সিটির গবেষণা এ তথ্য প্রকাশিত হয়েছে।

▶ যুক্তরাষ্ট্রের কৃষ্ণাঙ্গ যুবক জর্জ ফ্লয়েড হত্যার প্রতিবাদে শান্তিপূর্ণ বিক্ষোভে বাধা দেওয়ার অভিযোগেদেশটির মানবাধিকার সংগঠন 'দ্য আমেরিকান সিভিল লিবার্টিস ইউনিয়ন' (এসিএলইউ) প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে মামলা করেছে।

**৬ জুন**

▶ যুক্তরাষ্ট্রে পুলিশের নির্যাতনে কৃষ্ণাঙ্গ যুবক জর্জ ফ্লয়েড নিহত হওয়ার প্রতিবাদে কানাডার পার্লামেন্টের সামনে বিক্ষোভ সমাবেশে সংহতি জানাতে যোগ দেন কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। হাঁটু গেড়ে বর্ণবাদের বিরুদ্ধে প্রতিবাদ জানান তিনি।

▶ স্কুলের শিশুদের জন্য ২০ লাখ ডলারের ললিপপ কেনার পরিকল্পনা করায় পূর্ব আফ্রিকার দেশ মাদাগাস্কারের শিক্ষামন্ত্রীকে দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়।

▶ নভেম্বরে অনুষ্ঠেয় মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্র্যাট দলের মনোনয়ন নিশ্চিত করেছেন সাবেক ভাইস প্রেসিডেন্ট জো বাইডেন। তিনি প্রয়োজনের চেয়েও বেশি ডেলিগেটের সমর্থন পেয়েছেন।

**৭ জুন**

▶ নারায়ণগঞ্জ জেলাকে আবারও রেড জোন ঘোষণা করা হয়েছে।

▶ মানব ও অর্থ পাচারের অভিযোগে লক্ষ্মীপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ শহিদ ইসলাম পাপুলকে কুয়েত পুলিশ গ্রেফতার করেছে। কুয়েতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এস এম কালাম এ তথ্য জানিয়েছেন।

▶ ব্রাজিলের স্বাস্থ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে দেশটিতে করোনায় আক্রান্ত ও মৃত্যুসংক্রান্ত বিস্তারিত তথ্য সরিয়ে নেওয়া হয়েছে।

**৮ জুন**

▶ করোনাভাইরাস সংক্রমণ মোকাবিলা ও চিকিৎসা কার্যক্রমে বাংলাদেশকে সহযোগিতা করার উদ্দেশ্যে চীনের ১০ সদস্যের বিশেষজ্ঞ চিকিৎসক দল ঢাকায় এসে পৌঁছেছেন। তারা ২২ জুন পর্যন্ত বাংলাদেশে অবস্থান করবেন।



▶ করোনা পরিস্থিতিতে দীর্ঘ ৭৫ দিন বন্ধ থাকার পর স্বাস্থ্যবিধি মেনে বেনাপোল বন্দর দিয়ে আবার বাংলাদেশ ও ভারতের মধ্যে আমদানি-রপ্তানি বাণিজ্য কার্যক্রম শুরু হয়েছে।

▶ নিউজিল্যান্ডে করোনায় আক্রান্ত সর্বশেষ ব্যক্তিকে আইসোলেশনমুক্ত করার পর প্রধানমন্ত্রী জাসিন্ডা আরডার্ন দেশের ভেতরের সব বিধিনিষেধ তুলে নেওয়ার ঘোষণা দেন।

▶ ব্রিটেনের ইতিহাসে বিচারক পদে প্রথম হিজাবি নারী হিসেবে শপথ নিয়েছেন রাফিয়া আরশাদ (৪০)।

**৯ জুন**

▶ করোনাভাইরাস সংক্রমণের মাত্রা দিন দিন বেড়ে যাওয়ায় এলাকাভেদে রেড, ইয়োলো ও গ্রিন জোন করে এই ভাইরাসের বিস্তার রোধ করার অংশ হিসেবে ঢাকার পূর্ব রাজাবাজারকে রাজধানীর প্রথম রেড জোন ঘোষণা। এ এলাকার মাধ্যমে অঞ্চলভিত্তিক লকডাউন শুরু।

▶ আসন্ন বাজেট নিয়ে বিএনপি ১৩ প্রস্তাব দিয়েছে। করোনা পরিস্থিতি মোকাবিলায় জীবন-জীবিকা রক্ষায় অগ্রাধিকার দেওয়ার তাগিদ দিয়েছে দলটি।

▶ জেনেভায় বিশ্ব স্বাস্থ্য সংস্থার মহাপরিচালক তেদ্রোস গেব্রিয়েসাস এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে বলেন, করোনায় বৈশ্বিক পরিস্থিতি খারাপের দিকে যাচ্ছে।

▶ সীমান্তে উত্তেজনা কমাতে সেনা প্রত্যাহার করেছে ভারত ও চীন। ভারত সরকার এ তথ্য জানিয়েছে।

▶ যুক্তরাষ্ট্রের ন্যাশনাল ব্যুরো অব ইকোনমিক রিসার্চ ঘোষণা করেছে যে, দেশটিতে মন্দা অবস্থা চলছে। তথ্যসূত্র: সিএনএন

▶ পুলিশের নির্যাতনে নিহত জর্জ ফ্লয়েডকে টেক্সাসের হিউসনে অন্ত্যেষ্টিক্রিয়া শেষে তার মায়ের পাশে সমাহিত হয়। হাজারও মানুষের শ্রদ্ধা আর ভালোবাসায় সিক্ত হন তিনি।

**১০ জুন**

▶ বিশ্বসেরা এক হাজার বিশ্ববিদ্যালয়ের তালিকায় স্থান পেয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)।

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কিউএস-এর তালিকায় ঢাবি ও বুয়েটের অবস্থান ৮০১-১০০০তমের মধ্যে।

- ▶ গ্লোবাল পিস ইনডেক্স ২০২০ অনুযায়ী বিশ্বে শান্তিপূর্ণ দেশের তালিকায় বাংলাদেশের অবস্থান ৯৭তম। গত বছরের তুলনায় এবার ৪ ধাপ এগিয়েছে বাংলাদেশ।
- ▶ ইতালি সরকার ও ইউনিয়ন অব ইসলামিক কমিটিজ অ্যান্ড অরগানাইজেশন ইন ইতালির (ইউসিওআইআই) মধ্যে সমঝোতা চুক্তি অনুযায়ী ইমামরা কারাগারে মুসলিম বন্দিদের ধর্মীয় শিক্ষা-দীক্ষা প্রদান ও নামাজের ইমামতি করার সুযোগ পাবেন। কারা প্রশাসনের প্রধান বিচারক বার্নার্ডো পেট্রেলিয়া ও ইউসিওআইআইয়ের সভাপতি ইয়াসিন লাফরাম চুক্তিপত্রে স্বাক্ষর করেন।

### ১১ জুন

- ▶ স্বাস্থ্য অধিদপ্তর দেশের সব জেলার ডিসি, সিভিল সার্জন এবং সিটি করপোরেশনের মেয়রদের কাছে এলাকাভিত্তিক লাল, হলুদ ও সবুজ জোন ঘোষণার বিষয়ে নির্দেশিকা পাঠিয়েছে। নির্দেশিকায় গাজীপুর, নারায়ণগঞ্জ ও নরসিংদী জেলা এবং ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের যথাক্রমে রাজাবাজার ও ওয়ারীতে পরীক্ষামূলকভাবে জোনিং সিস্টেম বাস্তবায়নের কথা বলা হয়েছে।
- ▶ বিশ্বজুড়ে করোনাভাইরাস ছড়িয়ে দেওয়ার অভিযোগে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের বিরুদ্ধে ভারতের বিহার রাজ্যের পশ্চিম চামপারান জেলা আদালতে মামলা করেছেন মুরাদ আলি নামের একজন আইনজীবী। এ মামলায় সাক্ষী হিসেবে রাখা হয়েছে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে।
- ▶ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রেসিডেন্ট নির্বাচনের জন্য শীঘ্রই নির্বাচনি প্রচার শুরু করা হবে বলে ঘোষণা দিয়েছেন। করোনা মহামারির জন্য প্রচার অভিযান থমকে রয়েছে।

### ১২ জুন

- ▶ করোনাভাইরাসের ব্যাপকতা রোধের উদ্দেশ্যে জোনভিত্তিক লকডাউন বাস্তবায়নে অনলাইনে বৈঠক করেছেন পাঁচ মন্ত্রী ও তিন মেয়র। বৈঠকে উপস্থিত ছিলেন উচ্চপদস্থ সরকারী কর্মকর্তারা।



- ▶ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি) কয়েকজন কর্মকর্তার বিরুদ্ধে নিষেধাজ্ঞা দিয়ে নির্বাহী আদেশে সই করেছেন। আফগানিস্তানে যুক্তরাষ্ট্রের সেনাদের যুদ্ধাপরাধ নিয়ে তদন্ত শুরু করাতেই ট্রাম্পের নিষেধাজ্ঞার কবলে পড়লেন তারা।

### ১৩ জুন

- ▶ আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ও কেন্দ্রীয় ১৪ দলের সমন্বয়ক, খাদ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি মোহাম্মদ নাসিম এমপি ইন্তেকাল করেছেন।
- ▶ ধর্ম প্রতিমন্ত্রী শেখ আবদুল্লাহ (৭৪) ইন্তেকাল করেছেন।
- ▶ বিশ্ব স্বাস্থ্য সংস্থা বলেছে যে, করোনাভাইরাসে মা সংক্রমিত হলেও সন্তানকে বুকের দুধ দিয়ে যেতে হবে। মা ও সন্তানকে আলাদা করা যাবে না।
- ▶ নেপালের পার্লামেন্টের নিম্নকক্ষ প্রতিনিধি সভার ২৭০ জন সদস্যের মধ্যে ২৫৮ জন নতুন মানচিত্রের পক্ষে রায় দেয়। নতুন এই মানচিত্র বিতর্কিত নিপুলেখ, কালাপানি ও লিম্পুয়াধুরার বিস্তীর্ণ এলাকা নেপালের বলে দেখানো হয়েছে।

### ১৪ জুন

- ▶ দেড় বছরের জন্য ১৫ শতাংশ বেতনভাতা কমাতে সব ব্যাংকের এমডি ও চেয়ারম্যানকে চিঠি ব্যাংক মালিকদের সংগঠন বিএবির। সব ধরনের নিয়োগ, পদোন্নতি এ সময়ের জন্য বন্ধ রাখতে বলা হয়েছে। আর পত্রিকা, টেলিভিশন ও অনলাইন কোনো বিজ্ঞাপন না দেওয়াসহ খরচ কমাতে ১৩টি নির্দেশনা জারি।
- ▶ বলিউডের জনপ্রিয় অভিনেতা সুশান্ত সিং রাজপুতের (৩৪) মৃত্যু। ভারতের মুম্বাইয়ে বান্দ্রার নিজের ফ্ল্যাটে তিনি আত্মহত্যা করেছেন বলে প্রাথমিকভাবে অনুমান করছে পুলিশ।
- ▶ করোনা পরিস্থিতির কারণে এবার হজে অংশ না নেওয়ার ঘোষণা সাতটি দেশ। দেশগুলো হলোঃ ইন্দোনেশিয়া, সিঙ্গাপুর, মালয়েশিয়া, থাইল্যান্ড, কম্বোডিয়া, দক্ষিণ আফ্রিকা ও ব্রুনাই।

**১৫ জুন**

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে স্পেশাল সিকিউরিটি ফোর্সের (এসএসএফ) ৩৪তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠান উদ্‌বোধন করেন ।
- ▶ করোনা প্রাদুর্ভাবে শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটি আবারও বৃদ্ধি করা হয়েছে। ৬ আগস্ট পর্যন্ত সব ধরনের শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকবে। শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পৃথক বিজ্ঞপ্তি এই তথ্য জানিয়েছে।
- ▶ সিলেট সিটি করপোরেশনের সাবেক মেয়র বদরউদ্দিন আহমদ কামরান করোনায় আক্রান্ত হয়ে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) মৃত্যুবরণ করেন।
- ▶ হাইকোর্ট নির্দেশ দিয়েছে যে, সরকারি ও বেসরকারি হাসপাতালে গুরুতর অসুস্থ রোগীকে চিকিৎসা দিতে অনীহা দেখালে এবং এতে রোগীর মৃত্যু হলে তা 'অবহেলাজনিত মৃত্যু' অর্থাৎ ফৌজদারি অপরাধ হিসেবে বিবেচনা করতে হবে। এর জন্য দায়ী ব্যক্তিদের দ্রুত আইনের আওতায় আনারও নির্দেশ দেয় হাইকোর্ট।
- ▶ দেশে করোনাভাইরাস মোকাবিলায় সরকারের নেওয়া নানা পদক্ষেপে সুশাসনের ক্ষেত্রে ব্যাপক ঘাটতি ছিল। দুর্নীতিও হয়েছে। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এর গবেষণা প্রতিবেদনে এই তথ্য প্রকাশ করা হয়েছে।

**১৬ জুন**

- ▶ করোনা পরিস্থিতিতে লকডাউনের কারণে প্রায় ৩ মাস বন্ধ থাকার পর ঢাকা থেকে আন্তর্জাতিক রুটে ফ্লাইট চলাচল শুরু হয়েছে।
- ▶ ব্রিটেন থেকে পালিয়ে সিরিয়ায় জঙ্গিগোষ্ঠী ইসলামিক স্টেট (আইএস) যোগ দেওয়া বাংলাদেশি বংশোদ্ভূত শামীমা বেগমের বিষয়ে বাংলাদেশের অবস্থান স্পষ্ট করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়। পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়ে দিয়েছে যে, শামীমা বেগম বাংলাদেশের নাগরিক নন। তাকে বাংলাদেশে ঢুকতে দেওয়া হবে না।



- ▶ ভারত-চীন সীমান্তের পূর্ব লাদাখের গালওয়ান উপত্যকায় দুই দেশের সেনাদের রক্তক্ষয়ী সংঘর্ষে এক কর্নেলসহ ২০ ভারতীয় সেনার মৃত্যু হয়েছে।

**১৭ জুন**

- ▶ করোনার সর্বশেষ পরিস্থিতি নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে প্রধানমন্ত্রী করোনা মোকাবেলায় গৃহীত বিভিন্ন উদ্যোগ পর্যালোচনা করেন এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা দেন।
- ▶ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) অভিমত দিয়েছে যে, গণস্বাস্থ্য কিট অ্যান্টিবডি চিনতে পারলেও তা সংক্রমণের প্রথম ভাগে করোনাভাইরাস শনাক্তে 'কার্যকর নয়'। বিএসএমএমইউর উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া সংবাদ সম্মেলনে এ তথ্য প্রকাশ করেন।

**১৮ জুন**

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সে মাধ্যমে চট্টগ্রামের নৌঘাঁটি বিএনএস ঈসা খানে বাংলাদেশ নৌবাহিনীতে নতুন সংযোজিত যুদ্ধজাহাজ 'বানৌজা সংগ্রাম'-এর কমিশনিং প্রদান অনুষ্ঠানে সংযুক্ত হয়ে বক্তব্য প্রদান করেন।
- ▶ প্রয়াত সাবেক মন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য মোহাম্মদ নাসিমকে নিয়ে ফেসবুকে কটূক্তি করায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক কাজী জাহিদুর রহমানকে গ্রেফতার এবং রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের শিক্ষক সিরাজাম মুনিরাকে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।
- ▶ একাত্তরে বাংলাদেশের মুক্তিযুদ্ধের অন্যতম বন্ধু ভারতীয় বিমানবাহিনীর এয়ার মার্শাল শিবপ্রসাদ চক্রবর্তী (৯২) মৃত্যুবরণ করেছেন।

**১৯ জুন**

▶ রপ্তানি আয় বাড়াতে চীনের সঙ্গে বাংলাদেশের বিনিময় চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ফলে বাংলাদেশের তৈরি পোশাকসহ ৮ হাজার ১৬১টি পণ্য দেশটির বাজারে শুল্কমুক্ত ও কোটামুক্ত সুবিধা পাবে।

▶ ভারতের উত্তর সীমান্তে চীনের সঙ্গে চরম উত্তেজনার মধ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিষয়টি নিয়ে সর্বদলীয় অনলাইন বৈঠক করেন। বৈঠকে অংশগ্রহণ করেন বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রী, গুরুত্বপূর্ণ রাজনৈতিক দলগুলোর শীর্ষ নেতা ও কেন্দ্রীয় মন্ত্রিসভার সদস্য।

**২০ জুন**

▶ বাংলাদেশ ব্যাংক দেশে পরিচালিত প্রবাসী বাংলাদেশিদের মালিকানাধীন কোম্পানির শেয়ার বিক্রির অর্থ বিদেশে নেওয়ার বিধি আংশিক শিথিল করেছে। এখন থেকে শর্তসাপেক্ষে ১-১০ কোটি টাকার সমপরিমাণ যে কোনো বৈদেশিক মুদ্রা বাংলাদেশ ব্যাংকের অনুমোদন ছাড়াই বিদেশে নেওয়া যাবে।

▶ বিশ্বব্যাংক করোনাভাইরাসের কারণে অর্থনৈতিক ক্ষতি মোকাবিলায় বাংলাদেশকে ১০৫ কোটি ডলার বা স্থানীয় মুদ্রায় প্রায় ৯ হাজার কোটি টাকা ঋণ দেবে। তিনটি প্রকল্পের আওতায় এ অর্থ ব্যয় করা হবে।

▶ ভাষাসৈনিক, প্রথিতযশা সাংবাদিক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব মুক্তিযুদ্ধের অন্যতম শব্দসৈনিক কামাল লোহানীর (৮৬) শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল। দীর্ঘদিন তিনি ফুসফুস ও কিডনির জটিলতা ছাড়াও হৃদরোগ ও ডায়াবেটিসের সমস্যায়ও ভুগছিলেন। পরে তার কোভিড-১৯ পজিটিভ ধরা পড়ে।

**২১ জুন**

▶ করোনা মহামারিতে স্বাস্থ্যসেবায় নিয়োজিতদের জীবনের নিরাপত্তায় ব্যবহৃত এন-৯৫ মাস্ক, পিপিইসহ বিভিন্ন স্বাস্থ্য সুরক্ষামূলক সামগ্রী ক্রয়ে অনিয়ম-দুর্নীতি-প্রতারণার অনুসন্ধানে স্বাস্থ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর ও কেন্দ্রীয় ঔষধাগারের তথ্য চেয়ে চিঠি দিয়েছে দুর্নীতি দমন কমিশন।



▶ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প করোনাভাইরাস মহামারির মধ্যেই নির্বাচনি জনসভা শুরু করেছেন। ওকলাহোমা রাজ্যের টুলসা নগরীতে প্রথম নির্বাচনি সমাবেশ অনুষ্ঠিত।

**২২ জুন**

▶ করোনা বিস্তার রোধে দেশের আরও পাঁচ জেলার ১১টি অঞ্চলকে 'রেডজোন' ঘোষণার পর সেখানে সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। জেলাগুলো হচ্ছে: ফরিদপুর, মানিকগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, নরসিংদী ও কুষ্টিয়া। ২৩ জুন থেকে জেলাগুলোর ১১টি অঞ্চলে ছুটি কার্যকর হবে।

▶ রোহিঙ্গাদের পূর্ণ নিরাপত্তা ও সম্মানের সঙ্গে নিজ দেশে ফিরে যেতে উৎসাহিত করার জন্য মিয়ানমারকে আহ্বান জানিয়ে জাতিসংঘ মানবাধিকার পরিষদে একটি প্রস্তাব গৃহীত হয়।

**২৩ জুন**

▶ আওয়ামী লীগের ৭১তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপিত হয়েছে।

▶ সৌদি সরকার করোনাভাইরাস মহামারির কারণে পবিত্র হজ এবার সীমিত পরিসরে আয়োজনের সিদ্ধান্ত নিয়েছে।

▶ বিরোধপূর্ণ সীমান্তে পরস্পরের মুখোমুখি অবস্থান করা সেনাদের সরিয়ে নিতে চীন ও ভারতীয় সেনাবাহিনী সম্মত। ভারতীয় সেনা সূত্র এই তথ্য প্রকাশ করেছে।

▶ ভারতের পাকিস্তান হাইকমিশনে নিযুক্ত অর্ধেক কর্মকর্তা-কর্মচারীকে বহিষ্কারের সিদ্ধান্ত নিয়েছে ভারত। ইতোমধ্যে নয়াদিল্লি পাকিস্তানকে এ সংক্রান্ত একটি বার্তাও পাঠিয়েছে। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় এই তথ্য প্রকাশ করেছে।

**২৪ জুন**

▶ বাংলাদেশ 'ডেভেলপিং ট্রান্সপারেন্ট অ্যান্ড অ্যাকাউন্টেবল পাবলিক ইনস্টিটিউশনস' ক্যাটাগরিতে সম্মানসূচক ইউনাইটেড ন্যাশনস পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড-২০২০ (ইউএনপিএসএ-২০২০) অর্জন করেছে। এই অর্জনের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়ে মন্ত্রিসভায় প্রস্তাব গৃহীত।

- ▶ যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (যবিপ্রবি) জিনোম সেন্টারে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও গবেষকগণ তিনটি করোনাভাইরাসের পূর্ণাঙ্গ জীবনরহস্য উন্মোচন করেছেন।
- ▶ পাবলিক সার্ভিস কমিশন বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তরে ১ হাজার ৭২৬ জনকে নন-ক্যাডার কর্মকর্তা পদে নিয়োগর বিজ্ঞপ্তি প্রকাশ।

## ২৫ জুন

- ▶ নন-এমপিও শিক্ষক-কর্মচারীদের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৪৬ কোটি ৬৩ লাখ টাকার বিশেষ অনুদান প্রদান করেছেন। করোনাভাইরাসের কারণে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় ১ লাখ ৫ হাজার ৭৮৫ জন শিক্ষক-কর্মচারীকে এই অনুদান দেওয়া হয়। শিক্ষা মন্ত্রণালয় এই তথ্য প্রকাশ করেছে।
- ▶ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক সত্যপ্রসাদ মজুমদার। তিনি উপাচার্য হিসেবে চার বছরের জন্য নিয়োগ পেলেন।
- ▶ জনপ্রিয় সাহিত্যিক নিমাই ভট্টাচার্য (৮৯) দীর্ঘদিন অসুস্থতার পর কলকাতায় মৃত্যুবরণ করেছেন।
- ▶ নেপালের পার্লামেন্টের উচ্চ কক্ষে দেশের রাজনৈতিক ও প্রশাসনিক মানচিত্র হালনাগাদ করতে সংবিধান সংশোধনী বিল সর্বসম্মতভাবে অনুমোদিত হয়েছে।

## ২৬ জুন

- ▶ আন্তর্জাতিক ফুটবল ফেডারেশন (ফিফা) করোনায় আক্রান্ত দেশগুলোকে আর্থিক সহযোগিতা দেওয়ার ঘোষণা দিয়েছে। বাংলাদেশ ফুটবল ফেডারেশনকে ১০ লাখ ডলার (সাড়ে আট কোটি টাকা) দেবে ফিফা।
- ▶ ভারতের দুটি রাজ্য বিহার ও উত্তরপ্রদেশে বজ্রপাতে একদিনেই শতাধিক মৃত্যু হয়েছে। (২৫ জুনের ঘটনা)
- ▶ জনপ্রিয় মেসেজিং ও ভিডিয়ো কলিং অ্যাপ ভাইবার ফেসবুকের সঙ্গে সব ধরনের বাণিজ্যিক সম্পর্ক ছিন্নের ঘোষণা দিয়েছে। পাশাপাশি সামাজিক যোগাযোগ জায়ান্ট ফেসবুককে বয়কট করার ঘোষণা দেয়।



- ▶ পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান দেশটির জাতীয় সংসদে দেওয়া এক ভাষণে সাবেক আল কায়দা নেতা ওসামা বিন লাদেনকে 'শহিদ' হিসেবে আখ্যায়িত করেন। ইমরান খানের ওই মন্তব্যের পর পাকিস্তানের বিরোধী দলগুলোর তার তীব্র সমালোচনা করে। (২৫ জুনের ঘটনা)

## ২৭ জুন

- ▶ চীনের বিজ্ঞানীরা মহাকাশ থেকে পৃথিবীর বুকে ১ হাজার ১২০ কিলোমিটার দূরত্বে দুটি কেন্দ্রে বার্তা বিনিময় করেছেন। এর আগে এই ধরনের বার্তা বিনিময় সম্ভব হয়নি।
- ▶ বিজ্ঞানীরা প্রথমবার অষ্টম মহাদেশের সম্ভাব্য মানচিত্র প্রকাশ করেছেন। নিউজিল্যান্ডের গবেষণা প্রতিষ্ঠান জিএনএস সায়েন্স বিষয়টি নিয়ে কাজ করছে এবং মানচিত্র প্রকাশ করেছে। সম্ভাব্য এই মহাদেশের নাম জিলান্ডিয়া।

## ২৮ জুন

- ▶ বস্ত্র ও পাট মন্ত্রণালয় দেশের রাষ্ট্রায়ত্ত ২৫ পাটকলের ২৪ হাজার ৮৮৬ জন শ্রমিক-কর্মচারীকে স্বেচ্ছা অবসরে (গোল্ডেন হ্যান্ডশেক) পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে।
- ▶ করোনাভাইরাসের ভ্যাকসিন উদ্ভাবনে সহায়তার পাশাপাশি করোনার বিরূপ প্রভাবে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীগুলোর পাশে দাঁড়াতে বাংলাদেশ 'গ্লোবাল সিটিজেন' তহবিলে ৫০ হাজার মার্কিন ডলার (প্রায় ৪৩ লাখ টাকা) প্রদানের ঘোষণা দিয়েছে।
- ▶ শামসুজ্জামান খানকে বাংলা একাডেমির সভাপতি নিয়োগ করা হয়েছে। তিনি এর আগে বাংলা একাডেমির মহাপরিচালক হিসেবেও দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন।
- ▶ করোনা মহামারির কারণে দীর্ঘদিন বন্ধ থাকার পর ১ জুলাই থেকে সীমান্ত খুলে দেবে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)।

## ২৯ জুন

- ▶ প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা জাতীয় সংসদে ২০২০-২১ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর সমাপনী আলোচনায় অংশ নেন।

▶ ১০০ যাত্রী নিয়ে বুড়িগঙ্গায় নদীতে লঞ্চডুবি। ৩৪ জনের লাশ উদ্ধার। জীবিত উদ্ধার একজন।

▶ সরকারি ব্যবস্থাপনায় করোনার নমুনা পরীক্ষার জন্য ফির হার নির্ধারণ করে পরিপত্র জারি স্বাস্থ্য মন্ত্রণালয়ের। এতে বলা হয়েছে, বুথ থেকে এবং হাসপাতালে ভর্তি রোগীর নমুনা পরীক্ষার ক্ষেত্রে ২০০ টাকা করে দিতে হবে। আর বাসা থেকে নমুনা সংগ্রহ করলে ফি হবে ৫০০ টাকা।

▶ সৌদি আরবে বাংলাদেশের নতুন রাষ্ট্রদূত হিসেবে নিয়োগ পেয়েছেন পুলিশের সাবেক মহাপরিদর্শক মোহাম্মদ জাবেদ পাটোয়ারী।

▶ দক্ষিণ সুদানের একটি সড়কের নাম রাখা হয়েছে 'বাংলাদেশ সড়ক'। জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে সড়কটি উদ্‌বোধন করা হয়। দেশটির বহুল প্রচারিত রেডিয়ো মিরাঘর ও জাতীয় দৈনিক জুবা মনিটর এই খবর প্রচার করে।

**৩০ জুন**

▶ জাতীয় সংসদে ২০২০-২১ অর্থবছরের বাজেট পাস।

▶ পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন বাংলাদেশের স্বাস্থ্য খাতে বিনিয়োগের জন্য যুক্তরাষ্ট্রের প্রতি আহ্বান জানিয়েছেন। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেওর সঙ্গে ফোনে আলাপকালে তিনি এ আহ্বান জানান।

▶ ৩৮তম বিসিএসের চূড়ান্ত ফল প্রকাশিত হয়েছে। ২ হাজার ২০৪ জন কর্মকর্তাকে নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে।

▶ তীব্র সমালোচনা আর বিক্ষোভ উপেক্ষা করে চীনে পাস হলো 'হংকং নিরাপত্তা আইন'। এই আইনের ফলে চীন স্বায়ত্তশাসিত হংকংয়ে আরও ক্ষমতা প্রয়োগের সুযোগ পাবে।

▶ ভারত সরকার জনপ্রিয় অ্যাপসহ মোট ৫৯টি অ্যাপকে নিষিদ্ধ করেছে। ভারতের সুরক্ষা, সংহতি, নিরাপত্তা ও সার্বভৌমত্ব রক্ষা এবং দেশের সাধারণ মানুষের তথ্যের নিরাপত্তা নিশ্চিত করতে আইনের ৬৯ক ধারা অনুযায়ী টিকটক, ইউসি ব্রাউজার, শেয়ার-ইট, উই-চ্যাট, ক্যামস্ক্যানারসহ উল্লিখিত সংখ্যক অ্যাপকে নিষিদ্ধ করে। (২৯ জুনের ঘটনা)



▶ মিয়ানমারের রাখাইন রাজ্যে রোহিঙ্গা গণহত্যার ঘটনায় তিন সামরিক কর্মকর্তাকে দোষী সাব্যস্ত করা হয়েছে। দেশটির সেনাবাহিনী কোর্ট মার্শালের মাধ্যমে তাদের সাজার ঘোষণা দেয়।

## জুলাই

**১ জুলাই**

▶ বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) থেকে কোটা পদ্ধতির অবসান হচ্ছে। প্রথম ও দ্বিতীয় শ্রেণির সরকারি চাকরিতে ৪৮ বছর ধরে চালু রয়েছে।

▶ শিক্ষামন্ত্রী ডা. দীপুমনির উপস্থিতিতে কারিগরি শিক্ষার উন্নয়ন সংক্রান্ত ভার্চুয়াল সভা অনুষ্ঠিত। সভায় সিদ্ধান্ত হয়েছে যে, কারিগরি শিক্ষায় ভর্তির হার বৃদ্ধি এবং বিদেশফেরত দক্ষ কর্মীদের প্রাতিষ্ঠানিক স্বীকৃতি দেওয়ার লক্ষ্যে পলিটেকনিক ইনস্টিটিউটে ডিপ্লোমা কোর্সে ভর্তির ক্ষেত্রে কোনো রকমের বয়সের সীমাবদ্ধতা থাকবে না।

▶ দেশে আনুষ্ঠানিকভাবে সোনা আমদানি শুরু। প্রথম চালানে ১১ কেজির সোনা আমদানি করেছে ডায়মন্ড ওয়ার্ল্ড। এর আগে আমদানি নীতিমালা হলেও সোনার আমদানি হয়নি।

▶ বিশিষ্ট ব্যবসায়ী ও ট্রান্সকম গ্রুপের চেয়ারম্যান লতিফুর রহমান (৭৫) কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলার চিওড়া গ্রামে নিজ বাড়িতে ইন্তেকাল করেন।

▶ কোনো সমঝোতা ছাড়াই ভারত ও চীনের মধ্যকার সামরিক পর্যায়ের বৈঠক শেষ হয়েছে। গত দুই মাসে এ বিষয়ে এটি ছিল তৃতীয় বৈঠক।

**২ জুলাই**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবনে মুখ্য সচিব, অর্থ সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিবদের সঙ্গে বৈঠক অনুষ্ঠিত। পাটকলগুলোর পুঞ্জীভূত লোকসানের প্রেক্ষাপটে এই বৈঠকে শ্রমিকদের শতভাগ পাওনা বুঝিয়ে দিয়ে দেশের সব রাষ্ট্রায়ত্ত পাটকলের উৎপাদন বন্ধের সিদ্ধান্ত চূড়ান্ত করা হয়।

▶ করোনা মহামারির চলমান সংকটের মধ্যে প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স ও বৈদেশিক মুদ্রার রিজার্ভ ছুঁয়েছে ৩৬ বিলিয়ন বা ৩ হাজার ৬০০ কোটি ডলারের মাইলফলক। আর একক মাস জুনে রেকর্ড ১৮৩ কোটি ডলারের সমপরিমাণ অর্থ দেশে পাঠিয়েছেন প্রবাসী বাংলাদেশিরা।

▶ গ্লোব বায়োটেক লিমিডেট বাংলাদেশে প্রথমবারের মতো করোনা টিকা আবিষ্কারের আনুষ্ঠানিক ঘোষণা দিয়েছে। গ্লোব বায়োটেক লিমিডেট দেশের অন্যতম ওষুধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান গ্লোব ফার্মাসিউটিক্যালসের সহযোগী প্রতিষ্ঠান।

▶ মিয়ানমারের উত্তরাঞ্চলে কাচিন রাজ্যের জেড পাথরে সমৃদ্ধ হপাকান্ত এলাকায় একটি খনিতে ভূমিধস। ১১৩ জনের লাশ উদ্ধার হয়েছে।

▶ ২০৩৬ সাল পর্যন্ত ক্ষমতায় থাকার অনুমোদন পেতে যাচ্ছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সংবিধান সংশোধনের পক্ষে দেশটির প্রায় ৭৮ শতাংশ মানুষের ভোট দিয়ে এর পক্ষে সমর্থন জানিয়েছেন।

### ৩ জুলাই

▶ আইন মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ জমি ও ফ্ল্যাটের রেজিস্ট্রেশন ফি কমিয়ে প্রজ্ঞাপন জারি করেছে এবং তা ৫ জুলাই থেকে কার্যকর হবে। এর আগে দলিলমূল্যের ২ শতাংশ হারে নিবন্ধন ফি ছিল। এখন তা কমিয়ে ১ শতাংশ করা হয়েছে।

▶ বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০ বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ ও দিকনির্দেশনা দিতে প্রধানমন্ত্রীর নেতৃত্বে 'ডেল্টা গভর্ন্যান্স কাউন্সিল' গঠন করা হয়েছে। ১২ সদস্যের এই কাউন্সিল গঠন করে মন্ত্রিপরিষদ বিভাগ প্রজ্ঞাপন জারি করেছে।

▶ সাকিব আল হাসানকে বিখ্যাত ক্রিকেট সাময়িকী উইজডেন ক্রিকেট মান্থলি ওয়ানডে ক্রিকেটে শতাব্দীর দ্বিতীয় সেরা ক্রিকেটার হিসেবে নির্বাচিত করেছে ।

### ৪ জুলাই

▶ রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাষ্ট্রের স্বাধীনতা ঘোষণার ২৪৪তম বার্ষিকী উপলক্ষ্যে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে শুভেচ্ছা জ্ঞাপন করেন।



▶ যুক্তরাজ্যের বর্ষসেরা চিকিৎসক (জিপি অব দ্য ইয়ার) মনোনীত হয়েছেন বাংলাদেশি বংশোদ্ভূত ডা. ফারজানা হুসেইন। ব্রিটেনের ন্যাশনাল হেলথ সার্ভিস (এনএইচএস) ডা. ফারজানাসহ ১২ জন চিকিৎসককে এ স্বীকৃতি দিয়েছে।

### ৫ জুলাই

▶ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) ৩৭০ শয্যার অত্যাধুনিক পূর্ণাঙ্গ করোনা সেন্টার চালু হয়েছে। দীর্ঘদিন ধরে যারা কিডনি, হার্টসহ বিভিন্ন জটিল রোগে ভোগার পাশাপাশি নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন, তারা এখানে উন্নতমানের চিকিৎসাসেবা পাবেন।

▶ শিল্প খাতের অবকাঠামো উন্নয়নে দীর্ঘমেয়াদি ঋণ বিতরণের জন্য গঠিত তহবিলের সুদের হার হ্রাস। গড়ে ঋণের সুদের হার কমবে ২ থেকে আড়াই শতাংশ যা ২০২০ সালের ৩০ জুন থেকে কার্যকর করতে হবে। বাংলাদেশ ব্যাংক সার্কুলার জারি করেছে।

▶ ভূতুড়ে বিদ্যুৎ বিলকাণ্ডে জড়িত থাকার অভিযোগে ২৯০ জনকে চিহ্নিত করেছে বিদ্যুৎ বিভাগ। তদন্ত করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ করা হয়েছে।

▶ ভিয়েতনামের রাজধানী হ্যানয়ে তৈরি হয়েছে বিশ্বের সর্বপ্রথম সোনার প্লেটে নির্মিত হোটেল। হোটেলটির নাম 'ডলচে হ্যানয় গোল্ডেন লেক'। ২০09 সাল থেকে এ হোটেলের নির্মাণ কাজ শুরু হয়। 8 জুলাই হোটেলটি চালু করা হয়েছে।

### ৬ জুলাই

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেকের সভায় তেল খালাসে পাইপলাইন নির্মাণসহ ৯টি প্রকল্প অনুমোদিত হয়।

▶ খ্যাতিমান কণ্ঠশিল্পী এন্ড্রুকিশোর (৬৫) ক্যানসারে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন।

▶ যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় মস্তিষ্কখেকো অ্যামিবা সংক্রমণ শনাক্ত হয়েছে।

## ৭ জুলাই

- টেস্ট না করেই করোনা পরীক্ষার ভুয়া রিপোর্ট দেওয়াসহ নানা অভিযোগে সিলগালা করে দেওয়া হয়েছে ঢাকার উত্তরায় রিজেন্ট গ্রুপের প্রধান কার্যালয় এবং উত্তরা ও মিরপুরে রিজেন্ট হাসপাতাল। এরপর রিজেন্ট গ্রুপের প্রধান কার্যালয়ে অভিযান চালায় র‍্যাব।
- আধিপত্য বিস্তারের জেরে বান্দরবান সদর উপজেলায় জেএসএস সন্তু লারমা এবং জেএসএস এম এন লারমা গ্রুপের মধ্যে গোলাগুলির ঘটনায় ছয়জন নিহত। নিহত সবাই জেএসএস-এমএন লারমা গ্রুপের সদস্য।
- বাংলাদেশ প্রথমবারের মতো আন্তর্জাতিক ব্লকচেইন অলিম্পিয়াড ২০২০ প্রতিযোগিতায় অংশ নিয়ে ৬টি পুরস্কারের মধ্যে দুটি অর্জন করেছে।
- ইতালি বাংলাদেশ থেকে সব ধরনের ফ্লাইট এক সপ্তাহের জন্য বন্ধ করেছে। ঢাকা থেকে বিশেষ ফ্লাইটে যাওয়া অভিবাসীদের মধ্যে কয়েক জনের করোনা সংক্রমণ ধরা পড়ায় ইতালি সরকার এই সিদ্ধান্ত নিয়েছে।
- নৌপরিবহণ মন্ত্রণালয় বুড়িগঙ্গা নদীতে এম এল মর্নিং বার্ড লঞ্চডুবির ঘটনায় গঠিত তদন্ত কমিটির ২০ দফা সুপারিশ প্রকাশ করেছে। দুর্ঘটনার জন্য ময়ূর-২ লঞ্চের চালকদের দায়ী করা হয়েছে।
- করোনাভাইরাসে আক্রান্ত হয়ে সুস্থ হয়ে ওঠাদের প্লাজমা নিয়ে ভারতের কলকাতা মেডিক্যাল কলেজ ও হাসপাতালে উদ্‌বোধন হলো প্লাজমা ব্যাংক। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নবান্ন সভা ঘর থেকে এ ব্যাংক উদ্‌বোধন করা হয়।
- জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেসের বৈশ্বিক যুদ্ধবিরতির আবেদনে সাড়া দিয়ে বাংলাদেশসহ ১০টি দেশের স্থায়ী প্রতিনিধিদের যৌথ বিবৃতি মহাসচিবের কাছে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়। নিউইয়র্কে এক ভার্চুয়াল অনুষ্ঠানে বাংলাদেশ, ইকুয়েডর, মিসর, জ্যামাইকা, জাপান, মালয়েশিয়া, ওমান, সেনেগাল, স্লোভেনিয়া ও সুইডেন যৌথভাবে এই বিবৃতিটি হস্তান্তর করে।

## ৮ জুলাই

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা আইএলও আয়োজিত ‘গ্লোবাল লিডারস ডে’ এর ভার্চুয়াল অনুষ্ঠানে ভিডিয়ো বার্তা প্রেরণ করেন। বার্তায় তিনি বলেন,



করোনাভাইরাস মহামারি মোকাবিলায় শ্রমিকদের সংকট উত্তরণে বিদেশের বাজারে অভিবাসী শ্রমিকদের চাকরি বহাল রাখতে হবে।
- ১৪ দলীয় জোটের সমন্বয়ক ও মুখপাত্রের দায়িত্ব পেয়েছেন আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য আমির হোসেন আমু এমপি।
- মিয়ানমারে রোহিঙ্গাদের দ্রুত, নিরাপদ ও টেকসই প্রত্যাবাসনের মধ্যে সবার মঙ্গল নিহিত। পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেনকে লেখা এক চিঠিতে ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শংকর এ মন্তব্য করেন।

## ৯ জুলাই

- ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) রাজধানীর রিজেন্ট হাসপাতালের চেয়ারম্যান সাহেদ করিমের দেশত্যাগে নিষেধাজ্ঞা চেয়ে ইমিগ্রেশন পুলিশকে চিঠি দিয়েছে।
- বাংলাদেশ ব্যাংকের গভর্নর পদে চাকরির বয়সসীমা ২ বছর বাড়িয়ে ৬৫ বছরের স্থলে ৬৭ বছর করা হয়েছে। জাতীয় সংসদে এ বিষয়ে বিল পাস হয়েছে।
- আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী সাহারা খাতুন (৭৭) এমপি ইন্তেকাল করেছেন। থাইল্যান্ডের ব্যাংককে বামরুনগ্রাদ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।
- ভারতের উত্তর প্রদেশে আট পুলিশ হত্যার ঘটনায় জড়িত কুখ্যাত সন্ত্রাসী বিকাশ দুবেকে মধ্যপ্রদেশের একটি মন্দির থেকে গ্রেফতার করেছে সে দেশের পুলিশ।

## ১০ জুলাই

- করোনাভাইরাসের সংক্রমণ রোধে কোরবানির ঈদের ছুটির সময় রাজধানী ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর ও চট্টগ্রামের সঙ্গে অন্য জেলায় যাতায়াত বন্ধ রাখার পরামর্শ দিয়েছে কোভিড-১৯ জাতীয় কারিগরি পরামর্শক কমিটি। কমিটি এই চার বড়ো মহানগরীসহ সব শহরের ভেতরে কোরবানির পশুর হাট না বসানোরও পরামর্শও দিয়েছে।
- সিঙ্গাপুরে করোনা মহামারির মধ্যেই সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। দেশটির নাগরিকরা মাস্ক ও গ্লাভস পরে ভোটকেন্দ্রে গেছেন।

## ১১ জুলাই

- ▶ চট্টগ্রাম-কলকাতা বন্দরে সমুদ্রপথে পণ্যবাহী জাহাজ সার্ভিস চালু হয়েছে। করোনা পরিস্থিতির মধ্যেই পণ্য পরিবহণ করবে বেসরকারি দুটি শিপিং কোম্পানি।
- ▶ সুইজারল্যান্ডের বিভিন্ন ব্যাংকে (সুইস ব্যাংক) বাংলাদেশি নাগরিকদের পাচার করা টাকার তথ্য সংগ্রহের উদ্যোগ নিয়েছে বাংলাদেশ সরকার। বাংলাদেশ আর্থিক গোয়েন্দা ইউনিটের (বিএফআইইউ) পক্ষ থেকে সুইজারল্যান্ডের কেন্দ্রীয় মানি লন্ডারিং প্রতিরোধ সংস্থা 'মানি লন্ডারিং রিপোর্টিং অফিস, সুইজারল্যান্ড' (এমআরওএস)-এর সঙ্গে যোগাযোগ শুরু করেছে।
- ▶ ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন করোনার দ্বিতীয় ঢেউ আসার ঝুঁকি থেকে রক্ষা পেতে সারা দিন বিভিন্ন দোকানে ঘুরে মাস্কের প্রচার চালান ।
- ▶ সিঙ্গাপুরের জাতীয় নির্বাচনে আবারও নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন ক্ষমতাসীন পিপলস অ্যাকশন পার্টির (পিএপি)।

## ১২ জুলাই

- ▶ করোনার প্রায় ১৫ হাজার ভুয়া টেস্ট রিপোর্ট তৈরির অভিযোগে জাতীয় হৃদ্‌রোগ ইনস্টিটিউটের কার্ডিয়াক সার্জন ডা. সাবরিনা আরিফ চৌধুরী গ্রেফতার।
- ▶ অনিয়ম, দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহারসহ নানা অভিযোগের বিষয়ে জিজ্ঞাসাবাদের জন্য বাংলাদেশ কেন্দ্রীয় ঔষধাগারের (সিএমএসডি) ছয় কর্মকর্তাকে তলব করেছে দুর্নীতি দমন কমিশন।
- ▶ অভিবাসী শ্রমিকদের ওপর নিপীড়ন ও দুর্ব্যবহার নিয়ে আলজাজিরাকে সাক্ষাৎকার দেওয়ায় বাংলাদেশি অভিবাসী কর্মী রায়হান কবিরের ওয়ার্ক পারমিট বাতিল করেছে মালয়েশিয়ার ইমিগ্রেশন বিভাগ।
- ▶ এখন থেকে বিদেশ যেতে সব বাংলাদেশির করোনা নেগেটিভ সার্টিফিকেট লাগবে। সরকার অনুমোদিত করোনা টেস্টিং সেন্টার থেকে করোনা পরীক্ষা করে এ সার্টিফিকেট সংগ্রহ করা যাবে। পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেনের সভাপতিত্বে বিশেষ ভার্চুয়াল আন্তঃমন্ত্রণালয় সভায় সিদ্ধান্ত হয়।



- ▶ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে প্রবাসী কল্যাণ ব্যাংকের সঙ্গে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সমঝোতা স্মারক স্বাক্ষর। করোনাভাইরাস মহামারির কারণে বিশ্বের বিভিন্ন দেশ থেকে ফেরত আসা ক্ষতিগ্রস্ত কর্মীদের ঋণ দিতে ২০০ কোটি টাকা বরাদ্দ।
- ▶ ব্রিটেনে প্রাচীনতম পবিত্র কোরআনের পাণ্ডুলিপি উদ্ধার। বার্মিংহাম বিশ্ববিদ্যালয়ের দাবি মহানবি মুহাম্মদ (সা.)-এর জীবদ্দশায়ই সম্ভবত কোরআনের এই অংশ লেখা হয়েছিল। রেডিয়ো কার্বন পদ্ধতিতে পরীক্ষা করে দেখা যায়, হিজাজি লিপিতে লেখা এই পাণ্ডুলিপি প্রায় ১ হাজার ৩৭০ বছরের পুরানো।

## ১৩ জুলাই

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে প্রথমবারের মতো ভার্চুয়ালি অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে ৭ই মার্চকে 'জাতীয় ঐতিহাসিক দিবস' হিসেবে ঘোষণার প্রস্তাব অনুমোদন দেয়া হয়।
- ▶ করোনায় আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায় এভারকেয়ার হাসপাতালে যমুনা গ্রুপের চেয়ারম্যান নুরুল ইসলাম ইন্তেকাল করেন।
- ▶ ইদুল-আজহার ছুটিতে সরকারি কর্মচারীরা কর্মস্থল ত্যাগ করতে পারবেন না। নির্দেশনা জারি।

## ১৪ জুলাই

- ▶ সৌদি সরকার স্বাস্থ্যবিধি অনুযায়ী উড়োজাহাজে স্প্রে না করায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সকে সাড়ে ৪ লাখ রিয়াল জরিমানা করেছে ।
- ▶ মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, সাবেক সংসদ সদস্য ও মন্ত্রী শাজাহান সিরাজ (৭৭) ইন্তেকাল করেছেন।
- ▶ কোয়ারেন্টাইন ছাড়াই চট্টগ্রাম বন্দরে ভিড়তে পারবে চীন থেকে আসা পণ্যবাহী জাহাজ। এতদিন চীনের যে কোনো বন্দর থেকে আসা জাহাজকে বাধ্যতামূলকভাবে ১৪ দিনের কোয়ারেন্টাইন পূর্ণ করে চট্টগ্রাম বন্দর জেটিতে ভিড়তে হতো। সাড়ে পাঁচ মাস পর সেই আদেশ বাতিল করল সরকারের নৌ বাণিজ্য অধিদপ্তর। (১২ জুলাইয়ের ঘটনা)

## ১৫ জুলাই

- 'বিশ্ব যুব দক্ষতা দিবস ২০২০' উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ অনলাইন আলোচনা সভার আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।
- করোনা পরীক্ষা কেলেঙ্কারিতে অভিযুক্ত রিজেন্ট হাসপাতালের চেয়ারম্যান সাহেদ করিমকে ভারতে পালিয়ে যাওয়ার সময় সাতক্ষীরা সীমান্ত এলাকা থেকে গ্রেফতার করেছে র‍্যাব।
- ভাষাসৈনিক ও প্রথম শহিদমিনারের অন্যতম নকশাকার ডা. সাঈদ হায়দার (৯৫) উত্তরা ক্রিসেন্ট হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন।
- করোনা মহামারির কারণে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জন বহুবছর পিছিয়ে যেতে পারে বলে আশঙ্কা করেছেন জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস।

## ১৬ জুলাই

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুজিববর্ষ উদ্‌যাপনের অংশ হিসেবে সারা দেশে এক কোটি গাছের চারা বিতরণ ও রোপণ কর্মসূচির আনুষ্ঠানিক উদ্‌বোধন করেন।
- স্থানীয় সংসদ সদস্যরা শুধু মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানেরই না কলেজ ও ফাজিল, কামিল মাদ্রাসাসহ ডিগ্রি পর্যায় পর্যন্ত কোনো শিক্ষাপ্রতিষ্ঠানের গভর্নিং বডির সভাপতি থাকতে পারবেন না। হাইকোর্টের রায়।
- তাইওয়ান আগ্রাসি শক্তি মোকাবিলার প্রস্তুতি হিসেবে ভূমি, সমুদ্র ও আকাশে যুদ্ধমহড়া চালিয়েছে। স্বশাসিত তাইওয়ান চীনের সঙ্গে চরম উত্তেজনার মধ্যে এই মহড়া চলায়।
- কলকাতা থেকে জলপথে বাংলাদেশ হয়ে ত্রিপুরায় পণ্য পরিবহণ শুরু। ভারত-বাংলাদেশ প্রটোকল রুটের মাধ্যমে চট্টগ্রাম বন্দরের মাধ্যমে ত্রিপুরার উদ্দেশে প্রথম কনটেইনারবাহী জাহাজ কলকাতা বন্দর থেকে যাত্রা শুরু করেছে।



## ১৭ জুলাই

- প্রখ্যাত রাষ্ট্রবিজ্ঞানী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. এমাজউদ্দীন আহমদ (৮৭) ইন্তেকাল করেছেন।
- অনলাইনে জঙ্গি কার্যক্রম চালানোর অভিযোগে ভারতীয় নারী আয়েশা জান্নাত মোহনা ওরফে জান্নাতুল তাসনিম ওরফে প্রজ্ঞা দেবনাথকে (২৫) গ্রেফতার করেছে কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) ইউনিট।

## ১৮ জুলাই

- রিয়ার অ্যাডমিরাল মোহাম্মদ শাহীন ইকবাল নতুন নৌবাহিনী প্রধান হয়েছেন। তাকে ভাইস অ্যাডমিরাল পদে পদোন্নতি দিয়ে আগামী ৩ বছরের জন্য এ নিয়োগ দেওয়া হয়। ২৫ জুলাই তিনি নতুন দায়িত্ব নেবেন।
- আকাশপথে বাংলাদেশ থেকে বিদেশে যেতে হলে ২৩ জুলাই থেকে সব যাত্রীর কোভিড-১৯ নেগেটিভ সনদ বাধ্যতামূলক করেছে সরকার। পরীক্ষা করাতে হবে সরকার নির্ধারিত ১৬টি হাসপাতাল ও প্রতিষ্ঠান থেকে। যাত্রীদের ফ্লাইটের ২৪ ঘণ্টা আগে এই রিপোর্ট নিতে হবে।
- করোনাভাইরাস পরিস্থিতিতে স্বাস্থ্য খাতের জন্য অনুদান সংগ্রহ করতে ১০০ বছর বয়সে বাগানে হাঁটাহাঁটি করে সাড়া ফেলে দেওয়া টম মুরকে নাইট উপাধিতে ভূষিত করা হয়েছে। ব্রিটেনের রানি দ্বিতীয় এলিজাবেথ তাকে আনুষ্ঠানিকভাবে এ উপাধি দেন। (১৭ জুলাইয়ের ঘটনা)

## ১৯ জুলাই

- বাংলাদেশে করোনাভাইরাসের যে ধরনটি সংক্রমণ ঘটিয়ে চলেছে, তা শনাক্ত করতে সক্ষম হয়েছেন দেশের বিজ্ঞানীরা। জিন রহস্য উন্মোচন করে তারা বলছেন, একটি করোনাভাইরাসে এক হাজার ২৭৪টি প্রোটিন থাকে। এর মধ্যে 'ডি৬১৪জি' নম্বর প্রোটিনটি বাংলাদেশে সক্রিয় অর্থাৎ সংক্রমণের প্রধান কারণ। বাংলাদেশ শিল্প ও বিজ্ঞান গবেষণা পরিষদের (বিসিএসআইআর) জিনোমিক রিসার্চ ল্যাবের পক্ষ থেকে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়।

▶ করোনাকালে ব্যয় সংকোচন করার লক্ষ্যে সরকারি চাকরিজীবীদের বিদেশ ভ্রমণের ক্ষেত্রে বিধিনিষেধ কঠোর করা হয়েছে। জরুরি প্রয়োজন ছাড়া বিদেশ ভ্রমণ করা যাবে না। এ বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ থেকে পরিপত্র জারি করা হয়েছে ।

▶ যুক্তরাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী প্রীতি প্যাটেলের বিরুদ্ধে মানহানির মামলা করেছেন একাত্তরের মানবতাবিরোধী অপরাধে মৃত্যুদণ্ডপ্রাপ্ত চৌধুরী মঈনুদ্দীন। প্রীতি প্যাটেল সম্প্রতি বলেছেন, যুক্তরাজ্যে পৌঁছানোর পর বিদেশি কোনো অপরাধী এক বছরের বেশি কারাদণ্ডে দণ্ডিত হলে তাকে বের করে দেওয়া হবে।

▶ নারীপ্রধান দেশগুলোর তুলনায় পুরুষশাসিত দেশে করোনাভাইরাসে মৃত্যু প্রায় সাড়ে চার গুণ বেশি। পুরুষশাসিত দেশে মৃত্যুর হার বেশি হওয়ার কারণ, এসব দেশের সরকারপ্রধানরা জনস্বাস্থ্যের চেয়ে অর্থনৈতিক বিষয়টির ওপর বেশি গুরুত্ব দিয়েছেন। ডাবলিনের ট্রিনিটি কলেজের অধীনে একটি আন্তর্জাতিক বিশেষজ্ঞ দল ৩৫টি দেশের ওপর জরিপ চালিয়ে এ তথ্য প্রকাশ করেছে।

**২০ জুলাই**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে তিনি বন্যাদুর্গত মানুষের জন্য ত্রাণের যেন ঘাটতি না হয়, সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন।

▶ সংযুক্ত আরব আমিরাত মঙ্গলগ্রহের আবহাওয়া ও জলবায়ু সম্পর্কে জানতে গ্রহটিতে মহাকাশযান প্রেরণ করেছে। ৫০ কোটি কিলোমিটার পথ পাড়ি দিয়ে ২০২১ সালের ফেব্রুয়ারি মঙ্গলে পৌঁছাবে এই মহাকাশযান।

**২১ জুলাই**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে প্রধানমন্ত্রী বলেন, উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সমন্বয়ের অভাবে দীর্ঘসূত্রতা তৈরি হয়। এজন্য প্রকল্প বাস্তবায়নে সমন্বয় বাড়ানোর নির্দেশনা দেন তিনি।



▶ দেশে করোনাভাইরাস মহামারির মধ্যে সুরক্ষাসামগ্রী, চিকিৎসা, পরীক্ষাসহ নানা বিষয়ে একের পর এক কেলেঙ্কারিতে সমালোচনার মুখে পদত্যাগ করলেন স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক (ডিজি) অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ।

▶ বাংলাদেশ ব্যাংক বিদেশি বিনিয়োগ থেকে লভ্যাংশ বাবদ রেমিট্যান্স পাঠানোর প্রক্রিয়া সহজ করেছে। এখন থেকে লভ্যাংশ বাবদ অর্থ নিজ দেশে পাঠানোর ক্ষেত্রে সংশ্লিষ্ট ডকুমেন্ট পরীক্ষা-নিরীক্ষার জন্য বাংলাদেশ ব্যাংকে পাঠাতে হবে না।

▶ হাট, মাঠ-ঘাট, মসজিদ-মন্দির, স্কুল-কলেজ– সর্বত্র মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করেছে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়। এ সংক্রান্ত ১১ দফা নির্দেশনা দিয়ে পরিপত্র জারি করা হয়েছে।

▶ মন্ত্রিপরিষদ বিভাগ 'ওয়ারেন্ট অব প্রিসিডেন্স ১৯৮৬ (২০০৩ সালের ডিসেম্বর পর্যন্ত পরিমার্জিত)'-তে পরিবর্তন এনে প্রজ্ঞাপন জারি করেছে। এর মধ্যদিয়ে ১৯৭৪ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আমলে জারি হওয়া ওয়ারেন্ট অব প্রিসিডেন্সে ফিরল সরকার।

▶ বাংলাদেশের সঙ্গে কানেকটিভিটি আরও বাড়ানোর দিকে নজর দিয়েছে ভারত সরকার। এজন্য আটটি রুট চিহ্নিত করা হয়েছে। ভারতের প্রভাবশালী দৈনিক টাইমস অব ইন্ডিয়ার এক খবরে এ তথ্য প্রকাশ করা হয়।

**২২ জুলাই**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে টেলিফোন করে কথা বলেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান। দুজনের মধ্যে প্রায় ১৫ মিনিট আলাপ হয়। করোনা ও বন্যা পরিস্থিতি নিয়ে দুই দেশের প্রধানমন্ত্রী আলাপ করেন।

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় মৎস্য সপ্তাহ-২০২০ এর উদ্‌বোধনী অনুষ্ঠানে মৎস্যচাষে গতানুগতিক পদ্ধতি থেকে বেড়িয়ে এসে উন্নত ও আধুনিক পদ্ধতি গ্রহণ করার আহ্বান জানান।

▶ স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের অটিজম ও স্নায়ুবৈকল্য বিষয়ক জাতীয় পরামর্শক কমিটির চেয়ারপারসন সায়মা ওয়াজেদ হোসেনকে 'থিমেটিক অ্যাম্বাসেডর' নির্বাচন করেছেন 'ক্লাইমেট ভালনারেবল ফোরাম (সিভিএফ)'। পররাষ্ট্র মন্ত্রণালয় এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে।

- ▶ এখন থেকে ড্রোন, রিমোটলি পাইলটেড এয়ারক্রাফট সিস্টেম, রিমোট কনট্রোলড খেলনা বিমান ও ঘুড়ি ওড়াতে অনুমতি লাগবে। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)-এর সংবাদ বিজ্ঞপ্তি।
- ▶ ক্যানসার গবেষকরা বলছেন, তাদের উদ্ভাবিত পদ্ধতি অনুযায়ী রক্ত পরীক্ষার মাধ্যমে লক্ষণ প্রকাশের অন্তত চার বছর আগেই ক্যানসার শনাক্ত করা সম্ভব। পাঁচ ধরনের ক্যানসারের ক্ষেত্রে তা কার্যকর। এ গবেষণায় নেতৃত্ব দেন চীনের স্বাস্থ্য বিশেষজ্ঞরা।
- ▶ করোনা মহামারির কারণে নোবেল পুরস্কার প্রদান অনুষ্ঠান বাতিল। নোবেল ফাউন্ডেশন এ ঘোষণা দেয়। তবে অনুষ্ঠান বাতিল হলেও ২০২০ সালের নোবেল বিজয়ীদের নাম ঘোষণা করা হবে।

**২৩ জুলাই**

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে কক্সবাজারে 'খুরুশকুল আশ্রয়ণ প্রকল্প' উদ্‌বোধন করেন ।
- ▶ শ্রমিকদের মজুরি দেওয়ার জন্য তৈরি পোশাক খাতের উদ্যোক্তাদের আরও তিন হাজার কোটি টাকার প্রণোদনা প্রদান করা হয়েছে।
- ▶ বাংলাদেশ ব্যাংক করোনাভাইরাসের কারণে ব্যবসা-বাণিজ্যের নেতিবাচক প্রভাব মোকাবিলায় তৈরি পোশাক ও টেক্সটাইল পণ্য রপ্তানির অর্থ দেশে আনার ক্ষেত্রে বিশেষ ছাড়ের ঘোষণা প্রদান করেছে।
- ▶ ২০২০-২১ অর্থবছরের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৮৬৯ কোটি ৫৬ লাখ টাকার প্রস্তাবিত বাজেট সিনেট অধিবেশনে উপস্থাপন।

**২৪ জুলাই**

- ▶ তুরস্কের ঐতিহাসিক স্থাপনা হায়া সোফিয়ায় ৮৬ বছর পর প্রথমবারের মতো নামাজ আদায় করা হয়েছে। সম্প্রতি আদালতের এক আদেশে ঐতিহাসিক ওই স্থাপনাটিকে মসজিদে রূপান্তর করা হয়।
- ▶ ইউটিউবের বিরুদ্ধে মামলা করেছেন অ্যাপলের সহ-প্রতিষ্ঠাতা স্টিভ ওজনিয়াক। তার ছবি ও ভিডিয়ো ব্যবহার করে মানুষকে ঠকানোর অনুমোদন দেয়ায় তিনি এই মামলা করেন।



**২৫ জুলাই**

- ▶ ভাইস অ্যাডমিরাল এম শাহীন ইকবাল বাংলাদেশ নৌবাহিনীর প্রধান হিসেবে দায়িত্বগ্রহণ করেছেন। তিনি অ্যাডমিরাল এ এম এম আওরঙ্গজেব চৌধুরীর স্থলাভিষিক্ত হলেন।
- ▶ মুসলিম অধ্যুষিত দেশের নাগরিকদের যুক্তরাষ্ট্রে প্রবেশাধিকার হরণে ফের যাতে কেউ 'বিশেষ নির্বাহী আদেশ' জারি করতে না পারেন সেজন্য যুক্তরাষ্ট্রে কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদে একটি বিল পাস হয়েছে।

**২৬ জুলাই**

- ▶ ধানমন্ডির আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে দলের কেন্দ্রীয় নেতাদের বিশেষ সভায় ভিডিয়ো কনফারেন্সে যুক্ত হন প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা।
- ▶ যুক্তরাষ্ট্রের টেক্সাস রাজ্যের অস্টিন ও ওয়াশিংটনের সিয়াটল শহরে বর্ণবাদবিরোধী ব্যাপক বিক্ষোভ হয়েছে।

**২৭ জুলাই**

- ▶ করোনার প্রভাব মোকাবিলায় কুটির, মাইক্রো ও ক্ষুদ্র শিল্পে ঋণপ্রবাহ বাড়াতে ক্রেডিট গ্যারান্টি স্কিম চালু করেছে বাংলাদেশ ব্যাংক। এর আওতায় ওইসব শিল্পে বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো জামানতবিহীন ঋণ বিতরণ করলে কেন্দ্রীয় ব্যাংক নিশ্চয়তা দেবে।
- ▶ চীনের শীর্ষস্থানীয় কোম্পানি ইয়াবাং ইনভেস্টমেন্ট হোল্ডিংস গ্রুপ বাংলাদেশে প্রাথমিকভাবে আড়াই হাজার কোটি টাকা বিনিয়োগ করবে। এই কোম্পানি চট্টগ্রামের মিরসরাইয়ে বঙ্গবন্ধু শিল্পনগরে একটি শিল্পপার্কও স্থাপন করবে।
- ▶ ভারত বাংলাদেশকে ১০টি ব্রডগেজ লোকোমোটিভ (ট্রেন ইঞ্জিন) হস্তান্তর করেছে। ভার্চুয়াল অনুষ্ঠানের মাধ্যমে ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. জয়শংকর এবং রেল, শিল্প ও বাণিজ্যমন্ত্রী পীযুষ গোয়েল বাংলাদেশের উদ্দেশে এই ১০টি লোকোমোটিভের যাত্রার উদ্‌বোধন করেন।

## ২৮ জুলাই

▶ প্রায় ৮ কোটি টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে গণপূর্ত অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী উৎপল কুমার দে ও তার স্ত্রীর বিরুদ্ধে মামলার অনুমোদন দিয়েছে দুর্নীতি দমন কমিশন।

▶ মালয়েশিয়ার রাষ্ট্রীয় বিনিয়োগ তহবিল (ওয়ানএমডিবি) তছরুপ ও দুর্নীতির অভিযোগ প্রমাণিত হওয়ায় সাবেক প্রধানমন্ত্রী নাজিব রাজাককে ১২ বছরের কারাদণ্ড দিয়েছে আদালত। একই সঙ্গে তাকে ২১ কোটি মালয়েশিয়ান রিংগিত (৪ কোটি ৯০ লাখ মার্কিন ডলার) জরিমানা করা হয়েছে। কুয়ালালামপুর হাইকোর্টের বিচারক মোহাম্মদ নাজলান মোহাম্মদ ঘাজালি এ রায় ঘোষণা করেন।

## ২৯ জুলাই

▶ মুজিববর্ষকে স্মরণ করে ২০২১ সালের ক্লাইমেট ভালনারেবল ফোরাম (সিভিএফ) সম্মেলন অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন জাতিসংঘের সাবেক মহাসচিব ও গ্লোবাল কমিশন অন অ্যাডাপটেশনের চেয়ারম্যান বান কি মুন। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে টেলিফোন করে আলাপকালে বান কি মুন এ কথা জানান।

▶ বাংলাদেশ ব্যাংক চলতি ২০২০-২০২১ অর্থবছরের জন্য মুদ্রানীতি ঘোষণা করেছে।

▶ করোনাভাইরাস মহামারির কারণে শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি আরও ২৫ দিন বাড়িয়েছে সরকার। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, ৩১ আগস্ট পর্যন্ত প্রাথমিক থেকে উচ্চশিক্ষা পর্যন্ত সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকবে।

▶ তুরস্ক সরকার সামাজিক যোগাযোগমাধ্যমের ওপর নিয়ন্ত্রণ আরোপে বিল পাস করেছে।

## ৩০ জুলাই

▶ ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন ২০২০-২১ অর্থবছরে ৬ হাজার ১১৯ কোটি ৫৯ লাখ টাকার বাজেট ঘোষণা করেছে। নগর ভবনে এক সংবাদ সম্মেলনে ২০২০-২১ অর্থবছরের জন্য অনুমোদিত বাজেট ঘোষণা করেন মেয়র শেখ ফজলে নূর তাপস।



▶ দেশের ৪৪টি অনলাইন নিউজপোর্টালের নিবন্ধন দেওয়ার মধ্য দিয়ে অনলাইন গণমাধ্যমগুলোর নিবন্ধনের প্রক্রিয়া শুরু করেছে সরকার। তথ্য মন্ত্রণালয় এসব নিউজপোর্টালের নিবন্ধন দিয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে।

▶ ঈদের ছুটিসহ সরকারি যে কোনো ছুটি এবং সাপ্তাহিক বন্ধের দিন কোভিড-১৯ পরীক্ষার আরটিপিসিআর ল্যাব চালু রাখার নির্দেশ দিয়েছে স্বাস্থ্য মন্ত্রণালয়। স্বাস্থ্যসেবা বিভাগ এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে চিঠি দিয়েছে।

▶ করোনায় আক্রান্ত হয়ে যুক্তরাষ্ট্রে প্রতি মিনিটে একজন মারা যাচ্ছে। এই তথ্য জানিয়েছে ওয়ার্ল্ডোমিটার।

## ৩১ জুলাই

▶ খাদ্য নিরাপত্তা জোরদারে চলমান একটি প্রকল্পের আওতায় বাংলাদেশকে আরও ২০ কোটি ২০ লাখ ডলার ঋণ দিচ্ছে বিশ্ব ব্যাংক। আন্তর্জাতিক ঋণদাতা সংস্থাটির নির্বাহী পরিচালকরা এই ঋণের অনুমোদন দেন বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

▶ কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভের বাহারছড়া ইউনিয়নের শামলাপুর চেকপোস্টে পুলিশের গুলিতে নিহত হন বাংলাদেশ সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত মেজর সিনহা মোহাম্মদ রাশেদ খান (৩৭)।

▶ মিডিয়া মুঘল রুপার্ট মারডকের ছোট ছেলে জেমস নিউজ কর্পোরেশনের পরিচালনা পরিষদ থেকে পদত্যাগ করেছেন। 'সম্পাদকীয় বিষয়বস্তু' ও কোম্পানির নেওয়া 'কৌশলগত বিভিন্ন সিদ্ধান্তের' সঙ্গে মতপার্থক্যের জেরে তিনি পদত্যাগ করেছেন বলে যুক্তরাষ্ট্রের সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে জমা দেওয়া নথিতে জানানো হয়েছে।

▶ ফেইম, এভিটা ও বাগজি মেলোনোর মতো অসংখ্য জনপ্রিয় চলচ্চিত্রের নির্মাতা অ্যালান পার্কার মৃত্যুবরণ করেছেন। দীর্ঘদিন ধরে অসুস্থ এ ব্রিটিশ পরিচালক ৭৬ বছরে বয়সে শেষ নিশ্বাস ত্যাগ করেছেন বলে বিবিসির এক প্রতিবেদনে জানানো হয়েছে।

## আগস্ট

**১ আগস্ট**

▶ করোনাভাইরাস মহামারীর মধ্যে ঈদের নামাজ বঙ্গভবনের দরবার হলে পড়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। পরিবারের কয়েকজন সদস্য এবং পদস্থ কর্মকর্তাদের নিয়ে তিনি স্বাস্থ্যবিধি মেনে ইদুল আজহার নামাজ পড়েন।

▶ মুসলমানদের অন্যতম বড় ধর্মীয় উৎসব ইদুলআজহা উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা জানিয়েছেন ভারতের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়।

**২ আগস্ট**

▶ কৃষক লীগের স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি উদ্‌বোধনের মধ্য দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা শোকের মাস আগস্টের কর্মসূচির আনুষ্ঠানিক সূচনা করেন। ভার্চুয়ালি এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যুক্ত হন তিনি।

▶ কোভিড-১৯ মহামারীর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশসহ ৩১টি দেশকে 'উচ্চ ঝুঁকিপূর্ণ' হিসেবে চিহ্নিত করে এসব দেশের নাগরিকদের প্রবেশে নিষেধাজ্ঞা দিয়েছে কুয়েত সরকার। অন্য দেশ থেকে ভ্রমণের আগে ১৪ দিনের মধ্যে যেসব যাত্রী এই দেশগুলোতে ছিলেন, তাদেরকেও এই নিষেধাজ্ঞার আওতায় আনা হয়েছে বলে কুয়েতের বেসামরিক বিমান পরিবহন অধিদপ্তরের মহাপরিচালক এক বিবৃতিতে জানান। কুয়েতের জন্য 'উচ্চ ঝুঁকিপূর্ণ' দেশগুলোর তালিকায় বাংলাদেশের নামও রয়েছে।

▶ ভারতের স্বাধীনতা সংগ্রামের মহানায়ক মহাত্মা গান্ধীর স্মরণে একটি ধাতব মুদ্রা ছাড়ার কথা বিবেচনা করা হচ্ছে বলে জানিয়েছে যুক্তরাজ্য। দেশটির রয়েল মিন্ট অ্যাডভাইজরি কমিটিকে (আরএএমসি) লেখা এক চিঠিতে ব্রিটিশ অর্থমন্ত্রী রিশি সুনাক কৃষ্ণাঙ্গ, এশীয় ও অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায়ের বিশেষ বিশেষ ব্যক্তির অবদানকে স্বীকৃতি দিতে অনুরোধ করার পর যুক্তরাজ্যের ট্রেজারি এ কথা জানায় বলে বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে।



**৩ আগস্ট**

▶ করোনাভাইরাস মহামারির মধ্যে হাটবাজার, দোকান-পাট ও শপিংমল খোলা রাখার সময় এক ঘণ্টা বাড়ানো হয়েছে। এখন থেকে স্বাস্থ্যবিধি মেনে রাত ৮টা পর্যন্ত দোকানপাট খোলা রাখা যাবে, যা এতদিন সন্ধ্যা ৭টা পর্যন্ত ছিল। তবে মহামারির এই সঙ্কটের মধ্যে যেভাবে সীমিত আকারে অফিস চলছে, তা আগামী ৩১ আগস্ট পর্যন্ত অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়েছে। আর রাত ১০টা থেকে ভোর ৫টা পর্যন্ত অতি জরুরি প্রয়োজন ছাড়া বাড়ির বাইরে যেতে সবাইকে নিষেধ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের এক আদেশে এই নির্দেশনা দেয়া হয়েছে।

▶ যুক্তরাজ্যে দ্রুত করোনাভাইরাস পরীক্ষার ফল পেতে ৯০ মিনিটেই ভাইরাস এবং ফ্লু শনাক্ত করার নতুন পরীক্ষা আগামী সপ্তাহ থেকে শুরু হচ্ছে হাসপাতাল এবং কেয়ার হোমগুলোতে। বিবিসি এই তথ্য প্রকাশ করেছে।

**৪ আগস্ট**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা কক্সবাজারে পুলিশের গুলিতে নিহত অবসরপ্রাপ্ত সেনা কর্মকর্তা মেজর সিনহা মো. রাশেদ খানের মাকে নাসিমা বেগমকে ফোন করে সমবেদনা ও সান্ত্বনা জানিয়েছেন। তিনি ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচারের আশ্বাস দেন।

▶ লেবাননের রাজধানী বৈরুতে বড়ো ধরনের বিস্ফোরণে গোটা শহর প্রকম্পিত হয়। শহরের বন্দর এলাকায় সংঘটিত বিস্ফোরণে অন্তত ৭৮ জন নিহত ও বহু মানুষ আহত হয়েছেন। ব্যাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা করা হচ্ছে।

**৫ আগস্ট**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা শেখ কামালের জন্মবার্ষিকী উপলক্ষ্যে গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আলোচনাসভায় অংশগ্রহণ করেন।

▶ সেনাবাহিনী প্রধান জেনারেল আজিজ আহমেদ ও পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) ড. বেনজীর আহমেদ কক্সবাজারে সাবেক সেনা কর্মকর্তা সিনহা মোহাম্মদ রাশেদ খান হত্যাকাণ্ডের স্থান পরিদর্শন করেন। পরে তারা কক্সবাজার সৈকতের বালিয়াড়িতে সেনাকল্যাণ ট্রাস্টের রেস্ট হাউজে যৌথ প্রেসব্রিফিং করেন।

▶ জাপান ও বাংলাদেশের করোনা পরিস্থিতি, অর্থনৈতিক ও অবকাঠামোগত উন্নয়ন নিয়ে টেলিফোনে আলাপ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে এ সময় শিনজো আবে জানান, করোনাভাইরাসের অভিঘাত মোকাবিলায় বাংলাদেশকে ৩ হাজার ৫০০ বিলিয়ন জাপানি ইয়েন আর্থিক সহযোগিতা দেবে জাপান।

**৬ আগস্ট**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) গভর্নিং বডির সভার প্রারম্ভিক ভাষণে বলেন, দেশের অর্থনীতি যাতে এগিয়ে যায়, সেদিকে লক্ষ্য রেখে আমাদের কাজ করতে হবে এবং আমাদের বিনিয়োগ পরিবেশটা আরও আকর্ষণীয় করতে হবে।

▶ সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত মেজর সিনহা মোহাম্মদ রাশেদ খান হত্যা মামলায় টেকনাফ থানার সাবেক ওসি প্রদীপ কুমার দাশ, পরিদর্শক লিয়াকত আলী ও উপপরিদর্শক নন্দলাল রক্ষিতকে সাতদিন করে রিমান্ড মঞ্জুর করেছে আদালত। এজাহারভুক্ত বাকি দুই আসামি এস আই টুটুল ও কনস্টেবল মো. মোস্তফা আত্মসমর্পণ না করায় তাদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি।

▶ দুর্নীতি দমন কমিশন নিম্নমানের মাস্ক, পিপিই ও অন্যান্য স্বাস্থ্য সরঞ্জামাদি কেনায় দুর্নীতির অভিযোগ অনুসন্ধানের জন্য স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক মহাপরিচালক (ডিজি) ডা. আবুল কালাম আজাদসহ পাঁচজনকে তলব করেছে।

▶ ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া স্থলবন্দর দিয়ে ভারতের ত্রিপুরায় রপ্তানিকৃত মাছ ছিনতাইয়ের ঘটনায় দীর্ঘ ২৭ দিন বন্ধ থাকার পর আবার মাছ রপ্তানি শুরু হয়েছে।

**৭ আগস্ট**

▶ বঙ্গবন্ধু হত্যাকাণ্ডে মৃত্যুদণ্ডপ্রাপ্ত যুক্তরাষ্ট্রে পালিয়ে থাকা খুনিদের ফেরত পাঠাতে সে দেশের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে চিঠি পাঠিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী এ কে আবদুল মোমেন এ কথা জানান।



▶ মেজর (অব.) সিনহা মো. রাশেদ খান হত্যা মামলার আসামি ওসি প্রদীপ কুমার দাশসহ সাত পুলিশ সদস্যকে সাময়িক বরখাস্ত। (৬ আগস্টের ঘটনা)

▶ শ্রীলঙ্কার পার্লামেন্ট নির্বাচনে বিশাল জয় শ্রীলঙ্কা পিপলস ফ্রন্ট (এসএলপিপি)। আনুষ্ঠানিক ফল ঘোষণার পর বিজয়ী দল এসএলপিপিকে সরকার গঠনের জন্য আহ্বান জানানো হয়েছে।

**৮ আগস্ট**

▶ বঙ্গমাতা ফজিলাতুন নেছা মুজিবের ৯০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমি আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনুষ্ঠানে গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে যুক্ত হন।

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা শ্রীলংকার জাতীয় সংসদ নির্বাচনে বর্তমান ক্ষমতাসীন দল এসএলপিপির বিজয়ে সে দেশের প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপাকসেকে অভিনন্দন জানিয়েছেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব এ তথ্য জানিয়েছেন।

**৯ আগস্ট**

▶ কক্সবাজারে পুলিশের গুলিতে নিহত সাবেক সেনা কর্মকর্তা সিনহা মো. রাশেদ খানের ডকুমেন্টারি তৈরির সহযোগী ও স্ট্যামফোর্ড বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী শিপ্রা দেবনাথ জামিনে মুক্ত হয়েছেন।

▶ সুরকার, গীতিকার, সংগীত পরিচালক আলাউদ্দিন আলী (৬৮) ইউনিভার্সেল মেডিক্যাল কলেজ হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন।

▶ লেবাননে সরকারের পদত্যাগের দাবিতে ব্যাপক বিক্ষোভ। বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ। কয়েকজন এমপির পদত্যাগের পর দেশটির তথ্যমন্ত্রীও বিক্ষোভকারীদের সঙ্গে একমত পোষণ করে পদত্যাগ করেন। (৭ আগস্টের ঘটনা)

**১০ আগস্ট**

▶ কক্সবাজারে পুলিশের গুলিতে মেজর (অব.) সিনহা মোহাম্মদ রাশেদ খান নিহত হওয়ার সময় তার সঙ্গে থাকা স্ট্যামফোর্ড বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী শাহেদুল ইসলাম সিফাত জামিনে মুক্ত হয়েছেন।

▶ করোনা পরিস্থিতির কারণে প্রায় সাড়ে চার মাস পর আবারও লন্ডন-সিলেট সরাসরি ফ্লাইট চালু হয়েছে। করোনার উপসর্গ থাকা বিমানযাত্রীদের কোয়ারেন্টাইন ও আইসোলেশনে রাখার ব্যবস্থাও করা হয়েছে।

▶ চলতি বছর প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) ও জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা হচ্ছে না। একই সঙ্গে বাতিল করা হচ্ছে মাদ্রাসা শিক্ষা বোর্ডের ইবতেদায়ি শিক্ষা সমাপনী (ইইসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষাও। করোনা পরিস্থিতির কারণে এই দুই পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত হয়েছে।

▶ প্রশাসন ক্যাডারের সঙ্গে একীভূত হলেন বিলুপ্ত ইকোনমিক ক্যাডারের চার শতাধিক কর্মকর্তা। প্রশাসন ক্যাডারের সমপদে নেওয়ার জন্য তাদের ব্যাচভিত্তিক সময় পরিমার্জন সংক্রান্ত সুপারিশ প্রধানমন্ত্রী অনুমোদন করেছেন।

▶ বৈরুত বন্দরে ভয়াবহ বিস্ফোরণে দুই শতাধিক নিহতের পর গণঅসন্তোষের মুখে পদত্যাগ করে লেবানন সরকার। দেশটির প্রধানমন্ত্রী হাসান ডিয়াব রাষ্ট্রীয় টেলিভিশনে দেওয়া এক ভাষণে পদত্যাগের কথা ঘোষণা করেন।

▶ জেরুজালেম ইসরাইলের রাজধানী নয় বলে মন্তব্য ইতালির একটি আদালতের। দেশটির রোম কোর্টের (ট্রিবিউনাল ডি রোমা) এক রায়ে এ মন্তব্য করা হয়। আদালত বলেছেন, আন্তর্জাতিক আইন জেরুজালেমকে ইসরাইলের রাজধানী হিসেবে স্বীকৃতি দেয় না।

**১১ আগস্ট**

▶ আট দিন বন্ধ থাকার পর টেকনাফ মডেল থানার প্রধান গেট খুলে দেওয়া হয়েছে। থানার নবাগত ওসি আবুল ফয়সল গেট খুলে দেওয়ার নির্দেশ দেন। অবসরপ্রাপ্ত মেজর সিনহা মোহাম্মদ রাশেদ খান পুলিশের গুলিতে নিহতের পর এতদিন এ গেট বন্ধ রাখা হয়েছিল। (১০ আগস্টের ঘটনা)

▶ 'ভারত-বাংলাদেশ অংশীদারত্ব : কোভিড-১৯ পরবর্তী বিশ্বে অর্থনৈতিক পুনর্জাগরণ' বিষয়ক এক ওয়েবিনার অনুষ্ঠিত। ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার রীভা গাঙ্গুলি দাস ওয়েবিনারে বলেন, রেল ও অভ্যন্তরীণ নৌপথে উভয় দেশের নেওয়া সাম্প্রতিক পদক্ষেপগুলো বাণিজ্য ব্যয় হ্রাসে সহায়তা করবে।



▶ যুক্তরাষ্ট্রে হোয়াইট হাউসের পাশে গুলির পর সংবাদ সম্মেলন থেকে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে সরিয়ে নেওয়া হয়। পরে ফিরে এসে তিনি আবার তার বক্তব্য দেন।

▶ করোনা পরিস্থিতিতে প্রথমবারের মতো লকডাউন ঘোষণা দিয়েছে ভুটান। দেশটিতে নতুন করে এক বাসিন্দার দেহে করোনা পজিটিভ ধরা পড়ার পরই দেশজুড়ে লকডাউন ঘোষণা দেয়া হল।

▶ রাশিয়া বিশ্বের প্রথম দেশ হিসেবে করোনাভাইরাসের একটি টিকার অনুমোদন দিয়েছে। স্থানীয়ভাবে তৈরি 'স্পুটনিক ভি' নামের টিকাটি মানুষের ওপর পরীক্ষা করার পর সেটির ব্যবহারিক প্রয়োগের অনুমোদন মিলেছে।

**১২ আগস্ট**

▶ করোনাভাইরাস মহামারির মধ্যে নিম্নমানের মাস্ক, পিপিই ও অন্যান্য স্বাস্থ্য সরঞ্জাম কেনাকাটায় দুর্নীতির অভিযোগ অনুসন্ধানের অংশ হিসেবে স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক মহাপরিচালক ডা. আবুল কালাম আজাদসহ পাঁচজনকে জিজ্ঞাসাবাদ করেছে দুর্নীতি দমন কমিশন। অপর যে চার জনকে জিজ্ঞাসাবাদ করা হয় তারা হলেন: স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক পরিচালক (ওএসডি) ডা. মো. আমিনুল হাসান, উপপরিচালক মো. ইউনুস আলী, মো. শফিউর রহমান ও স্বাস্থ্য অধিদপ্তরের গবেষণা কর্মকর্তা ডা. মো. দিদারুল ইসলাম।

▶ লেবাননের রাজধানী বৈরুতে সম্প্রতি ভয়াবহ বিস্ফোরণে মানবিক ও ত্রাণসামগ্রী হস্তান্তর শেষে ৭১ প্রবাসী বাংলাদেশিকে বিমানবাহিনীর পরিবহণ বিমানে করে দেশে আনা হয়েছে।

**১৩ আগস্ট**

▶ ফারমার্স ব্যাংকের ৪ কোটি টাকা ঋণ জালিয়াতি ও অর্থ পাচারের মামলায় সাবেক প্রধান বিচারপতি এস কে সিনহাসহ ১১ আসামির বিরুদ্ধে অভিযোগ গঠন অনুমোদন দিয়েছে আদালত।

▶ চীনে অধিবাসীদের কম করে খাওয়ার নির্দেশ দিয়েছেন প্রেসিডেন্ট শি জিনপিং। খাবার নষ্ট না করারও আহ্বান তিনি। চলমান ভয়াবহ বন্যা পরিস্থিতি ও করোনা মহামারির মধ্যে খাদ্য সরবরাহের সংকটের মধ্যে এই নির্দেশনা দেন চীনা প্রেসিডেন্ট।

### ১৪ আগস্ট

▶ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্ট শহিদদের স্মরণে সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সমাজকল্যাণ অধিদপ্তর ৫০ হাজারবার কোরআন খতম ও দোয়া মাহফিলের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা অংশগ্রহণ করেন।

▶ যুক্তরাষ্ট্রে একশ' বছরের মধ্যে সবচেয়ে বড় জনস্বাস্থ্য সংকট তৈরি করেছে করোনাভাইরাস মহামারি। ইউএস সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (সিডিসি) এর পরিচালক রবার্ট রেডফিল্ড একথা বলেছেন। তিনি জানান, যুক্তরাষ্ট্রে স্বাস্থ্য খাতে উন্নয়নের নানা কর্মসূচি এই মহামারির কারণে ব্যাহত হচ্ছে। বিবিসি এ তথ্য জানিয়েছে।

### ১৫ আগস্ট

▶ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবসে দেশ ও জাতির পক্ষ থেকে ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

▶ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে খ্যাতিমান চিত্রশিল্পী মুর্তজা বশীর এভারকেয়ার হাসপাতালের ইনটেনসিভ কেয়ার ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন।

▶ জাতীয় শোক দিবস উপলক্ষ্যে জাতীয় পার্টি বনানী কার্যালয় মিলনায়তনে আলোচনাসভার আয়োজন করে। প্রধান অতিথি ছিলেন জাতীয় পার্টির চেয়ারম্যান ও বিরোধী দলীয় উপনেতা জি এম কাদের।

▶ ভারতের ৭৪তম স্বাধীনতা দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ঢাকায় ভারতীয় হাইকমিশন বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে।

▶ আন্তর্জাতিক ক্রিকেট থেকে বিদায় নিলেন ভারতের ক্রিকেট দলের অধিনায়ক মহেন্দ্র সিং ধোনি।

### ১৬ আগস্ট

▶ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে কেন্দ্রীয় কার্যালয়ে আওয়ামী লীগ স্মরণসভার আয়োজন করে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে অনুষ্ঠানে যুক্ত হন।



▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহারের ঘর পেলেন শেরপুরের 'দাতা ভিক্ষুক' নাজিম উদ্দিন। শেরপুরের জেলা প্রশাসক আনারকলি মাহবুব আনুষ্ঠানিকভাবে নাজিম উদ্দিনের হাতে ঘরের চাবি তুলে দেন।

### ১৭ আগস্ট

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'প্রবারণাপূর্ণিমা ও কঠিন চীবর দানোৎসব' উদ্‌যাপন করতে বৌদ্ধধর্মীয় কল্যাণ ট্রাস্টকে ১ কোটি টাকা অনুদান দিয়েছেন। প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল থেকে এ অনুদান দেওয়া হয়।

▶ কক্সবাজারে পুলিশের এসপি এ বি এম মাসুদ হোসেন, টেকনাফের সাবেক ওসি প্রদীপ কুমার দাশ এবং চলচ্চিত্রের খলনায়ক ইলিয়াস কোবরাসহ ৯১ জনের ব্যাংক হিসাব স্থগিত। বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) থেকে দেশের তপশিলি ব্যাংকগুলোকে পাঠানো পৃথক দুটি চিঠিতে সংশ্লিষ্টদের ব্যক্তি ও প্রতিষ্ঠানের হিসাব স্থগিত করতে বলা হয়।

▶ সোমালিয়ার রাজধানী মোগাদিসুর সমুদ্রসৈকতের পাশে একটি এলিট হোটেলে ঢুকে জঙ্গিরা নির্বিচারে হত্যাকাণ্ড চালানোর ঘটনা ঘটিয়েছে। এই ঘটনায় অন্তত ১০ জন নিহত। (১৬ আগস্টের ঘটনা)

### ১৮ আগস্ট

▶ জাতীয় সংসদের অধিবেশন কক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি সংরক্ষণ ও প্রদর্শনের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। একই সঙ্গে এই নির্দেশ বাস্তবায়ন করে এক মাসের মধ্যে এ সংক্রান্ত প্রতিবেদন আদালতে দাখিল করতে বলা হয়েছে।

▶ অবৈধ সম্পদ অর্জনের মামলায় ক্যাসিনো গডফাদার ও সাবেক যুবলীগ নেতা ইসমাইল হোসেন সম্রাটের স্ত্রী ও বাবার স্থাবর সম্পদ ক্রোকের আদেশ দিয়েছেন আদালত। দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের পরিপ্রেক্ষিতে ঢাকা মহানগর সিনিয়র স্পেশাল জজ কে এম ইমরুল কায়েশ এ আদেশ দেন।

▶ দু'দিনের এক অনানুষ্ঠানিক সফরে ঢাকায় এসেছেন ভারতের পররাষ্ট্র সচিব হর্ষবর্ধন শ্রিংলা।

**১৯ আগস্ট**

- আফ্রিকা মহাদেশের মালিতে সেনা বিদ্রোহে সে দেশের সরকারের পতন হয়েছে। বিদ্রোহীরা প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীকে আটক করেছে। (১৮ আগস্টের ঘটনা)
- বাংলাদেশের পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেনের সঙ্গে সফররত ভারতের পররাষ্ট্র সচিব হর্ষবর্ধন শ্রিংলার দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হয়েছে।
- চাহিদামতো টাকা না পেয়ে ইয়াবা মামলায় ফাঁসানোর অভিযোগে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) বায়েজিদ বোস্তামী থানার ৮ পুলিশ কর্মকর্তাসহ নয়জনের বিরুদ্ধে চট্টগ্রাম অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের আদালতে মামলা করা হয়েছে।
- যুক্তরাষ্ট্রের মিশিগান স্টেটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের একটি স্থায়ী প্রতিকৃতি স্থাপন করেছে মিশিগান স্টেট আওয়ামী যুবলীগ। পাথরের তৈরি ৯ ফুট উচ্চতা ও পাঁচ ফুট প্রস্থের এই প্রতিকৃতি যুক্তরাষ্ট্রে স্থাপিত জাতির পিতার প্রথম কোনো স্থায়ী প্রতিকৃতি। (১৬ আগস্টের ঘটনা)

**২০ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল বেজার গভর্নিং বডির সপ্তম ভার্চুয়াল বৈঠকে অংশগ্রহণ করেন। বৈঠকে প্রধানমন্ত্রী যুবকদের চাকরির পেছনে না ছুটে উদ্যোক্তা হয়ে ওঠার পরামর্শ দেন।
- করোনা পরীক্ষায় রিপোর্ট প্রতারণার মামলায় জেকেজি হেলথ কেয়ারের চেয়ারম্যান ডা. সাবরিনা চৌধুরী ও তার স্বামী প্রতিষ্ঠানের সিইও আরিফুল হক চৌধুরীসহ আটজনের বিরুদ্ধে অভিযোগ (চার্জ) গঠন অনুমোদন দিয়েছে আদালত।
- জাতিসংঘ চার বাংলাদেশিকে 'রিয়েল লাইফ হিরো' হিসেবে স্বীকৃতি দিয়েছে। এই চারজন হলেন: ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী তানভীর হাসান সৈকত, ব্র্যাকের স্থপতি রিজভী হাসান, অনুবাদক সিফাত নুর ও দারিদ্র্য জয় করে স্বাবলম্বী হয়ে ওঠা আঁখি। বিশ্ব মানবতা দিবস



উপলক্ষ্যে মানবিক সহায়তার সম্মুখযোদ্ধা এই চারজনকে এ সম্মান দেওয়া হয়েছে। (১৯ আগস্টের ঘটনা)

- যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া রাজ্যে কয়েক হাজার বজ্রপাতে ৩৬৭টি পৃথক অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। লাখ খানেক লোক নিজেদের ঘরবাড়ি ছেড়ে পালাতে বাধ্য হয়েছে। বহু বাড়ি আগুনে পুড়ে গেছে। দমকল বাহিনীর একটি হেলিকপ্টার বিধ্বস্ত হয়ে একজন পাইলট নিহত হয়েছেন।
- ডেমোক্র্যাটিক পার্টির ভাইস প্রেসিডেন্ট প্রার্থী হিসেবে কমলা হ্যারিস আনুষ্ঠানিক মনোনয়ন পেয়েছেন।

**২১ আগস্ট**

- আওয়ামী লীগ নেতাদের ওপর গ্রেনেড হামলার ১৬তম বার্ষিকী উপলক্ষ্যে বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আওয়ামী লীগ ভার্চুয়াল আলোচনা সভার আয়োজন করে। প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা এ সভায় সভাপতিত্ব করেন।
- প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের নির্দেশে সুপ্রিমকোর্ট প্রশাসনে দুর্নীতিবিরোধী অভিযান শুরু হয়েছে।
- করোনাভাইরাসের কারণে টানা পাঁচ মাস বন্ধ থাকার পর বান্দরবানের সব পর্যটনকেন্দ্র ও হোটেল-মোটেল-রিসোর্ট খুলে দেওয়া হয়েছে।
- স্বাস্থ্য অধিদফতরের কর্মকর্তাদের গণমাধ্যমে কথা বলতে হলে প্রতিষ্ঠানের মহাপরিচালকের অনুমতি নিতে হবে। ন্যূনতম পরিচালক পর্যায়ের কর্মকর্তাগণ সাক্ষাৎকার ও টকশোতে অংশগ্রহণ করতে পারবেন। স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগ এই তথ্য প্রকাশ করেছে।

**২২ আগস্ট**

- কক্সবাজারে অবসরপ্রাপ্ত মেজর সিনহা হত্যা মামলায় ৭ দিনের রিমান্ডে র‍্যাব হেফাজতে নেওয়া হয়েছে আর্মড পুলিশ ব্যাটালিয়নের (এপিবিএন) তিন সদস্যকে।
- লেবাননে আটকেপড়া ৪০৬ প্রবাসী বাংলাদেশীকে দেশে ফেরত আনা হয়েছে।
- ভাস্কর মৃণাল হক (৬২) গুলশানের নিজ বাসায় মৃত্যুবরণ করেন।

**২৩ আগস্ট**

- বাংলাদেশে ভারতের বিদায়ি হাইকমিশনার রীভা গাঙ্গুলি দাস কৃষিমন্ত্রী ড. মো. আবদুর রাজ্জাকের সঙ্গে বৈঠক করেন। বৈঠকের পর মন্ত্রী সাংবাদিকদের এ তথ্য জানান, কৃষিক্ষেত্রে ভারত ও বাংলাদেশের পরস্পরকে সহযোগিতা করার অনেক সুযোগ রয়েছে।
- টেকনাফ থানার বরখাস্ত ওসি প্রদীপ ও তার স্ত্রী চুমকি কারণের বিরুদ্ধে চট্টগ্রামে মানি লন্ডারিং আইনে মামলা করেছে দুদক। আসামিদের বিরুদ্ধে ঘুস-দুর্নীতির মাধ্যমে ৩ কোটি ৯৫ লাখ ৫ হাজার ৬৩৫ টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ আনা হয়েছে।
- বিশ্বের সবচেয়ে বয়স্ক ব্যক্তি দক্ষিণ আফ্রিকার নাগরিক ফ্রেডি ব্লুম (১১৬) মৃত্যুবরণ করেছেন।
- সাহসী ও নৈতিক সাংবাদিকতার জন্য পিটার ম্যাকলার পুরস্কার-২০২০ লাভ করেন ভারত নিয়ন্ত্রিত কাশ্মীরের ফটো জার্নালিস্ট মাসরাত জাহরা।

**২৪ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে মন্ত্রিসভার নিয়মিত সাপ্তাহিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মন্ত্রিসভার সদস্যরা সচিবালয় থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে যোগ দেন।
- পাবনা-৪ আসনের উপনির্বাচনের তপশিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। ভোট গ্রহণ করা হবে ২৬ সেপ্টেম্বর।

**২৫ আগস্ট**

- প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে ভার্চুয়াল পদ্ধতিতে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধানমন্ত্রী বলেন, সিনেমা হল বাঁচাতে মালিকরা চাইলে সরকার তাদের ঋণ দিয়ে আর্থিকভাবে সহযোগিতা করবে। এজন্য একটি বিশেষ তহবিল গঠনের নির্দেশ দেন তিনি।
- প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) এবং ইবতেদায়ি শিক্ষা সমাপনী (ইইসি) পরীক্ষা এবার হচ্ছে না। প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এই পরীক্ষা বাতিল করেছে।



- মুক্তিযুদ্ধকালীন ৪ নম্বর সেক্টরের কমান্ডার মেজর জেনারেল (অব.) চিত্তরঞ্জন দত্ত বীর-উত্তম যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিশ্বাস ত্যাগ করেছেন।
- নিজ ভূখণ্ড থেকে রোহিঙ্গাদেরকে বিতাড়নের ঘটনার চার বছর পূর্তির দিনে মিয়ানমারকে আন্তর্জাতিক ন্যায়বিচার আদালতের (ইন্টারন্যাশনাল কোর্ট অব জাস্টিস-আইসিজে) চলমান মামলার কথা স্মরণ করিয়ে দিয়েছে জাতিসংঘ। মিয়ানমারের জাতিসংঘ কার্যালয়ের ওয়েবসাইটে এ সংক্রান্ত একটি বিবৃতি প্রকাশিত হয়।

**২৬ আগস্ট**

- ঐতিহাসিক ছয় দফা দিবস উপলক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন বিষয়ক জাতীয় বাস্তবায়ন কমিটি আয়োজিত অনলাইন কুইজ প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বাংলাদেশের অগ্রযাত্রাকে এগিয়ে নিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যে পথ দেখিয়েছেন, যে আদর্শ রেখে গেছেন, সে পথ ধরেই এগিয়ে যেতে হবে।
- রাজনৈতিক দল নিবন্ধন আইনের খসড়ায় নীতিগত অনুমোদন করেছে নির্বাচন কমিশন ।
- মাল্টিলেভেল মার্কেটিং কোম্পানি ইউনিপেটুইউয়ের জব্দ করা ৪২০ কোটি টাকা বিনিয়োগকারীদের মধ্যে বিতরণ না করায় রুল জারি করেছে হাইকোর্ট। রুলে এক বিনিয়োগকারীর (রিট আবেদনকারী) অর্থ সুদসহ কেন ফেরত দিতে নির্দেশ দেওয়া হবে না, তা জানতে চাওয়া হয়েছে।

**২৭ আগস্ট**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়াল কনফারেন্সের মাধ্যমে ১৮টি জেলার ৩১টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন উদ্‌বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, বিদ্যুৎ উৎপাদন খরচ অনেক বেশি হওয়া সত্ত্বেও ভর্তুকি দিয়ে কম পয়সায় তা গ্রাহকদের কাছে সরবরাহ করা হচ্ছে। তাই অহেতুক বিদ্যুৎ অপচয় করা যাবে না।

- ▶ চলতি বছরের অষ্টম শ্রেণির জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা বাতিল করা হয়েছে।
- ▶ রংপুর মেডিক্যাল কলেজ ও হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভাপতির পদ থেকে বিরোধী দলীয় হুইপ জাপা নেতা মসিউর রহমান রাঙ্গাকে অব্যাহতি দিয়েছে স্বাস্থ্য মন্ত্রণালয়। তার স্থানে রংপুর সদর আসনের এমপি ও জাতীয় পার্টির যুগ্ম মহাসচিব রাহগীর আল মাহি সাদ এরশাদকে সভাপতি হিসেবে নিয়োগ দেয়া হয়েছে।
- ▶ বাংলাদেশে চীনা কোম্পানি সিনোভ্যাকের তৈরি করোনাভাইরাস প্রতিরোধী টিকার তৃতীয় পর্যায়ের পরীক্ষামূলক প্রয়োগের অনুমোদন দিয়েছে সরকার। সচিবালয়ে স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক সাংবাদিকদের এই সিদ্ধান্তের কথা জানান।
- ▶ ২০২০ সালের বুকার পুরস্কার লাভ করেছেন ২৯ বছর বয়সি ডাচ নারী মারিকা লুকাস রিনভেল্ড। মাতৃভাষায় লেখা উপন্যাস 'দ্য ডিসকমফর্ট অব ইভিনিং'-এর জন্য তিনি পুরস্কার পেলেন।

**২৮ আগস্ট**

- ▶ একুশে পদকপ্রাপ্ত প্রখ্যাত কথাসাহিত্যিক ও সাংবাদিক রাহাত খান (৮০) ইন্তেকাল করেছেন।
- ▶ জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবে পদত্যাগ করেছেন। এক সংবাদ সম্মেলনে তিনি তার পদত্যাগের ঘোষণা দেন।

**২৯ আগস্ট**

- ▶ রাশিয়া হতে আগত রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রয়োজনীয় ভারি যন্ত্রপাতি ও সরঞ্জাম গ্রহণে ঈশ্বরদীর পদ্মা নদীতে নবনির্মিত নৌবন্দর চালু করা হয়েছে।
- ▶ সামগ্রিক পরিস্থিতি ও জনস্বার্থ বিবেচনা করে সরকার ১ সেপ্টেম্বর থেকে গণপরিবহণে আগের নির্ধারিত ভাড়ায় ফিরে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এই তথ্য প্রকাশ করেছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- ▶ জাতীয় সংসদের শূন্য হওয়া সব আসনের উপনির্বাচনে অংশ নেয়ার সিদ্ধান্ত নিয়েছে বিএনপি। স্থায়ী কমিটির ভার্চুয়াল বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয়।



**৩০ আগস্ট**

- ▶ জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আওয়ামী লীগের ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ শাখা আয়োজিত আলোচনা সভায় গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে যুক্ত হন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ▶ অবসরপ্রাপ্ত মেজর সিনহা মো. রাশেদ খান হত্যা মামলার প্রধান আসামি বরখাস্ত পরিদর্শক লিয়াকত আলী ফৌজদারি কার্যবিধির ১৬৪ ধারায় জবানবন্দি দিয়েছেন।

**৩১ আগস্ট**

- ▶ শোকাবহ আগস্টের মাসব্যাপী কর্মসূচির সমাপনী দিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা ফজিলাতুন নেছা মুজিব স্মরণে ছাত্রলীগ আলোচনাসভার আয়োজন করে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।
- ▶ ভারতের প্রথম বাঙালি রাষ্ট্রপতি প্রণব মুখার্জি (৮৪) দিল্লির আর্মি রিসার্চ অ্যান্ড রেফারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিশ্বাস ত্যাগ করেছেন। তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করেছেন বাংলাদেশের রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ▶ বেসরকারি টেলিভিশন, বেতার ও প্রিন্ট মিডিয়ার অনলাইন সংস্করণ এবং আইপি টিভি ও ইন্টারনেট রেডিয়ো পরিচালনার জন্য সরকারের কাছ থেকে নিবন্ধন নিতে হবে। এ ধরনের বিধান সংযোজন করে অনলাইন গণমাধ্যম নীতিমালা সংশোধনের প্রস্তাব অনুমোদন করেছে মন্ত্রিসভা।
- ▶ কনটেইনার ওঠানামায় বিশ্বের ১০০ শীর্ষ সমুদ্রবন্দরের মধ্যে চট্টগ্রাম বন্দর এখন ৫৮তম অবস্থানে উঠে এসেছে। (২৯ আগস্টের ঘটনা)
- ▶ তথ্যপ্রযুক্তি সেবাখাতে উদ্ভাবনীমূলক সমাধান প্রদানে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য ২০২০ সালের 'সফটওয়্যার অ্যাজ এ সার্ভিস' (সাস) অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছে বাংলাদেশি উদ্যোক্তা ড. সামির আসাফের প্রতিষ্ঠান 'পারফর্মেক্স'।
- ▶ মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, প্রগতিশীল গণতান্ত্রিক পার্টি-পিডিপির চেয়ারম্যান ড. ফেরদৌস আহমদ কোরেশী (৭৮) রাজধানীর কুর্মিটোলা জেনারেল হাসপাতালে মারা গেছেন।

▶ লেবাননের নতুন প্রধানমন্ত্রী হিসেবে সাবেক কূটনীতিক মুস্তফা আদিবের নাম ঘোষণা করা হয়েছে। জার্মানিতে নিযুক্ত লেবাননের সাবেক রাষ্ট্রদূত ছিলেন মুস্তফা আদিব। লেবাননের বেশিরভাগ এমপির সমর্থন পেয়ে তিনি প্রধানমন্ত্রী মনোনীত হন।

## সেপ্টেম্বর

**১ সেপ্টেম্বর**

▶ করোনা পরিস্থিতির কিছুটা উন্নতি হওয়ায় সীমিত পরিসর থেকে বেরিয়ে পুরোদমে গণপরিবহণ চালু হয়েছে।

▶ করোনার কারণে বিএনপি সীমিত পরিসরে ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করেছে।

▶ ইকোনমিক ক্যাডার থেকে প্রশাসন ক্যাডারে অন্তর্ভুক্ত হওয়া ২২০ কর্মকর্তা উপসচিব পদে পদোন্নতি লাভ করেছেন। পদোন্নতির আদেশ জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়।

▶ মানবদেহে প্রথম নভেল করোনাভাইরাস শনাক্ত হওয়ার সাত মাস পর চীনের উহান নগরের শিক্ষাপ্রতিষ্ঠানগুলো খুলে দেওয়া হয়েছে।

**২ সেপ্টেম্বর**

▶ প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার সভাপতিত্বে বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে দলের কেন্দ্রীয় কার্যালয়ে সম্পাদকমণ্ডলীর সভা অনুষ্ঠিত হয়।

▶ বাংলাদেশের অকৃত্রিম বন্ধু ভারতের সাবেক রাষ্ট্রপতি প্রণব মুখার্জির মত্যুতে দেশে একদিনের রাষ্ট্রীয় শোক পালিত। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং শিক্ষাপ্রতিষ্ঠানসহ সব সরকারি ও বেসরকারি ভবন এবং বিদেশে বাংলাদেশ মিশনে পতাকা অর্ধনমিত রাখা হয়।

▶ হিন্দু বিধবারা স্বামীর সব সম্পত্তিতে ভাগ পাবেন মর্মে হাইকোর্ট ঐতিহাসিক রায় দিয়েছে।

▶ 'কিশোর আলো'র অনুষ্ঠানে ঢাকা রেসিডেন্সিয়াল স্কুল অ্যান্ড কলেজের নবম শ্রেণির শিক্ষার্থী নাইমুল আবরার বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা যাওয়ার



ঘটনায় করা মামলায় প্রথম আলোর সহযোগী সম্পাদক ও কিশোর আলোর সম্পাদক আনিসুল হকসহ পাঁচজনের মালামাল ক্রোকের নির্দেশ দিয়েছেন আদালত।

▶ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নির্দিষ্ট শিক্ষাবর্ষ শেষে সমাপ্ত শিক্ষাবর্ষকে স্মরণীয় করে রাখার জন্য কথিত 'র‌্যাগ ডে' উদ্‌যাপনকে নিষিদ্ধ ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক পরিষদ।

▶ আন্তর্জাতিক বিচারিক আদালতে গাম্বিয়ার দায়ের করা রোহিঙ্গা গণহত্যা সংক্রান্ত মামলায় যুক্ত হওয়ার আগ্রহ প্রকাশ করেছে কানাডা ও নেদারল্যান্ড। কানাডার পররাষ্ট্রমন্ত্রী ফ্রাসোঁয়া ফিলিপে শ্যাম্পে ও নেদারল্যান্ডসের পররাষ্ট্রমন্ত্রী স্টেফ ব্লক এক যৌথ বিবৃতিতে এই ঘোষণা দেন।

**৩ সেপ্টেম্বর**

▶ দিনাজপুরের ঘোড়াঘাট উপজেলার নির্বাহী কর্মকর্তা ওয়াহিদা খানম উপজেলা কমপ্লেক্সের ভেতরে অবস্থিত সরকারি বাসভবনে দুর্বৃত্তদের হামলায় গুরুতর আহত হয়েছেন । অবস্থার অবনতি হওয়ায় ওয়াহিদা খানমকে বিমানবাহিনীর হেলিকপ্টারযোগে ঢাকার এনে নিউরো সায়েন্স হাসপাতালে ভর্তি করা হয়েছে।

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে গণভবনে আয়োজিত অনুষ্ঠানে নৌবাহিনীর প্রধান ভাইস অ্যাডমিরাল মোহাম্মদ শাহীন ইকবালকে অ্যাডমিরালের নতুন র‌্যাংক ব্যাজ পরিয়ে দেন সেনাবাহিনী প্রধান জেনারেল আজিজ আহমেদ ও বিমানবাহিনীর প্রধান এয়ার চিফ মার্শাল মসিউজ্জামান সেরনিয়াবাত।

▶ আইন মন্ত্রণালয় বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মুক্তির মেয়াদ আরও ছয় মাস বাড়ানোর অভিমত দিয়েছে। তবে তিনি এই সময়ের মধ্যে বিদেশ যেতে পারবেন না এবং আগের দেওয়া শর্ত অনুযায়ী দেশে থেকে চিকিৎসা নিতে হবে।

▶ পেশাদার কূটনৈতিক এম শহিদুল ইসলামকে যুক্তরাষ্ট্রে বাংলাদেশের নতুন রাষ্ট্রদূত হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য প্রকাশিত হয়েছে।

- ▶ সহিংসতা ও বিদ্বেষ ছড়ানো সংক্রান্ত নীতির লঙ্ঘন করার অভিযোগে ফেসবুক ভারতীয় জনতা পার্টির (বিজেপি) নেতা রাজা সিংকে নিষিদ্ধ করেছে।

**৪ সেপ্টেম্বর**

- ▶ নারায়ণগঞ্জের ফতুল্লার পশ্চিম তল্লা বাইতুস সালাম জামে মসজিদে রাতে এশার নামাজ শেষে মোনাজাত চলাকালে ভয়াবহ বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এতে অন্তত ৫০ জন মুসল্লি গুরুতর দগ্ধ হয়েছেন।
- ▶ তথ্য মন্ত্রণালয় ৯২টি পত্রিকার অনলাইন পোর্টাল অনুমোদন দিয়েছে। এই পত্রিকার মধ্যে ঢাকা থেকে প্রকাশিত ৫৭টি; ময়মনসিংহের দুটি, চট্টগ্রামের ১০টি, রাজশাহীর ৪টি, রংপুরের ৪টি, খুলনার ৪টি, বরিশালের ৪টি ও সিলেট থেকে প্রকাশিত ৭টি।
- ▶ হলুদ রঙের পদ্মের সন্ধান মিলেছে বাংলাদেশের কুমিল্লার বুড়িচং উপজেলার দক্ষিণ গ্রাম বিলে। এটিকে বিশ্বে পদ্মফুলের সম্পূর্ণ নতুন একটি প্রজাতি বলে অনুমান করা হচ্ছে।
- ▶ দিনাজপুরের ঘোড়াঘাট উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) ওপর সন্ত্রাসী হামলার পর সারা দেশে উপজেলার প্রধান প্রশাসনিক কর্মকর্তাদের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। সব উপজেলার ইউএনওদের ব্যক্তিগত ও বাসভবনের নিরাপত্তার জন্য চারজন করে সশস্ত্র আনসার নিয়োগ করা হয়েছে।

**৫ সেপ্টেম্বর**

- ▶ নারায়ণগঞ্জের ফতুল্লায় মসজিদে ভয়াবহ বিস্ফোরণের ঘটনা তদন্তের জন্য সরকার চারটি পৃথক তদন্ত কমিটি গঠন করেছে। এদিকে মসজিদে গ্যাস বিস্ফোরণের ঘটনায় দগ্ধ ৩৭ জনের মধ্যে ২১ জনের মৃত্যু হয়েছে।
- ▶ করোনায় আক্রান্ত হয়ে মুক্তিযুদ্ধকালীন ৮ নম্বর সেক্টরের কমান্ডার স্বাধীনতা পদকে ভূষিত লে. কর্নেল (অব.) আবু ওসমান চৌধুরী (৮৪) ইন্তেকাল করেছেন।

**৬ সেপ্টেম্বর**

- ▶ ব্রিটিশ সাময়িকী প্রসপেক্টের মনোনয়ন অনুযায়ী সেরা ১০ জনের মধ্যে তৃতীয় স্থানে রয়েছেন বাংলাদেশের স্থপতি মেরিনা তাবাসসুম।



- ▶ বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার জন্মদিনে উপহার পাঠানোর জন্য দুঃখ প্রকাশ করেছে ঢাকার চীনা দূতাবাস।
- ▶ বিশ্বের অন্য যে কোনো দেশের তুলনায় বাংলাদেশে কোভিড-১৯ অনেক দ্রুতগতিতে রূপ পরিবর্তন (মিউটেশন) করছে। বিশ্বে পরিবর্তনের হার ৭ দশমিক ২৩ শতাংশ হলেও বাংলাদেশে এটা ১২ দশমিক ৬০ শতাংশ। কোভিড-১৯ জিনোম সিকোয়েন্সিং নিয়ে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের (বিসিএসআইআর) জিনোমিক রিসার্চ ল্যাবরেটরির এক প্রতিবেদনে এ তথ্য প্রকাশ।

**৭ সেপ্টেম্বর**

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে সশস্ত্রবাহিনী নির্বাচনি পর্ষদ ২০২০-এর উদ্‌বোধনী অনুষ্ঠানে ভার্চুয়াল পদ্ধতিতে যুক্ত হন।
- ▶ কক্সবাজারের টেকনাফে মেজর (অব.) সিনহা মো. রাশেদ খান হত্যার ঘটনায় প্রশাসনিক তদন্ত কমিটি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে তদন্ত রিপোর্ট জমা দিয়েছে। তাদের তদন্তে টেকনাফ থানার সাবেক ওসি প্রদীপ কুমার দাশের সংশ্লিষ্টতা মিলেছে।
- ▶ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মুক্তিযুদ্ধ জাদুঘরের অন্যতম ট্রাস্টি, মুক্তিযোদ্ধা ও সম্মিলিত সামাজিক আন্দোলনের সভাপতি জিয়াউদ্দিন তারিক আলী (৭৫) ইন্তেকাল করেন।
- ▶ সংসদীয় আসনে উপনির্বাচনসহ স্থানীয় সরকারের আসন্ন নির্বাচনগুলোয় বিএনপি অংশ নেবে বলে জানিয়েছেন দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।
- ▶ ফেসবুকে বাংলাদেশি কনটেন্ট বিষয়ে যে কোনো সমস্যা দ্রুত সমাধানসহ বাংলাদেশের অংশ দেখাশোনার জন্য বাংলাদেশ বিষয়ক কর্মকর্তা সাবনাজ রশিদ দিয়াকে নিয়োগ দিয়েছে জনপ্রিয় সোস্যাল মিডিয়া ফেসবুক কর্তৃপক্ষ।
- ▶ আর্থিক প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল লিজিং অ্যান্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেডের (আইএলএফএসএল) বেশিরভাগ ঋণের সুবিধাভোগী প্রশান্ত কুমার (পি কে) হালদারকে নির্বিঘ্নে দেশে ফিরিয়ে আনার সুযোগ চেয়ে উচ্চ আদালতে আবেদন করেছে আইএলএফএসএল। (৬ সেপ্টেম্বরের ঘটনা)

▶ শিশু চিত্রশিল্পী জারীফ জাতিসংঘের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত 'দ্য ফিউচার ইউ ওয়ান্ট' শীর্ষক আন্তর্জাতিক চিত্রাঙ্কন প্রতিযোগিতায় জুরি বোর্ডের সদস্য নির্বাচিত হয়েছে।

▶ সৌদি সাংবাদিক জামাল খাসোগি হত্যায় মত্যুদণ্ড পাওয়া পাঁচজনের সাজা কমিয়ে ২০ বছরের জেল দিয়েছেন দেশটির আদালত। বাকি তিনজনের সাজা বহাল রাখা হয়েছে।

**৮ সেপ্টেম্বর**

▶ জলবায়ু পরিবর্তনের কারণে ঘূর্ণিঝড়, বন্যা, জলোচ্ছ্বাস, খরা, ভূমিধস, তুষারধসের মতো প্রাকৃতিক দুর্যোগে সবচেয়ে ঝুঁকিতে আছে দক্ষিণ এশিয়া। এমনকি তাপমাত্রা ১.৫ ডিগ্রি সেলসিয়াস হারে বাড়তে থাকলেও বাংলাদেশসহ এ অঞ্চলে মারাত্মক ক্ষতিকর প্রভাব ফেলবে। বাংলাদেশে বৈশ্বিক অভিযোজন কেন্দ্রের (গ্লোবাল সেন্টার অন অ্যাডাপটেশন-জিসিএ) আঞ্চলিক কার্যালয়ের ভার্চুয়াল উদ্‌বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন।

▶ জনস্বার্থ সুরক্ষায় নিয়োজিত সরকারি কর্মকর্তাদের বিরুদ্ধে সরকারের অনুমতি ছাড়া কোনো মামলা গ্রহণ করা যাবে না। এ বিষয়ে বিদ্যমান বিধিবিধান যথাযথভাবে মেনে চলার জন্য নির্দেশনা দিয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে আইন ও বিচার বিভাগের সচিবকে চিঠি দেয়া হয়েছে।

▶ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন প্রতিষ্ঠান বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) 'ওয়ার্ল্ড সামিট অন ইনফরমেশন সোসাইটি (ডব্লিউএসআইএস) পুরস্কার-২০২০' অর্জন করেছে। আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন্স ইউনিয়নের (আইটিইউ) মহাসচিব হাওলিন ঝাও অনলাইন অনুষ্ঠানে এই পুরস্কার ঘোষণা করেন।

▶ শ্রীলঙ্কায় খুনের দায়ে মৃত্যুদণ্ড পাওয়া এক ব্যক্তি এমপি হিসেবে শপথ গ্রহণ করেছেন। আদালতে দোষী সাব্যস্ত কোনো অপরাধীর পার্লামেন্টের সদস্য হওয়ার ঘটনা দেশটিতে এটিই প্রথম।

**৯ সেপ্টেম্বর**

▶ পুলিশ হেফাজতে গাড়িচালক ইশতিয়াক হোসেন জনিকে নির্যাতন ও হত্যার ঘটনায় দায়েরকৃত মামলায় রাজধানীর পল্লবী থানার তিন পুলিশ



কর্মকর্তার যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে আদালত। একই সঙ্গে তাদেরকে ১ লাখ টাকা করে জরিমানা এবং অনাদায়ে আরও ছয় মাসের সশ্রম কারাদণ্ড দেয়া হয়। ২০১৩ সালে প্রণীত 'নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন'-এ প্রথম এই রায় ঘোষণা হলো।

▶ গাজীপুরের বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) উচ্চফলনশীল তিনটি ধানের নতুন জাত উদ্ভাবন করেছে। নতুন উদ্ভাবিত এসব ধান উপকূলীয় এলাকায় লবণাক্ততা সহনশীল এবং আউশ মৌসুমে চাষ করা যাবে।

▶ অনলাইনে পণ্য বিক্রির বৈশ্বিক প্রতিষ্ঠান জায়ান্ট আমাজনের প্রতিষ্ঠাতা ও সিইও জেফ বেজোস টানা তৃতীয়বারের মতো যুক্তরাষ্ট্রের শীর্ষ ধনী নির্বাচিত হয়েছেন। দ্বিতীয় স্থানে আছেন মাইক্রোসফটের সহপ্রতিষ্ঠাতা বিল গেটস। বেজে বেজোসের সম্পদের মূল্য ১৭ হাজার ৯০০ কোটি মার্কিন ডলার। আর বিল গেটসের সম্পদের মূল্য ১১ হাজার ১০০ কোটি মার্কিন ডলার।

**১০ সেপ্টেম্বর**

▶ প্রখ্যাত দার্শনিক মিশেল ফুকোর প্রবন্ধ থেকে চৌর্যবৃত্তির মাধ্যমে প্রবন্ধ প্রকাশ করার অভিযোগ প্রমাণিত হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষকের বিরুদ্ধে ট্রাইব্যুনাল গঠনের সিদ্ধান্ত।

▶ বঙ্গবন্ধুকে অবমাননা ও মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃত করে লেখার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক মোর্শেদ হাসান খান এবং দৈনিক নয়া দিগন্ত পত্রিকার সম্পাদক আলমগীর মহিউদ্দিন ও যায়যায়দিন পত্রিকার সম্পাদক কাজী রুকন উদ্দিন আহমেদের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের অভিযোগ করা হয়েছে আদালতে।

▶ ১৩৫ বছরের পুরানো কুমিল্লা টাউন হল (কুমিল্লা বীরেনচন্দ্র গণপাঠাগার ও নগর মিলনায়তন) না ভেঙে সংরক্ষণ করে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের অধীনে নেওয়ার ঘোষণা দেয়া হয়েছে।

**১১ সেপ্টেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে টেলিফোনে আলাপকালে যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রী ড. মার্ক টি এসপার রোহিঙ্গা সংকট নিরসনে বাংলাদেশের পাশে থেকে সহায়তার আশ্বাস দিয়েছেন।

▶ বিজিএমইএ-এর সাবেক সভাপতি ও এফবিসিসিআই-এর সহসভাপতি সিদ্দিকুর রহমান আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের শিল্প ও বাণিজ্যবিষয়ক সম্পাদক মনোনীত হয়েছেন।

▶ রোহিঙ্গা গণহত্যায় মিয়ানমারের সেনাবাহিনীর সম্পৃক্ততার স্বীকারোক্তি দিয়েছেন আরও দুই সেনা সদস্য। আন্তর্জাতিক গণমাধ্যমে দুই সেনার আলোচিত জবানবন্দি প্রকাশের পর পাওয়া গেছে নতুন ভিডিয়ো ফুটেজ।

**১২ সেপ্টেম্বর**

▶ টানা সপ্তমবারের মতো তথ্যপ্রযুক্তি খাতে বিশ্বের সবচেয়ে সম্মানজনক পুরস্কার 'ওয়ার্ল্ড সামিট অন ইনফরমেশন সোসাইটি (ডব্লিউএসআইএস) পুরস্কার-২০২০' অর্জন করল এটুআই-এর দুটি উদ্যোগ।

▶ ৬ হাজার ৭৩১ জন শান্তিরক্ষী প্রেরণের মাধ্যমে জাতিসংঘের শান্তিরক্ষী প্রেরণকারী দেশ হিসেবে বাংলাদেশ পুনরায় প্রথম স্থান অর্জন করেছে। আইএসপিআর-এর তথ্য।

▶ এক স্বেচ্ছাসেবী অসুস্থ হয়ে পড়ায় স্থগিত হওয়া অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের করোনাভাইরাসের টিকার তৃতীয় ধাপের ট্রায়াল আবার শুরু হয়েছে।

▶ বিশেষ দিবসের ক্রোড়পত্রগুলো তথ্য মন্ত্রণালয়ের তদারকিতে সংশ্লিষ্ট গণমাধ্যমে প্রচারের সিদ্ধান্ত নিয়েছে সরকার।

▶ মিয়ানমারকে আইসিজের আদেশ বাস্তবায়নে অবশ্যই জোর দিতে হবে। আন্তর্জাতিক আইনে এটা মেনে চলা বাধ্যতামূলক। রোহিঙ্গা সংকটসহ মিয়ানমারের কয়েকটি ইস্যুতে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বৈঠক শেষে নয়টি দেশ এ বিষয়ে যৌথ বিবৃতি দিয়েছে।

▶ গণপ্রজাতন্ত্রী কঙ্গোর পূর্বাঞ্চলে দক্ষিণ কিভু প্রদেশের কামিতুগা শহরে প্রবল বৃষ্টিপাতের কারণে একটি সোনার খনি ধসে পড়ে কমপক্ষে ৫০ জনের প্রাণহানি হয়েছে।

▶ চীন মার্কিন কূটনীতিকদের কর্মকাণ্ডের ওপর নতুন বিধিনিষেধ ঘোষণা করেছে। (১১ সেপ্টেম্বরের ঘটনা)



**১৩ সেপ্টেম্বর**

▶ ব্যাটারিচালিত রিক্সা ও ভ্যানসহ যেসব অযান্ত্রিক যানবাহনে ব্যাটারি ও ইঞ্জিন সংযোজন করে যান্ত্রিক বানানো হয়েছে, সেসব যানবাহন ডিএসসিসি এলাকার সড়কে নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। নগর ভবন প্রাঙ্গণে রিক্সা-ভ্যান, ঠেলাগাড়ি, টালিগাড়ি ও ঘোড়ার গাড়ি নিবন্ধন-নবায়ন ও মালিকানা পরিবর্তন কার্যক্রমের উদ্‌বোধনী অনুষ্ঠানে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস এ কথা বলেন।

▶ একাদশ শ্রেণির শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম শুরু হয়েছে।

▶ কাতারের রাজধানী দোহায় আফগান সরকার ও তালেবানদের মধ্যে শান্তি আলোচনা শুরু হয়েছে।

**১৪ সেপ্টেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভার্চুয়াল অনুষ্ঠানের মাধ্যমে আঙ্কারায় নবনির্মিত বাংলাদেশ দূতাবাস কমপ্লেক্সের উদ্‌বোধন করেন।

▶ মেয়াদ শেষের পূর্ববর্তী ৯০ দিনের মধ্যে নির্বাচন আর শপথ নেওয়ার ১৫ কার্যদিবসের মধ্যে দায়িত্ব হস্তান্তরের বিধান রেখে মন্ত্রিসভার নিয়মিত সভায় সিটি করপোরেশন (সংশোধন) আইন নীতিগত অনুমোদন।

▶ পদ্মায় নাব্য সংকটে মুন্সীগঞ্জের লৌহজংয়ের শিমুলিয়া ও মাদারীপুরের শিবচরের কাঁঠালবাড়ী নৌপথে ফের অনির্দিষ্টকালের জন্য সব ধরনের ফেরি চলাচল বন্ধ।

▶ করোনার বিস্তার ঠেকাতে ঘরে থাকার নির্দেশনা না মেনে রাস্তায় নেমে লকডাউনবিরোধী বিক্ষোভ করার অভিযোগে অস্ট্রেলিয়ার মেলবোর্ন শহর থেকে ৭৪ জনকে আটক করা হয়েছে।

▶ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মঞ্চ, টেলিভিশন ও চলচ্চিত্র অভিনেতা সাদেক বাচ্চু (৬৬) ইন্তেকাল করেন।

**১৫ সেপ্টেম্বর**

▶ এফ-২০ ক্লাইমেট সলিউশন সপ্তাহ উপলক্ষ্যে ভার্চুয়াল সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জলবায়ু পরিবর্তনে ক্ষতিগ্রস্ত দেশগুলোর জন্য অভিযোজন তহবিল বৃদ্ধি করতে আন্তর্জাতিক সম্প্রদায়ের জোরালো সমর্থন কামনা করেন।

- ▶ বুয়েটের শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যা মামলায় ২৫ আসামির বিরুদ্ধে অভিযোগ গঠন করা হয়েছে। একই সঙ্গে ২০ সেপ্টেম্বর থেকে ১ অক্টোবর পর্যন্ত বিরতিহীনভাবে মামলায় সাক্ষ্যগ্রহণের জন্য দিন ধার্য করা হয়েছে।
- ▶ নোবেল শান্তি পুরস্কারের জন্য মনোনীত হয়েছেন বাংলাদেশি-আমেরিকান চিকিৎসক ডা. রুহুল আবিদ ও তার অলাভজনক সংস্থা হেলথ অ্যান্ড এডুকেশন ফর অল (হায়েফা)।
- ▶ পাকিস্তানের একটি টিভি চ্যানেলকে দেওয়া সাক্ষাৎকারে পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খান বলেছেন, ধর্ষকদের প্রকাশ্যে ফাঁসি অথবা নপুংসক করে দেওয়ার মতো 'দৃষ্টান্তমূলক' শাস্তিই প্রাপ্য। পাকিস্তানি ফৌজদারি দণ্ডবিধিতে যেমন খুনের ক্ষেত্রে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় 'ডিগ্রি' চিহ্নিত করে পৃথক সাজার ব্যবস্থা আছে, ধর্ষণের ক্ষেত্রেও তেমন হওয়া উচিত। (১৪ সেপ্টেম্বরের ঘটনা)

**১৬ সেপ্টেম্বর**

- ▶ আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবনে দলের সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম প্রেসিডিয়াম সভা অনুষ্ঠিত হয়।
- ▶ জাপানের পার্লামেন্টের নিম্নকক্ষের ভোটাভোটিতে ৪৬২ জনের মধ্যে ৩১৪ জনের সমর্থন পেয়ে দেশটির ৯৯তম প্রধানমন্ত্রী নির্বাচিত হয়েছেন সুগা।

**১৭ সেপ্টেম্বর**

- ▶ সরকারের আরোপিত শর্ত যথাযথভাবে প্রতিপালন না করায় চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলার আল জামিয়াতুল তাহলিমা দারুল উলুম মুঈনুল ইসলাম মাদ্রাসা বন্ধ ঘোষণা করা হয়েছে।
- ▶ তিনজন নির্বাহী ম্যাজিস্ট্রেটের পরিচালনায় ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) গুলশান, বনানী ও প্রগতি সরণি এলাকায় সাত শতাধিক অবৈধ সাইনবোর্ড উচ্ছেদ করা হয়েছে ।



**১৮ সেপ্টেম্বর**

- ▶ গাজীপুরের কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২-এ যুদ্ধাপরাধ মামলার ফাঁসির দণ্ডপ্রাপ্ত আসামি মোসলেম উদ্দিন প্রধান (৬৮) ইন্তেকাল করেছেন।
- ▶ হেফাজতে ইসলামের আমির ও চট্টগ্রামের আল-জামিয়াতুল আহলিয়া দারুল উলুম মুঈনুল ইসলাম হাটহাজারী মাদ্রাসার সদ্য পদত্যাগকারী মহাপরিচালক শাইখুল ইসলাম মাওলানা আল্লামা শাহ আহমদ শফী ইন্তেকাল করেছেন।
- ▶ বাংলাদেশি তরুণ জাহিন রাজিন (২২) টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) নিয়ে কাজ করার জন্য চলতি বছরে জাতিসংঘের ১৭ তরুণ নেতার একজন নির্বাচিত। এসডিজি নিয়ে যারা কাজ করেন তাদের জন্য এটিকে পৃথিবীর সর্বোচ্চ স্বীকৃতির প্ল্যাটফর্ম হিসেবে বিবেচনা করা হয়।

**১৯ সেপ্টেম্বর**

- ▶ নারায়ণগঞ্জের ফতুল্লার পশ্চিম তল্লা এলাকার বাইতুস সালাত জামে মসজিদে ভয়াবহ বিস্ফোরণের ঘটনায় তিতাসের আট কর্মকর্তা-কর্মচারীকে নারায়ণগঞ্জের বিভিন্ন এলাকা থেকে গ্রেফতার করা হয়েছে।
- ▶ রোহিঙ্গা গণহত্যা ঠেকাতে জাতিসংঘ ও আন্তর্জাতিক সম্প্রদায় পুরোপুরি ব্যর্থ হয়েছে। ঢাকায় 'রোহিঙ্গাদের টেকসইভাবে ফেরার পরিবেশ সৃষ্টি এবং সুরক্ষা ও ক্ষতিপূরণ' শীর্ষক আন্তর্জাতিক সেমিনারে শিক্ষাবিদ, আইনজ্ঞ ও আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষকরা এমন মন্তব্য করেছেন।
- ▶ সৌদি আরবের রাজধানী রিয়াদ ও বড়ো শহর জেদ্দায় নারী শিক্ষার্থীদের জন্য প্রথমবারের মতো দুটি ডিজিটাল কলেজ চালু। (১৬ সেপ্টেম্বরের ঘটনা)
- ▶ মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে চারটি অঙ্গরাজ্যে আগাম ভোটগ্রহণ শুরু। (১৮ সেপ্টেম্বরের ঘটনা)

**২০ সেপ্টেম্বর**

- ▶ করোনা মোকাবিলার জন্য প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ ফান্ডে ৩৪টি বাণিজ্যিক ব্যাংকসহ বিভিন্ন সংগঠনের অনুদান প্রদান। অনুদান গ্রহণকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, করোনাভাইরাস মোকাবিলায় সবাই আন্তরিকতার সঙ্গে কাজ করছে। সেজন্য আমরা এটা মোকাবিলা করতে সক্ষম হয়েছি।

▶ সাবেক সেনা কর্মকর্তা সিনহা হত্যা মামলার আসামি ও টেকনাফ থানার বরখাস্তকৃত সাবেক ওসি প্রদীপ কুমার দাশ ও তার স্ত্রী চুমকি কারণের ৪ কোটি টাকার স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রোকের নির্দেশ দিয়েছে আদালত।

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে পেঁয়াজ আমদানিতে ৫ শতাংশ শুল্ক প্রত্যাহার করা হয়েছে। এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

▶ সৌদি আরব সিভিল এভিয়েশন থেকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সকে শিডিউল ফ্লাইট চালানোর অনুমতি না দেওয়ায় সৌদি এয়ারলাইন্সকে ঢাকা থেকে ফ্লাইট পরিচালনার অনুমতি বাতিল করা হয়েছে।

**২১ সেপ্টেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত। করোনা পরিস্থিতি নিয়ে আলোচনা হয়।

▶ সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের সঙ্গে সচিবালয়ের কার্যালয়ে বিদায়ি সৌজন্য সাক্ষাত করেন বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার রীভা গাঙ্গুলি দাস।

**২২ সেপ্টেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের (একনেক) সভা অনুষ্ঠিত হয়।

▶ জাতিসংঘের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে নিউইয়র্কে জাতিসংঘের সদর দপ্তরে শুরু হওয়া সাধারণ পরিষদের বিশেষ অধিবেশনে ভার্চুয়াল ভাষণ প্রদান করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

▶ ফিরতি টিকিটের দাবিতে কারওয়ান বাজারে প্রায় সাড়ে তিন ঘণ্টা সড়ক অবরোধ করে রাখেন সৌদি প্রবাসী শ্রমিকরা। এরপর তারা জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ শেষে সাত দফা দাবিতে পররাষ্ট্র মন্ত্রণালয় ঘেরাও করে।

▶ সার্ক কোভিড-১৯ জরুরি তহবিলের আওতায় নেপালকে চিকিৎসাসামগ্রী পাঠিয়েছে বাংলাদেশ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে বাংলাদেশের জনগণের পক্ষ থেকে নেপালের জনগণের প্রতি বন্ধুত্বের নিদর্শনস্বরূপ এই চিকিৎসাসামগ্রী দেওয়া হয়।



**২৩ সেপ্টেম্বর**

▶ যুক্তরাজ্যের শীর্ষস্থানীয় দৈনিক গার্ডিয়ান পত্রিকায় ক্লাইমেট ভালনারেবল ফোরাম (সিভিএফ) সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার একটি নিবন্ধ প্রকাশিত হয়। নিবন্ধে তিনি লিখেন যে, বর্তমানে জলবায়ু পরিবর্তন ও কোভিড-১৯ বৈশ্বিক হুমকি। এই দুই হুমকি মোকাবিলার সর্বোত্তম উপায় হচ্ছে সম্মিলিত আন্তর্জাতিক পদক্ষেপ।

▶ টেলিফোনে বোমা হামলার হুমকি দেওয়ায় প্যারিসের বিখ্যাত আইফেল টাওয়ার থেকে পর্যটকদের সরিয়ে নেওয়া হয়েছে। স্থাপনাটি পরিচালনার দায়িত্বে থাকা প্রতিষ্ঠানের এক মুখপাত্র এ তথ্য প্রকাশ করেন।

▶ বিশ্বের সেরা প্রভাবশালী ব্যক্তিদের তালিকায় ভারতের ৮২ বছর বয়সি 'শাহিনবাগের দাদি' হিসেবে পরিচিত বিলকিস বানুর নাম স্থান পেয়েছে। দেশটির কেন্দ্রীয় সরকারের নাগরিকত্ব সংশোধন আইনের (সিএএ) বিরুদ্ধে তার প্রতিবাদ শুধু ভারত নয়, বিশ্বেরও নজর কেড়েছিল।

**২৪ সেপ্টেম্বর**

▶ নিউইয়র্কে জাতিসংঘের ৭৫তম সাধারণ অধিবেশনের সাইডলাইনে জলবায়ুসংক্রান্ত উচ্চপর্যায়ের এক ভার্চুয়াল গোলটেবিল আলোচনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিয়ো বার্তা প্রেরণ করেন। এই ভিডিয়ো বার্তায় তিনি জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব থেকে পৃথিবীকে রক্ষার জন্য পাঁচ দফা প্রস্তাব উপস্থাপন করেছেন।

▶ ক্রেডিট কার্ডের সর্বোচ্চ সুদহার নির্ধারণ করেছে বাংলাদেশ ব্যাংক। এখন থেকে ব্যাংকগুলো ক্রেডিট কার্ড গ্রাহকদের কাছ থেকে ২০ শতাংশের বেশি সুদ নিতে পারবে না।

**২৫ সেপ্টেম্বর**

▶ জাতিসংঘ সাধারণ পরিষদে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রথম বাংলায় দেওয়া ঐতিহাসিক ভাষণের ৪৬ বছর পূর্তি উপলক্ষ্যে আলোচনা সভার আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফরেন সার্ভিস অ্যাকাডেমির নবনির্মিত ভবনেরও উদ্‌বোধন করেন।

▶ কক্সবাজার জেলা পুলিশকে ঢেলে সাজাতে ব্যাপক রদবদলের অংশ হিসেবে এক আদেশেই ১ হাজার ৭৫ জন কর্মকর্তা ও কনস্টেবলকে বদলি করা হয়েছে।
▶ ভারতীয় চলচ্চিত্রে অবদানের জন্য ভারতের সর্বোচ্চ সম্মাননা 'দাদাসাহেব ফালকে' পুরস্কার পেলেন অমিতাভ বচ্চন। (২২ সেপ্টেম্বরের ঘটনা)

**২৬ সেপ্টেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৫তম অধিবেশনে ভার্চুয়াল ভাষণ প্রদান করেন।
▶ সিলেটের এম সি কলেজ হোস্টেলে স্বামীকে আটকে রেখে নববধূকে ধর্ষণের ঘটনায় অভিযুক্তদের শাস্তির দাবিতে উত্তাল সিলেট। সাধারণ শিক্ষার্থীরা কলেজের সামনের সড়ক অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করে।
▶ অভিবাসনপ্রত্যাশীদের নিয়ে লিবিয়া থেকে ইউরোপ যাওয়ার পথে ভূমধ্যসাগরে নৌকাডুবির ঘটনায় বাংলাদেশিসহ বিভিন্ন দেশের ২২ জনকে জীবিত উদ্ধার। মারা গেছেন তিনজন। এখনো নিখোঁজ ১৩ জন। জাতিসংঘের আন্তর্জাতিক অভিবাসন বিষয়ক সংস্থা আইওএম এ তথ্য প্রকাশ করেছে।
▶ প্রতিবেশী কমিউনিস্ট দেশ কিউবার বিরুদ্ধে ট্রাম্প প্রশাসন নতুন করে নিষেধাজ্ঞা আরোপ করেছে । (২৩ সেপ্টেম্বরের ঘটনা)

**২৭ সেপ্টেম্বর**

▶ গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ভারতের বিদায়ি হাইকমিশনার রীভা গাঙ্গুলি দাস সৌজন্য সাক্ষাৎ করেন।
▶ সিলেটের এম সি কলেজ হোস্টেলে স্বামীকে আটকে রেখে স্ত্রীকে সংঘবদ্ধ ধর্ষণের ঘটনায় প্রধান অভিযুক্ত ছাত্রলীগ কর্মী সাইফুর রহমানকে ভারতে পালানোর সময় গ্রেফতার করা হয়। হবিগঞ্জের পৃথক স্থান থেকে আরও তিন অভিযুক্তকে গ্রেফতার করেছে পুলিশ ও র‍্যাব।
▶ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে রাষ্ট্রের প্রধান আইন কর্মকর্তা অ্যাটর্নি জেনারেল অ্যাডভোকেট মাহবুবে আলম ইন্তেকাল করেন।



▶ রংপুরে ২৪ ঘণ্টায় শতাব্দীর সর্বোচ্চ ৪৩৩ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। ডুবে গেছে শহরের বেশির ভাগ পাড়া-মহল্লা।
▶ ঝুঁকিপূর্ণ বর্জ্য স্থানান্তর সংক্রান্ত আন্তর্জাতিক আইন ভঙ্গ করে সমুদ্রপথে পাঠানো যুক্তরাজ্যের ২৬০ টন বর্জ্যভর্তি ২১টি কনটেইনার ফেরত পাঠিয়েছে শ্রীলঙ্কা। (২৬ সেপ্টেম্বরের ঘটনা)

**২৮ সেপ্টেম্বর**

▶ মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে মন্ত্রিপরিষদ সদস্যরা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ৭৪তম জন্মদিনের শুভেচ্ছা ও অভিনন্দন জানান।
▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষ্যে বরিশালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সবচেয়ে বড়ো ম্যুরাল আনুষ্ঠানিকভাবে উন্মোচন করা হয়।
▶ অবৈধ অস্ত্র রাখার মামলায় রিজেন্ট গ্রুপের চেয়ারম্যান মো. সাহেদ ওরফে সাহেদ করিমকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড।
▶ জাতীয় পর্যায়ের উৎসব ছাড়া বড়ো ধরনের অনুষ্ঠান ও সাজসজ্জা পরিহারের নির্দেশ দিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। এই বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সাধারণ সেবা শাখা থেকে পরিপত্র জারি করা হয়েছে।

**২৯ সেপ্টেম্বর**

▶ সিলেটের এম সি কলেজের ছাত্রাবাসে ধর্ষণের ঘটনার দায় নিরূপণে তিন সদস্যের কমিটি গঠন করে দিয়েছেন হাইকোর্ট। বিভিন্ন সংবাদমাধ্যমে এ ঘটনার ওপর প্রকাশিত প্রতিবেদন আদালতের নজরে আনা হয়েছে।
▶ করোনার প্রভাব মোকাবিলায় কুটির, ক্ষুদ্র, মাঝারি শিল্পের জন্য প্রণোদনার ঋণ বিতরণ না করায় ২৪টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে শোকজ করেছে বাংলাদেশ ব্যাংক। একই সঙ্গে স্বল্প পরিমাণে ঋণ বিতরণের দায়ে ২৫টি ব্যাংককে সতর্ক করে দেওয়া হয়েছে।
▶ কুয়েতের আমির শেখ সাবাহ আল আহমেদ আল জাবের আল সাবাহ যুক্তরাষ্ট্রের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন।

**৩০ সেপ্টেম্বর**

- আদালত বরগুনার আলোচিত রিফাত শরীফ হত্যা মামলায় তার স্ত্রী আয়শা সিদ্দিকা মিন্নিসহ ছয় আসামিকে মৃত্যুদণ্ডের রায় দিয়েছে।
- পাটকল কর্মী জাহালম দোষী না হয়েও ঋণ জালিয়াতির মামলায় তিন বছর জেল খেটেছেন। বিনা অপরাধে জেল খাটার ঘটনায় জাহালমকে ১৫ লাখ টাকা ক্ষতিপূরণ দিতে ব্র্যাক ব্যাংককে নির্দেশ দিয়েছে হাইকোর্ট। রায়ের কপি পাওয়ার এক মাসের মধ্যে জাহালমকে ওই টাকা প্রদান করার জন্য ব্র্যাক ব্যাংককে নির্দেশ দেয়া হয়েছে।
- আইসিডিডিআর,বি'র আন্তর্জাতিক বোর্ড অব ট্রাস্টিজ ড. তাহমিদ আহমেদকে নির্বাহী পরিচালক হিসেবে নিয়োগ। প্রতিষ্ঠানটির ৬০ বছরের ইতিহাসে প্রথম কোনো বাংলাদেশি নির্বাহী পরিচালকের পদে নিয়োগ পেলেন। ড. তাহমিদ আগামী বছরের ১ ফেব্রুয়ারি বর্তমান নির্বাহী পরিচালক প্রফেসর ক্লেমেন্সের স্থলাভিষিক্ত হবেন।
- ভারতের হাইকমিশনার রীভা গাঙ্গুলি দাস পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেনের সঙ্গে বিদায়ি সাক্ষাৎ করেন।

## অক্টোবর

**১ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৫তম অধিবেশনে ভার্চুয়াল জীববৈচিত্র্য সম্মেলনে ভাষণ দেন। তিনি জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব থেকে পৃথিবীকে রক্ষায় চার দফা প্রস্তাব তুলে ধরেন।
- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে পাঁচটি উন্নয়ন কাজের উদ্‌বোধন করেন।
- বাসচাপায় পা হারানো রাসেল সরকারকে আরও ২০ লাখ টাকা দিতে গ্রিন লাইন পরিবহণকে নির্দেশ দিয়েছে হাইকোর্ট। তিনমাসের মধ্যে একসঙ্গে ওই টাকা পরিশোধ করতে হবে।



- কওমি মাদ্রাসা ছাড়া প্রাথমিক বিদ্যালয় থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত সব ধরনের শিক্ষাপ্রতিষ্ঠান ৩১ অক্টোবর পর্যন্ত বন্ধ ঘোষণা। শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় পৃথক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য প্রকাশিত হয়েছে।
- নাব্য সংকটের কারণে কাঁঠালবাড়ি-শিমুলিয়া নৌপথে ফেরি চলাচল অনির্দিষ্টকালের জন্য বন্ধ।

**২ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওয়ার্ল্ড কনফারেন্স অন উইমেনের ২৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত ভার্চুয়াল অনুষ্ঠানে ভাষণ দেন। প্রধানমন্ত্রী ২০৪১ সাল নাগাদ কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ ৫০ শতাংশে উন্নীত করার অঙ্গীকারের পাশাপাশি কোভিড-১৯ মহামারির প্রেক্ষাপটে তাদের চাকরি রক্ষা এবং নারীর সমতা, ক্ষমতায়ন ও অগ্রগতি নিশ্চিতে আন্তর্জাতিক সম্প্রদায়ের অঙ্গীকার নবায়ন ও প্রচেষ্টা জোরদার করার আহ্বান জানান।
- মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও তার স্ত্রী মেলানিয়া করোনায় আক্রান্ত হয়েছেন।

**৩ অক্টোবর**

- কাজী সালাউদ্দিন টানা চতুর্থবারের মতো বাংলাদেশ ফুটবল ফেডারেশনের (বাফুফে) সভাপতি নির্বাচিত হয়েছেন।
- ভোট জালিয়াতির অভিযোগে বেলারুশের স্বরাষ্ট্রমন্ত্রী এবং নির্বাচন কমিশনের প্রধানসহ ৪০ কর্মকর্তার ওপর নিষেধাজ্ঞা আরোপ ইউরোপীয় ইউনিয়নের (ইইউ)। (২ অক্টোবরের ঘটনা)
- ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি হিমাচল প্রদেশের রোটাংয়ে বিশ্বের দীর্ঘতম হাইওয়ে টানেল উদ্‌বোধন করেছেন। সাবেক প্রধানমন্ত্রী অটলবিহারি বাজপেয়ির নামে টানেলটির নামকরণ করা হয়েছে 'অটল টানেল'।
- ভারতের উত্তর প্রদেশের হাথরাসে ধর্ষণের ঘটনার প্রতিবাদ জানিয়ে বিক্ষোভ মিছিল করেছেন ভারতের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

**৪ অক্টোবর**

- ▶ বাংলাদেশ-চীনের কূটনৈতিক সম্পর্কের ৪৫ বছর উপলক্ষ্যে বাংলাদেশের রাষ্ট্রপতি আবদুল হামিদকে অভিনন্দন বার্তা পাঠিয়েছেন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং।
- ▶ করোনায় আক্রান্ত যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও ফার্স্ট লেডি মেলানিয়া ট্রাম্পের দ্রুত সুস্থতা কামনা করে চিঠি পাঠিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ▶ মধ্যরাতে টেলিভিশন টকশোতে দুটি শিশুকে তাদের বাসায় উঠতে দেওয়া হচ্ছে না শুনে রাতেই হাইকোর্টের বিচারপতি আবু তাহের মো. সাইফুর রহমান নিজের বাসায় আদালত বসিয়ে আদেশ জারি করেন। ধানমন্ডি থানার পুলিশ আদেশটি অবহিত হওয়া মাত্র ওই রাতেই শিশু দুটিকে তাদের ধানমন্ডির বাসায় তুলে দেয়। ১১ অক্টোবর পরবর্তী শুনানি ও আদেশের জন্য দিন ধার্য করেছেন আদালত।
- ▶ বাংলাদেশে ইউনিসেফের নতুন শুভেচ্ছা দূত মনোনীত হয়েছেন জাতীয় দলের ক্রিকেটার মুশফিকুর রহিম।

**৫ অক্টোবর**

- ▶ বিশ্ব শিশু অধিকার দিবস উপলক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিশু অধিকার সপ্তাহ ২০২০ এর উদ্‌বোধন করেন।
- ▶ করোনা মহামারিকালে বিমান চলাচল বন্ধ থাকায় বাংলাদেশে ভারতের নবনিযুক্ত হাইকমিশনার বিক্রম কুমার দোরাইস্বামী দায়িত্ব নিতে হেঁটে সীমান্ত অতিক্রম করে বাংলাদেশে আসেন। পরে সড়কপথে ঢাকায় এসে প্রথমেই ধানমন্ডিতে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন। পরে ঢাকার বারিধারায় ভারতীয় হাইকমিশনে যান।
- ▶ ওয়াসার পানির দাম বাড়ানোর সিদ্ধান্ত কেন অবৈধ হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট। পাশাপাশি পানির মূল্যবৃদ্ধি-সংক্রান্ত ওয়াসা আইনের ধারা কেন বেআইনি হবে না, রুলে তাও জানতে চাওয়া হয়েছে।



- ▶ চিকিৎসায় নোবেল পেয়েছেন দুই মার্কিন ও এক ব্রিটিশ বিজ্ঞানী। এই তিন চিকিৎসা বিজ্ঞানী হলেন: যুক্তরাষ্ট্রের চার্লস এম রাইস ও হার্ভে জে অলটার এবং ব্রিটিশ বংশোদ্ভূত মাইকেল হাউটন। তারা লিভার সিরোসিস ও লিভার ক্যানসারের অন্যতম কারণ 'হেপাটাইটিস সি' ভাইরাস আবিষ্কার করে বিশ্বে রক্তবাহিত রোগের বিরুদ্ধে লড়াইয়ে উল্লেখযোগ্য অবদানের জন্য নোবেল পুরস্কার অর্জন করেন।

**৬ অক্টোবর**

- ▶ গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধানমন্ত্রী বলেন, কোভিড-১৯ মহামারি পরিস্থিতিতে সময়মতো প্রণোদনা প্যাকেজগুলো দেশের অর্থনীতি সচল রাখতে সহায়তা করছে। দেশের অর্থনীতি সচল রাখতে সব খাতে প্রণোদনা প্যাকেজ দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে।
- ▶ কেন্দ্রীয় শহিদ মিনারে সম্মিলিত সাংস্কৃতিক জোটের উদ্যোগে ধর্ষণ ও নারী নির্যাতনের বিরুদ্ধে সংস্কৃতিকর্মীদের প্রতিবাদী অবস্থান কর্মসূচি পালিত হয়।
- ▶ বরগুনায় রিফাত শরীফ হত্যা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত আয়শা আক্তার মিন্নি নিজেকে নির্দোষ দাবি করে খালাস চেয়ে নিম্ন আদালতের রায়ের বিরুদ্ধে হাইকোর্টে আপিল করেছেন।
- ▶ আপিল বিভাগ চট্টগ্রামের নাজিরহাট কলেজের অধ্যক্ষ গোপাল কৃষ্ণ মুহুরি হত্যা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত তিন আসামির সাজা কমিয়ে আমৃত্যু কারাদণ্ড দিয়েছেন ।
- ▶ মহাবিশ্বের অন্যতম বিস্ময় কৃষ্ণ গহ্বর সম্পর্কে গবেষণায় গুরুত্বপূর্ণ অবদানের জন্য এ বছর নোবেল পুরস্কার পেয়েছেন পদার্থ বিজ্ঞানী রজার পেনরোস, রেইনহার্ড গেঞ্জেল ও পদার্থবিদ আন্দ্রিয়া ঘেজ।

**৭ অক্টোবর**

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা মন্ত্রিসভার সাপ্তাহিক বৈঠকের আগে এক ভার্চুয়াল অনুষ্ঠানের মাধ্যমে দৃষ্টিপ্রতিবন্ধীদের জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ

মুজিবুর রহমানের লেখা 'অসমাপ্ত আত্মজীবনী'র ব্রেইল সংস্করণের মোড়ক উন্মোচন করেন।

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'ক্লাইমেট ভালনারেবল ফোরামের (সিভিএফ)' ভার্চুয়াল সম্মেলনে সভাপতিত্ব করেন। 'মিডনাইট সার্ভাইভাল ডেডলাইন ফর দ্য ক্লাইমেট' শীর্ষক এই সম্মেলনে প্রধানমন্ত্রী জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব থেকে উন্নয়নশীল দেশগুলোকে বাঁচাতে বছরে ১০০ বিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করার আহ্বান জানান।

▶ ভার্চুয়াল সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি জানান, ২০২০ সালের এইচএসসি ও সমমান পরীক্ষা হবে না। জেএসসি ও সমমান এবং এসএসসি ও সমমান পরীক্ষার ফলাফলের গড় মূল্যায়ন করে এইচএসসি পরীক্ষার ফল নির্ধারণ করা হবে। আর এই ফল প্রকাশ করা হবে ডিসেম্বরের প্রথম সপ্তাহে।

▶ বাংলাদেশের বাল্যবিবাহ পরিস্থিতি বিষয়ে জাতিসংঘ শিশু তহবিলের (ইউনিসেফ) প্রতিবেদন প্রকাশিত হয়েছে। প্রতিবেদনে বলা হয়, বিগত বছরগুলোর তুলনায় বাংলাদেশে বাল্যবিবাহের হার কিছুটা কমলেও এক্ষেত্রে বাংলাদেশের অবস্থান বিশ্বে অষ্টম আর দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে শীর্ষে।

▶ জিন প্রকৌশলের মাধ্যমে ডিএনএ সম্পাদনার 'সূক্ষ্মতম' কৌশল উদ্ভাবনের স্বীকৃতি হিসেবে রসায়নে নোবেল পেয়েছেন ফ্রান্সের গবেষক ইমানুয়েল কার্পেন্টার (৫১) এবং যুক্তরাষ্ট্রের জেনিফার এ ডোডনার (৫৬)।

**৮ অক্টোবর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে কিশোরগঞ্জের তিন হাওড় উপজেলা ইটনা, মিঠামইন ও অষ্টগ্রামের মধ্যে নবনির্মিত অল-ওয়েদার সড়কের উদ্‌বোধন করেন।

▶ জ্যেষ্ঠ আইনজীবী ও সুপ্রিমকোর্ট আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট আবু মোহাম্মদ আমিন উদ্দিনকে দেশের ১৬তম অ্যাটর্নি জেনারেল হিসেবে নিয়োগ দিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।



▶ ফিনল্যান্ডের প্রধানমন্ত্রী সান্না মারিন ১৬ বছরের এক তরুণী আভা মার্টোকে একদিনের জন্য প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করতে দেন। (৭ অক্টোবরের ঘটনা)

▶ সাহিত্যে নোবেল পুরস্কার অর্জন করেছেন আমেরিকান কবি লুইস গ্লিক।

**৯ অক্টোবর**

▶ ধর্ষণ ও নারী নিপীড়নের বিচারের দাবিতে রাজধানীর শাহবাগ এলাকায় বিক্ষোভ সমাবেশ করেছে বিভিন্ন সংগঠন। তারা নয় দফা দাবি জানান।

▶ ভারতীয় হাইকমিশন করোনা মহামারিতে প্রায় আট মাস বন্ধ থাকার পর বাংলাদেশিদের কাছ থেকে আবার ভিসা আবেদন নেওয়া শুরু করেছে। চিকিৎসাসহ নয় ক্যাটাগরিতে অনলাইনে এ আবেদন গ্রহণ করা হচ্ছে।

▶ ক্ষুধামুক্ত বিশ্ব গড়ার লড়াইয়ে ভূমিকার জন্য শান্তিতে নোবেল পেয়েছে জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি)।

**১০ অক্টোবর**

▶ এশিয়ান নেশন অনলাইন দাবা প্রতিযোগিতায় বাংলাদেশ সৌদিআরব ও জর্ডানকে হারিয়েছে।

▶ যুক্তরাজ্যে রানি এলিজাবেথের জন্মদিনে দেওয়া 'অর্ডার অব দ্য ব্রিটিশ এম্পায়ার (ওবিই)' খেতাব পেয়েছেন শতবর্ষী ব্রিটিশ বাংলাদেশি দবিরুল ইসলাম চৌধুরী। গত রমজানে করোনাভাইরাস সংকটে দুর্গত মানুষের জন্য তহবিল সংগ্রহ করায় তাকে এ খেতাব দেওয়া হয়।

▶ বিতর্কিত নাগরনো-কারাবাখ অঞ্চলকে ঘিরে শুরু হওয়া সংঘাতে সাময়িক বিরতি দিতে রাজি হয়েছে আর্মেনিয়া ও আজারবাইজান। রাশিয়ার রাজধানী মস্কোতে টানা ১০ ঘণ্টার আলোচনা শেষে দুই দেশ এ যুদ্ধবিরতিতে সম্মত হয়। বিবিসি এ তথ্য জানিয়েছে।

**১১ অক্টোবর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সরকার একবিংশ শতাব্দীর ভূরাজনৈতিক ও সামরিক চ্যালেঞ্জ মোকাবিলায় সক্ষম করে তোলার জন্য বাংলাদেশ সেনাবাহিনীকে একটি সময়োপযোগী, আধুনিক, প্রযুক্তিগতভাবে সুসজ্জিত

ও জ্ঞাননির্ভর বাহিনীতে রূপান্তর করতে কাজ করে যাচ্ছে। বাংলাদেশ সেনাবাহিনীর ১০টি ইউনিটকে জাতীয় পতাকা প্রদান অনুষ্ঠানে তিনি একথা বলেন।

- ▶ অ্যাডভোকেট এ এম আমিন উদ্দিন অ্যাটর্নি জেনারেল হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন ।
- ▶ শিক্ষামন্ত্রী ডা. দীপুমনি এক ভার্চুয়াল সভায় জানান, আগামী শিক্ষাবর্ষে বিশ্ববিদ্যালয়ে সমন্বিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া শুরু করা হবে।
- ▶ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার পর প্রথমবার প্রকাশ্য হোয়াইট হাউসে এক নির্বাচনি অনুষ্ঠানে হাজির হন। (১০ অক্টোবরের ঘটনা)

**১২ অক্টোবর**

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠকে ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রেখে 'নারী ও শিশু নির্যাতন দমন (সংশোধন) অধ্যাদেশ-২০০০ এর খসড়ায় চূড়ান্ত অনুমোদন দেয়া হয়।
- ▶ অস্ত্র আইনের ১৯-এর 'এ' ধারায় অবৈধ অস্ত্র রাখার দায়ে শামীমা নূর পাপিয়া ও তার স্বামী মফিজুর রহমান সুমনকে ২০ বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। এছাড়া ১৯-এর 'এফ' ধারায় অবৈধভাবে গুলি রাখার দায়ে দেওয়া হয়েছে ৭ বছরের কারাদণ্ড। দুই ধারার সাজা একসঙ্গে কার্যকর হবে।
- ▶ বিচার বিভাগ নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে অবমাননাকর মন্তব্য করার দায়ে সুপ্রিমকোর্টের আইনজীবী ইউনুছ আলী আকন্দকে ৩ মাস আপিল বিভাগ এবং হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনার কাজ থেকে বিরত থাকার নির্দেশ দিয়েছেন সুপ্রিমকোর্টের আপিল বিভাগ। একই সঙ্গে করা হয়েছে ২৫ হাজার টাকা জরিমানা। অনাদায়ে তাকে ১৫ দিনের কারাভোগ করতে হবে।
- ▶ বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের (বিইআরসি) জুলাইয়ের নির্দেশনা অনুযায়ী করোনাকালে নেওয়া ভৌতিক বিদ্যুৎ বিল গ্রাহকদের প্রকৃত মিটার রিডিং নিয়ে সমন্বয় করার নির্দেশ দিয়েছে হাইকোর্ট।



- ▶ বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের উত্তরায় বাসায় ঢিল ও ডিম নিক্ষেপের ঘটনায় ১২ জনকে দল থেকে বহিষ্কার করেছে বিএনপি।
- ▶ অর্থনীতিতে নোবেল পুরস্কার পেয়েছেন যুক্তরাষ্ট্রের স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ের দুই অর্থনীতিবিদ অধ্যাপক পল আর মিলগ্রোম ও রবার্ট বি উইলসন। আর্থিক সম্পদের বাজারমূল্য নির্ধারণের ক্ষেত্রে নিলাম তত্ত্বের (অকশন থিয়োরি) উন্নয়ন এবং নিলামের নতুন পদ্ধতি উদ্ভাবনের স্বীকৃতি হিসেবে যৌথভাবে তাদের এই পুরস্কার দেওয়া হয়েছে।

**১৩ অক্টোবর**

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠান ভিডিয়ো কনফান্সের মাধ্যমে উদ্‌বোধন করেন।
- ▶ ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রেখে সংশোধিত 'নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০২০' অধ্যাদেশ আকারে জারি করা হয়েছে। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ অধ্যাদেশ 'নারী ও শিশু নির্যাতন দমন (সংশোধন) অধ্যাদেশ, ২০২০' জারি করেন।
- ▶ শিক্ষকদের দাবির পরিপ্রেক্ষিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সব সহকারী শিক্ষককে জাতীয় বেতন কাঠামোর ১৩তম গ্রেডে উন্নীত করার আদেশ জারি করেছে।
- ▶ একুশে পদকপ্রাপ্ত প্রখ্যাত কথাসাহিত্যিক, মুক্তিযুদ্ধ গবেষক ও নজরুল ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক রশীদ হায়দার ইন্তেকাল করেছেন।
- ▶ করোনাভাইরাসে সংক্রমিত হওয়ার দুই সপ্তাহেরও কম সময়ের মধ্যে নির্বাচনি প্রচারে ফিরেছেন রিপাবলিকান প্রার্থী ও যুক্তরাষ্ট্রের বর্তমান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি ফ্লোরিডা রাজ্যের স্ট্যানফোর্ডে কয়েক হাজার মানুষের উন্মুক্ত সমাবেশে মাস্ক ছাড়াই উপস্থিত হন। (১২ অক্টোবরের ঘটনা)

**১৪ অক্টোবর**

- ▶ হাইকোর্ট নাগরিকদের হয়রানি কমাতে ভুয়া গ্রেফতারি পরোয়ানা রোধে সাত দফা নির্দেশনা জারি করেছে।

- ▶ বাম্পার ফলনের পরও বাজারে আলুর মূল্যবৃদ্ধির পরিপ্রেক্ষিতে কৃষি বিপণন অধিদফতর আলুর সর্বোচ্চ মূল্য ৩০ টাকা নির্ধারণ করে দিয়েছে।
- ▶ বিশ্বব্যাংকের নির্বাহী পরিচালনা বোর্ড কোভিড ১৯ ভ্যাকসিন ক্রয়, পরীক্ষা ও বিতরণে সহায়তা প্রদানে উন্নয়নশীল দেশসমূহের নাগরিকদের জন্য ১২ বিলিয়ন ডলার অনুমোদন করেছে। বিশ্বব্যাংকের সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য প্রকাশ করা হয়েছে।

**১৫ অক্টোবর**

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে (বিপিএটিসি) ৭০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে সনদপত্র বিতরণ করেন।
- ▶ মার্কিন যুক্তরাষ্ট্রের উপপররাষ্ট্রমন্ত্রী স্টিফেন ই বিগান গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাত করেন।
- ▶ বাংলাদেশে সফররত মার্কিন যুক্তরাষ্ট্রের উপপররাষ্ট্রমন্ত্রী স্টিফেন ই বিগান ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় পররাষ্ট্রমন্ত্রী এ কে মোমেনের সঙ্গে বৈঠক করেন। বৈঠক শেষে তারা যৌথ সংবাদ সম্মেলন করেন।
- ▶ বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের তিন নেতা নুরুল হক নূর, রাশেদ খান, ফারুক হোসেনকে অবাঞ্ছিত করে ২২ সদস্যের নতুন আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। জাতীয় প্রেসক্লাবে সংবাদ সম্মেলনে সংগঠনটির কেন্দ্রীয় ও বিভাগীয় পর্যায়ের নেতারা এই ঘোষণা দেন।
- ▶ রাশিয়ায় দ্বিতীয় টিকা অনুমোদন লাভ করেছে। অনুমোদিত নতুন টিকার নাম 'এপিভ্যাককরোনা'। এর আগে প্রথম টিকার নাম ছিল 'স্পুটনিক ভি'। দুই ডোজের এই টিকা তৈরি করেছে সাইবেরিয়ার ভেক্টর ইনস্টিটিউট। (১৪ অক্টোবরের ঘটনা)

**১৬ অক্টোবর**

- ▶ বিশ্ব খাদ্য দিবস ২০২০ উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয় আয়োজিত আন্তর্জাতিক সেমিনার উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।



- ▶ ধর্ষণ ও নিপীড়নের বিরুদ্ধে দেশব্যাপী গণজাগরণ তৈরির লক্ষ্যে জাতীয় জাদুঘরের সামনে থেকে নোয়াখালীর উদ্দেশে লংমার্চ শুরু করে কয়েকটি রাজনৈতিক ও ছাত্র সংগঠন।
- ▶ পুলিশি নির্যাতনে রায়হানের মৃত্যুর ঘটনার প্রতিবাদে মিছিলে বিক্ষোভে উত্তাল হয়ে উঠে সিলেট নগরী। বিক্ষোভ সমাবেশ থেকে দোষী পুলিশকে গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করা হয়।
- ▶ একাত্তরের মানবতাবিরোধী অপরাধের দায়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি মাহবুবুর রহমানের মৃত্যু হয়েছে। গাজীপুরের কাশিমপুর কারাগারে অসুস্থ হলে তাকে গাজীপুরের শহিদ তাজউদ্দীন আহমদ মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে গেলে সেখানে তিনি মারা যান।

**১৭ অক্টোবর**

- ▶ বাংলাদেশ সোসাইটি অব অ্যানেস্থেসিওলজিস্টস আয়োজিত 'ক্রিটিক্যাল কেয়ার-২০২০' শীর্ষক প্রথম আন্তর্জাতিক ই-সম্মেলনে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ▶ ঢাকা-৫ ও নওগাঁ-৬ আসনে জাতীয় সংসদের উপনির্বাচনে আওয়ামী লীগ প্রার্থী যথাক্রমে কাজী মনিরুল ইসলাম ও আনোয়ার হোসেন হেলাল জয়ী হয়েছেন।
- ▶ বিশ্ব স্বাস্থ্য সংস্থার কোভিড-১৯ এর ভ্যাকসিন ক্যান্ডিডেট তালিকায় বাংলাদেশের গ্লোব বায়োটেক লিমিটেডের আবিষ্কৃত তিনটি ভ্যাকসিনকে অন্তর্ভুক্ত করা হয়েছে।
- ▶ সেন্টমার্টিনে প্রথমবারের মতো বিশেষ এক ধরনের সামুদ্রিক মাছের প্রজাতি শনাক্ত হয়েছে। বাংলাদেশের নামের সঙ্গে মিল রেখে মাছটির বৈজ্ঞানিক নামকরণ 'পোমাসেন্ট্রাস বাংলাদেশিয়াস'।
- ▶ পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভিসিদের সংগঠন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের ভার্চুয়াল বৈঠকে সিদ্ধান্ত : গুচ্ছ পদ্ধতিতে বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। করোনা পরিস্থিতিতে প্রয়োজনে অনলাইনে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- ▶ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে সাবেক জ্বালানি প্রতিমন্ত্রী ও বিএনপি চেয়াপারসনের উপদেষ্টা এ কে এম মোশাররফ হোসেন ইন্তেকাল করেছেন।

▶ দিনাজপুরের ফুলবাড়ীতে প্রধানমন্ত্রীর দেওয়া বাড়ি পেলেন প্রতিবন্ধী রুবিনা বেগম।

▶ জেসিন্ডা আরডার্ন আবার নিউজিল্যাণ্ডের প্রধানমন্ত্রী নির্বাচিত হয়েছেন। দেশটির সাধারণ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী দলের সঙ্গে ব্যাপক ব্যবধানে জয়ী হয়েছে তার দল লেবার পার্টি।

**১৮ অক্টোবর**

▶ গণভবন থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছোটো ছেলে শহিদ শেখ রাসেলের জন্মবার্ষিকী উপলক্ষ্যে ভার্চুয়ালি আয়োজিত এক অনুষ্ঠানে অংশগ্রহণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা আসন্ন দুর্গাপূজা উপলক্ষ্যে ভারতের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে শুভেচ্ছা উপহার পাঠিয়েছেন।

▶ করোনাভাইরাসের কারণে সাত মাস পর মক্কার পবিত্র মসজিদুল হারামে সাধারণ মুসল্লিদের নামাজ আদায়ের অনুমতি দিল সৌদি কর্তৃপক্ষ। ফজরের নামাজের মধ্য দিয়ে সাধারণ মুসল্লিদের নামাজ আদায় শুরু।

**১৯ অক্টোবর**

▶ ইউরোপ ও আমেরিকায় নতুন করে করোনাভাইরাসের প্রকোপ বৃদ্ধি পাওয়ায় মন্ত্রিসভার ভার্চুয়াল বৈঠকে জনগণকে আবারও সতর্ক থাকার পরামর্শ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

▶ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১৯৭১ সালের ৭ মার্চ দেওয়া ভাষণের দিনটিকে ঐতিহাসিক দিবস হিসেবে ঘোষণা করে পরিপত্র জারি মন্ত্রিপরিষদ বিভাগের।

▶ মামলা দায়েরের পর সাত কর্মদিবসের মধ্যে দেশে প্রথম একটি বিচার প্রক্রিয়া শেষ হয়েছে। বাগেরহাটের আদালত একটি শিশু ধর্ষণ মামলার রায়ে অভিযোগ প্রমাণিত হওয়ায় এক ব্যক্তিকে যাবজ্জীবন কারাদণ্ড, সেই সঙ্গে ২০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও এক বছরের কারাদণ্ড দিয়েছে।

▶ নৌযান শ্রমিকদের ছয়টি সংগঠনের জোট নৌশ্রমিক অধিকার সংরক্ষণ ঐক্য পরিষদ এবং বাংলাদেশ নৌযান শ্রমিক ফেডারেশনের ডাকে সারা দেশে অনির্দিষ্টকালের নৌযান ধর্মঘট শুরু হয়েছে।



**২০ অক্টোবর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠক অনুষ্ঠিত হয়।

▶ অনলাইন নয় সরাসরি ভর্তি পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়। এক্ষেত্রে ভর্তি পরীক্ষার মূল্যায়ন নম্বর কমিয়ে আনা হবে। ২০০ নম্বরের পরিবর্তে এবার ১০০ নম্বরে পরীক্ষা নেওয়া হবে। বিশ্ববিদ্যালয়ের ডিনস কমিটির সভায় এই সিদ্ধান্ত হয়।

▶ দেশের দুই শতাধিক স্থানীয় সরকার পরিষদের নির্বাচন সম্পন্ন হয়েছে ।

**২১ অক্টোবর**

▶ করোনা পরিস্থিতিতে এবার মাধ্যমিক স্তরের শ্রেণিগুলোয় কোনো ধরনের পরীক্ষা ছাড়াই শিক্ষার্থীরা পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ হবে। তবে অ্যাসাইনমেন্টের মাধ্যমে মূল্যায়ন করে শিক্ষার্থীদের ঘাটতিগুলো চিহ্নিত করা হবে। মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষার বিষয়ে ভার্চুয়াল সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এই তথ্য জানান।

▶ ২০ অক্টোবর দেশের বিভিন্ন জায়গায় অনুষ্ঠিত স্থানীয় সরকার নির্বাচনের ফলাফল প্রত্যাখ্যান করে পুনর্নির্বাচনের দাবি করেছে বিএনপি। নয়াপল্টন বিএনপি কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে দলের সাংগঠনিক সম্পাদক সৈয়দ এমরান সালেহ প্রিন্স এ দাবি জানান।

▶ দুদকের মামলায় ২৭৫ কোটি টাকার অবৈধ সম্পদের মালিক পি কে হালদারকে দেশের বিমানবন্দরে নামার সঙ্গে সঙ্গে গ্রেফতারের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। গ্রেফতারের পর তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানোর আদেশ দেওয়া হয়েছে। পুলিশের আইজি, দুর্নীতি দমন কমিশন ও ইমিগ্রেশন কর্তৃপক্ষকে এ আদেশ পালনের নির্দেশনা দেওয়া হয়েছে।

▶ বাংলাদেশ ব্যাংক স্বর্ণ আমদানি নীতিমালা ২০১৮ অনুসরণ করে স্বর্ণবারের পর এবার স্বর্ণালংকার আমদানিরও অনুমতি দিয়েছে। বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা ও নীতি বিভাগ থেকে এ সংক্রান্ত একটি সার্কুলার জারি করা হয়েছে।

▶ নাসার মহাকাশযান প্রথমবারের মতো কোনো গ্রহাণুতে অবতরণ করেছে। তাদের মহাকাশযান 'ওসিরিসরেক্স' ধূলিকণা সংগ্রহে অবতরণ করেছে গ্রহাণু 'বেন্নু'তে। বাংলাদেশ সময় ২০ অক্টোবর ২০২০ রাতে বেন্নুতে অবতরণ করে নাসার মহাকাশযান। (২০ অক্টোবরের ঘটনা)

**২২ অক্টোবর**

▶ জাতীয় নিরাপদ সড়ক দিবস ২০২০ উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সড়ক দুর্ঘটনা রোধে চালকরা মাদকাসক্ত কিনা তা জানার জন্য ডোপ টেস্ট করা একান্ত জরুরি। তিনি নিরাপদ সড়ক প্রতিষ্ঠায় ড্রাইভিং লাইসেন্স প্রদানে ঘুস দুর্নীতি বন্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়কে নির্দেশ দেন।

▶ একাত্তরের মুক্তিযুদ্ধের সময় মানবতাবিরোধী অপরাধের দায়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত জাতীয় পার্টির সাবেক কৃষিপ্রতিমন্ত্রী সৈয়দ মোহাম্মদ কায়সারের মৃত্যুপরোয়ানা জারি হয়েছে।

▶ সিলেট দ্রুতবিচার ট্রাইব্যুনালে সাবেক অর্থমন্ত্রী শাহ এ এম এস কিবরিয়া হত্যার বিস্ফোরক মামলা এবং সুনামগঞ্জের দিরাইয়ে সুরঞ্জিত সেনগুপ্তের সমাবেশে বোমা হামলার ঘটনায় হত্যা ও বিস্ফোরক মামলায় পৃথক চার্জ গঠন করেছেন আদালত। আসামিদের উপস্থিতিতে এসব মামলার চার্জ গঠন করেন আদালত।

▶ টানা তিনদিন পণ্যবাহী নৌযান চলাচলে অচলাবস্থার পর সরকারের মধ্যস্থতায় শ্রম মন্ত্রণালয়ে মালিক-শ্রমিকদের সঙ্গে আলোচনা শেষে ধর্মঘট প্রত্যাহারের ঘোষণা দিয়েছে আন্দোলনরত নৌযান শ্রমিক সংগঠনগুলো।

**২৩ অক্টোবর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে এক বার্তায় রোহিঙ্গা সংকটসহ বিদ্যমান বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় জাতিসংঘকে আরও জোরালো ভূমিকা নেওয়ার আহ্বান জানান।

▶ প্রেসিডেন্টের ক্ষমতা বাড়াতে শ্রীলংকার পার্লামেন্টে একটি বিল পাস হয়েছে।



**২৪ অক্টোবর**

▶ জাতীয় সংসদের স্পিকার শিরীন শারমিন চৌধুরী মহামারিকালের সমস্যা থেকে উত্তরণের জন্য বিশেষ অর্থনৈতিক অঞ্চলে নারী উদ্যোক্তাদের প্লট বরাদ্দ দেয়ার অনুরোধ জানিয়েছেন। উইমেন অ্যান্ড ই-কমার্স ফোরামের উদ্যোগে উইমেন ই-কমার্স অ্যান্ট্রাপ্রেনিওরশিপ সামিটের উদ্‌বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। স্পিকার ভার্চুয়ালি এই অনুষ্ঠানে যোগ দেন বলে সংসদ সচিবালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়।

▶ সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের জানিয়েছেন, টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনে সরকার সড়ক দুর্ঘটনা ৫০ শতাংশ কমানোর চেষ্টায় রয়েছে। ব্র্যাক-বিশ্বব্যাংকের যৌথ উদ্যোগে নিরাপদ সড়ক দিবস উপলক্ষ্যে এক আলোচনা সভায় ভিডিয়ো কনফারেন্সে যুক্ত হয়ে তিনি একথা বলেন।

▶ খ্যাতিমান আইনজীবী ও সাবেক অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার রফিক-উল হক ইন্তেকাল করেছেন।

**২৫ অক্টোবর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) রজতজয়ন্তী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে তিনি নীতিহীন ও জাতিকে বিভ্রান্ত করতে পারে– এমন সংবাদ পরিবেশন না করার জন্য সাংবাদিকদের প্রতি আহ্বান জানান।

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে করোনাভাইরাস মহামারির মধ্যে মাস্ক না পরলে সরকারি-বেসরকারি অফিসগুলোয় কোনো সেবা প্রদান না করার নির্দেশনা দেয়া হয়।

▶ সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের নিজ নির্বাচনি এলাকা নোয়াখালীর বসুরহাট ও কবিরহাটে সনাতন ধর্মাবলম্বীদের শারদীয় দুর্গোৎসব পরিদর্শন করেন।

▶ টেলিভিশনের আলোচনা অনুষ্ঠানে বক্তব্যের মাধ্যমে 'ধর্মীয় অনুভূতিতে আঘাত' দেওয়ার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক জিয়া রহমানের

বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে দুইটি মামলার আবেদন করা হয়েছে। বাংলাদেশ সাইবার ট্রাইব্যুনালে দুই মামলার আবেদন করা হয়।

- দক্ষিণ কোরিয়ার বৃহৎ শিল্পগোষ্ঠী স্যামসাং গ্রুপের চেয়ারম্যান লি কুন হি মৃত্যুবরণ করেছেন।

**২৬ অক্টোবর**

- পদ্মা নদীতে নাব্য সংকট ও পরে বৈরী আবহাওয়ার কারণে শিমুলিয়া-কাঁঠালবাড়ি নৌরুটে ১১দিন পর ফেরি চলাচল শুরু হয়েছে।
- স্পেন করোনাভাইরাস নিয়ন্ত্রণে রাত্রিকালীন কারফিউয়ের পাশাপাশি দেশজুড়ে জরুরি অবস্থা ঘোষণা করেছে।

**২৭ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের বদলির কারণে উন্নয়ন কার্যক্রম যাতে বাধাগ্রস্ত না হয় সে বিষয়ে ব্যবস্থা নেয়ার নির্দেশ দেয়া হয়।
- পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালা ভবনে 'আর্ট অ্যাগেইনস্ট করোনা' শীর্ষক মাসব্যাপী চিত্রকর্ম প্রদর্শনীর উদ্‌বোধন করেন।
- আওয়ামী লীগ এমপি হাজি সেলিমের ছেলে মোহাম্মদ ইরফান সেলিমকে পুরান ঢাকার ৩০ নম্বর ওয়ার্ড কাউন্সিলর পদ থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।
- বরগুনার আলোচিত রিফাত শরীফ হত্যা মামলার অপ্রাপ্তবয়স্ক ১৪ আসামির মধ্যে ছয় জনকে ১০ বছর করে, চারজনকে ৫ বছর করে এবং একজনকে ৩ বছরের করাদণ্ড দেয়া হয়েছে। অপরাধ প্রমাণ না হওয়ায় বেকসুর খালাস দেওয়া হয়েছে তিনজনকে।
- কয়েকটি আইনি ত্রুটি দেখিয়ে রাষ্ট্রপক্ষ ব্লগার বাবু হত্যাকাণ্ডের পুনর্বিচারের আবেদন করায় মামলাটির রায় হয়নি। আদালত ৪ নভেম্বর পুনরায় চার্জ শুনানির জন্য দিন ধার্য করেছে।



**২৮ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ সেনাবাহিনীর তিনটি ব্রিগেড এবং পাঁচটি ইউনিটের পতাকা উত্তোলন অনুষ্ঠানে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে সংযুক্ত হন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, আমাদের পররাষ্ট্র নীতি অত্যন্ত স্পষ্ট–সবার সঙ্গে বন্ধুত্ব, কারও সঙ্গে বৈরিতা নয়। আমরা কারও সঙ্গে যুদ্ধ করতে চাই না, আমরা সবার সঙ্গে বন্ধুত্ব চাই। কিন্তু যদি কখনো আমরা আক্রান্ত হই, সেটা মোকাবিলা করার মতো শক্তি যেন অর্জন করতে পারি, সেভাবেই আমরা প্রস্তুতি নিয়ে রাখতে চাই।
- করোনা মহামারির কারণে ৭ মাস বন্ধ থাকার পর বাংলাদেশ ও ভারতের মধ্যে যাত্রীবাহী বিমান চলাচল শুরু হয়েছে।
- বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) করোনা পরিস্থিতির মধ্যে শর্তসাপেক্ষে বিশেষ বিবেচনায় বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ব্যবহারিক ক্লাস ও পরীক্ষা গ্রহণের অনুমতি দিয়েছে।

**২৯ অক্টোবর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে স্বাধীনতা পুরস্কার-২০২০ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন।
- সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের সড়কের অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার ওপর খাতওয়ারি আলোচনাসভায় প্রধান অতিথি হিসেবে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে সংযুক্ত হন। তিনি অনুষ্ঠানে জানান, গত ১২ বছরে প্রায় ৪৫০ কিলোমিটার মহাসড়ক চার লেনে উন্নীত হয়েছে।
- সরকার করোনা পরিস্থিতির কারণে শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটি ১৪ নভেম্বর পর্যন্ত বাড়িয়েছে।
- মুক্তিযোদ্ধাদের নামের আগে সম্মানসূচক শব্দ 'বীর' লেখার বিধান করে গেজেট প্রকাশ করা হয়েছে। এর ফলে এখন থেকে সব ক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের নামের আগে 'বীর' শব্দ ব্যবহার করতে হবে।
- আর্থিক অনিয়মের অভিযোগে রাজধানীর শহীদ সোহরাওয়ার্দী মেডিক্যাল কলেজ হাসপাতালের পরিচালক (ভারপ্রাপ্ত) প্রফেসর ডা. উত্তম কুমার

বড়ুয়াসহ তিনজনের বিরুদ্ধে বিভাগীয় মামলা। অপর দুজন হলেন হাসপাতালের নিউরো সার্জারি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. সৌমিত্র সরকার এবং নেফ্রোলজি বিভাগের প্রধান ডা. রতন দাশগুপ্ত।

**৩০ অক্টোবর**

- ▶ ইদ-ই মিলাদুন্নবী উদ্‌যাপিত হয়েছে। এই উপলক্ষ্যে বঙ্গভবনে মিলাদ ও দোয়া অনুষ্ঠিত হয়েছে। বঙ্গভবনের দরবার হলে ওই মিলাদে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ অংশ নেন।
- ▶ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ ইউনেস্কোর স্বীকৃতি পাওয়া স্মরণে ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার স্মারক ডাকটিকেট সমন্বয়ে ৩০ টাকার স্যুভেনির অবমুক্ত ও ডেটা কার্ড প্রকাশ করেন। স্যুভেনির শিটে প্রতিটি দশ টাকা মূল্যমানের দুটি স্মারক ডাকটিকেট ও দশ টাকা মূল্যমানের উদ্‌বোধনী খাম রয়েছে।

**৩১ অক্টোবর**

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'মুজিববর্ষে গৃহহীন মানুষকে সরকারের সচিবদের গৃহ উপহার' শীর্ষক অনুষ্ঠানে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে সংযুক্ত হন। মুজিববর্ষে গৃহ উপহার কার্যক্রমের অংশ হিসেবে অনুষ্ঠানে সরকারের ৮০জন জ্যেষ্ঠ সচিব ও সচিব নিজ নিজ এলাকায় নিজস্ব অর্থায়নে ১৬০টি গৃহহীন, ভূমিহীন পরিবারের কাছে তাদের নির্মিত ঘরের চাবি হস্তান্তর করেন।
- ▶ বিশ্বব্যাংক জানিয়েছে, ২০২০ সালে বাংলাদেশে প্রবাসীদের পাঠানো রেমিটেন্স প্রবাহ বেড়েছে এবং এ বছর রেমিটেন্স প্রবাহে বাংলাদেশ অষ্টম অবস্থানে থাকবে। ওয়াশিংটনভিত্তিক শীর্ষস্থানীয় সংস্থার 'কোভিড-১৯ ক্রাইসিস থ্রু এ মাইগ্রেশন লেন্স' প্রতিবেদনে এ তথ্য প্রকাশিত হয়েছে।
- ▶ জেমস বন্ড খ্যাত নায়ক স্কটিশ অভিনেতা শন কনারি মৃত্যুবরণ করেছেন।



## নভেম্বর

**১ নভেম্বর**

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস-২০২০' উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে যুক্ত হন এবং অনুষ্ঠানের উদ্‌বোধন করেন।
- ▶ করোনাভাইরাস শনাক্তের তালিকায় বিশ্বের শীর্ষ ২০টি দেশের মধ্যে বাংলাদেশের করোনা পরিস্থিতির উন্নতি লাভ করেছে। ১৪তম স্থান থেকে এখন বাংলাদেশের অবস্থান ২০তম স্থানে। ওয়ার্ল্ডোমিটার এই তথ্য প্রকাশ করেছে।
- ▶ স্বাধীনতার পর প্রথম বিসিএসের মাধ্যমে নিয়োগ পাওয়া প্রশাসন ক্যাডারের পদোন্নতি বঞ্চিত অবসরে যাওয়া ৩৯ বীর মুক্তিযোদ্ধা কর্মকর্তাকে সচিব পদমর্যাদা ও সুযোগ-সুবিধা দেওয়ার নির্দেশ দিয়েছে হাইকোর্ট।
- ▶ নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে হাজি সেলিমের দখলে থাকা ১৪ বিঘা খাসজমিতে প্রশাসনের উচ্ছেদ অভিযান শুরু।
- ▶ করোনাভাইরাস মহামারির কারণে সাত মাস বন্ধ রাখার পর প্রথমবারের মতো ওমরাহ পালনে সৌদি আরবে পৌঁছেছেন প্রায় ১০ হাজার বিদেশি নাগরিক।

**২ নভেম্বর**

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিপরিষদের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে প্রধানমন্ত্রী বলেন, দেশে বর্তমানে ভালো পরিবেশ বিরাজ করছে। অথচ একটি মহল সংঘাত সৃষ্টির উদ্দেশ্যে উসকানিমূলক বক্তব্য-বিবৃতি দিয়ে যাচ্ছে।
- ▶ ফ্রান্সের ব্যঙ্গ ম্যাগাজিন শার্লি এবদোতে হযরত মুহাম্মদকে (সা.) নিয়ে ব্যঙ্গচিত্র প্রকাশের প্রতিবাদে ঢাকায় হেফাজতে ইসলামসহ বিভিন্ন ধর্মভিত্তিক সংগঠনের নেতাকর্মীরা মিছিল করে।
- ▶ মস্তিষ্কে রক্তক্ষরণজনিত কারণে খ্যাতনামা ব্রিটিশ সাংবাদিক ও লেখক রবার্ট ফিস্ক মৃত্যুবরণ করেন।

**৩ নভেম্বর**

▶ জেলহত্যা দিবস উপলক্ষ্যে আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে অংশগ্রহণ করেন।

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে প্রধানমন্ত্রী নদীর প্রবাহ ঠিক রাখা ও নদীভাঙন রোধে দেশের বড়ো নদীগুলোকে ক্যাপিটাল ড্রেজিং এর আওতায় আনা এবং পুরো বছর নিয়মিত ক্যাপিটাল ড্রেজিংয়ের মাধ্যমে নদীগুলোকে রক্ষণাবেক্ষণের নির্দেশ দেন।

▶ জনস্বাস্থ্য ইনস্টিটিউটের পরিচালক ডা. মুহাম্মদ আবদুর রহিমকে মুসলিম ধর্মাবলম্বী কর্মকর্তা-কর্মচারীদের জন্য পোশাক বিধি নির্ধারণ করে বিজ্ঞপ্তি জারি করার জন্য এবং শহীদ সোহরাওয়ার্দী মেডিক্যাল কলেজ হাসপাতালের পরিচালক অধ্যাপক ডা. উত্তম কুমার বড়ুয়াকে হাসপাতালের যন্ত্রপাতি কেনাকাটায় দুর্নীতির অভিযোগে ওএসডি করা হয়েছে।

**৪ নভেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকায় নবনির্মিত চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ভবন উদ্‌বোধন করেন।

▶ অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে ভার্চুয়াল সংবাদ সম্মেলনে অর্থমন্ত্রী আশা প্রকাশ করেন, আগামী বছরের মধ্যে বৈদেশিক রিজার্ভ ৫০ বিলিয়ন ডলারে উন্নীত হবে।

▶ পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) ৭৪৭তম সভায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন 'ডিজিটাল বুথ (স্টকব্রোকার/স্টেকহোল্ডার) নীতিমালা' ২০২০ অনুমোদন করা হয়।

▶ যুক্তরাষ্ট্রের নির্বাচনে সিনেটর পদে বাংলাদেশি বংশোদ্ভূত শেখ মোজাহিদুর রহমান চন্দন ও প্রতিনিধি পরিষদে আবুল বি খান বিজয়ী হয়েছেন।

**৫ নভেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা নৌবাহিনীতে যুদ্ধ জাহাজসহ পাঁচটি আধুনিক জাহাজের কমিশনিং করেছেন।



▶ যোগাযোগ ব্যবস্থা আধুনিকায়ন এবং দ্রুততর করতে আগামী এক দশকের (২০৩০) মধ্যে পাতাল এবং উড়ালসহ মোট ৬টি মেট্রোরেল রুট নির্মাণ করা হবে। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) কাউন্সিল ভবনে 'ঢাকা মহানগরীর সড়ক নিরাপত্তা ও ঢাকা পরিবহণ সমন্বয় কর্তৃপক্ষের ভূমিকা ও উদ্যোগ' শীর্ষক সেমিনারে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এমপি একথা জানান।

▶ ঢাকা থেকে ফ্লাইট পরিচালনার মাধ্যমে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করল ভারতের ভিস্তারা এয়ারলাইন্স। হযরত শাহজালাল (রহ.) আন্তর্জাতিক বিমানবন্দরে ভিস্তারা ফ্লাইট চলাচলের উদ্‌বোধন করেন বেসামরিক বিমান চলাচল ও পর্যটন প্রতিমন্ত্রী অ্যাডভোকেট মাহবুব আলী ও বাংলাদেশস্থ ভারতীয় দূতাবাসের হাইকমিশনার বিক্রম কুমার দোরাইস্বামী।

▶ যুক্তরাজ্যের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় ও অ্যাস্ট্রাজেনেকা কোম্পানির উদ্ভাবিত করোনাভাইরাসের তিন কোটি ডোজ টিকা কেনার চুক্তি করেছে সরকার। ভারতের সেরাম ইনস্টিটিউটের কাছ থেকে এনে এই টিকা সরকারকে সরবরাহ করবে দেশের ওষুধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিমিটেড।

**৬ নভেম্বর**

▶ কোভিড-১৯ মহামারি বহুমুখী বৈশ্বিক সমস্যা তৈরি করেছে এবং বৈশ্বিকভাবেই এটির সমাধান করা দরকার। এই সংকট মোকাবিলার জন্য একটি সমন্বিত রোডম্যাপ প্রয়োজন। ভার্চুয়ালি চতুর্দশতম এশিয়া ও ইউরোপ মিটিং (আসেম) অর্থমন্ত্রী পর্যায়ের সভায় বাংলাদেশের অর্থমন্ত্রী আ হ ম মোস্তফা কামাল এ কথা বলেন। তিনি কোভিড-১৯ মোকাবিলায় আসেমভুক্ত দেশগুলোর মধ্যে একটি শক্তিশালী নেটওয়ার্ক তৈরির ওপর গুরুত্ব আরোপ করেন।

▶ নির্বাচনের পর প্রথম সংবাদ সম্মেলনে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নির্বাচনে কারচুপির নানা অভিযোগ করেন। অভিযোগগুলো মিথ্যা দাবি করে তার বক্তব্যের মাঝপথে সরাসরি সম্প্রচার থেকে সরে আসে বেশ কয়েকটি সংবাদমাধ্যম।

▶ তৃতীয় লিঙ্গের মানুষের জন্য রাজধানীতে অনাবাসিক মাদ্রাসা উদ্‌বোধন করা হয়েছে। বেসরকারি উদ্যোগে ঢাকার কামরাঙ্গীরচরের লোহার ব্রিজ ঢাল এলাকার এ কার্যক্রম শুরু হয়েছে।

▶ প্ল্যাটফর্ম থেকে ভুয়া অ্যাকাউন্ট এবং পেইজের সাতটি আলাদা নেটওয়ার্ক সরিয়েছে ফেসবুক। ইরান, আফগানিস্তান, মিসর, তুরস্ক, মরক্কো, মিয়ানমার, জর্জিয়া এবং ইউক্রেনে সক্রিয় এই নেটওয়ার্কগুলোর মাধ্যমে 'সমন্বিত অবৈধ আচরণ' ছড়ানো হচ্ছিলো বলে দাবি করেছে প্রতিষ্ঠানটি। এ বিষয়ে মাসিক প্রতিবেদনের অংশ হিসেবে নতুন নেটওয়ার্কগুলো সরানো হয়েছে বলে ফেসবুকের দাবির তথ্য প্রকাশ করেছে রয়টার্স।

**৭ নভেম্বর**

▶ ৪৯তম জাতীয় সমবায় দিবস ২০২০ উদ্‌যাপন এবং জাতীয় সমবায় পুরস্কার ২০১৯ প্রদান অনুষ্ঠানে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী দেশ থেকে দারিদ্র্য নির্মূলে বহুমুখী গ্রাম সমবায় সমিতি গড়ে তোলার আহ্বান জানান।

▶ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত বইয়ের পাইরেটেড কপি বিক্রির অভিযোগে চারজনকে বিভিন্ন মেয়াদে জেল-জরিমানা করেছে ঢাকা মহানগর পুলিশের ভ্রাম্যমাণ আদালত। এক সংবাদ সম্মেলনে উপ-পুলিশ কমিশনার (মিডিয়া) মো. ওয়ালিদ হোসেন জানান, নিউ মার্কেট এলাকার ইসলামিয়া মার্কেটের বিভিন্ন বইয়ের দোকানে অভিযান চালিয়ে বাংলা একাডেমি প্রকাশিত বঙ্গবন্ধুর রচিত 'কারাগারের রোজনামচা', 'আমার দেখা নয়াচীন' ও 'অসমাপ্ত আত্মজীবনী' বইয়ের ২০টি পাইরেটেড কপি জব্দ করা হয়।

▶ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের ফল ঘোষণা করা হয়েছে। ডোনাল্ড ট্রাম্পকে হারিয়ে দেশটির ৪৬তম প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন ডেমোক্র্যাট প্রার্থী জো বাইডেন।

**৮ নভেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিজিবি এয়ার উইংয়ের জন্য ক্রয়কৃত দুটি এমআই-১৭১ই হেলিকপ্টার উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি



অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন, হেলিকপ্টার সংযোজনের ফলে বিজিবির সার্বিক কর্মকাণ্ড আরও গতিশীল হবে।

▶ রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট জো বাইডেন ও ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসকে অভিনন্দন জানিয়েছেন।

▶ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী মুজিববর্ষ উপলক্ষ্যে জাতীয় সংসদের বিশেষ অধিবেশন শুরু হয়েছে।

**৯ নভেম্বর**

▶ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষে 'মুজিববর্ষ' উদ্‌যাপন উপলক্ষ্যে সংসদের বিশেষ অধিবেশনে দেওয়া স্মারক বক্তৃতায় রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেন, বঙ্গবন্ধু ও বাংলাদেশকে আলাদা করে দেখার কোনো সুযোগ নেই। বাংলাদেশকে জানতে হলে, বাঙালির মুক্তিসংগ্রাম ও মুক্তিযুদ্ধ সম্পর্কে জানতে হবে, বঙ্গবন্ধুকে জানতে হবে।

▶ জাতীয় সংসদের বিশেষ অধিবেশনে আলোচনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, একটি দেশ, একটি জাতিকে আত্মপরিচয় দেওয়া কঠিন কাজ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সেই কাজটা করেছেন। আর এটা করতে গিয়ে তাঁকে অত্যাচার-নির্যাতনের শিকার হতে হয়েছে। এত কষ্ট করে যিনি স্বাধীনতা এনে দিলেন, সেই স্বাধীন দেশটা যখন তিনি গড়ে তুলছিলেন, তখনই তাঁকে হত্যা করা হয়।

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিপরিষদের সভায় জমি রেজিস্ট্রেশন ও নামজারি কার্যক্রম সমন্বয় সাধনের প্রস্তাব অনুমোদন করা হয়। প্রধানমন্ত্রী বলেন, জমি নিবন্ধনের আটদিনের মধ্যে স্বয়ংক্রিয় নামজারি মালিকানা সম্পর্কিত সব তথ্য অনলাইনে উন্মুক্ত থাকবে। তৃতীয় লিঙ্গের মানুষও জমির সমান ভাগ পাওয়ার ক্ষেত্রে বঞ্চিত না হয় সে ব্যাপারেও প্রধানমন্ত্রী নির্দেশনা দেন।

▶ রাজধানীর আদাবরে মাইন্ড এইড হাসপাতালে ভর্তি মানসিকভাবে অসুস্থ একজন সিনিয়র সহকারী পুলিশ সুপার আনিসুল করিম শিপনকে পিটিয়ে হত্যার অভিযোগ করেছে তার পরিবার। এ ঘটনায় পুলিশের জিজ্ঞাসাবাদের জন্য হাসপাতালের ব্যবস্থাপকসহ ৬ জনকে আটক করা হয়েছে।

▶ মিয়ানমারে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত। (৮ নভেম্বরের ঘটনা)

**১০ নভেম্বর**

▶ প্রায় ১৪৮ কোটি টাকার অবৈধ লেনদেনসহ অর্থ পাচার এবং অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে লক্ষ্মীপুর-২ আসনের এমপি কাজী শহিদ ইসলাম পাপুল ও তার স্ত্রী এমপি সেলিনা ইসলামসহ চারজনের বিরুদ্ধে মামলার অনুমোদন দিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

▶ যানজট নিরসন এবং গণপরিবহণে শৃঙ্খলা ফেরাতে রাজধানীর ৪২টি রুটে ২২ কোম্পানির মাধ্যমে বাস চালানোর পরিকল্পনা নিয়েছে সরকার। নগর ভবনে বাস রুট র‍্যাশনালাইজেশন বিষয়ে গঠিত কমিটির ত্রয়োদশ বৈঠক শেষে সাংবাদিকদের ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র শেখ ফজলে নূর তাপস এ কথা জানান।

▶ ৫৪১ কোটি টাকার 'পোস্ট ই-সেন্টার ফর রুরাল কমিউনিটি' প্রকল্পে অনিয়ম-দুর্নীতির অভিযোগে ডাক অধিদপ্তরের মহাপরিচালক সুধাংশু শেখর ভদ্রকে বাধ্যতামূলক ছুটিতে পাঠানো হয়েছে।

▶ ভারতীয় সেনাবাহিনী বাংলাদেশ সেনাবাহিনীকে প্রশিক্ষণপ্রাপ্ত ২০টি ঘোড়া ও ১০টি কুকুর উপহার দিয়েছে। বেনাপোল-পেট্রাপোল সীমান্তের নোম্যান্সল্যান্ডে আনুষ্ঠানিকভাবে এই উপহার সামগ্রী হস্তান্তর করা হয়।

**১১ নভেম্বর**

▶ আওয়ামী লীগের অন্যতম সহযোগী সংগঠন যুবলীগের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে ধানমন্ডির ৩২ নম্বর বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন যুবলীগের চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ।

▶ অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে নিম্ন আদালতে ১৩ বছর সাজাপ্রাপ্ত ঢাকার এমপি হাজি মোহাম্মদ সেলিমের মামলার যাবতীয় নথি তলব করেছেন হাইকোর্ট।

▶ বাহরাইনের প্রধানমন্ত্রী শেখ খলিফা বিন সালমান আল খলিফা মৃত্যুবরণ করেছেন। ৫০ বছর ধরে তিনি এই পদে ছিলেন। তাঁর বয়স হয়েছিল ৮৪ বছর।

▶ সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশনের (এসসিও) সম্মেলনে ভিডিয়ো কনফারেন্সে যোগ দিয়ে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন তার দেশের সব টিকা কার্যকর বলে দাবি করেন। (১০ নভেম্বরের ঘটনা)



**১২ নভেম্বর**

▶ জাতীয় সংসদ উপনির্বাচনে ঢাকা-১৮ আসনে মোহাম্মদ হাবিব হাসান ও সিরাজগঞ্জ-১ আসনে তানভীর শাকিল জয় বিজয়ী হয়েছেন। তাঁরা দুজনই আওয়ামী লীগের প্রার্থী ছিলেন।

▶ জাতীয় সংসদ ঢাকা-১৮ উপনির্বাচনকে কেন্দ্র করে রাজধানীর সাত জায়গায় সাত বাসে আগুন দেয়া হয়। তবে কোনো হতাহতের ঘটনা ঘটেনি।

▶ প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের দীর্ঘ প্রচেষ্টায় শর্তসাপেক্ষে অবৈধ বাংলাদেশি অভিবাসীদের ১৬ নভেম্বর থেকে বৈধতা দেওয়ার ঘোষণা দিয়েছেন মালয়েশিয়া সরকারের স্বরাষ্ট্র ও মানবসম্পদ মন্ত্রী।

▶ করোনাভাইরাস প্রাদুর্ভাবের প্রেক্ষাপটে শিক্ষা প্রতিষ্ঠানের চলমান ছুটি আরেক দফা বাড়িয়ে ১৯ ডিসেম্বর পর্যন্ত করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

**১৩ নভেম্বর**

▶ শিশুদের নোবেলখ্যাত 'আন্তর্জাতিক শিশু শান্তি পুরস্কার' পেয়েছে বাংলাদেশের সাদাত রহমান। অনলাইনে শিশু নির্যাতন বন্ধে সচেতনতামূলক অ্যাপ 'সাইবার টিন' বানানোয় ১৭ বছয় বয়সি কিশোরকে এ স্বীকৃতি দেওয়া হয়।

▶ মিয়ানমারের সাধারণ নির্বাচনে ক্ষমতাসীন অং সান সুচির দল 'ন্যাশনাল লিগ ফর ডেমোক্রেসি (এনএলডি)' -এর জয়লাভ।

▶ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত 'মুজিববর্ষ ফিফা আন্তর্জাতিক ফুটবল সিরিজ' এ বাংলাদেশ নেপালকে ২-০ গোলে হারিয়েছে।

**১৪ নভেম্বর**

▶ ইথিওপিয়ার যুদ্ধকবলিত তিগ্রাই অঞ্চলে টেলিফোন ও ইন্টারনেট যোগাযোগ ব্যবস্থা ভেঙে পড়ার পর সেখানে আটকা পড়েছেন বাংলাদেশের পোশাক তৈরি প্রতিষ্ঠান ডিবিএল গ্রুপের ১০৪ জন কর্মী। ডিবিএল গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এম এ জব্বার এই তথ্য জানিয়েছেন।

▶ সমাজের উন্নয়নে অসাধারণ ভূমিকা রাখা এবং বিভিন্ন ক্ষেত্রে অবদানের জন্য 'টেন আউটস্ট্যান্ডিং ইয়াং পারসনস (টিওওয়াইপি) অ্যাওয়ার্ড-২০২০' পেয়েছেন দেশের শীর্ষ শিল্প উদ্যোক্তা পরিবার বসুন্ধরা গ্রুপের ভাইস চেয়ারম্যান সাফওয়ান সোবহান।

**১৫ নভেম্বর**

▶ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বীর মুক্তিযোদ্ধার মৃত্যুতে রাষ্ট্রীয়ভাবে সম্মান প্রদর্শন আদেশ ২০২০ জারি করেছে। এই আদেশের মাধ্যমে এ সংক্রান্ত ২০০৫ সালের আদেশটি রহিত করা হয়েছে।

▶ ভারতের বাংলা চলচ্চিত্রের খ্যাতিমান অভিনেতা ও আবৃত্তিকার সৌমিত্র চট্টোপাধ্যায় কলকাতায় মৃত্যুবরণ করেছেন।

▶ জুনায়েদ বাবুনগরীকে আমির ও নূর হোসাইন কাসেমীকে মহাসচিব করে ১৫১ সদস্যের নতুন কমিটি ঘোষণা করেছে হেফাজতে ইসলাম বাংলাদেশ।

▶ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ১৯৭১ সালে পাকিস্তানের সেনাবাহিনী বাংলাদেশের নিরপরাধ মানুষের ওপর অত্যাচার করেছিল, জুলুম করেছিল, নরসংহার করেছিল। মা-বোনদের ওপর অমানুষিক নির্যাতন অত্যাচার করেছিল। পাকিস্তান সেনাবাহিনীর এই কুকীর্তি, সারা পৃথিবীতে পাকিস্তানের ঘৃণিত চেহারার মুখোশ খুলে দিয়েছিল। সে সময় এইসব কিছু থেকে বিশ্বের নজর সরানোর জন্য পাকিস্তান আমাদের দেশের পশ্চিম সীমান্তে হামলা করেছিল। রাজস্থানের জয়সলমেরে দিওয়ালি উপলক্ষ্যে দেওয়া এক ভাষণে নরেন্দ্র মোদি এই কথা বলেন। (১৪ নভেম্বরের ঘটনা)

**১৬ নভেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হয়। সভায় কোভিড-১৯ নিয়ে আরও সতর্ক থাকার জন্য মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করতে প্রয়োজনে সারা দেশে ভ্রাম্যমাণ আদালত পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ নিতে প্রশাসনকে নির্দেশ দেয়া হয়।



▶ বাংলাদেশ পুলিশের উদ্যোগে নারীদের সাইবার নিরাপত্তা নিশ্চিত করতে 'পুলিশ সাইবার সাপোর্ট ফর উইমেন' চালু করা হয়েছে। পুলিশ সদর দপ্তরের এলআইসি শাখার অধীনে পুলিশের নারী সদস্যদের দ্বারা এই সেবা কার্যক্রম পরিচালিত হবে।

▶ জাতীয় সংসদের সাবেক ডেপুটি স্পিকার কর্নেল (অব.) শওকত আলী ইন্তেকাল করেছেন।

▶ কয়েকটি ক্ষেত্রে শাস্তির পরিমাণ বাড়িয়ে জাতীয় সংসদে সামুদ্রিক মৎস্য বিল-২০২০ পাস। (১১ নভেম্বরের ঘটনা)

**১৭ নভেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভা অনুষ্ঠিত হয়। সভায় গ্রামীণ এলাকায় রাস্তাঘাট নির্মাণ মানসম্পন্নভাবে হচ্ছে কিনা তা মনিটরিং করা ও গ্রামীণ সড়কের বিষয়ে একটি মাস্টারপ্ল্যান তৈরির নির্দেশনা দেয়া হয়।

▶ সিলেটের কুমারগাঁও ১২০ মেগাওয়াট বিদ্যুৎ উপকেন্দ্রে ট্রান্সফরমারে ভয়াবহ অগ্নিকাণ্ডের ফলে সিলেট অঞ্চলের বেশিরভাগ এলাকা বিদ্যুত বিচ্ছিন্ন হয়ে পড়ে।

▶ মুজিববর্ষ উপলক্ষ্যে ঢাকায় ভারতীয় হাইকমিশন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সম্মানে বিশেষ সংস্করণের হাতঘড়ি তৈরি করেছে। ঘড়ির ডায়ালে রয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি এবং স্বাক্ষর। সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের ও হাইকমিশনার বিক্রম দোরাইস্বামী এ হাতঘড়ির মোড়ক উন্মোচন করেন।

▶ জাতীয় সংসদে ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রেখে উত্থাপিত 'নারী ও শিশু নির্যাতন দমন (সংশোধন) বিল-২০২০' পাস হয়েছে। আইনের সংশোধনীতে 'ধর্ষিতা' শব্দটির বদলে 'ধর্ষণের শিকার' শব্দটি সংযোজন করা হয়েছে এবং 'যাবজ্জীবন সশ্রম কারাদণ্ডে' শব্দগুলোর পরিবর্তে 'মৃত্যুদণ্ডে বা যাবজ্জীবন সশ্রম কারাদণ্ডে' শব্দগুলো প্রতিস্থাপিত হয়েছে।

▶ দেশ ও সমাজের উন্নয়নের জন্য কাজ করে যাওয়া তরুণদের ৩০টি সংগঠনের হাতে তুলে দেওয়া হয়েছে জয় বাংলা ইয়ুথ অ্যাওয়ার্ড। ইয়াং

বাংলা আয়োজিত ভার্চুয়াল অনুষ্ঠানে এই ৩০ সংগঠনকে বিজয়ী হিসেবে ঘোষণা করেন প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়।

- বাহরাইনের প্রধানমন্ত্রী শেখ খলিফা বিন সালমান আল খলিফার মৃত্যুতে তাঁর প্রতি সম্মান জানিয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে একদিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।
- মাদক সংশ্লিষ্টতার অভিযোগ প্রমাণিত হওয়ায় চাকরি হারিয়েছেন ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) ৯ সদস্য। আরও আট পুলিশ সদস্যকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।
- মুজিববর্ষ ফিফা আন্তর্জাতিক ফ্রেন্ডলি ফুটবল সিরিজে নেপালকে হারিয়ে স্বাগতিক বাংলাদেশ জয়লাভ করেছে। এই জয়ে ফিফা র‍্যাংকিংয়ের উন্নতি হতে যাচ্ছে বাংলাদেশ দলের।

**১৮ নভেম্বর**

- ৩ কোটি ভ্যাকসিন আমদানির লক্ষ্যে বাংলাদেশ সরকার, ভারতের সিরাম ইনস্টিটিউট ও বেক্সিমকো ফার্মার সঙ্গে তৃতীয়-পক্ষীয় চুক্তি স্বাক্ষরিত হয়েছে। জাতীয় সংসদে প্রশ্ন-উত্তর পর্বে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ তথ্য জানান।
- জাতীয় সংসদে সুনামগঞ্জে পাবলিক বিশ্ববিদ্যালয় স্থাপনে 'সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিল-২০২০' বিল পাস হয়েছে। শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি বিলটি উত্থাপন করেন।
- অর্থ আত্মসাতের মামলায় গাজীপুর সিটি করপোরেশনের সাবেক মেয়র অধ্যাপক এম এ মান্নানকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড একই সঙ্গে তাকে ৫০ লাখ টাকা জরিমানা, অনাদায়ে আরও তিন মাসের বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দিয়েছে আদালত।
- করোনায় বন্ধ থাকলেও শিক্ষা প্রতিষ্ঠানগুলো শিক্ষার্থীদের টিউশন ফি নিতে পারবে বলে আদেশ জারি করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)।
- জাতীয় সংসদে 'এক ব্যক্তি কোম্পানি' খোলার সুযোগ দিয়ে ১৯৯৪ সালে প্রবর্তিত কোম্পানি আইন সংশোধনী বিল পাস হয়েছে।



বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি 'কোম্পানি (দ্বিতীয় সংশোধন) বিল-২০২০' পাসের প্রস্তাব উত্থাপন করলে তা কণ্ঠভোটে পাস হয়।

- ওয়ার্ল্ড কংগ্রেস অব আইটি (ডব্লিউসিআইটি-২০২০) 'উইটসা আইসিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড' মালয়েশিয়ায় ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়।

**১৯ নভেম্বর**

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে 'মুজিববর্ষ' উপলক্ষ্যে ডাকা জাতীয় সংসদের বিশেষ অধিবেশনে সমাপনী বক্তব্য প্রদান করেন প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা। তিনি বলেন, করোনা পরিস্থিতির কারণে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় শিশু শিক্ষার্থীদের অনেক ক্ষতি হচ্ছে তাতে কোনো সন্দেহ নেই। কিন্তু শিক্ষাপ্রতিষ্ঠান খুলে আমরা শিক্ষার্থীদের মৃত্যুঝুঁকিতে ঠেলে দিতে পারি না।
- আফ্রিকা মহাদেশের রাষ্ট্র সেশেলসের নবনির্বাচিত প্রেসিডেন্ট ওভেল জন চার্লস রামকালওয়ানকে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।
- মাদ্রাসা শিক্ষা অধ্যাদেশকে আইনে পরিণত করতে জাতীয় সংসদে 'বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বিল-২০২০' নামে একটি বিল পাস হয়েছে। শিক্ষামন্ত্রী দীপু মনি সংসদে বিলটি পাসের প্রস্তাব করলে তা কণ্ঠভোটে পাস হয়।
- জাতীয় সংসদে 'মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধন) বিল-২০২০' পাস হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রীর পক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মল হক সংসদে বিলটি পাসের প্রস্তাব উত্থাপন করলে তা কণ্ঠভোটে পাস হয়।
- রাজধানীর কুর্মিটোলায় বহুল আলোচিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রীকে ধর্ষণ মামলার একমাত্র আসামি মজনুর যাবজ্জীবন কারাদণ্ডের আদেশ দিয়েছে ট্রাইব্যুনাল। একই সঙ্গে তাকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে এবং অনাদায়ে আরও ছয় মাসের কারাদণ্ড প্রদান করা হয়েছে।
- মালয়েশিয়ায় অনুষ্ঠিত ওয়ার্ল্ড কংগ্রেস অব আইটি (ডব্লিউসিআইটি-২০২০) 'উইটসা আইসিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড' এর ৯টি বিভাগের মধ্যে

বিভিন্ন ক্যাটাগরিতে বাংলাদেশের তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট ৬টি প্রকল্প সম্মাননা অর্জন করেছে। এর মধ্যে ৪টি বিভাগে রানারআপ এবং দুটি বিভাগে মেরিট পুরস্কার পেয়েছে বাংলাদেশের প্রতিষ্ঠানগুলো।

**২০ নভেম্বর**

▶ বৈশ্বিক প্ল্যাটফরম 'ওয়ানর হেলথ গ্লোবাল লিডার্স গ্রুপ অন অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিসট্যান্সে'র আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে। অনুষ্ঠানে কো-চেয়ারের বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, মানুষ ও প্রাণী উভয়ের জন্য অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিসট্যান্স একটি বৈশ্বিক জনস্বাস্থ্য চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। কার্যকর অ্যান্টিবায়োটিকের সংখ্যা কমে আসছে এবং এর ফলে বিশ্ব নতুন সংকটে পড়তে পারে, যা বর্তমানের কোভিড-১৯ মহামারির চেয়েও ভয়ংকর হতে পারে।

▶ সিরাজগঞ্জের শাহজাদপুর পৌর এলাকার শেরখালীতে (উকিলপাড়া) ফজলুল হক মাস্টারের বাড়িতে র‍্যাবের ছয় ঘণ্টার রুদ্ধশ্বাস অভিযানে চার জঙ্গি আত্মসমর্পণ করেছে।

**২১ নভেম্বর**

▶ সশস্ত্রবাহিনী দিবস ২০২০ উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা টেলিভিশনে ভাষণ প্রদান করেন। ভাষণে তিনি সশস্ত্র বাহিনীর সদস্যদের সততা, নিষ্ঠা, দেশপ্রেম এবং পেশাগত দক্ষতায় বলীয়ান হয়ে দেশের প্রতিরক্ষা এবং দেশ গড়ার কাজে আরও বেশি অবদান রাখার আহ্বান জানান।

▶ রাজধানীর মেরুল বাড্ডার বাড়িতে অভিযান চালিয়ে সোনা চোরাকারবারি মো. মনির হোসেনকে গ্রেফতার করেছে র‍্যাব। বাড়ি থেকে বিদেশি পিস্তল, গুলি, ৬০০ ভরি স্বর্ণালংকার (আট কেজি), ১০টি দেশের মুদ্রা, নগদ ১ কোটি ৯ লাখ টাকা, ৫টি বিলাসবহুল গাড়ি ও মাদকদ্রব্য জব্দ।

**২২ নভেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে মাগুরা, নারায়ণগঞ্জ ও যশোরে তিনটি সেতু এবং পাবনায় স্বাধীনতা চত্বর উদ্‌বোধন করেন।



▶ দেশে প্রথমবারের মতো চালু হয়েছে কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে হেলথ আউটকাম পরিমাপ ও ইনডিভিজুয়াল হেলথ আইডি কার্ড। রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে প্রাথমিকভাবে এই কার্ড বিতরণ অনুষ্ঠানের উদ্‌বোধন করা হয়।

▶ বিদেশে অর্থ পাচারকারীদের নাম, ঠিকানা ও পাচার করা অর্থে তাদের বিদেশে বাড়ি তৈরিসহ বিস্তারিত তথ্য জানতে চেয়েছে হাইকোর্ট। ১৭ ডিসেম্বরের মধ্যে বাংলাদেশ ব্যাংকের গভর্নর, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যানসহ সংশ্লিষ্টদের এসব তথ্য দিতে নির্দেশ দেওয়া হয়েছে।

▶ সাবেক তারকা ফুটবলার বাদল রায় (৬৩) লিভার ক্যানসারে আক্রান্ত হয়ে বাংলাদেশ মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিশ্বাস ত্যাগ করেন।

**২৩ নভেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশ সচিবালয় প্রান্তে যুক্ত হয়ে মন্ত্রিসভায় সভাপতিত্ব করেন। সভা জানানো হয়, অতীতে বৈদেশিক অনুদানের পরিমাণ ছিল ৮৪ শতাংশ। বর্তমানে তা ৩ শতাংশে নেমে এসেছে।

▶ সশস্ত্রবাহিনী দিবস ২০২০ উপলক্ষ্যে ঢাকা সেনানিবাসের 'সেনাসদর হেলমেট অডিটোরিয়ামে' ২০১৯/২০২০ সালে শান্তিকালীন বিভিন্ন প্রশংসনীয় ও বীরত্বপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ ১২২ সেনাসদস্যকে পদক দিয়েছেন সেনাবাহিনী প্রধান জেনারেল আজিজ আহমেদ।

▶ অবৈধ সম্পদ অর্জনের মামলায় বহিষ্কৃত যুবলীগ নেতা কাজী আনিসুর রহমানের প্রায় শ' কোটি টাকার সম্পদ জব্দ করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

**২৪ নভেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে নির্মাণ প্রকল্পের কাজ শেষ না হওয়া পর্যন্ত আরেকটি প্রকল্পের কাজ একই প্রতিষ্ঠানকে না দেওয়ার নির্দেশ দেয়া হয়।

▶ করোনায় আক্রান্ত হয়ে দৈনিক সংবাদের ভারপ্রাপ্ত সম্পাদক বীর মুক্তিযোদ্ধা খন্দকার মুনীরুজ্জামান ইন্তেকাল করেছেন।

▶ সরকারের প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন জামালপুরের ইসলামপুর থেকে নির্বাচিত আওয়ামী লীগ দলীয় সংসদ সদস্য ফরিদুল হক খান দুলাল।

**২৫ নভেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে ফ্রিল্যান্সার আইডি উদ্‌বোধন করেন।

▶ বাংলাদেশে করোনাভাইরাস সংক্রমণের কারণে স্কুলের সব শ্রেণিতে পরীক্ষার বদলে লটারির মাধ্যমে ভর্তির সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। আগামী ১০ থেকে ১৫ জানুয়ারির মধ্যে লটারির মাধ্যমে ভর্তির আয়োজন সম্পন্ন করা হবে। ভার্চুয়াল সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এ তথ্য প্রকাশ করেন।

▶ রাজধানী বনানীর এফআর টাওয়ারে নকশা জালিয়াতি দুর্নীতি মামলায় ১৮ জনের বিরুদ্ধে চার্জশিট অনুমোদন দিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। একই সঙ্গে এজাহারভুক্ত ৭ আসামিকে অব্যাহতি দিয়ে নতুন পাঁচজনকে চার্জশিটভুক্ত করেছে সংস্থাটি।

▶ মৌলভীবাজার জেলার শমশেরনগরের রিক্রুটস ট্রেনিং স্কুলে (আরটিএস) বাংলাদেশ বিমানবাহিনীর ৪৮তম নব বিমান সেনাদলের প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানের মধ্য দিয়ে মোট ৭৫২ জন বাংলাদেশ বিমানবাহিনীতে অন্তর্ভুক্ত হন। এই প্রশিক্ষণের মাধ্যমে প্রথমবারের মতো মোট ৬৪ জন মহিলা বিমান বাহিনীর সদস্য অন্তর্ভুক্ত হয়েছেন।

▶ আর্জেন্টিনার কিংবদন্তি ফুটবলার দিয়েগো ম্যারাডোনা হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে মারা গেছেন।

**২৬ নভেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে বিসিএস প্রশাসন একাডেমিতে ১১৬, ১১৭ ও ১১৮তম আইন ও প্রশাসন কোর্সের সমাপনী এবং সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে সংযুক্ত হন।



▶ সরকারি কর্মচারীদের অবসরের পর বা অবসরোত্তর ছুটি (পিআরএল) শুরু হওয়ার পর বেসরকারি চাকরি, অন্য পেশায় যোগ দেওয়া কিংবা বিদেশযাত্রার ক্ষেত্রে সরকারের অনুমতি নেওয়ার প্রয়োজন হবে না। 'সরকারি চাকরি আইন, ২০১৮' এর উল্লেখ করে এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে পরিপত্র জারি করা হয়েছে।

▶ বিদেশে পাচার করে এবি ব্যাংকের ২৩৬ কোটি টাকা আত্মসাতের অভিযোগে ব্যাংকটির সাবেক চেয়ারম্যানসহ ২৩ জনের বিরুদ্ধে মামলা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

**২৭ নভেম্বর**

▶ একুশে পদকপ্রাপ্ত অভিনেতা, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শব্দসৈনিক, মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি আলী যাকের মৃত্যুবরণ করেছেন।

▶ পল্টনে জুমার নামাজের পর ভাস্কর্যবিরোধী মিছিল করে ইসলামী আন্দোলন বাংলাদেশের নায়েবে আমির সৈয়দ ফয়জুল করীম ও বাংলাদেশ খেলাফত মজলিসের ভারপ্রাপ্ত মহাসচিব মামুনুল হকের শতাধিক অনুসারী ।

▶ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য অপসারণের হুমকিদাতা হেফাজত নেতা মামুনুল হককে চট্টগ্রামে প্রতিহত করার ঘোষণা দিয়েছে ছাত্রলীগ ও আওয়ামী যুবলীগ। প্রতিরোধ কর্মসূচিতে যোগ দেয় সাধারণ মানুষও।

**২৮ নভেম্বর**

▶ আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধুর ভাস্কর্য নিয়ে মনগড়া ব্যাখ্যা মুক্তিযুদ্ধের চেতনা ও দেশের সংস্কৃতির প্রতি চ্যালেঞ্জ। স্বাধীন বাংলাদেশের স্থপতি বঙ্গবন্ধুর ভাস্কর্য নিয়ে একটি ধর্মীয় সাম্প্রদায়িক গোষ্ঠী ইসলামের অপব্যাখ্যা দিয়ে ধর্মপ্রিয় মানুষের মনে বিদ্বেষ ছড়ানোর অপচেষ্টা করছে। এক সংবাদ সম্মেলনে ওবায়দুল কাদের এসব কথা বলেন।

▶ বাংলাদেশ প্রেস কাউন্সিল সাংবাদিকতায় অবদানের জন্য খ্যাতিমান সাংবাদিক ও দৈনিক জনকণ্ঠের উপদেষ্টা সম্পাদক তোয়াব খানকে আজীবন সম্মাননা পুরস্কার দিয়েছে।

▶ চীন বাংলাদেশে করোনা মহামারির দ্বিতীয় ঢেউ মোকাবিলায় সহায়তা করার জন্য বাংলাদেশকে স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী উপহার দেওয়ার ঘোষণা করেছে।

▶ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে প্রখ্যাত সরোদবাদক ওস্তাদ শাহাদাত হোসেন খান রাজধানীর ক্রিসেন্ট হাসপাতালে ইন্তেকাল করেন।

▶ ভারতের সংবিধানে স্বায়ত্তশাসন সম্পর্কিত ৩৭০ ধারা বাতিলের পর প্রথমবারের মতো নির্বাচন শুরু হয়েছে জম্মু ও কাশ্মীরে।

**২৯ নভেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা যমুনা নদীর ওপরে বঙ্গবন্ধু সেতুর উজানে ১৬ হাজার ৭৮১ কোটি টাকা ব্যয়ে ডাবল লেনের ৪ দশমিক ৮ কিলোমিটার দৈর্ঘ্যের পৃথক 'বঙ্গবন্ধু শেখ মুজিব রেলওয়ে সেতু'র ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

▶ শিক্ষা ছুটি শেষে বিশ্ববিদ্যালয়ে যোগদান না করায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষককে চাকরিচ্যুত করা হয়েছে।

▶ মুক্তিযুদ্ধের সময় মানবতাবিরোধী অপরাধে অভিযুক্তদের বিচারের জন্য গঠিত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থার প্রধান সমন্বয়ক বীর মুক্তিযোদ্ধা আবদুল হান্নান খান করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন।

**৩০ নভেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে যুক্তরাষ্ট্রের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের উদ্ভাবিত করোনাভাইরাসের ৩ কোটি ডোজ ভ্যাকসিন ভারতের সিরাম ইনস্টিটিউটের কাছ থেকে কিনে দেশের দেড় কোটি মানুষকে বিনামূল্যে দেওয়ার সিদ্ধান্ত হয়। এছাড়া মাস্ক না পরার অপরাধে জেল-জরিমান ও জাতীয় জরুরি সেবা ৯৯৯ নম্বরে মিথ্যা তথ্য দিয়ে বিভ্রান্তি সৃষ্টি করলে শাস্তির বিধান রেখে এ সংক্রান্ত নীতিমালার খসড়া অনুমোদন প্রদান করা হয়।



▶ সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে আয়োজিত ২২তম নবীন শিল্পী চারুকলা প্রদর্শনীর উদ্‌বোধন করেন।

▶ লিবিয়ায় মানব পাচারকারী চক্রের ৬ সদস্য মিন্টু মিয়া, স্বপন, শাহাদাত হোসেন, নজরুল ইসলাম মোল্লা, ইকবাল জাফর ও তানজিরুল বিরুদ্ধে পুলিশের অপরাধ তদন্ত বিভাগের অনুরোধে রেড নোটিস জারি করেছে ইন্টারপোল।

▶ কুষ্টিয়ায় ডোপ টেস্টে মাদকসেবনের তথ্য প্রমাণিত হওয়ায় আটজন এবং হত্যা মামলাসহ অন্যান্য অপরাধে আরও আটজনসহ মোট ১৬ পুলিশ সদস্যকে চাকরিচ্যুত করা হয়েছে।

## ডিসেম্বর

**১ ডিসেম্বর**

▶ জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠকে হাওড়, বিল ও চর এবং পাহাড়ি এলাকাসহ দেশের দুর্গম ও প্রত্যন্ত অঞ্চলে মোবাইল সেবাদাতা প্রতিষ্ঠানের নেটওয়ার্ক সম্প্রসারণের নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

▶ যাবজ্জীবন কারাদণ্ড মানে ৩০ বছর সশ্রম কারাদণ্ড বোঝাবে। এ বিষয়ে সুপ্রিমকোর্টের আপিল বিভাগ রায় দিয়েছে। তবে কোনো মামলায় আসামিকে আমৃত্যু কারাদণ্ড দেওয়া হলে স্বাভাবিক মৃত্যু পর্যন্ত তাকে কারাগারেই বাকি জীবন কাটাতে হবে। তিনি কোনো ধরনের রেয়াত সুবিধা পাবেন না।

▶ জাতীয় প্রেসক্লাবে নিরাপদ সড়ক চাই আন্দোলন ২৭ বছর পূর্তি উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। অনুষ্ঠানে তিনি বলেন, সড়ক পরিবহণ আইন-২০১৮ পুরোপুরি কার্যকর হয়নি। সবার সহযোগিতায় এ আইন পূর্ণাঙ্গ কার্যকর করা হবে।

▶ দেশের ১৯টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উচ্চ মাধ্যমিকের পাঠ্যসূচির ওপর ভিত্তি করে প্রণীত প্রশ্নপত্র দিয়ে মানবিক,

বাণিজ্য ও বিজ্ঞান- তিনটি গুচ্ছে সরাসরি ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের মতবিনিময় সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়েছে।

- রাজধানীর যাত্রাবাড়ীর দোলাইরপাড়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য স্থাপন নিয়ে 'ধৃষ্টতাপূর্ণ' বক্তব্য দেওয়া এবং সংবিধান অবমাননার অভিযোগে হেফাজতে ইসলামের আমির জুনায়েদ বাবুনগরী ও যুগ্ম-মহাসচিব মামুনুল হককে গ্রেফতার এবং মৌলবাদী, সাম্প্রদায়িক, সন্ত্রাসী রাজনীতি নিষিদ্ধসহ সাত দফা দাবি জানিয়েছে একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটিসহ ৬৫টি সংগঠন।

**২ ডিসেম্বর**

- সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের চার লেনের দ্বিতীয় নয়ারহাট সেতু নির্মাণকাজের উদ্‌বোধন করেন।
- তুরস্কের রাজধানী আঙ্কারায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য এবং বাংলাদেশের রাজধানী ঢাকায় আধুনিক তুরস্কের পিতা কামাল আতাতুর্কের ভাস্কর্য স্থাপনের সিদ্ধান্তের কথা জানিয়েছেন বাংলাদেশে দেশটির রাষ্ট্রদূত মুস্তফা ওসমান তুরান।
- যুক্তরাজ্যে অনুমোদন পেয়েছে ফাইজার-বায়োএনটেক ভ্যাকসিন।

**৩ ডিসেম্বর**

- গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ঢাকায় নিযুক্ত পাকিস্তানি হাইকমিশনার ইমরান আহমেদ সিদ্দিকী সাক্ষাত করেন। এ সময় প্রধানমন্ত্রী বলেন, পাকিস্তান ১৯৭১ সালে যে নৃশংসতা চালিয়েছিল, তা বাংলাদেশ ভুলতে এবং ক্ষমা করতে পারবে না।
- কক্সবাজারের উখিয়া-টেকনাফ শরণার্থীশিবির থেকে রোহিঙ্গাদের একটি দল নিয়ে ২০টি বাস ভাসানচরের উদ্দেশে রওয়ানা করে।
- সপরিবারে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যার মামলায় দণ্ডিতদের রাষ্ট্রীয় খেতাব বাতিলের নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট দায়ের করা হয়েছে।
- বুয়েটছাত্র আবরার ফাহাদ হত্যা মামলার শুনানিতে বিচারকের প্রতি অনাস্থা জানিয়েছে আসামিপক্ষের আইনজীবীরা।



- করোনাভাইরাসের দ্বিতীয় ঢেউ মোকাবিলায় বিদেশফেরত যাত্রীদের কোভিড নেগেটিভ সনদ বাধ্যতামূলক করা হয়েছে।
- জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০১৯ ঘোষণা করা হয়েছে। এবারের শ্রেষ্ঠ ছবি 'ন ডরাই' ও 'ফাগুন হাওয়ায়'।

**৪ ডিসেম্বর**

- কোভিড-১৯ মহামারির প্রেক্ষিতে জাতিসংঘ সাধারণ পরিষদের ৩১তম বিশেষ অধিবেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভার্চুয়ালি ভাষণ দেন। প্রধানমন্ত্রী তার ভাষণে করোনা মোকাবিলায় মানসম্পন্ন ভ্যাকসিনের সর্বজনীন ও ন্যায়সঙ্গত প্রবেশাধিকার নিশ্চিত করা, ভ্যাকসিন উৎপাদনে উন্নয়নশীল দেশগুলোকে প্রযুক্তি স্থানান্তর এবং মহামারি পরবর্তী চ্যালেঞ্জ মোকাবিলায় তাদের আর্থিক সহায়তা প্রদানের প্রস্তাব দেন।
- আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে দলের ত্রাণ ও সমাজকল্যাণ উপকমিটি আয়োজিত সহযোগী সংগঠনের নেতাকর্মীদের মধ্যে মাস্ক বিতরণ করেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এমপি।
- নৌবাহিনীর তত্ত্বাবধানে মিয়ানমার থেকে বাস্তুচ্যুত হয়ে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের মধ্যে ১ হাজার ৬৪২ জনকে ভাসানচরে স্থানান্তর করা হয়েছে।
- করোনাভাইরাসের দ্বিতীয় ঢেউ মোকাবিলায় বিদেশফেরত সব যাত্রীর করোনামুক্ত সনদ বাধ্যতামূলক করে নতুনভাবে নির্দেশনা জারি করেছে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

**৫ ডিসেম্বর**

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে চট্টগ্রামের সাতকানিয়ার বায়তুল ইজ্জতে অবস্থিত বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার অ্যান্ড কলেজের (বিজিটিসিঅ্যান্ডসি) বীর-উত্তম মজিবুর রহমান প্যারেড গ্রাউন্ডে বিজিবির ৯৫তম রিক্রুট ব্যাচের প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন।

- কুষ্টিয়া শহরের পাঁচ রাস্তার মোড়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্মাণাধীন ভাস্কর্য ভাঙচুর করেছে দুর্বৃত্তরা।
- দেশের ১০ জেলায় করোনার অ্যান্টিজেন পরীক্ষা শুরু হয়েছে।

**৬ ডিসেম্বর**

- দ্বিপাক্ষিক বাণিজ্য সম্প্রসারণে বাংলাদেশ ভুটানের সঙ্গে অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তি (প্রেফারেন্সিয়াল ট্রেড অ্যাগ্রিমেন্ট-পিটিএ) স্বাক্ষর করেছে। এটি বাংলাদেশের প্রথম দ্বিপক্ষীয় পিটিএ, যার মাধ্যমে বাংলাদেশের ১০০টি পণ্য ভুটানে এবং ভুটানের ৩৪টি পণ্য বাংলাদেশে শুল্কমুক্ত সুবিধা পাবে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভুটানের প্রধানমন্ত্রী ডা. লোটে শেরিং ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে উপস্থিত ছিলেন।
- নরসিংদী জেলা আওয়ামী লীগের বর্ধিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
- কুষ্টিয়ায় রাতের অন্ধকারে জাতির পিতার নির্মাণাধীন ভাস্কর্য ভাঙা এবং ভাস্কর্য নির্মাণের বিরোধিতায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে আওয়ামী লীগ ও এর সহযোগী-ভ্রাতৃপ্রতিম সংগঠনসহ বিভিন্ন সংগঠন। ভাস্কর্য ভাঙার সঙ্গে জড়িতদের দ্রুত গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে দেশজুড়ে বিক্ষোভ সমাবেশ, মানববন্ধন ও মিছিলসহ বিভিন্ন কর্মসূচি পালন করেছে সংগঠনগুলো।
- সিসি ক্যামেরার ফুটেজ দেখে কুষ্টিয়ায় বহুল আলোচিত বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙার সঙ্গে জড়িত থাকার অভিযোগে মাদ্রাসার দুই ছাত্র এবং দুই শিক্ষককে গ্রেফতার করা হয়েছে।
- অনিয়মের অভিযোগে ১০ অক্টোবর অনুষ্ঠিত ফরিদপুরের চরভদ্রাসন উপজেলা পরিষদের চেয়ারম্যান পদের উপনির্বাচন বাতিলের সিদ্ধান্ত হয়েছে।

**৭ ডিসেম্বর**

- রাজাকার, আলবদর ও আলশামসের একটি তালিকা প্রকাশের বিধান অন্তর্ভুক্ত করে 'জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল আইন, ২০২০'-এর খসড়া নীতিগতভাবে মন্ত্রিসভা বৈঠকে অনুমোদন দেয়া হয়েছে।



- কুষ্টিয়ায় বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের ঘটনার পরিপ্রেক্ষিতে দেশের জেলা ও উপজেলায় জাতির পিতার ওপর নির্মিত ও নির্মাণাধীন ভাস্কর্য, ম্যুরাল ও পোর্ট্রেটের (প্রতিকৃতি) যথাযথ নিরাপত্তা নিশ্চিত করার জন্য সরকারকে নির্দেশ দিয়েছে আদালত।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য স্থাপনের বিরোধিতা করা এবং ভাস্কর্য গুঁড়িয়ে দেওয়ার হুমকি দেওয়ায় হেফাজতে ইসলামের আমির জুনায়েদ বাবুনগরী ও বাংলাদেশ খেলাফত মজলিশের ভারপ্রাপ্ত মহাসচিব মাওলানা মামুনুল হক ও চরমোনাই পীর সৈয়দ ফয়জুল করিমের বিরুদ্ধে পৃথক দুটি রাষ্ট্রদ্রোহ আইনে মামলা হয়েছে। পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনকে (পিবিআই) মামলা দুটি তদন্তের নির্দেশ দিয়েছে আদালত।
- যুদ্ধ, দারিদ্র্য ও করোনা মহামারির কারণে ক্ষতিগ্রস্ত ৩ কোটি ৯০ লাখ শিশুর জন্য ২৫০ কোটি ডলার সহায়তা চেয়েছে জাতিসংঘের শিশু তহবিল (ইউনিসেফ)।

**৮ ডিসেম্বর**

- জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রকল্প বাস্তবায়নে দেরি হওয়ার কারণ অনুসন্ধান এবং সব প্রকল্প যথাসময়ে শেষ করার নির্দেশ দেন।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য ভাঙচুরকারী, অপরাধী ও ভাস্কর্য স্থাপনের বিরোধিতা করে উসকানিদাতাদের বিরুদ্ধে সংবিধান এবং প্রচলিত আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার জন্য হাইকোর্ট নির্দেশ দিয়েছে।
- ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) ভ্রাম্যমাণ আদালত গুলিস্তানের ফুলবাড়িয়া মার্কেটে নকশাবহির্ভূত অবৈধ দোকানের পূর্বঘোষিত উচ্ছেদ অভিযান শুরু করেছে।
- 'জিয়াউর রহমান ছিলেন প্রথম অস্থায়ী রাষ্ট্রপতি' এমন তথ্য থাকার অভিযোগে লিবারেল ডেমোক্র্যাটিক পার্টির প্রেসিডেন্ট কর্নেল (অব.) অলি আহমেদ বীরবিক্রমের বই 'রেভুলিউশন, মিলিটারি পারসোনেল অ্যান্ড দ্য ওয়ার অব লিবারেশন ইন বাংলাদেশ' শিরোনামের গ্রন্থ বাজেয়াপ্ত করার নির্দেশ দিয়েছে হাইকোর্ট।

▶ বিশ্বখ্যাত ম্যাগাজিন ফোর্বস পরিচালিত এশিয়ার '১০০ ডিজিটাল তারকা' জরিপে স্থান পেয়েছেন বাংলাদেশের জনপ্রিয় অভিনেত্রী পরীমনি।

▶ মাদ্রিদ আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে বিদেশি ভাষার চলচ্চিত্রে শ্রেষ্ঠ অভিনেত্রী ক্যাটাগরিতে বাংলাদেশের অভিনেত্রী জয়া আহসান কলকাতার সিনেমা 'রবিবার'-এ অভিনয়ের জন্য সেরা অভিনেত্রীর পুরস্কার পেয়েছেন।

**৯ ডিসেম্বর**

▶ দেশের জনসংখ্যার অর্ধেকই যেখানে নারী, সেখানে তাদের পুরুষের সঙ্গে তাল মিলিয়ে এগিয়ে যাওয়ার সুযোগ না দিলে সমাজও এগোতে পারবে না। আমাদের এই সমাজে যেহেতু নারী-পুরুষ সবাই সমান অধিকার নিয়ে কাজ করতে পারে, সেই সুযোগটা সৃষ্টি করেছি বলেই বাংলাদেশ এগিয়ে যাচ্ছে।

▶ নারী জাগরণের অগ্রদূত 'রোকেয়া দিবস' উপলক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তনে আয়োজিত 'বেগম রোকেয়া পদক-২০২০' বিতরণ অনুষ্ঠানে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

▶ যুক্তরাষ্ট্রের সাময়িকী ফোর্বস এর ২০২০ সালের বিশ্বের ক্ষমতাধর নারীদের তালিকা প্রকাশ। ১০০ জনের এই তালিকায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্থান ৩৯তম।

▶ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নির্মাণাধীন তৃতীয় টার্মিনাল নির্মাণের জন্য মাটি খোঁড়ার সময় ২৫০ কেজি ওজনের যুদ্ধকালীন বোমা উদ্ধার হয়েছে।

▶ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে সাবেক মন্ত্রী, পাঁচবারের সাবেক সংসদ সদস্য ও বিএনপির ভাইস চেয়ারম্যান চৌধুরী কামাল ইবনে ইউসুফের ইন্তেকাল।

**১০ ডিসেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে বাংলাদেশে ভারতের হাইকমিশনার বিক্রম কুমার দোরাইস্বামী এবং বাংলাদেশে নিযুক্ত সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত নাথালি চুয়ার্ড সৌজন্য সাক্ষাৎ করেন।



▶ সর্বশেষ স্প্যান বসানোর মধ্য দিয়ে পদ্মা সেতুর পুরো কাঠামো দৃশ্যমান হয়েছে।

▶ আফগানিস্তানের পূর্ব নাঙ্গারহার প্রদেশের জালালাবাদে মালালা মাইওয়ান্দ নামের এক নারী সাংবাদিককে গুলি করে হত্যা করা হয়েছে। সঙ্গে গাড়িচালকও নিহত হন।

▶ ফাইজার-বায়োএনটেকের তৈরি কোভিড-১৯ এর টিকার অনুমোদন দিয়েছে কানাডার স্বাস্থ্যবিষয়ক নিয়ন্ত্রণ সংস্থা 'হেলথ কানাডা'।

**১১ ডিসেম্বর**

▶ পুরান ঢাকার চকবাজারের উর্দু রোডের 'নোয়াখালী ভবনে' প্লাস্টিক কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ড ঘটেছে। ভবনের কমপক্ষে ৩০ থেকে ৩৫টি প্লাস্টিক কারখানা ও গুদামের মালামাল পুড়ে গেছে।

▶ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের দলের সভাপতির ধানমন্ডির রাজনৈতিক কার্যালয়ে বিভিন্ন ধর্মীয় ও স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান এবং দেশের প্রতিটি বিভাগীয় সদর দপ্তরে করোনা সুরক্ষাসামগ্রী বিতরণ করেন।

▶ করোনা সংক্রমণের দ্বিতীয় ঢেউয়ের কথা বিবেচনায় রেখে বাংলা একাডেমি আয়োজিত অমর একুশে গ্রন্থমেলা ২০২১ স্থগিত ঘোষণা করা হয়েছে। তবে ভার্চুয়ালি মেলার আয়োজনের প্রস্তুতি নিয়েছে বাংলা একাডেমি।

▶ ভারতের চিফ অব ডিফেন্স স্টাফ জেনারেল বিপিন রাওয়াত গ্লোবাল ডায়ালগ সিকিউরিটি সামিটে ভার্চুয়ালি অংশগ্রহণ করেন। তিনি বলেন, ভারত মহাসাগরে কৌশলগত ঘাঁটির জন্য প্রতিযোগিতা বাড়ছে। এ কারণে বর্তমানে ১২০টির বেশি বিদেশি যুদ্ধজাহাজের উপস্থিতি রয়েছে এই অঞ্চলে। বৈশ্বিক আগ্রহ বাড়তে থাকায় ভবিষ্যতে ভারত মহাসাগরীয় অঞ্চলে এ ধরনের প্রতিযোগিতা আরও বাড়বে।

▶ এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) এশিয়ার উন্নয়নশীল দেশগুলোর জন্য করোনার ভ্যাকসিন সংগ্রহে ৯ বিলিয়ন ডলারের (৭৬ হাজার ৫০০ কোটি টাকা) তহবিল ঘোষণা করেছে।

▶ আগামী এক দশকের মধ্যে ইউরোপে গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ অন্তত ৫৫ শতাংশ কমিয়ে আনার বিষয়ে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) নেতাদের ঐকমত্য।

**১২ ডিসেম্বর**

▶ রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে চতুর্থ ডিজিটাল বাংলাদেশ দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠান উদ্‌বোধন করেন।

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আমি সব উন্নত দেশকে জলবায়ু তহবিলসহ কাঙ্ক্ষিত এবং প্রতিশ্রুতিবদ্ধ বিপর্যয় প্রশমনে ব্যবস্থা গ্রহণে এগিয়ে আসার আহ্বান জানাতে চাই। প্যারিস চুক্তির পঞ্চম বর্ষপূর্তি উপলক্ষ্যে আয়োজিত জলবায়ু পরিবর্তনের প্রতিকূলতা মোকাবিলায় এক ভার্চুয়াল সম্মেলনে তিনি এ আহ্বান জানান।

▶ কেনিয়া প্রজাতন্ত্রের জামহুরি দিবস (স্বাধীনতা দিবস) উপলক্ষ্যে দেশটির প্রেসিডেন্ট উহুরু কেনিয়াত্তাকে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা অভিনন্দন জানান।

▶ ভাসানচরে অবস্থানরত রোহিঙ্গাদের উন্নত যোগাযোগব্যবস্থা নিশ্চিত করতে হাতিয়া-ভাসানচর রুটে যাত্রীবাহী সি-ট্রাক চলাচল শুরু হয়েছে।

▶ যুক্তরাষ্ট্র ও মেক্সিকো জরুরি ব্যবহারের জন্য ফাইজার-বায়োএনটেকের কোভিড-১৯ টিকার অনুমোদন দিয়েছে।

**১৩ ডিসেম্বর**

▶ ইউনেস্কোর ২১০তম নির্বাহী বোর্ডের সভায় অর্থনীতিতে যুবকদের অবদানের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে আন্তর্জাতিক একটি পুরস্কার প্রবর্তনের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে মিরপুর সেনানিবাসের ন্যাশনাল ডিফেন্স কোর্স (এনডিসি)-২০২০ এবং আর্মড ফোর্সেস ওয়ার কোর্স-২০২০ (এএফডব্লিউসি)-এর গ্র্যাজুয়েশন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন।



▶ কক্সবাজারে পুলিশের গুলিতে মেজর (অব.) সিনহা মো. রাশেদ খান হত্যা মামলায় ওসি প্রদীপ কুমার দাশসহ ১৫ জনকে অভিযুক্ত করে আদালতে অভিযোগপত্র (চার্জশিট) দাখিল করা হয়েছে।

▶ ২০০৫ সালে সিলেটের কদমতলি কেন্দ্রীয় বাস টার্মিনালে সিরিজ বোমা হামলা মামলায় ঘটনায় জামাআতুল মুজাহিদীন বাংলাদেশের (জেএমবি) নেতা আবদুল আজিজ ওরফে হানিফকে আমৃত্যু কারাদণ্ড দেয়া হয়েছে।

**১৪ ডিসেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা মোবাইল ফোন ব্যবহারকারীদের ফোন করে বিজয় দিবসের শুভেচ্ছা জানান।

▶ ১০১ জন সাবেক সচিব ও ঊর্ধ্বতন কর্মকর্তা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য ভাঙচুর ও স্থাপনের পরিকল্পনার বিরুদ্ধে উসকানিমূলক বক্তব্যের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বিবৃতি দিয়েছেন।

▶ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নির্মাণাধীন তৃতীয় টার্মিনালে মাটি খননের সময় আবারও আড়াইশ’ কেজি ওজনের যুদ্ধকালীন বোমা উদ্ধার হয়েছে। ৯ ডিসেম্বরেও ২৫০ কেজি ওজনের আরো একটি বোমা উদ্ধার হয়েছিল।

▶ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সাবেক মহাপরিচালক ও বর্তমান প্রতিরক্ষা সচিব এবং চার শিক্ষা কর্মকর্তা আদালতের আদেশ না মানার জন্য নিঃশর্ত ক্ষমা চেয়েছেন। আদালত অবমাননার অভিযোগ থেকে অব্যাহতি দিয়েছে।

▶ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ ৩৮ জন প্রবাসী বাংলাদেশিকে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি-এনআরবি) হিসেবে নির্বাচিত করেছে।

▶ পৃথক ঘটনায় এক শিশু ও এক কিশোরীকে ধর্ষণের পর হত্যা মামলায় আদালত চট্টগ্রাম ও খাগড়াছড়িতে ১১ জনের মৃত্যুদণ্ড এবং এক লাখ টাকা করে অর্থদণ্ড দিয়েছে।

▶ যুক্তরাষ্ট্র ও কানাডায় ফাইজারের টিকার প্রয়োগ শুরু হয়েছে। এছাড়াও এশিয়ার প্রথম দেশ হিসেবে ফাইজারের টিকা ব্যবহারের অনুমোদন দিয়েছে সিঙ্গাপুর।

**১৫ ডিসেম্বর**

▶ বিজয় দিবস-২০২০ উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির উদ্দেশে ভাষণ প্রদান করেন।

▶ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যা মামলায় দণ্ডিত চার খুনির মুক্তিযুদ্ধের জন্য পাওয়া রাষ্ট্রীয় খেতাব স্থগিত করতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।

▶ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য নির্মাণে বাধা দেয়ার বিষয় নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের সঙ্গে হেফাজতে ইসলামের কয়েকজন শীর্ষ নেতা বৈঠক করেন। বৈঠক শেষে মন্ত্রী জানান, হেফাজত নেতারা প্রতিশ্রুতি দিয়েছেন যে, তারা এ বিষয় নিয়ে আন্দোলন করবেন না। আলোচনার মাধ্যমে সমস্যার সমাধান করবেন।

▶ মুক্তিযুদ্ধে পাকিস্তানি বাহিনী ও তাদের সহযোগীদের হাতে নির্যাতিত আরও ৬১ জন বীরাঙ্গনাকে মুক্তিযোদ্ধার স্বীকৃতি দিয়েছে সরকার। মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় থেকে এ বিষয়ে গেজেট প্রকাশ করা হয়েছে। (১৪ ডিসেম্বরের ঘটনা)

**১৬ ডিসেম্বর**

▶ মহান বিজয় দিবস-২০২০ উপলক্ষ্যে বাংলাদেশ আওয়ামী লীগ আলোচনাসভার আয়োজন করে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা।

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা মহান বিজয় দিবস উপলক্ষ্যে যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের জন্য ফলমূল এবং মিষ্টান্ন উপহার পাঠিয়েছেন।

▶ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সঙ্গে উদ্‌যাপনের জন্য মন্ত্রিসভার একটি কমিটি গঠন করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।



▶ বিজয় দিবস উপলক্ষ্যে কক্সবাজার সমুদ্রসৈকতের লাবনী পয়েন্টে ব্র্যান্ডিং কক্সবাজার নামের একটি প্রতিষ্ঠানের তৈরি করা বঙ্গবন্ধুর 'বালু ভাস্কর্য' ও 'বালুর পদ্মা সেতু'র আনুষ্ঠানিক উদ্‌বোধন করা হয়।

▶ সোনার বাংলা গড়তে কৌশলগত অংশীদার হিসেবে চীন সব সময় বাংলাদেশের পাশে থাকবে। একই সঙ্গে বাংলাদেশের ভবিষ্যতের প্রতিটি প্রচেষ্টায় পাশে থাকতে চায় চীন। বিজয় দিবস উপলক্ষ্যে দেওয়া এক ভিডিয়ো বার্তায় ঢাকায় নিযুক্ত চীনা রাষ্ট্রদূত লি জিমিং এ কথা বলেন।

**১৭ ডিসেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বাংলাদেশ ও ভারত পারস্পরিক সহযোগিতা, সম্পর্ক ও বোঝাপড়া আরও এগিয়ে নিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করা হয়।

▶ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সম্মানে মরিশাসের রাজধানী পোর্ট লুইসের একটি সড়ক 'বঙ্গবন্ধু শেখ মুজিব স্ট্রীট' নামকরণ করা হয়েছে।

▶ ৫৫ বছর পর বাংলাদেশের চিলাহাটি ও ভারতের হলদিবাড়ি দিয়ে ট্রেন চলাচল শুরু হয়েছে।

▶ ২৮ ফেব্রুয়ারির মধ্যে কানাডার 'বেগমপাড়া'সহ বিদেশে অর্থ পাচারকারীদের বিষয়ে তথ্য জানাতে দুর্নীতি দমন কমিশন (দুদক) ও রাষ্ট্রপক্ষকে নির্দেশ দিয়েছে হাইকোর্ট।

**১৮ ডিসেম্বর**

▶ বাংলাদেশ সুপ্রিমকোর্ট দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ভিডিয়ো বার্তা প্রদান করেন। ভিডিয়ো বার্তায় রাষ্ট্রপতি বলেন, বিচারকদের খেয়াল রাখতে হবে মামলার রায় হওয়ার পর রায়ের কপি পাওয়ার জন্য বিচারপ্রার্থীদের যেন আদালতের বারান্দায় দিনের পর দিন ঘোরাঘুরি করতে না হয়।

▶ কুমারখালী উপজেলার কয়া কলেজের সামনে স্থাপিত ব্রিটিশবিরোধী আন্দোলনের অন্যতম যোদ্ধা শহিদ বীর বিপ্লবী বাঘা যতীনের আবক্ষ ভাস্কর্য ভাঙচুর করা হয়েছে।

▶ করোনাভাইরাস মহামারির কারণে শিক্ষাপ্রতিষ্ঠানে সাধারণ ছুটি ২০২১ সালের ১৬ জানুয়ারি পর্যন্ত বাড়ানো হয়েছে। তবে কওমি মাদ্রাসাগুলো এই ছুটির আওতায় পড়বে না। শিক্ষা মন্ত্রণালয় সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে এই তথ্য প্রকাশ করেছে।

**১৯ ডিসেম্বর**

▶ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নির্মাণাধীন তৃতীয় টার্মিনালের কাজ করার সময় আরো একটি আড়াইশ' কেজি ওজনের যুদ্ধকালীন বোমা উদ্ধার হয়েছে।

▶ বাংলাদেশের ১৯টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় গুচ্ছ পদ্ধতির ভর্তি পরীক্ষা হবে ১০০ নম্বরের বহুনির্বাচনি প্রশ্নের (এমসিকিউ) মাধ্যমে। ১৯ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সভায় এই সিদ্ধান্ত হয়েছে।

▶ নির্বাচন কমিশনের (ইসি) বিরুদ্ধে আর্থিক অনিয়ম ও অসদাচরণের অভিযোগ এনেছেন দেশের ৪২ জন বিশিষ্ট নাগরিক। তারা 'সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিলের' মাধ্যমে তদন্ত করে এ ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে আবেদন জানিয়েছেন ।

**২০ ডিসেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে যশোরে বাংলাদেশ বিমানবাহিনী একাডেমিতে রাষ্ট্রপতি কুচকাওয়াজ-২০২০ (শীতকালীন) অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, আমরা 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়' প্রতিষ্ঠা করেছি। এর মাধ্যমে বিমান চলাচল, বিমান নির্মাণ, গবেষণা, মহাকাশবিজ্ঞান চর্চা হবে। এর মাধ্যমে একদিন হয়তো বাংলাদেশ যুদ্ধবিমান, পরিবহণ বিমান এবং হেলিকপ্টারও তৈরি করতে সক্ষম হবে।

▶ বাংলা একাডেমি পরিচালিত তিনটি সাহিত্য পুরস্কারের জন্য নির্বাচিত তিন লেখকের নাম ঘোষণা করা হয়েছে। পুরস্কারের জন্য নির্বাচিত লেখকগণ হলেন: শাহরিয়ার কবির, রফিক কায়সার ও কবি জুলফিকার মতিন।

▶ ১৭ বাংলাদেশি নারী বিভিন্ন মেয়াদে জেল খেটে বিশেষ ট্র্যাভেল পারমিটের মাধ্যমে ভারত থেকে বেনাপোল চেকপোস্ট দিয়ে দেশে ফিরেছেন।



▶ করোনায় আক্রান্ত হয়ে কবি, গবেষক, প্রাবন্ধিক, বাংলা একাডেমির সাবেক মহাপরিচালক ও ফেলো মনজুরে মওলা ইন্তেকাল করেছেন।

**২১ ডিসেম্বর**

▶ জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) 'মানব উন্নয়ন প্রতিবেদন ২০২০' প্রকাশ করা হয়েছে। প্রতিবেদন প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান। মানব উন্নয়ন সূচকে দুই ধাপ এগিয়েছে বাংলাদেশ। ১৮৯ দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান এখন ১৩৩তম। আগের বছর ছিল ১৩৫তম।

▶ ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়লাভ করেছে আওয়ামীপন্থি শিক্ষকদের প্যানেল নীলদল। করোনাভাইরাসের কারণ দেখিয়ে বিএনপি-জামায়াতপন্থি শিক্ষকদের প্যানেল সাদা দল নির্বাচনে অংশগ্রহণ করেনি।

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার সভায় 'কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় আইন ২০২০' এবং তিনটি পাবলিক বিশ্ববিদ্যালয় স্থাপনের অনুমোদন প্রদান করা হয়। বিশ্ববিদ্যালয় তিনটি হলো: নারায়ণগঞ্জে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নাটোরে ড. এম ওয়াজেদ মিয়া কৃষি বিশ্ববিদ্যালয় এবং মেহেরপুরে মুজিবনগর বিশ্ববিদ্যালয়।

▶ করোনা মহামারির কারণে বাংলাদেশসহ সব দেশের সঙ্গে বিমান চলাচল বন্ধ করেছে সৌদি আরব।

**২২ ডিসেম্বর**

▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধানমন্ত্রী বলেন, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে যাদের নামে সরকারি বাসা বরাদ্দ হবে, তাদের ওই বাসায় থাকতে হবে। যদি না থাকেন, তাহলে তারা বাসাভাড়া বাবদ যে ভাতা পাওয়ার কথা, সেটা পাবেন না।

▶ মহান মুক্তিযুদ্ধে বাংলাদেশকে স্বাধীন করতে এসে জীবন উৎসর্গকারী অর্ধশতাধিক ভারতীয় সৈনিকের আত্মত্যাগের স্মৃতিরক্ষায় সীতাকুণ্ডের

চন্দ্রনাথ পাহাড়ে নির্মিত ভাস্কর্য 'মৃত্যুঞ্জয়ী মিত্র' উদ্‌বোধন করেন বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার বিক্রম কুমার দোরাইস্বামী।

- ▶ যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট জো বাইডেন ফাইজার-বায়োএনটেকের কোভিড-১৯ টিকার প্রথম ডোজ নিয়েছেন। এটি 'নেওয়া নিরাপদ', যুক্তরাষ্ট্রের নাগরিকদের কাছে এ বার্তা পৌঁছে দেওয়ার জন্যই জো বাইডেনের এই টিকা নিয়েছেন।
- ▶ বৃহস্পতি ও শনি গ্রহের 'মহামিলনে'র দৃশ্য পৃথিবী থেকে খালি চোখে দেখা গেছে। মহাজাগতিক এই অতিবিরল দৃশ্য আন্দোলিত করেছে বিশ্ববাসীকে। প্রায় ৮০০ বছর পর এ দুই গ্রহ এতটা কাছাকাছি অবস্থান করেছে। (২১ ডিসেম্বরের ঘটনা)

**২৩ ডিসেম্বর**

- ▶ আইনজীবীদের সঙ্গে বিচারকের দুর্ব্যবহারের অভিযোগে ঢাকা সিএমএম কোর্টের আইনজীবীরা আদালত প্রাঙ্গণে বিক্ষোভ করেন। ফলে অচলাবস্থার সৃষ্টি হয় আদালতে। উত্তেজনা নিরসনে সংশ্লিষ্ট বিচারক আসাদুজ্জামান নূরকে ছুটিতে পাঠানো হয় ।
- ▶ বাংলাদেশের পথনাটক পরিষদের সভাপতি, খ্যাতিমান নাট্যকার ও নির্দেশক এবং অভিনেতা মান্নান হীরা হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন।
- ▶ করোনায় আক্রান্ত হয়ে দেশের অন্যতম শীর্ষস্থানীয় শিল্পপ্রতিষ্ঠান পারটেক্স গ্রুপের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও সাবেক সংসদ সদস্য এম এ হাসেম ইন্তেকাল করেন।
- ▶ ফ্রান্স করোনার বিরুদ্ধে লড়াইয়ে নিজেদের উজাড় করে দেওয়া ফ্রন্টলাইন কর্মীদের (স্বাস্থ্য সেবাকর্মী, শিশু সেবাকর্মী এবং হাউজকিপার ও ক্যাশিয়ার) নাগরিকত্ব দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

**২৪ ডিসেম্বর**

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে চট্টগ্রামের ভাটিয়ারিস্থ বাংলাদেশ মিলিটারি একাডেমিতে অনুষ্ঠিত রাষ্ট্রপতি প্যারেড ডিসেম্বর-২০২০ এবং ৭৯ বিএমএ দীর্ঘমেয়াদি কোর্স সমাপনী অংশগ্রহণ করেন।



- ▶ স্থানীয় বাজারে দাম বৃদ্ধি পাওয়ায় তিন বছরের মধ্যে ভারতের সঙ্গে প্রথম চাল নিয়ে চুক্তি করেছে বাংলাদেশ সরকার।
- ▶ মার্কিন ফার্মাসিউটিক্যাল জায়ান্ট ফাইজার এবং জার্মান সংস্থা বায়োএনটেকের তৈরি কোভিড-১৯ ভ্যাকসিন ব্যবহারের অনুমোদন দিয়েছে আয়ারল্যান্ড।
- ▶ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প চলতি মাসে কংগ্রেসে পাস হওয়া ৭৪ হাজার কোটি ডলারের একটি প্রতিরক্ষা ব্যয় বিলে ভেটো দিয়েছেন। তিনি বিলটির কিছু অংশকে 'অসাংবিধানিক' অ্যাখ্যা দিয়েছেন।

**২৫ ডিসেম্বর**

- ▶ বাসাবাড়িতে পাইপলাইনের মাধ্যমে প্রাকৃতিক গ্যাসের সংযোগ স্থায়ীভাবে বন্ধ করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। ডিমান্ড নোট ইস্যু হওয়া এবং টাকা জমা দেওয়া গ্রাহকদের আবেদনও বাতিল করা হবে। তাদের অর্থ ফেরত দেবে সংশ্লিষ্ট বিতরণ কোম্পানিগুলো।
- ▶ তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান বলেছেন, তার দেশ ইসরাইলের সঙ্গে সুসম্পর্ক গড়ে তুলতে চায়। এ জন্য দু'পক্ষের মধ্যে গোয়েন্দা পর্যায়ে আলোচনা চলছে। এরদোগান এক সংবাদ সম্মেলনে এই তথ্য প্রকাশ করেন।

**২৬ ডিসেম্বর**

- ▶ আওয়ামী লীগের সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে আওয়ামী লীগের স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে প্রধানমন্ত্রী বলেন, আসন্ন পৌরসভা নির্বাচনে নৌকা মার্কাকে বিজয়ী করতে দল থেকে যাকে প্রার্থী করা হবে, তার পক্ষেই দলীয় সব নেতাকর্মীকে কাজ করতে হবে।
- ▶ ক্যানসারের সঙ্গে করোনায় আক্রান্ত হয়ে খ্যাতিমান অভিনেতা আবদুল কাদের ইন্তেকাল করেন।
- ▶ বান্দরবানে চতুর্থ আন্তর্জাতিক যুব চলচ্চিত্র উৎসব শুরু হয়েছে। 'চলো যাই সিনেমায়' স্লোগানে জেলা শহরের ক্ষুদ্র নৃগোষ্ঠী সাংস্কৃতিক ইনস্টিটিউট

অডিটরিয়ামে তিনদিনের এ উৎসব শুরু হয়। উদ্‌বোধন করেন জেলা পরিষদ চেয়ারম্যান ক্য শৈ হ্লা মারমা।

- ▶ রাশিয়া তাদের তৈরি করা করোনাভাইরাসের টিকা স্পুৎনিক-ভি ৬০ বছরের বেশি বয়সীদের দেহেও প্রয়োগের অনুমতি দিয়েছে। দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয় এই তথ্য প্রকাশ করেছে।

**২৭ ডিসেম্বর**

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে ঢাকা কেন্দ্রীয় কারাগার কেরানীগঞ্জে কারা কমপ্লেক্স এলাকায় মহিলা কেন্দ্রীয় কারাগার এবং কেরানীগঞ্জে একটি এলপিজি স্টেশন উদ্‌বোধন করেন।
- ▶ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক কাজী শহীদুল্লাহর নেতৃত্বে একটি প্রতিনিধি দল রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সাক্ষাত করেন।
- ▶ বাংলা একাডেমির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সাধারণ সভায় সাত বিশিষ্ট জনকে ফেলোশিপ প্রদান করা হয়। তারা হলেনঃ সারওয়ার আলী (মুক্তিযুদ্ধ), নুরুল ইসলাম নাহিদ (শিক্ষা), নুহ-উল-আলম লেনিন (সমাজদর্শন ও সাহিত্য), অধ্যাপক ডা. এ কে আজাদ খান (চিকিৎসাসেবা), লিয়াকত আলী লাকী (সংস্কৃতি), জুয়েল আইচ (জাদুশিল্প) এবং মনজুরুল আহসান বুলবুল (সাংবাদিকতা)।

**২৮ ডিসেম্বর**

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হয়। সভায় 'মহাসড়ক আইন ২০২০' ও হজ্ব ও ওমরাহ ব্যবস্থাপনা আইনের খসড়া অনুমোদন করা হয়। লন্ডনফেরত যাত্রীদের জন্য ১৪ দিনের বাধ্যতামূলক কোয়ারেন্টাইনের সিদ্ধান্তও হয় মন্ত্রিসভার বৈঠকে।
- ▶ সরকারি ল্যাবগুলোতে বিদেশ গমনেচ্ছু স্মার্ট কার্ডধারী শ্রমিকদের কোভিড-১৯ মুক্ত সনদ দিতে নমুনা পরীক্ষার ফি ৩০০ টাকা নির্ধারণ করেছে সরকার।



- ▶ উখিয়ার ট্রানজিট ক্যাম্প থেকে ১,৭৭৬ জন রোহিঙ্গার ভাসানচরের উদ্দেশে যাত্রা।
- ▶ করোনা পরিস্থিতির কারণে সৌদি আরব আন্তর্জাতিক ফ্লাইট চলাচলের ওপর নিষেধাজ্ঞা আরো সাত দিন বাড়িয়েছে।

**২৯ ডিসেম্বর**

- ▶ বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে বাংলাদেশে নবনিযুক্ত মালদ্বীপের হাইকমিশনার শিরুজিম্যাথ সামীর পরিচয়পত্র পেশ করেন।
- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে এনইসি সম্মেলন কেন্দ্রে অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২১-২০২৫) নিয়ে সভা অনুষ্ঠিত হয়।
- ▶ কক্সবাজারের মহেশখালীর মাতারবাড়ী চ্যানেলে প্রথমবারের মতো নির্মাণাধীন কয়লাভিত্তিক বিদ্যুৎ প্রকল্পের নির্মাণসামগ্রী নিয়ে জাহাজ ভিড়েছে।
- ▶ বিদেশে পলাতক এনআরবি গ্লোবাল ব্যাংকের সাবেক ব্যবস্থাপনা পরিচালক (এমডি) প্রশান্ত কুমার (পি কে) হালদারের স্থাবর সম্পদ ক্রোকের নির্দেশ দিয়েছেন আদালত।

**৩০ ডিসেম্বর**

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশ নৌবাহিনীর মিডশিপম্যান ২০১৮/এ ব্যাচ এবং ডাইরেক্ট অ্যান্ট্রি অফিসার (ডিইও) ২০২০/বি ব্যাচের নবীন কর্মকর্তাদের শীতকালীন রাষ্ট্রপতি কুচকাওয়াজ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।
- ▶ হযরত শাহজালাল বিমানবন্দরের তৃতীয় টার্মিনালের নির্মাণ এলাকায় ২৫০ কেজি ওজনের আরও একটি যুদ্ধকালীন বোমা পাওয়া গেছে। এ পর্যন্ত পাঁচটি বোমা উদ্ধার হয়েছে।
- ▶ ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) সাবেক মেয়র মোহাম্মদ সাঈদ খোকনসহ সাতজনের বিরুদ্ধে করা মামলা পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনকে (পিবিআই) তদন্তের নির্দেশ দিয়েছেন আদালত।
- ▶ এশিয়ার প্রথম দেশ হিসেবে সিঙ্গাপুরে করোনাভাইরাসের ভ্যাকসিন কার্যক্রম শুরু হয়েছে। প্রথম ধাপে স্বাস্থ্যকর্মীদের ফাইজার-বায়োএনটেকের টিকা দেওয়া হচ্ছে।

**৩১ ডিসেম্বর**

- ▶ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে নতুন বছরে শিক্ষার্থীদের হাতে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কর্মসূচির উদ্‌বোধন করেন।
- ▶ ২০২১-২০২২ মেয়াদে জাতীয় প্রেসক্লাবের ব্যবস্থাপনা কমিটির সভাপতি নির্বাচিত সাংবাদিক ফরিদা ইয়াসমিন। তিনিই এই কমিটির প্রথম নারী সভাপতি।
- ▶ সাগর উপকূলীয় জেলা বরগুনায় দেশের প্রথম নৌকা জাদুঘর উদ্‌বোধন করা হয়েছে। মুজিববর্ষ উপলক্ষ্যে নির্মিত এ জাদুঘরের নাম বঙ্গবন্ধু নৌকা জাদুঘর। দেশ-বিদেশের বাহারি নকশার ১০০টি নৌকার অনুকৃতি নিয়ে শুরু হয়েছে এই জাদুঘর।
- ▶ স্থানীয় সরকার মন্ত্রণালয়ের উদ্যোগে ঢাকা ওয়াসার কাছ থেকে রাজধানীর ২৬ খালের রক্ষণাবেক্ষণ এবং একই সঙ্গে রাজধানীর পানি নিষ্কাশনের দায়িত্ব দেওয়া হয়েছে ঢাকার দুই সিটি করপোরেশনকে।
- ▶ বছর শেষের দিনে দেশে করোনাভাইরাসে ২৮ জনের মৃত্যু হয়েছে। নতুন শনাক্ত হয়েছে ১ হাজার ১৪ জন। দেশে করোনাভাইরাসে এখন পর্যন্ত মোট আক্রান্তের সংখ্যা ৫ লাখ ১৩ হাজার ৫১০ জন। মোট মৃত্যু হয়েছে ৭ হাজার ৫৫৯ জনের। একই সময়ে সুস্থ হয়েছে ১ হাজার ৩৮৯ জন। বছরের শেষদিন পর্যন্ত সুস্থ হয়েছে ৪ লাখ ৫৭ হাজার ৪৫৯ জন।

■■■



# ২০২০ সালের উল্লেখযোগ্য ঘটনা

**মুজিববর্ষ**

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বছরজুড়ে 'মুজিববর্ষ' উৎসব উদ্‌যাপন করা হয়। ২০২০ সালের ১৭ মার্চ থেকে নানা কর্মসূচির মধ্য দিয়ে জাঁকজমকপূর্ণভাবে এ উৎসব উদ্‌যাপন করার কথা ছিল। লক্ষ্য ছিল দেশ-বিদেশে ২৯৮টি কর্মসূচি পালনের। জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থা (ইউনেস্কো) বাংলাদেশের সঙ্গে যৌথভাবে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে 'মুজিববর্ষ' উদ্‌যাপন করার সিদ্ধান্ত নেয়। গত বছরের ২৫ নভেম্বর প্যারিসে ইউনেস্কো সদর দপ্তরে সংস্থার ৪০তম সাধারণ পরিষদের পূর্ণাঙ্গ অধিবেশনে সর্বসম্মতভাবে মুজিববর্ষ উদ্‌যাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ সিদ্ধান্তের ফলে ইউনেস্কোর ১৯৩টি দেশে একই সঙ্গে উদ্‌যাপিত হওয়ার কথা ছিল জাতির পিতার জন্মশতবার্ষিকীর অনুষ্ঠান। কিন্তু করোনার করাল থাবায় অধিকাংশ কর্মসূচিই স্থগিত করা হয়েছে। সীমিত পরিসরে স্বাস্থ্যবিধি মেনে পালিত হচ্ছে মুজিববর্ষ। তবে মুজিববর্ষে বড় অর্জন বঙ্গবন্ধুর নামে আন্তর্জাতিক পুরস্কার চালু করেছে ইউনেস্কো। এর আগে ইউনেস্কোর 'মেমোরি অব দ্য ওয়ার্ল্ড' ক্যাটাগরিতে স্থান পায় বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ।

করোনা মহামারির কারণে কর্মসূচিগুলো যথাযথভাবে করতে না পারায় মুজিববর্ষের মেয়াদ সরকারিভাবে বাড়ানো হয়। মুজিববর্ষের সময় ২০২০ সালের ১৭ মার্চ থেকে ২০২১ সালের ১৬ ডিসেম্বর পর্যন্ত বাড়িয়ে গেজেট প্রকাশ করে মন্ত্রিপরিষদ বিভাগ।

১৯২০ সালের ১৭ মার্চ গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জন্ম নেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ২০২০ সালে বঙ্গবন্ধু জন্মের শতবছর পূর্ণ হয়েছে। আগামী বছরের ২৬ মার্চ বাংলাদেশ উদ্‌যাপন করবে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী। জাতির পিতার জন্মশতবর্ষ উদ্‌যাপনে ২০১৮ সালের জুলাইয়ে সরকার ২০২০-২০২১ সালকে 'মুজিববর্ষ' ঘোষণা করে। ১০ জানুয়ারি বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের দিবসে মুজিববর্ষের লোগো উন্মোচনের পাশাপাশি ক্ষণগণনার

মাধ্যমে মুজিববর্ষের আয়োজন শুরু হয়। ১০ জানুয়ারি বিকেল ৫টায় তেজগাঁওয়ের পুরান বিমানবন্দরে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর ক্ষণগণনা উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

### সংসদের বিশেষ অধিবেশন

মুজিববর্ষ উপলক্ষ্যে ৮ নভেম্বর থেকে ১৯ নভেম্বর সংসদের বিশেষ অধিবেশন অনুষ্ঠিত হয়। ১০ কার্যদিবসের এই বিশেষ অধিবেশনে প্রথম এবং শেষ চার কার্যদিবস চলে সাধারণ অধিবেশনের মতোই। ১৯ নভেম্বর রাতে অধিবেশনের সমাপনী সম্পর্কে রাষ্ট্রপতির আদেশ পাঠ করে শোনানোর মধ্য দিয়ে স্পিকার অধিবেশন সমাপ্তি ঘোষণা করেন।

### ইউনেস্কো বঙ্গবন্ধুর নামে আন্তর্জাতিক পুরস্কার চালু করেছে

বাংলাদেশের প্রস্তাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে একটি পুরস্কার চালু করেছে জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা (ইউনেস্কো)। এই পুরস্কারের নাম 'ইউনেস্কো-বাংলাদেশ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ইন্টারন্যাশনাল প্রাইজ ইন দ্য ফিল্ড অব ক্রিয়েটিভ ইকোনমি'। ১১ ডিসেম্বর সমাপ্ত ইউনেস্কো নির্বাহী পরিষদের শরৎকালীন ২১০তম অধিবেশনে সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতি দুই বছর অন্তর এ পুরস্কার দেওয়া হবে, যার অর্থমান ৫০ হাজার মার্কিন ডলার। পুরস্কারটি প্রথমবারের মতো ২০২১ সালের নভেম্বরে অনুষ্ঠেয় ইউনেস্কোর ৪১তম সাধারণ সভা চলাকালে প্রদান করা হবে।

### করোনাভাইরাস (কোভিড-১৯)

চীনের উহান শহরে বিশ্ব তোলপাড় করা রহস্যময় এক ভাইরাস করোনার সন্ধান পাওয়া যায়। ২০১৯ সালের ৩১ ডিসেম্বর এই শহরে নিউমোনিয়ার মতো একটি রোগ ছড়াতে দেখে প্রথম চীনের কর্তৃপক্ষ বিশ্ব স্বাস্থ্য সংস্থাকে (ডব্লিউএইচও) সতর্ক করে। এরপর ২০২০ সালের ১১ জানুয়ারি এই ভাইরাসে আক্রান্ত হয়ে প্রথম একজনের মৃত্যু হয়। ওইদিনই সুইজারল্যান্ডের জেনেভায় ডব্লিউএইচওর কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে নতুন এ ভাইরাসের নাম দেওয়া হয় কোভিড (সিওভিআইডি)-১৯। ২০২০ সালে ২৩ জানুয়ারি একে জনস্বাস্থ্যের জন্য জরুরি অবস্থা বলে ঘোষণা করে জাতিসংঘের অন্তর্ভুক্ত এই সংস্থা।



২১ এপ্রিল ডব্লিউএইচও নিশ্চিত করে জৈব গবেষণাগার নয়; প্রাণী থেকেই এই ভাইরাস মানুষে ছড়িয়েছে। এই ভাইরাস বাদুড় থেকে বিস্তার লাভ করেছে। বিজ্ঞানীরা জানান, করোনাভাইরাস একজন মানুষের দেহ থেকে আরেকজন মানুষের দেহে অত্যন্ত দ্রুতগতিতে ছড়িয়ে পড়তে পারে। সংক্রমিত ব্যক্তির স্পর্শ এড়িয়ে চলা, হাঁচি-কাশি শিষ্টাচার মেনে চলা, সাবান-পানি দিয়ে বারবার হাত ধোয়া, হাত দিয়ে নাক-মুখ স্পর্শ না করা, ঘরের বাইরে গেলে মাস্ক পরার পরামর্শ দেন তারা।

৮ মার্চ বাংলাদেশে প্রথম করোনায় আক্রান্ত রোগী শনাক্ত হয়। আর ১৯ মার্চ প্রথম সত্তরোর্ধ্ব এক ব্যক্তি করোনায় আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন।

### কোভিড-১৯ ভ্যাকসিন

করোনাকালের সবচেয়ে আলোচিত বিষয় ভ্যাকসিন। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশও 'ভ্যাকসিন দুশ্চিন্তা' সঙ্গে করেই পাড়ি দিয়েছে মহামারির বছর ২০২০। বছরের শেষদিকে এসে করোনার কার্যকর ভ্যাকসিন বা টিকা আবিষ্কারের খবর শুনে কিছুটা স্বস্তি পান দেশের মানুষ। দেশের ৮০ শতাংশ বা ১৩ কোটি ৮২ লাখ ৪৭ হাজার ৫০৮ জনকে টিকা দেওয়ার পরিকল্পনা নেয় সরকার। প্রথমে বেক্সিমকো ফার্মাসিউটিক্যালসের মাধ্যমে ৩ কোটি টিকা আনার চুক্তি হয় ভারতের সেরাম ইনস্টিটিউটের সঙ্গে। আর গ্লোবাল অ্যালায়েন্স ফর ভ্যাকসিনস অ্যান্ড ইমিউনাইজেশনস (গ্যাভি) ৬ কোটি ৮০ লাখ ডোজ টিকা দেওয়ার আশ্বাস দেয় বাংলাদেশকে। এ খাতে সরকার প্রাথমিকভাবে বরাদ্দ রাখে দেড় হাজার কোটি টাকা।

### ভার্চুয়াল মিটিং

মহামারি করোনার প্রভাবে পুরো বিশ্বের মতো বাংলাদেশেও স্থবির হয়ে পড়ে স্বাভাবিক জীবনব্যবস্থা, ব্যবসা-বাণিজ্য ও অর্থনীতি। ভাইরাসটি অতি সংক্রামক হওয়ায় বিশ্বের প্রায় সব দেশেই জারি করা হয় লকডাউন। করোনায় কয়েক মাসের মধ্যেই বদলে যায় কাজের পরিবেশ, সময় ও প্রকার। বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে কালক্রমে বদলাতে থাকে বাংলাদেশ। সরকারী, বেসরকারীসহ আন্তর্জাতিক সংস্থাগুলো প্রতিষ্ঠান পরিচালনায় ভার্চুয়াল ব্যবস্থাপনার দিকে ঝুঁকতে থাকে। প্রতিদিন মিটিংসহ অফিসের প্রায় সব রকমের দিক নির্দেশনার অন্যতম মাধ্যম ছিল প্রযুক্তিভিত্তিক। এমনকি ডাক্তার দেখানো, বিচারিক কাজ, নিত্যপণ্য থেকে খাদ্য সরবরাহ সবকিছুই

অনলাইন নির্ভর হয়ে পড়ে। টেলিভিশন টক শো পর্যন্ত অনলাইনে করতে দেখা গেছে। গোটা বিশ্বে তথ্যপ্রযুক্তির বহুল ব্যবহার বেড়েছে করোনার সময়। সেইসঙ্গে ডিজিটাল বাংলাদেশের প্রকৃত সুবিধা এই সময়ে সর্বোচ্চ ভোগ করার সুযোগ পেয়েছেন সবাই।

**করোনার আঘাতে শিক্ষা কার্যক্রমে ব্যাঘাত**

করোনাভাইরাস দেশের শিক্ষাব্যবস্থা বিপর্যস্ত হয়ে পড়ে। বছরের ১০ মাস ধরে বন্ধ ছিল শিক্ষাপ্রতিষ্ঠান। শিক্ষার এই অবস্থা ছিল ২০২০ সালের অন্যতম আলোচিত ঘটনা। উল্লিখিত সময়ে বাতিল করতে হয়েছে প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত বহু পরীক্ষা। অন্যান্য দেশের মতো দিতে হয়েছে 'অটোপাস'। বিশ্ববিদ্যালয়ে বেড়েছে সেশনজট। করোনার মার্চে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ হয়েছিল এবং এই বন্ধ এত দীর্ঘ হবে, তা কেউ ভাবতেও পারেনি। শিক্ষা খাতে এমন অচলাবস্থা ১৯৭১ সালের পর কখনো দেখেনি দেশের মানুষ।

পরিস্থিতির ভয়াবহতার কারণে শিক্ষাকে এগিয়ে নিতে জীবনকে ঝুঁকিতে ফেলতে চায়নি সরকার। তবে ক্ষতি কিছুটা পুষিয়ে নিতে সংসদ টিভি ও অনলাইনে ক্লাস পরীক্ষা নেওয়া হয়। করোনা মহামারির শিকার সর্বস্তরের ক্ষতির শিকার চার কোটির বেশি শিক্ষার্থী। এই সময় প্রায় সকল নিয়োগ প্রক্রিয়া বন্ধ হয়ে যায়। তাই বেড়ে যায় চাকরিপ্রত্যাশীদের হতাশা।

**স্বপ্নের পদ্মা সেতু**

গত ১০ ডিসেম্বর পদ্মা সেতুকে ঘিরে স্বপ্ন স্পর্শ করেছে বাংলাদেশ। সেদিন মূল সেতুতে ৪১তম স্প্যান বসানোর সঙ্গে সঙ্গে পুরোপুরি দৃশ্যমান হয় পদ্মা সেতু। বিদায়ি বছরে পদ্মা সেতুর কাজের এই অগ্রগতি জীবনে এক অবিস্মরণীয় ঘটনা।

পদ্মা সেতুর কাজ বাকি আছে আর ১০ ভাগ। আগামী বছরের জুনের মধ্যে স্প্যান বসানোর কাজ শেষ হবে। দুইতলা সেতুর ওপর দিয়ে ঢাকা-যশোর ট্রেন চলবে।

১৯৯৮ সালে পদ্মা সেতুর প্রাক-সম্ভাব্যতা যাচাই হয়। সমীক্ষার পর ২০০৪ সালে মাওয়া-জাজিরা প্রান্তে পদ্মা সেতু নির্মাণের পরামর্শ দেয় জাইকা। ৬ দশমিক ১৫ কিলোমিটার দৈর্ঘ্যের পদ্মা সেতু নির্মাণে ২০০১ সালের ৪ জুলাই তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। বিশ্বব্যাংকসহ দাতারা সরে দাঁড়ালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজস্ব



অর্থায়নে পদ্মা সেতু নির্মাণের সিদ্ধান্ত নেন। ২০১৪ সালে পদ্মা সেতুর নির্মাণকাজ শুরু করে চায়না রেলওয়ে মেজর ব্রিজ ইঞ্জিনিয়ারিং গ্রুপ কোম্পানি (এমবিইসি) ও সিনো হাইড্রো করপোরেশন।

পদ্মা সেতুর ৩টি বিশ্বরেকর্ড হলো, সর্বোচ্চ ১২২ মিটার গভীরে স্টিলের পাইল বসানো, ভূমিকম্প থেকে সেতু রক্ষায় ১০ হাজার টন বিয়ারিংয়ের সক্ষমতাসম্পন্ন 'ফ্রিকশন পেন্ডুলাম বিয়ারিং' লাগানো ও নদীশাসনে চীনের ঠিকাদার সিনোহাইড্রো করপোরেশনের সঙ্গে ১১০ কোটি মার্কিন ডলারের চুক্তি স্বাক্ষর।

**ভাস্কর্য নিয়ে বিতর্ক**

বিশ্বব্যাপী 'ভাস্কর্য' শিল্পকলার একটি প্রাচীনতম মাধ্যম হিসেবে স্বীকৃত। বাংলাদেশসহ বিশ্বের সব দেশেই ভাস্কর্য নির্মাণ ও স্থাপন হয়ে আসছে হাজার বছর ধরে। শিল্পমাধ্যম হিসেবে ভাস্কর্যের সঙ্গে ইসলাম ধর্মের কোনো সংঘাত না থাকলেও একটি উগ্র সাম্প্রদায়িক মৌলবাদী চক্রের রাজনৈতিক ষড়যন্ত্রের কারণে বছরের শেষে এসে 'ভাস্কর্য বিতর্কে'র বিষয়টি সামনে নিয়ে আসে। বঙ্গবন্ধুর ভাস্কর্য স্থাপনের বিরোধিতা করে কয়েকটি ইসলামপন্থি সংগঠন। সেইসঙ্গে দেশের বিভিন্ন স্থানে ভাস্কর্য ভাঙচুর করা হয়। পরে অপরাধীদের গ্রেফতার করে পুলিশ। পালটা হিসেবে মাঠে নামে দেশের প্রগতিশীল মানুষ। দেশের রাজনৈতিক অঙ্গনে ছড়িয়ে পড়ে উত্তাপ। ভাস্কর্য স্থাপনের প্রধান বিরোধিতাকারী হেফাজতে ইসলামের যুগ্মমহাসচিব মামুনুল হক ও আমির জুনায়েদ বাবুনগরীর বক্তব্যে ক্ষুব্ধ হয়ে উঠে ক্ষমতাসীন আওয়ামী লীগসহ প্রগতিশীলরা। ক্ষোভ প্রকাশ করা হয় নানা মহল থেকে। সব মিলিয়ে ভাস্কর্য বিতর্ক ছিল বিদায়ি বছরের অন্যতম আলোচিত একটি ঘটনা।

**ক্রিকেট অধিনায়ক মাশরাফি বিন মুর্তজার বিদায়**

দেশের ক্রিকেট তারকা মাশরাফি বিন মুর্তজা। বাংলাদেশের ক্রিকেটকে অনন্য উচ্চতায় নিয়ে যেতে যে কয়জন সবচেয়ে বেশি অবদান রেখেছেন, তাদের মধ্যে অন্যতম মাশরাফি মুর্তজা। জিম্বাবুয়ের বিপক্ষে সিরিজের তৃতীয় ওয়ানডেতে অধিনায়ক হিসেবে শেষ ম্যাচ খেলেন ৩৬ বছর বয়সি এ ক্রিকেটার। ২০০১ সালে আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক হয় মাশরাফি মুর্তজার। টেস্ট ক্রিকেটের মধ্য দিয়ে অভিষেক হওয়া মাশরাফির টেস্ট ক্যারিয়ার শেষ হয়ে যায় ২০০৯ সালে। এখন থেকে তিন বছর আগে শ্রীলঙ্কা সফরে হঠাৎ করেই টি২০ ক্রিকেটকে বিদায় জানান মাশরাফি। সদ্য শেষ

হওয়া জিম্বাবুয়ের বিপক্ষে সিরিজের আগে ওয়ানডে দলের অধিনায়ক থেকে স্বেচ্ছায় অব্যাহতি নেন মাশরাফি। তবে ফিটনেস ভালো থাকলে আরও কিছুদিন খেলে যেতে পারেন ওয়ানডে ক্রিকেট। সিলেট স্টেডিয়ামে অধিনায়ক মাশরাফির বিদায়ি ম্যাচে সম্মান জানায় ক্রিকেট বোর্ড।

**বাংলাদেশের অনূর্ধ্ব ১৯ যুব বিশ্বকাপ জয়**

অনূর্ধ্ব ১৯ যুব বিশ্বকাপ জয় করেছে বাংলাদেশ। যে কোনো স্তরের ক্রিকেটে কোনো বিশ্বকাপ জেতা বাংলাদেশের জন্য এটাই প্রথম। তাছাড়া ১৯৯৭ সালের পর এই প্রথম ক্রিকেটের কোনো বৈশ্বিক টুর্নামেন্টের ট্রফি জিতল বাংলাদেশ। দক্ষিণ আফ্রিকার পচেফস্ট্রুমে ভারত প্রথমে ব্যাট করতে নেমে করেছিল ১৭৭ রান। বাংলাদেশ ১৭৮ রানের টার্গেট নিয়ে মাঠে নামলেও জয় থেকে তারা যখন অল্প দূরে, তখনই বৃষ্টির জন্য খেলা বিঘ্নিত হয়। ফলে ডাকওয়ার্থ-লুইস পদ্ধতিতে বাংলাদেশের জন্য সংশোধিত টার্গেট দাঁড়ায় ১৭০ রান। খেলার ২৩ বল বাকি থাকতেই বাংলাদেশ এই লক্ষ্যে পৌঁছে যায়। বাংলাদেশের আকবর আলী সেরা খেলোয়াড় নির্বাচিত হন।

**উইটসা পুরস্কার পেল বাংলাদেশের ছয় প্রতিষ্ঠান**

তথ্যপ্রযুক্তির অলিম্পিকখ্যাত ওয়ার্ল্ড কংগ্রেস অব আইটি (ডব্লিউসিআইটি-২০২০) 'উইটসা আইসিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড' সম্মেলন মালয়েশিয়ায় ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়। এতে ৯টি বিভাগের মধ্যে বিভিন্ন ক্যাটাগরিতে বাংলাদেশের ৬টি তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট প্রকল্প সম্মাননা অর্জন করে। ১৮ নভেম্বর থেকে তিন দিনব্যাপী অনুষ্ঠিত এ সম্মেলনের দ্বিতীয় দিন সম্মাননা প্রদান পর্ব অনুষ্ঠিত হয়। ৪টি বিভাগে রানারআপ এবং দুটি বিভাগে মেরিট পুরস্কার পেয়েছে বাংলাদেশের প্রতিষ্ঠানগুলো। বাংলাদেশ থেকে পুরস্কার বিজয়ীরা হচ্ছে: কোভিড-১৯ টেক সলিউশনস ফর সিটিজ অ্যান্ড লোকালিটিজ বিভাগে সিনেসিস আইটি লিমিটেড ও সরকারের তথ্যপ্রযুক্তি বিভাগের এটুআই প্রকল্প, পাবলিক প্রাইভেট পার্টনারশিপ বিভাগে সরকারের ইনোভেশন ডিজাইন অ্যান্ড এন্ট্রাপ্রেনিউরশিপ একাডেমি (আইডিয়া) প্রকল্প, ইনোভেটিভ ই-হেলথ সলুসনস বিভাগে মাইসফটের মাই হেলথ বিডি, ভার্চুয়াল হসপিটাল অব বাংলাদেশ, ই-এডুকেশন অ্যান্ড লার্নিং বিভাগে বিজয় ডিজিটাল। মেরিট পুরস্কার হিসেবে ডিজিটাল অপরচুনিটি অর ইনক্লুশন বিভাগে নগদ এবং সাসটেইনেবল গ্রোথ বিভাগে ডিভাইন আইটি লিমিটেডের প্রিজম ইআরপি।



**কাসেম সোলাইমানিকে হত্যা**

ইরানের রেভুলিউশনারি গার্ডের অভিজাত কুদস ফোর্সের কমান্ডার মেজর জেনারেল কাসেম সোলাইমানি ইরাকে মার্কিন ড্রোন থেকে নিক্ষেপ করা ক্ষেপণাস্ত্র হামলায় ৩ জানুয়ারি নিহত হন। মার্কিন প্রতিরক্ষা দপ্তর পেন্টাগন জানিয়েছে, যুদ্ধ থামাতে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নির্দেশেই ইরানের এই শীর্ষ সামরিক কমান্ডার কাসেম সোলায়মানিকে হত্যা করা হয়। তার সঙ্গে ফোর্সের আরও পাঁচজন সামরিক সদস্য নিহত হয়েছেন। এদের মধ্যে রয়েছেন ইরাকি মিলিশিয়া কমান্ডার আবু মাহুদি আল-মুহান্দিস।

**৪৬তম মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন**

করোনা মহামারির মধ্যেও চলতি বছর মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনের দিকে আগ্রহ নিয়ে তাকিয়ে ছিলেন বিশ্বের কোটি কোটি মানুষ। শেষ পর্যন্ত রিপাবলিকান দলীয় প্রার্থী প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে হারিয়ে যুক্তরাষ্ট্রের ৪৬তম প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন ডেমোক্র্যাট প্রার্থী জো বাইডেন। তার রানিংমেট কমলা হ্যারিস প্রথম ভারতীয় বংশোদ্ভূত মার্কিন নাগরিক হিসেবে যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন।

**বঙ্গবন্ধুর আরেক খুনির ফাঁসি**

বছরের ১২ এপ্রিল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যাকাণ্ডে জড়িত থাকার দায়ে আরেক আসামির ফাঁসি কার্যকরের মধ্য দিয়ে কলঙ্কমোচনের দিকে আরও একধাপ এগিয়ে যায় দেশ। এদিন ১২টা ১ মিনিটে দিনের শুরুতেই ফাঁসি কার্যকর হয় বঙ্গবন্ধুর আত্মস্বীকৃত খুনি মাজেদের। বহু বছর ভারতে আত্মগোপন করে থাকা মাজেদ পরিবারের সঙ্গে দেখা করতে বাংলাদেশে আসার পর তাকে গ্রেফতার করেন গোয়েন্দারা। ফাঁসির আগে মাজেদ বলে গেছে কীভাবে খুনিদের পরিবারকে দেশের বাইরে নিরাপদে থাকার ব্যবস্থা করে দিয়েছিলেন মেজর জিয়াউর রহমান।

**নারায়ণগঞ্জে গ্যাস দুর্ঘটনা**

বছরের ৪ সেপ্টেম্বর নারায়ণগঞ্জের বায়তুস সালাত জামে মসজিদে এশার নামাজ আদায় করার সময় এক ভয়ংকর গ্যাস বিস্ফোরণের ঘটনায় ৩৭ জন দগ্ধ হন। সব মিলিয়ে কয়েকদিনের ব্যবধানে ৩৩ জন মারা যান।

দুর্ঘটনার কারণ সম্পর্কে নানা ধরনের কথা শোনা গেলেও শেষ পর্যন্ত প্রমাণিত হয় গ্যাস-বিদ্যুতের অবৈধ সংযোগের কারণেই ঘটেছে এই দুর্ঘটনা।

## ভাসানচরে রোহিঙ্গা পুনর্বাসন

বাংলাদেশের পক্ষে রোহিঙ্গাদের জন্য নিরাপদ এবং স্বাস্থ্যসম্মত বাসস্থান নিশ্চিত করা ছিল কঠিন চ্যালেঞ্জ। অবশেষে বিচ্ছিন্ন দ্বীপ ভাসানচরে এক লাখ রোহিঙ্গার থাকার জন্য আধুনিক ব্যবস্থা করা হয়। আন্তর্জাতিক নানা চাপ উপেক্ষা করে বছরের ৫ ডিসেম্বর রোহিঙ্গাদের প্রথম দল ভাসানচরে পৌঁছায়। পর্যায়ক্রমে অন্যদেরও সেখানে নেয়ার কথা রয়েছে।

## প্রতারণার অভিযোগে মো. সাহেদ গ্রেফতার

প্রাণঘাতী করোনাভাইরাসের প্রকোপে মানুষ যখন জীবন নিয়ে শঙ্কায়, তখন সেই ভাইরাসের পরীক্ষা নিয়ে জালিয়াতি করেন রিজেন্ট হাসপাতালের চেয়ারম্যান মো. সাহেদ ওরফে সাহেদ করিম। করোনার ভুয়া পরীক্ষা করে দেশজুড়ে আলোচনায় ছিলেন তিনি। ৬ জুলাই সীমাহীন অনিয়ম ও অপকর্মের অভিযোগের ভিত্তিতে উত্তরার রিজেন্ট হাসপাতালে অভিযান চালায় র‍্যাব। পরদিন অভিযান চলে হাসপাতালের মিরপুর শাখায়। এরপর থেকে বেরিয়ে আসতে থাকে সাহেদের চাঞ্চল্যকর সব প্রতারণার তথ্য। জানা যায়, অন্তত ছয় হাজার নমুনা কোনো পরীক্ষা না করেই করোনাভাইরাসের মনগড়া পজিটিভ-নেগেটিভ রিপোর্ট দিয়েছিলেন তিনি। হাসপাতালটির ছিল না কোনো অনুমোদন। এছাড়া দেশের বিভিন্ন প্রান্তে প্রতারণার মাধ্যমে কোটি কোটি টাকা হাতিয়েছিলেন সাহেদ। ১৫ জুলাই সাতক্ষীরার দেবহাটা সীমান্ত থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারের পর বেরিয়ে আসে তার বহুমুখী প্রতারণার খবর।

## জেকেজি হেলথ কেয়ারের প্রতারণা

করোনাভাইরাস পরীক্ষা নিয়ে জেকেজি হেলথ কেয়ারের প্রতারণার ঘটনায় জাতীয় হৃদ্‌রোগ ইনস্টিটিউটের আলোচিত চিকিৎসক (বর্তমানে বরখাস্তকৃত) ডা. সাবরিনা আরিফ চৌধুরীকে পুলিশ ১২ জুলাই গ্রেফতার করে। করোনাভাইরাসের নমুনা সংগ্রহ করে পরীক্ষা না করেই ভুয়া প্রতিবেদন দেওয়ার অভিযোগে সাবরিনার স্বামী জেকেজি হেলথ কেয়ারের সিইও আরিফুল হক চৌধুরীসহ আরও কয়েক জনকেও গ্রেফতার করা হয়।

## কুয়েতের কারাগারে কাজী শহিদ ইসলাম পাপুল

মানবপাচার, অর্থপাচার ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের কর্মীদের শোষণের অভিযোগে কুয়েতের কারাগারে বন্দি হয়ে সে দেশের আদালতে এখন



বিচারের মুখোমুখি (লক্ষ্মীপুর-২) আসনের স্বতন্ত্র সংসদ সদস্য। দেশের কোনো এমপি বিদেশে গ্রেফতারের ঘটনা এটাই প্রথম। ৬ জুন পাপুলকে গ্রেফতার করে কুয়েতের পুলিশ। ইতোমধ্যে সেখানে তার বিচার শুরু হয়েছে এবং জানুয়ারিতে রায় ঘোষণার কথা রয়েছে। দেশের আদালত পাপুল ও তার স্বজনদের ৬১৭টি ব্যাংক হিসাব জব্দ করেছে। একই সঙ্গে তাদের ৯২টি তপশিলভুক্ত সম্পত্তি ক্রোকেরও আদেশ দেওয়া হয়েছে।

## স্বাস্থ্য অধিদপ্তরের গাড়িচালক মালেক

স্বাস্থ্য অধিদপ্তরের গাড়িচালক আবদুল মালেক ওরফে মালেক ড্রাইভারকে ২০ সেপ্টেম্বর গ্রেফতার করে র‍্যাব। তার বিরুদ্ধে অবৈধ অস্ত্র দেখিয়ে ভয়ভীতি, চাঁদাবাজি, জালটাকার ব্যবসাসহ বিভিন্ন অপরাধের অভিযোগ আনা হয়েছে। তার কাছ থেকে ১ লাখ ৫০ হাজার জালটাকা ও একটি অবৈধ অস্ত্র উদ্ধার করা হয়। ইতোমধ্যে শতকোটি টাকার সম্পদের সন্ধান পাওয়া গেছে মালেকের।

## মেজর সিনহা হত্যাকাণ্ড

করোনাকালে ইদুল-আজহার আগের দিন রাতে অর্থাৎ ৩১ জুলাই কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভের বাহারছড়া ইউনিয়নের শামলাপুর চেকপোস্টে পুলিশ কর্মকর্তা লিয়াকত আলীর গুলিতে নিহত হন অবসরপ্রাপ্ত মেজর সিনহা মো. রাশেদ খান। মামলাটির দীর্ঘ তদন্ত করে তদন্ত সংস্থা র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। তদন্ত শেষে ১৩ ডিসেম্বর আলোচিত এ মামলার অভিযোগপত্র আদালতে দাখিল করে র‍্যাব। দেশে বহুল আলোচিত এ ঘটনায় করা মামলায় ১৫ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দেওয়া হয়েছে। এর মধ্যে ১৪ জন গ্রেফতার হয়েছেন আর একজন পলাতক আছেন।

## ইউএনও ওয়াহিদার ওপর হামলা

চলতি বছরের আরেক আলোচিত ঘটনা কুড়িগ্রামের ঘোড়াঘাটের ইউএনও ওয়াহিদা খানমের ওপর হামলা। যে হামলায় মৃত্যুর দুয়ার থেকে ফিরে আসেন ওয়াহিদা খানম। বাড়িতে চুরি করতে এসে হামলা করা হয় ইউএনও ও তার বাবার ওপর। পরে হামলায় অভিযুক্তকে গ্রেফতার করা হয়।

## নৌবাহিনীর কর্মকর্তাকে মারধর

নৌবাহিনীর কর্মকর্তা ওয়াসিফ আহমেদ খানকে মারধরের অভিযোগে সংসদ সদস্য হাজি মোহাম্মদ সেলিমের ছোটো ছেলে ও ঢাকা দক্ষিণ সিটি

করপোরেশনের ৩০ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর মোহাম্মদ ইরফান সেলিমকে এক বছরের কারাদণ্ড দেয় র‍্যাবের ভ্রাম্যমাণ আদালত। ২৬ অক্টোবর হাজি সেলিমের পুরান ঢাকার দেবীদাস ঘাটের বাড়িতে চালানো অভিযান শেষে র‍্যাবের সাবেক নির্বাহী ম্যাজিস্ট্রেট সারওয়ার আলম দুটি আলাদা অভিযোগে ইরফান ও হাজি সেলিমের দেহরক্ষী মোহাম্মদ জাহিদকে ছয় মাস করে এক বছরের কারাদণ্ড দেন।

**লালমনিরহাটে পুড়িয়ে হত্যা**

লালমনিরহাট উপজেলার বুড়িমারী ইউনিয়নের বুড়িমারী কেন্দ্রীয় জামে মসজিদে কোরআন শরিফ অবমাননার গুজব ছড়িয়ে আবু ইউনুস মো. শহিদুন্নবী জুয়েল নামের এক ব্যক্তিকে পিটিয়ে হত্যার ঘটনা ঘটে ২৯ অক্টোবর। হত্যার পর লাশ পুড়িয়ে ছাই করে দেয়া হয়। এ ঘটনা হতবাক করে মানুষকে।

**ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ধর্ষণ**

বছরের শুরুর দিকে ৫ জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রী বান্ধবীর বাসা রাজধানীর শেওড়ার উদ্দেশে যাওয়ার সময় ভুলে কুর্মিটোলা বাসস্ট্যান্ডে নেমে যান। ফুটপাথ দিয়ে যাওয়ার সময় ধর্ষণের শিকার হন তিনি। এ নিয়ে দেশজুড়ে ব্যাপক আলোচনা শুরু হয়। ধর্ষণের অভিযোগে র‍্যাবের হাতে গ্রেফতার হয় মজনু নামে এক ভবঘুরে। পরে সে আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দেয়। জবানবন্দিতে সে ধর্ষণের দায় স্বীকার করে।

**আলোচিত বেগমগঞ্জ**

বছরজুড়ে আলোচনায় ছিল নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলা। বছরের শুরু থেকে শেষাবধি বেশ কয়েকটি ধর্ষণের ঘটনা ঘটে এই এলাকায়। স্বামী দ্বিতীয় বিয়ে করায় ছেলেমেয়েকে নিয়ে নোয়াখালীর বেগমগঞ্জের একলাশপুরে বাবার বাড়িতে থাকতেন এক নারী। ১০ বছর পর ২ সেপ্টেম্বর স্বামী তার কাছে এলে দেলোয়ার বাহিনীর ক্যাডাররা দরজা ভেঙে ওই নারীর ঘরে ঢোকে। এরপর তারা স্বামীকে পাশের রুমে বেঁধে রেখে ওই নারীকে বিবস্ত্র করে ভিডিয়ো ধারণ করে। ৪ অক্টোবর সে ভিডিয়ো ফেসবুকে প্রকাশ করে দুর্বৃত্তরা। এ ঘটনায় ৯ জনকে আসামি করে মামলা করা হয়। এদের মধ্যে ছয়জনকে গ্রেফতার করে র‍্যাব। দেলোয়ার বাহিনীর প্রধান দেলোয়ার ওই নারীকে এর আগে নৌকায় ও বিভিন্ন স্থানে একাধিকার ফুসলিয়ে ধর্ষণ করেছিল বলেও জানা যায়। এরপর আরো কয়েকটি ঘটনা ঘটে এই এলাকায়।



**আলোচনায় সিলেটের এমসি কলেজ**

২৫ সেপ্টেম্বর রাতে সিলেটের টিলাগড় এলাকায় মুরারি চাঁদ (এমসি) কলেজে স্বামীর সঙ্গে বেড়াতে যাওয়া এক নববধূকে ক্যাম্পাস থেকে তুলে ছাত্রাবাসে নিয়ে কয়েকজন দলবেঁধে ধর্ষণ করে। ঘটনার পরদিন তার স্বামী শাহপরাণ থানায় ছাত্রলীগ কর্মী সাইফুর রহমানকে প্রধান আসামি করে ছয়জনের নাম উল্লেখসহ অজ্ঞাত আরও ২-৩ জনের বিরুদ্ধে মামলা করেন। ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে আটজনকে গ্রেফতার করা হয়। গ্রেফতার আট আসামি আদালতে ১৬৪ ধারায় জবানবন্দি দেয়।

**মৃত নারীদের ধর্ষণ**

মৃত নারীদের ধর্ষণ অভিযোগে মুন্না (২০) নামের এক ডোম সহকারীকে গ্রেফতার করা হয়েছে। দীর্ঘ সময় অনুসন্ধান শেষে ১৯ নভেম্বর রাজধানীর সোহরাওয়ার্দী হাসপাতালের মর্গ থেকে মুন্নাকে গ্রেফতার করে গোয়েন্দারা। এরপর সিআইডি জানায়, মুন্না ৩ বছর ধরে মর্গে মৃত তরুণীদের লাশ ধর্ষণ করেছে। মৃত নারীদের মধ্যে যাদের বয়স ১৫ থেকে ২০ বছরের মধ্যে তাদের টার্গেট করত মুন্না।

**ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রেখে আইন পাস**

১৭ নভেম্বর ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রেখে জাতীয় সংসদে নারী ও শিশু নির্যাতন দমন (সংশোধন) বিল-২০০০ বিল পাস। পরে রাষ্ট্রপতির স্বাক্ষরের মধ্য দিয়ে আইন হিসেবে কার্যকরের পরই বিচারে অনেকের শাস্তি হয়।

**খালেদা জিয়ার মুক্তি**

দুর্নীতির মামলায় অভিযুক্ত বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মুক্তি ছিল বছরের অন্যতম আলোচিত ঘটনা। ২৫ মার্চ বিকেল সোয়া ৪টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) প্রিজন সেল থেকে শর্ত সাপেক্ষে ছাড়া পান তিনি। এই মুক্তির মেয়াদ ছয়মাস। খালেদা জিয়া ২০১৮ সালের ৮ ফেব্রুয়ারি থেকে জিয়া চ্যারিটেবল ট্রাস্ট ও জিয়া অরফানেজ ট্রাস্টের দুর্নীতির মামলায় সাজা ভোগ করছেন।

**আলোচনায় পি কে হালদার**

আর্থিক প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল লিজিং অ্যান্ড ফাইন্যান্স সার্ভিসেস লিমিটেড থেকে ১৫শ' কোটি টাকা আত্মসাতের অভিযোগ ওঠে এই প্রতিষ্ঠানের

সাবেক ব্যবস্থাপনা পরিচালক পি কে হালদারের বিরুদ্ধে। এছাড়াও সব মিলিয়ে প্রায় তিন হাজার ৫০০ কোটি টাকা তিনি আত্মসাৎ করেছেন বলে বিভিন্ন গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয়। এরপর হঠাৎ গোপনে কানাডায় পাড়ি জমান পি কে হালদার।

**বুড়িগঙ্গায় লঞ্চডুবি**

ঢাকার শ্যামবাজার এলাকায় বুড়িগঙ্গা নদীতে ১৫০ জনের বেশি যাত্রী নিয়ে মর্নিং বার্ড নামের একটি লঞ্চ গত ২৯ জুন সকাল ৯টার দিকে ডুবে যায়। মুন্সিগঞ্জ থেকে ছেড়ে আসা দোতলা এ লঞ্চটি সদরঘাট কাঠপট্টি ঘাটে ভেড়ানোর আগ মুহূর্তে চাঁদপুরগামী ময়ূর-২ লঞ্চটি ধাক্কা দেয়। লঞ্চডুবির ওই ঘটনায় ৩৪ জনের মৃতদেহ উদ্ধার করা হয়।

**ইতিবাচক অর্থনৈতিক প্রবৃদ্ধি**

করোনাভাইরাসের কারণে সব খাতে নেতিবাচক প্রভাব পড়লেও বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ছিল ইতিবাচক। অর্থনৈতিক প্রবৃদ্ধি বিগত ২০১৯-২০ অর্থবছরে বাংলাদেশের মোট দেশজ উৎপাদনের (জিডিপি) প্রবৃদ্ধি ৫ দশমিক ২৪ শতাংশ অর্জিত হয়েছে। মাথাপিছু আয় বৃদ্ধি পেয়ে ২ হাজার ৬৪ ডলারে উন্নীত হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রাথমিক এই তথ্য প্রকাশ করে।

■■■



## ২০২০ সালে যাদের হারিয়েছি

**❑ দেশে ❑**

২০২০ সালে অনেকেরই প্রাণ কেড়ে নিয়েছে করোনাভাইরাস। বিদায়ি বছরটা তাই সারা পৃথিবীর মতো আমাদের দেশেও খুবই বেদনার। জাতির এ শূন্যতা পূরণ হওয়ার নয়। করোনা ছাড়াও নানা কঠিন রোগ ও বার্ধক্যজনিত কারণে আমরা হারিয়েছি বেশ কয়েকজন বিশিষ্ট ব্যক্তিকে।

**অ্যাডভোকেট রহমত আলী**

আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য ও সাবেক সংসদ সদস্য অ্যাডভোকেট রহমত আলী মৃত্যুবরণ করেন ১৬ ফেব্রুয়ারি। তাঁর বয়স হয়েছিল ৭৫ বছর। প্রবীণ এই আওয়ামী লীগ নেতা ১৯৯১ সাল থেকে দশম সংসদ পর্যন্ত পাঁচবার গাজীপুর-৩ (শ্রীপুর-ভাওয়ালগড়-পিরুজালী-মির্জাপুর) আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন।

**ড. সা'দত হুসাইন**

২২ এপ্রিল না-ফেরার দেশে চলে গেছেন সাবেক মন্ত্রিপরিষদ সচিব ও পিএসসির সাবেক চেয়ারম্যান সা'দত হুসাইন (৭৩)। সা'দত হুসাইন ২০০২-০৫ সালে মন্ত্রিপরিষদ সচিবের দায়িত্বে ছিলেন। তিনি ১৯৪৬ সালের ২৪ নভেম্বর নোয়াখালীতে জন্মগ্রহণ করেন। ১৯৮৭ সালে যুক্তরাষ্ট্রের বোস্টন ইউনিভার্সিটি থেকে অর্থনীতিতে পিএইচডি ডিগ্রি নেন তিনি।

**ড. জামিলুর রেজা চৌধুরী**

দেশের অগ্রগণ্য প্রকৌশলী ও জাতীয় অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী (৭৭) গত ২৮ এপ্রিল চলে গেলেন না-ফেরার দেশে। ১৯৯৬ সালের নির্বাচনের আগে তিন মাসের তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ছিলেন তিনি। ছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য। একুশে পদক পাওয়া এই শিক্ষককে সরকার ২০১৮ সালে জাতীয় অধ্যাপক হিসেবে নিয়োগ দেয়। বাংলাদেশে গত কয়েক দশকে যত বড়ো বড়ো ভৌত অবকাঠামো হয়েছে, তার প্রায়

সবকটিতেই কোনো না কোনোভাবে যুক্ত ছিলেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন অধ্যাপনা করা জামিলুর রেজা চৌধুরী। দেশের প্রথম মেগা প্রকল্প বঙ্গবন্ধু সেতু নির্মাণে ৫ সদস্যের আন্তর্জাতিক বিশেষজ্ঞ প্যানেলের চেয়ারম্যান ছিলেন তিনি।

**অধ্যাপক ড. আনিসুজ্জামান**

শিক্ষাবিদ, লেখক ও জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামান ছিলেন জাতির বাতিঘর। ২০২০ সালের ১৪ মে করোনায় আক্রান্ত হয়ে মারা যান তিনি। তিনি বাংলাদেশ সরকার প্রদত্ত একুশে পদক ও স্বাধীনতা পদক এবং ভারত সরকারের পদ্মভূষণ সম্মান অর্জন করেছিলেন।

**মকবুল হোসেন**

আওয়ামী লীগের সাবেক এমপি হাজি মকবুল হোসেন করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন ২৪ মে। ১৯৯৬-২০০১ মেয়াদে ধানমন্ডি-মোহাম্মদপুর আসনের সংসদ সদস্য মকবুল হোসেন আওয়ামী লীগের কেন্দ্রীয় উপদেষ্টা পরিষদের সদস্য ছিলেন।

**হুমায়ুন কবীর জুয়েল**

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ২৬ মে না-ফেরার দেশে পাড়ি জমান ক্রীড়াঙ্গনের মেধাবী মুখ হুমায়ুন কবীর জুয়েল। এশিয়ান কারাতে ফেডারেশনের রেফারি ও বাংলাদেশ কারাতে ফেডারেশনের সদস্য ছিলেন তিনি।

**এম আবদুল মোনেম**

বিশিষ্ট ব্যবসায়ী এম আবদুল মোনেম (৮৮) ৩১ মে মৃত্যুবরণ করেন। তিনি ছিলেন আবদুল মোনেম লিমিটেডের কর্ণধার। আবদুল মোনেম ১৯৮৪ সাল থেকে ১৯৯৫ সাল পর্যন্ত মোহামেডান স্পোর্টিং ক্লাবের সভাপতির দায়িত্ব পালন করেন। মস্তিষ্কে রক্তক্ষরণজনিত কারণে রাজধানীর সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) মারা যান তিনি।



**মোস্তফা কামাল সৈয়দ**

খ্যাতিমান টিভি অনুষ্ঠান ও নাটক নির্মাতা মোস্তফা কামাল সৈয়দ ১ জুন মৃত্যুবরণ করেন। তিনি ছিলেন বাংলাদেশ টেলিভিশনের অবসরপ্রাপ্ত উপমহাপরিচালক, বেসরকারি টেলিভিশন চ্যানেল এনটিভির উপদেষ্টা (অনুষ্ঠান) এবং এনটিভির অনুষ্ঠান বিভাগের প্রধান। রাজধানীর স্কয়ার হাসপাতালে করোনার আক্রান্ত হয়ে শেষ নিশ্বাস ত্যাগ করেন তিনি।

**মোহাম্মদ নাসিম**

আওয়ামী লীগ নেতা মোহাম্মদ নাসিম ১৩ জুন ইন্তেকাল করেন। তিনি ছিলেন আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য এবং সাবেক স্বরাষ্ট্র ও স্বাস্থ্যমন্ত্রী। মোহাম্মদ নাসিম করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ১ জুন রাজধানীর বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতালে ভর্তি হয়েছিলেন।

**শেখ মো. আবদুল্লাহ**

১৩ জুন রাতে না-ফেরার দেশে চলে গেছেন ধর্ম প্রতিমন্ত্রী অ্যাডভোকেট শেখ মো. আবদুল্লাহ (৭৫)। ২০১৮ সালের ৩০ ডিসেম্বরের নির্বাচনের পর ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্ব পান তিনি। তিনি আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির ধর্ম বিষয়ক সম্পাদকের দায়িত্ব পালন করেন।

**বদরউদ্দিন আহমদ কামরান**

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে সিলেট সিটি করপোরেশনের সাবেক মেয়র বদরউদ্দিন আহমদ কামরান ১৫ জুন মারা যান। তিনি সিলেট শহর আওয়ামী লীগের সভাপতি ছিলেন।

**কামাল লোহানী**

ভাষাসংগ্রামী, মুক্তিযোদ্ধা, বরেণ্য সাংবাদিক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব কামাল লোহানী করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন ২০ জুন। কামাল লোহানী এদেশের স্বাধীনতা সংগ্রামসহ স্বাধিকার আদায়ের আন্দোলনে এক গুরুত্বপূর্ণ নাম। তিনি ছিলেন সাংবাদিকতায় এক কিংবদন্তি। কামাল লোহানী ২০১৫ সালে সাংবাদিকতায় একুশে পদক লাভ করেন।

**লতিফুর রহমান**

বিশিষ্ট শিল্পপতি ও ট্রান্সকম গ্রুপের চেয়ারম্যান লতিফুর রহমানেরও মৃত্যু হয়েছে ২০২০ সালে। ১ জুলাই কুমিল্লার চৌদ্দগ্রামে নিজ বাসভবনে তিনি মারা যান।

**এন্ড্রু কিশোর**

৬ জুলাই মৃত্যুবরণ করেন দেশের জনপ্রিয় কণ্ঠশিল্পী এন্ড্রু কিশোর। তার বয়স হয়েছিল ৬৫ বছর। দীর্ঘদিন ধরে ক্যানসারে ভুগছিলেন এন্ড্রু কিশোর।

**সাহারা খাতুন**

আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য সাহারা খাতুনও চলে গেলেন না-ফেরার দেশে। থাইল্যান্ডের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ১০ জুলাই মৃত্যু হয় তাঁর। তিনি ছিলেন দেশের প্রথম নারী স্বরাষ্ট্রমন্ত্রী। চিরকুমারী সাহারা খাতুনের বয়স হয়েছিল ৭৭ বছর।

**নুরুল ইসলাম**

বিশিষ্ট শিল্পপতি নুরুল ইসলাম বাবুল করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন ১৩ জুলাই। তিনি ছিলেন যমুনা গ্রুপ, যমুনা টেলিভিশন এবং দৈনিক যুগান্তরের চেয়ারম্যান।

**এমাজউদ্দীন আহমদ**

বিশিষ্ট শিক্ষাবিদ ও রাষ্ট্রবিজ্ঞানী অধ্যাপক ড. এমাজউদ্দীন আহমদ ১৭ জুলাই না-ফেরার দেশে চলে গেলেন। এমাজউদ্দীন আহমদ ১৯৩৩ সালের ১৫ ডিসেম্বর তৎকালীন ব্রিটিশ ভারতের মালদা জেলায় জন্মগ্রহণ করেন। শিক্ষাক্ষেত্রে অবদানের জন্য তিনি ১৯৯২ সালে একুশে পদক পান। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং উপ-উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করেন।

**ইস্রাফিল আলম**

নওগাঁ-৬ আসনের সংসদ সদস্য ইস্রাফিল আলম (৫৪) ৭ জুলাই মৃত্যুবরণ করেন। রাজনৈতিক জীবনে তিনি নওগাঁ-৬ আসন থেকে পর পর তিনবার সংসদ সদস্য নির্বাচিত হন।



**মোহাম্মদ বরকত উল্লাহ**

খ্যাতিমান টিভি ব্যক্তিত্ব মোহাম্মদ বরকত উল্লাহ ৩ আগস্ট রাজধানীর গ্রিনলাইফ হাসপাতালে মারা যান। তিনি করোনাভাইরাসে আক্রান্ত হয়েছিলেন। বাংলাদেশ টেলিভিশনের অনেক জনপ্রিয় নাটকের নির্মাতা তিনি। বিটিভির জেনারেল ম্যানেজার হিসেবে অবসর গ্রহণের পর তিনি বাংলাভিশনের অনুষ্ঠান প্রধান হিসেবে কর্মরত ছিলেন।

**মুর্তজা বশীর**

প্রখ্যাত চিত্রশিল্পী মুর্তজা বশীর এ বছরের ১৪ আগস্ট মৃত্যুবরণ করেন। তিনি করোনায় আক্রান্ত হয়েছিলেন। চিত্রকলায় গুরুত্বপূর্ণ অবদানের জন্য ১৯৮০ সালে একুশে পদক পান মুর্তজা বশীর। স্বাধীনতা পুরস্কার পান ২০১৯ সালে।

**সি আর দত্ত**

মুক্তিযুদ্ধের অন্যতম সেক্টর কমান্ডার মেজর জেনারেল চিত্তরঞ্জন (সিআর) দত্ত (৯৩) ২৫ আগস্ট মৃত্যুবরণ করেন। তিনি ৪ নম্বর সেক্টরের কমান্ডার ছিলেন। মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য তিনি বীরোত্তম খেতাবে ভূষিত হন। সি আর দত্ত যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় বয়েন্টনবিচ বেথেসডা সাউথ হাসপাতালের হসপিস কেয়ার ইউনিটে চিকিৎসাধীন ছিলেন।

**আবু ওসমান চৌধুরী**

মুক্তিযুদ্ধের অন্যতম সেক্টর কমান্ডার আবু ওসমান চৌধুরী (৮৫) ৩১ আগস্ট মৃত্যুবরণ করেন। করোনাভাইরাসে আক্রান্ত হয়ে সম্মিলিত সামরিক হাসপাতালে মারা যান তিনি। মুক্তিযুদ্ধে তিনি ৪ নম্বর সেক্টরের কমান্ডার ছিলেন।

**জিয়াউদ্দিন তারিক আলী**

করোনায় আক্রান্ত হয়ে মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি ও সদস্য সচিব জিয়াউদ্দিন তারিক আলী মারা যান ৭ সেপ্টেম্বর। যাদের অক্লান্ত পরিশ্রমে মুক্তিযুদ্ধ

জাদুঘর গড়ে উঠেছে, তাদের একজন তারিক আলী। অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ে তোলাই ছিল তার সারা জীবনের লড়াই। মুক্তিযুদ্ধের সময় গণসঙ্গীত দলের হয়ে রাজপথে গান গেয়ে বেড়িয়েছেন তিনি। মুক্তিসংগ্রামী শিল্পী দলের সদস্য হয়ে শরণার্থী শিবির, মুক্তিযোদ্ধা ক্যাম্প, মুক্ত এলাকায় যোদ্ধাদের গানের মাধ্যমে উদ্বুদ্ধকরণে এ দলের ছিল বিশেষ ভূমিকা। তারেক মাসুদ নির্মিত 'মুক্তির গান' প্রামাণ্যচিত্রে তিনি ছিলেন অন্যতম কেন্দ্রীয় ব্যক্তিত্ব।

**কে এস ফিরোজ**

করেনায় আক্রান্ত হয়ে ৯ সেপ্টেম্বর মারা যান খ্যাতিমান অভিনেতা কে এস ফিরোজ। তার পুরো নাম খন্দকার শহীদউদ্দিন ফিরোজ। অভিনয় জগতে পরিচিতি পাওয়ার আগে ১৯৬৭ সালে সেনাবাহিনীতে যোগ দেন ফিরোজ। ১৯৭৭ সালে বাংলাদেশ সেনাবাহিনীর মেজর পদে চাকরি থেকে অবসর নেওয়ার পর অভিনয় জীবন শুরু করেন। নাট্যদল 'থিয়েটার'র সঙ্গে যুক্ত হয়ে অভিনয়ে কে এস ফিরোজের পথচলা শুরু হয়। তিনি টেলিভিশনে বহু একক নাটক, ধারাবাহিক ও টেলিফিল্মে অভিনয় করে জনপ্রিয় হয়েছিলেন।

**সাদেক বাচ্চু**

বিশিষ্ট চলচ্চিত্র ও টিভি অভিনেতা সাদেক বাচ্চু করোনায় আক্রান্ত হয়ে ১৪ সেপ্টেম্বর মৃত্যুবরণ করেন। তিনি রাজধানীর মহাখালীর ইউনিভার্সেল মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। তার পুরো নাম মাহবুব আহমেদ সাদেক। ১৯৬৩ বেতারে 'খেলাঘর' নাটকে অভিনয়ের মাধ্যমে অভিনয় জীবন শুরু করেন তিনি। ১৯৭২-৭৩ সময়ে 'গণনাট্য পরিষদ' নামের একটি থিয়েটারে যুক্ত হন। উন্মোচন ও প্রথম পদক্ষেপ নামের আরো দুটি থিয়েটার দলের হয়ে মঞ্চে অভিনয় করেন। ১৯৮৪ সালে 'মতিঝিল থিয়েটার' প্রতিষ্ঠা করেন। এ দলটির হয়ে আমৃত্যু নাটক রচনা, নির্দেশনা ও অভিনয় করেছেন। ১৯৭৪ সালে তিনি টেলিভিশনে অভিনয় শুরু করেন। ১৯৮৫ সালে রামের সুমতি চলচ্চিত্রে অভিনয়ের মাধ্যমে বড় পর্দায় অভিষিক্ত হন।



**অ্যাডভোকেট মাহবুবে আলম**

চিকিৎসাধীন অবস্থায় ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) ২৭ সেপ্টেম্বর মারা গেছেন অ্যাটর্নি জেনারেল অ্যাডভোকেট মাহবুবে আলম। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু হত্যাকাণ্ড, জাতীয় চার নেতা হত্যাকাণ্ড, সংবিধানের ত্রয়োদশ ও ষোড়শ সংশোধনীসহ ঐতিহাসিক ও গুরুত্বপূর্ণ মামলার শুনানি করেন। ২০০৫-২০০৬ সালে তিনি সুপ্রিমকোর্ট আইনজীবী সমিতির সভাপতি নির্বাচিত হন। এর আগে ১৯৯৩-১৯৯৪ সালে সুপ্রিমকোর্ট আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেন।

**ব্যারিস্টার রফিক-উল হক**

খ্যাতিমান আইনজীবী রফিক-উল হক (৮৫) ২৪ অক্টোবর ঢাকার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। তিনি প্রাক্তন এ্যাটর্নি জেনারেল। তিনি ১৯৭৫-১৯৭৬ সালে বাংলাদেশ বার কাউন্সিল ট্রাইব্যুনাল এবং বার কাউন্সিলের নির্বাচন ট্রাইব্যুনালের চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন। ১৯৭৭ সালে কোম্পানী আইন সংস্কার কমিটির সদস্য ছিলেন তিনি। সিনিয়র এই আইনজীবী পেশাগত জীবনে সবচেয়ে বেশি আলোচনায় আসেন ২০০৭ সালে ওয়ান-ইলেভেনের সময় নেত্রী শেখ হাসিনা ও বিএনপি নেত্রী খালেদা জিয়ার পক্ষে আইনজীবী হিসেবে দায়িত্ব পালন করে।

**খন্দকার মুনীরুজ্জামান**

দৈনিক সংবাদের ভারপ্রাপ্ত সম্পাদক খন্দকার মুনীরুজ্জামান মারা যান ৩ নভেম্বর। তিনি করোনায় আক্রান্ত হয়েছিলেন। খন্দকার মুনীরুজ্জামান ১৯৪৮ সালের ১২ মার্চ ঢাকায় জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নের সময় সাংবাদিকতায় যুক্ত হন। একই সময়ে তিনি বাম ঘরানার রাজনীতিতে যুক্ত হন। তিনি বিভিন্ন পত্রিকায় সাংবাদিক হিসেবে দায়িত্বপালন করেছেন। দৈনিক সংবাদে তিনি সহকারী সম্পাদক হিসেবে যোগ দেন। পরে ভারপ্রাপ্ত সম্পাদক হন।

**শওকত আলী**

সাবেক ডেপুটি স্পিকার ও মুক্তিযোদ্ধা কর্নেল (অব.) শওকত আলী (৮৪) মারা গেছেন ১৬ নভেম্বর। ১৯৬৯ সালে পশ্চিম পাকিস্তানি শাসকদের দায়ের করা আগরতলা ষড়যন্ত্র মামলায় তিনি ছিলেন ২৬ নম্বর আসামি। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সঙ্গে তিনিও কারাগারে ছিলেন তখন। শওকত আলী শরীয়তপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য।

**আলী যাকের**

বরেণ্য অভিনেতা ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব আলী যাকের ২৭ নভেম্বর করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন। মুক্তিযুদ্ধের সময় তিনি স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে শব্দসৈনিক হিসেবে কাজ করেছেন। শিল্পকলায় অবদান রাখার জন্য আলী যাকের একুশে পদক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি পুরস্কার, বঙ্গবন্ধু পুরস্কার, মুনীর চৌধুরী পদক, নরেন বিশ্বাস পদকসহ অনেক পুরস্কার ও সম্মাননা পেয়েছেন।

**ওস্তাদ শাহাদাত হোসেন খান**

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে বিদায়ি বছরে মারা গেছেন প্রখ্যাত সরোদ বাদক ওস্তাদ শাহাদত হোসেন খান। ২৮ নভেম্বর রাজধানীর উত্তরার একটি হাসপাতালে তাঁর মৃত্যু হয়। সংগীতে অসামান্য অবদানের জন্য ১৯৯৪ সালে একুশে পদকে ভূষিত হন ওস্তাদ শাহাদাত হোসেন খান।

**চৌধুরী কামাল ইবনে ইউসুফ**

বিএনপির ভাইস চেয়ারম্যান চৌধুরী কামাল ইবনে ইউসুফ ৯ ডিসেম্বর মৃত্যুবরণ করেন। রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। তিনি বিএনপির শাসনামলে বিভিন্ন মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন।

**এম এ হাসেম**

বার্ধক্যজনিত জটিলতা ও করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ২৩ ডিসেম্বর মারা গেছেন দেশের বিশিষ্ট শিল্পপতি ও পারটেক্স গ্রুপের প্রতিষ্ঠাতা এমএ হাসেম।



**মনজুরে মওলা**

খ্যাতিমান কবি, রবীন্দ্র-গবেষক, বাংলা একাডেমির সাবেক মহাপরিচালক ও ফেলো মনজুরে মওলা ইন্তেকাল করেন ২০ ডিসেম্বর। তার পুরো নাম কাজী মুহম্মদ মনজুরে মওলা। তিনি বিভিন্ন মন্ত্রণালয়ের সচিব হিসেবে দায়িত্ব পালন করেন।

**আবদুল কাদের**

২০২০ সালে চির বিদায় নিয়েছেন জনপ্রিয় অভিনয়শিল্পী আবদুল কাদের। ঢাকার এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ২৬ ডিসেম্বর মৃত্যু হয় তার। শিক্ষকতা দিয়ে তার পেশাগত জীবন শুরু। পরে বিটপী বিজ্ঞাপনী সংস্থায় এক্সিকিউটিভ হিসেবে চাকরির পর ১৯৭৯ সাল থেকে বহুজাতিক কোম্পানি ‘বাটা’তে চাকরি করেন। রবীন্দ্রনাথ ঠাকুরের ‘ডাকঘর’ নাটকে অমল চরিত্রে অভিনয়ের মাধ্যমে তার প্রথম নাটকে অভিনয়। পরে বিভিন্ন টিভি নাটকে অভিনয় করে খ্যাতি অর্জন করেন।

## ❑ বহির্বিশ্বে ❑

দেশের বাইরেও অনিবার্য মৃত্যু বছরজুড়ে কেড়ে নিয়েছে অনেক ব্যক্তিকে। হারিয়ে যাওয়া সেসব মানুষের কাতারে আছেন অভিনয়শিল্পী, চলচ্চিত্র পরিচালক, রাষ্ট্রনেতাসহ বিভিন্ন ঘরানার মানুষ। তুলে ধরা হলো তাদের মধ্যে অন্যতম কয়েকজনের কথা।

**কাসেম সোলাইমানি**

ইরানের রেভ্যুলিউশনারি গার্ডের অভিজাত কুদস ফোর্সের কমান্ডার মেজর জেনারেল কাসেম সোলাইমানি ইরাকে মার্কিন ড্রোন থেকে নিক্ষেপ করা ক্ষেপণাস্ত্র হামলায় ৩ জানুয়ারি নিহত হন। তিনি ছিলেন একজন ইরানি সমরনায়ক, ইসলামি বিপ্লবী রক্ষীবাহিনীর মেজর জেনারেল এবং ১৯৯৮ সাল থেকে ২০২০ সালে তার মৃত্যুর পূর্ব পর্যন্ত কুদস বাহিনী নামক বহির্দেশীয় সামরিক ও চোরাগোপ্তা কর্মকাণ্ডে নিয়োজিত বিভাগের কমান্ডার। তার জীবনের শেষাংশে অনেকে তাকে আয়াতুল্লাহ আলি খামেনেইয়ের ডানহাত এবং ইরানের দ্বিতীয় ক্ষমতাধর ব্যক্তি হিসেবে বিবেচনা করতেন।

**সুলতান কাবোস**

১০ জানুয়ারি না-ফেরার দেশে চলে গিয়েছেন আধুনিক আরব উপদ্বীপের রূপকার ও ওমানের সুলতান কাবোস বিন সাইদ। তার বয়স হয়েছিল ৭৯ বছর। ১৯৭০ সালে এক অভ্যুত্থানে বাবা সাইদ বিন তৈমুরকে উৎখাত করে ওমানের ক্ষমতা নেন কাবুস বিন সাইদ। তিনি আরব বিশ্বের দীর্ঘতম শাসক ছিলেন। তার শাসনামলেই ওমান উন্নত রাষ্ট্রে পরিণত হয়েছে।

**ক্রিক ডগলাস**

আমেরিকান অভিনেতা ও লেখক ক্রিক ডগলাস ৫ ফেব্রুয়ারি মারা যান। তিনি মার্কিন চলচ্চিত্র শিল্পের স্বর্ণযুগের সর্বশেষ জীবিত তারকাদের একজন ছিলেন। ১৯৪৬ সালে বারবারা স্ট্যানউইকের বিপরীতে দ্য স্ট্রেঞ্জ লাভ অব মার্থা আইভার্স (১৯৪৬) দিয়ে তার চলচ্চিত্রে আত্মপ্রকাশ ঘটে। ১৯৫০-এর দশকে তিনি সেরা বক্স-অফিস তারকা হয়ে ওঠেন এবং গম্ভীর নাট্যধর্মী, পশ্চিমা ধাঁচ ও যুদ্ধভিত্তিক চলচ্চিত্রে অভিনয়ের জন্য সুখ্যাতি অর্জন করেন। তিনি ৯০ টির বেশি চলচ্চিত্রে অভিনয় করেন।

**হোসনি মোবারক**

২৫ ফেব্রুয়ারি মারা গেছেন মিসরের সাবেক প্রেসিডেন্ট হোসনি মোবারক। তিনি ১৯৮১ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত মিসরের প্রেসিডেন্ট ছিলেন।

**লুই জেমস লিটন**

২ মার্চ ৯৩ বছর বয়সে শেষ নিশ্বাস ত্যাগ করেন লেখক, গীতিকার ও অভিনেতা লুই জেমস লিটন। তিনি নিউইয়র্ক শহরের পেস বিশ্ববিদ্যালয়ের অভিনেতা স্টুডিও নাটক বিদ্যালয়ের ডিন ইমেরিটাস ছিলেন। তিনি ছিলেন ব্র্যাভো কেবল টেলিভিশন সিরিজের নির্বাহী নির্মাতা, লেখক এবং হোস্ট অভিনেতা। ২০১৮ সালে তিনি শো থেকে অবসর নেন।

**ম্যাক্স ভন সিডো**

খ্যাতিমান ফরাসি অভিনেতা ম্যাক্স ভন সিডো ৮ মার্চ মারা যান।

**ইরফান খান**

ক্যানসারে আক্রান্ত হয়ে ২৯ এপ্রিল মারা যান জনপ্রিয় অভিনেতা ইরফান খান।



**ঋষি কাপুর**

৬৭ বছর বয়সি বলিউড অভিনেতা প্রযোজক ও পরিচালক ঋষি কাপুর ৩০ এপ্রিল ক্যানসারে আক্রান্ত হয়ে মারা যান।

**জেরি স্টিলার**

বর্ষীয়ান মার্কিন কমেডিয়ান জেরি স্টিলার ১১ মে মারা যান ।

**ফ্রেড উইলার্ড**

হলিউড অভিনেতা ফ্রেড উইলার্ডের মৃত্যু হয় ১৭ মে।

**বাসু চট্টোপাধ্যায়**

ভারতীয় চিত্রপরিচালক বাসু চট্টোপাধ্যায় ৫ জুন মারা যান।

**পিয়ের নকুরুনজিজা**

বুরুন্ডির প্রেসিডেন্ট পিয়ের নকুরুনজিজা ৮ জুন হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে মারা যান।

**সুশান্ত শিং রাজপুত**

বলিউড অভিনেতা সুশান্ত শিং রাজপুত ১৪ জুন আত্মহত্যা করেন।

**জোল শুমাখার**

চলচ্চিত্র পরিচালক জোল শুমাখার ২৩ জুন মারা যান। তিনি ছিলেন জনপ্রিয় ব্যাটম্যান সিনেমার অন্যতম নির্মাতা।

**আমাদো গন কোলিবাল**

৮ জুলাই হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে মারা যান আইভরি কোস্টের ৬১ বছর বয়সি প্রধানমন্ত্রী আমাদো গন কোলিবাল। মন্ত্রিসভার বৈঠকে তিনি অসুস্থ হয়ে পড়েন। হাসপাতালে নেয়া হলে তাকে মৃত ঘোষণা করা হয়।

**সরোজ খান**

ভারতীয় উপমহাদেশের প্রখ্যাত কোরিওগ্রাফার সরোজ খান মারা যান ৩ জুলাই।

**অলিভিয়া ডি হ্যাভিল্যান্ড**
অস্কার বিজয়ী 'গন উইদ দ্য উইন্ড' অভিনেতা অলিভিয়া ডি হ্যাভিল্যান্ড ২৬ জুলাই শেষ নিশ্বাস ত্যাগ করেন।

**প্যাসকাল লিসৌবার**
কঙ্গোর সাবেক প্রেসিডেন্ট প্যাসকাল লিসৌবার ২৪ আগস্ট মৃত্যু হয়। তিনি কঙ্গোর প্রথম বহুদলীয় প্রেসিডেন্ট নির্বাচনে জয়ী হয়েছিলেন।

**চ্যাডউইক বোসম্যান**
২৯ আগস্ট মারা যান অভিনেতা চ্যাডউইক বোসম্যান।

**প্রণব মুখার্জি**
ভারতের ত্রয়োদশ রাষ্ট্রপতি প্রণব মুখার্জি (প্রণব কুমার মুখোপাধ্যায়) মারা যান ৩১ আগস্ট। তাঁর রাজনৈতিক কর্মজীবন ছয় দশকব্যাপী। তিনি ছিলেন ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রবীণ নেতা। বিভিন্ন সময়ে ভারত সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্বও পালন করেছিলেন। ২০১২ সালের রাষ্ট্রপতি নির্বাচনের আগে প্রণব মুখার্জি ছিলেন ভারতের অর্থমন্ত্রী ও কংগ্রেসের শীর্ষস্থানীয় সমস্যা সমাধানকারী নেতা।

**কয়িং গুয়েক ইভা**
কম্বোডিয়ার গণহত্যায় অভিযুক্ত রাজনীতিক কয়িং গুয়েক ইভা ২ সেপ্টেম্বর কারাবন্দি অবস্থায় মারা যান।

**ডায়ানা রিগকে**
১০ সেপ্টেম্বর চিরবিদায় নিয়েছেন 'অ্যাভেঞ্জারস' ও 'গেম অব থর্ন' চলচ্চিত্রের অভিনেত্রী ডায়ানা রিগ। তার বয়স হয়েছিল ৮২।

**রুথ বাড্যার গিন্সবার্গ**
১৮ সেপ্টেম্বর তারিখে মারা যান যুক্তরাষ্ট্রের সুপ্রিমকোর্টের বিচারক ও নারীবাদীদের অগ্রপথিক রুথ বাড্যার গিন্সবার্গ।



**শন কনারি**
জেমস বন্ড চরিত্রে রূপদানকারী অভিনেতা শন কনারি নিজ বাড়িতে ঘুমের মধ্যে ৩১ অক্টোবর মারা যান। তিনি ১৯৬২ সাল থেকে ১৯৮৩ সাল পর্যন্ত ৭টি বন্ড সিনেমায় নাম ভূমিকায় অভিনয় করেন।

**সালমান আল খলিফা**
বাহরাইনের যুবরাজ সালমান আল খলিফা ১১ নভেম্বর পৃথিবী থেকে বিদায় নেন। তিনি ছিলেন বিশ্বে সবচেয়ে বেশি সময় ধরে থাকা প্রধানমন্ত্রী।

**সৌমিত্র চট্টোপাধ্যায়**
খ্যাতিমান অভিনেতা সৌমিত্র চট্টোপাধ্যায় ১৫ নভেম্বর মারা যান। ২০২০ সালের ১ অক্টোবর বাড়িতে থাকা অবস্থাতে তিনি জ্বরে আক্রান্ত হন। করোনার নমুনা পরীক্ষা করা হলে ৫ অক্টোবর কোভিড-১৯ পজিটিভ রিপোর্ট পাওয়া যায়। চিকিৎসা চলা অবস্থাতে ২৪ অক্টোবর রাতে তার অবস্থার অবনতি ঘটে এবং শেষ পর্যন্ত ১৫ নভেম্বর মৃত্যুবরণ করেন।

**ডিয়েগো ম্যারাডোনা**
২৫ নভেম্বর চিরদিনের মতো চলে গেছেন ফুটবল কিংবদন্তি ডিয়েগো ম্যারাডোনা।

**কিম কি দুক**
১১ ডিসেম্বর বিখ্যাত চলচ্চিত্র পরিচালক কিম কি দুকের মৃত্যু হয়।

**ডেভিড কর্নওয়েল**
১২ ডিসেম্বর মৃত্যুবরণ করেন গোয়েন্দা উপন্যাসের ওস্তাদখ্যাত ডেভিড কর্নওয়েল।

**ইভরি গিটলিস**
আধুনিক শাস্ত্রীয় সংগীতের অন্যতম পথিকৃৎ ইসরাইলি ভায়োলিন বাদক ইভরি গিটলিস ২৪ ডিসেম্বর মারা যান। তার বয়স হয়েছিল ৯৮ বছর।

■■■